দোষ ধরা—1. To find fault with. 2. To take exception to ; (as, He has *taken exception to* my argument).

পলায়ন করা—1. To get off. 2. To be off. 3. To flee away. 4. To turn tail. 5. To take to one's heels. 6. To beat a hasty retreat. 7. To run away.

তিরস্কার করা—(To chide) 1. To take one to task ; (as, He has *taken* me *to task*). 2. To bring to book.

নিষ্ফল হওয়া—(To fail) 1. To come to nothing. 2. To end in smoke (ধূমশেষ হওয়া). 3. To miss the mark. 4. To fall to the ground ; (as, His project has *fallen to the ground*).

মরা—(To die) 1. To be no more ; (as, He is *no more*). 2. To breathe one's last. 3. To be numbered with the dead. 4. To go the way of all flesh. 5. To pay the debt to (or, of) nature. 6. To give up the ghost. 7. To sink into the grave.

EXERCISE.

1. Translate the following sentences, the verbs being done into simple *Phrases* :—

একথা প্রকাশ করিও না। ইহা প্রকাশ হইয়া পড়িয়াছে। প্রত্যূষে উঠিবে। এরূপ ঘটিয়াছিল। কল্য বিবাহ হইবে। আমি আহার করিয়াছি। সে কাপড় পরিতেছে। হরি পুস্তকখানি পড়িয়াছিল। এই কথাটী লিখিয়া রাখ। অধিক রাত্র জাগরণ করিও না। সকালে পড়া মুখস্থ করিবে। তাহার নাম মনে আসিতেছে না। এ বিষয়টী গোপন রাখিও। তাহার চেষ্টা সফল হইয়াছে। একাজ করিলে বাবা আমাকে তিরস্কার করিবেন। এখান হইতে চলিয়া যাও। চোর পলাইয়া গিয়াছে। এ ব্যাপারের কিছুই জানিতে পারি নাই। তিনি শয়ন করিয়াছেন। সিঁড়ি দিয়া নামিয়া আইস। তাঁহারা একটী স্কুল খুলিয়াছেন। এই কামিজটী পরিধান কর। ঐ পুরাতন জুতা জোড়াটী ছাড়িয়া ফেল।

2. Translate the following sentences rendering the *Verbs* in the *Passive* voice :—

হরিকে দুইটী টাকা দিব বলিয়া অঙ্গীকার করিয়াছি। এই নিরাশ্রয় ব্যক্তির তত্ত্বাবধান করা কর্ত্তব্য। এখানে বালকদিগকে সাহিত্য শিক্ষা দেওয়া হয়। তাহার কৃতকার্য্য হইবার আশা নাই। গোল্ডস্মিথের রচনা প্রণালীর

দোষ দেখিতে পাওয়া যায় না। তাঁহাকে প্রবেশ করিতে দেওয়া হয় নাই। জিনিসগুলি সব বিক্রয় হইয়া গিয়াছে (to dispose of)). একখানি পুস্তকের জন্য রামকে লেখা হইয়াছে। তাঁহার প্রস্তাবে কোন দোষ ধরা (বা আপত্তি করা) যাইতে পারে না (to take exception to). হরিবাবুকে দ্বিতীয় শিক্ষক নিযুক্ত করা হইয়াছে। তাঁহাকে দেশের শত্রু বলিয়া সকলে বিবেচনা করে (look upon). সকলেই তাঁহার আগমন প্রতীক্ষা করিতেছিল (look for). সকলেই তাহার প্রশংসা করে (to speak highly of). মাজিষ্ট্রেট সাহেব হরিকে বেশ একটী চাকরি দিয়াছেন। এ অভ্যাস সহজে পরিহার করা যায় না। অক্সফোর্ড ও কেম্ব্রিজ বিশ্ববিদ্যালয় হইতে দুইজন সভ্য পার্লিয়েণ্ট সভায় প্রেরিত হন। আমি আসিবার পূর্ব্বে গাই দোওয়া হইয়াছিল।

3. Translate using *Participles* or *Infinitives* :—

খুড়া মহাশয়ের সহিত দেখা করিতে বাড়ী যাইতে হইবে। আমার পড়িবার একখানিও পুস্তক নাই। তিনি ঘুরে ঘুরে বেড়াইতে ভাল বাসেন (fond of). আহার না করিয়া যাইও না। ঘরের মধ্যে থুথু ফেলা নিষেধ আছে। তাঁহাকে একাজ করিতে বলা বৃথা। তিনি দেওয়ালে ঠেস দিয়া বসিয়া ছিলেন। হরেন্দ্র বিলাত হইতে প্রত্যাগত হইয়াছে। ফুঁ দিয়া আগুন জ্বাল। লিখিবার জন্য একটী কলম কিনিতে হইবে। বাড়ী গিয়া দেখি যে সেখানে কেহই নাই। তিনি নিষ্ফল হইয়া ফিরিয়া আসিয়াছেন। অঙ্ক দুইটী কসিয়া স্নানে যাইব। পাখীটি তোমাকে আসিতে দেখিয়া ভয় পাইয়া উড়িয়া গেল। তোমার দিবার মত (spare) টাকা নাই। উষাভ্রমণ অতি স্বাস্থ্যকর। তুমি এত ভীত হইতেছ কেন ? ভিক্ষা করার ন্যায় নীচ কাজ আর নাই। গড়িমসি করিলে কাজ হয় না। কুরুক্ষেত্রের যুদ্ধে অনেক সৈন্য নিহত হইয়াছিল। তিনি রোগে শয্যাগত ছিলেন। সূর্য্য অস্ত হইতেছে। অবমানিত হইয়া ভদ্র লোকে মুখ দেখাইতে পারে না। কলিকাতায় যাইবার সুবিধা পাইতেছি না।

4. Translate the following, paying attention to the use of *Tenses* :—

আমি আজ সকালে তাহাকে পত্র লিখিয়াছি। গত মাসে অনেকগুলি টাকা খরচ হইয়াছে। আমি এখানে দশ বার বৎসর চাকরী করিতেছি। আমি এখানে আসিলে পর তিনি পাটনা গিয়াছেন। আমি কল্য তোমাদের

বাড়ী গিয়াছিলাম। আমি একমাস কাল জ্বরে কষ্ট পাইতেছি। তাহার পীড়া এখনও সারে নাই। আকবর পঞ্চাশ বৎসর রাজত্ব করিয়াছিলেন। ভারতেশ্বরী পঞ্চাশ বৎসরের অধিক কাল রাজত্ব করিতেছেন। একথা পূর্ব্বেই স্থির হইয়া রহিয়াছে। গত রাত্রে দুইজন চোর ধরা পড়িয়াছে। তুমি কলিকাতা যাইবার পূর্ব্বে আমি তাহাকে পত্র লিখিয়াছিলাম। তিনি বলিয়া পাঠাইয়াছিলেন যে শশী এখানে আসিবে। আমি মনে করিয়াছিলাম ছুটীতে বাড়ী যাইব। বহুদিন হইল ভারতবর্ষ ইংরাজদিগের শাসনাধীন হইয়াছে। এ মাসে আমরা কেবল ৩০ পৃষ্ঠা পড়িয়াছি। তুমি আমাকে একখানি পুস্তক দিবে বলিয়াছ। আমি যখন তাহার বাড়ীতে গেলাম তখন সে লিখিতেছিল। আমি জানি সে আজ্ আসিবেনা। আমি জানিতাম হরি পীড়িত আছে। স্পেন্সার সাহেব বলিলেন আমি আকাশ হইতে পক্ষীর ন্যায় কলিকাতার চতুর্দ্দিকস্থ স্থান দেখিয়াছি (to take a bird's-eye view of).

5. Translate using *Prepositions* for the *Participles* :—

বলাই কুঠার লইয়া কাজ করিতেছিল (at work). তোমাকে টাকা দিয়া সাহায্য করিতে পারি না। ছুটী লইয়া আমার বাড়ী যাইবার ইচ্ছা আছে (have a mind). তোমাকে ঘোড়ায় চড়িয়া দশ মাইল যাইতে হইবে। তুমি ঘরে বসিয়া পরীক্ষার জন্য প্রস্তুত হও। স্মরণ করিয়া পদ্যটীর প্রথম চারি ছত্র লেখ। পায়ে হাঁটিয়া এতদূর যাওয়া সহজ নহে। বিশ্বাস করিয়া তোমার কথাই গ্রহণ করিলাম (take). কাহাকে বলিয়া (কাহার অনুমতি লইয়া) তুমি বাহিরে গিয়াছিলে? মুটে মাথায় করিয়া ভারি বোঝা আনিতেছে। সামান্য বিষয় (trivial matter) লইয়া আদালতে দৌড়ান (to rush into) মূর্খতার কার্য্য। একথা লইয়া তাহারা শেষে হাতাহাতি আরম্ভ করিল (came to blows). তিনি আপনার ঘাড়ে ঝোঁক লইয়া দলিলখানি ফেরৎ দিয়াছেন।

Section III.

Adverbs.

In this section we have selected only a few common *Adverbs* of special interest, and translated them for the benefit of the student.

1. এখনই, এইমাত্র, শীঘ্র, সত্বর, etc.—এখনই is used of time *about to come*, while এইমাত্র is used of time *just past*. Similarly, in English, *shortly* is used only in reference to the proximate *future*, while *just now*, which is the equivalent of এইমাত্র, (and, sometimes, of এখন, but never of এখনই) is used of time either *present* or *slightly preceding the present*. এখনই should be translated by *presently*, *immediately*, *at once*, rather than by *shortly*, which is an equivalent of শীঘ্র or সত্বর।

Examples.

সে এখনই আসিবে—He will come *presently*.

তাঁহাকে একটু বিলম্ব করিতে বল, আমি এখনই যাইতেছি—Tell him to wait a little, I will go *immediately* (or, I am *just* coming).

এ চেষ্টা এখনই পরিত্যাগ করা উচিত—You should *at once* give up the attempt.

আমি এইমাত্র তাঁহার নিকট হইতে আসিতেছি—I have come from him *just now*.

তুমি এইমাত্র কি বলিলে ?—What did you say *just now* ?

আমার এখন টাকার বড় টানাটানি—I am very hard up *just now*.

আমি শীঘ্র তাঁহার সহিত সাক্ষাৎ করিব—I will see him *shortly*.

তিনি সত্বর বিলাতে যাইবেন—He will go to England *shortly*.

আমি অতি শীঘ্র একাজ করিতে পারি—I can do it *very quickly*.

অনতিবিলম্বে তাহারা আসিয়া পৌঁছিল—*Ere long* they arrived.
অনতিবিলম্বে তুমি সাবালক হইবে—You will come of age *by and by* (or, *before long*).

NOTE 1.—About the use of *just now* Dean Alford says 'In the midland and northern counties we have such a sentence as "I"ll be with you just now," which is perfectly right in logical precison, though proscribed by English usage.' [See his *Queen's English*; para. 402.]

NOTE 2.—শীঘ্র may be used with a verb denoting past action, but then its English equivalents are '*very soon*,' '*quickly*,' '*in a short space of time*'; as, তুমি খুব শীঘ্র ফিরিয়া আসিয়াছ—You have come back *very soon*, (or, *very quickly*, but not *shortly*).

2. অত্যন্ত, অতিশয়, অতীব, etc., as adverbs of degree, are differently rendered by the English adverbs *very*, *much*, and *too*, according to the sense of the passage. We use অতিশয় and অত্যন্ত, in Bengali, with scarcely any distinction between them; but such is not the case, in English, with the adverbs *very*, *much*, and *too*.

(*a*) '*Very* goes with adjectives and adverbs in the positive form, and with present participles used as adjectives.' It should not be used before perfect participles, or with adjectives and adverbs in the comparative degree, where *much* is appropriate; as—

আমি অতিশয় সন্তুষ্ট হইয়াছি—I am *much pleased*.
তাহার চরিত্র অত্যন্ত খারাপ—His conduct is *very* bad (not, *much* bad).
সে তোমার চেয়ে ঢের ভাল—He is *much* better than you (not, *very* better).
তুমি বড় দুর্ব্বল—You are *very* weak.
সতীশ তোমা অপেক্ষা অনেক দুর্ব্বল—Satis is *much* weaker than you.

এরূপ প্রত্যাখ্যান বড়ই বিরক্তিকর—This sort of refusal is *very* disgusting.

ইহা বড় আমোদজনক বিষয়—This is a *very* amusing affair.

NOTE.—In a few exceptional cases, *very* is used before *perfect participles* standing as adjectives, and not as verbs ; as, *very tired*, *very discontented*, *very pleased*, etc.

(*b*) *Very* and *too* differ in sense. *Too** is used when we mean to express something 'exceeding or falling short of a supposed correct standard or limit' ; while *very* is used simply to mean 'to a great extent,' or 'in a great degree.' Thus, 'He is *very* kind-hearted' means simply that 'He is kind-hearted *to a degree*' ; but 'He is *too* kind-hearted,' would mean that 'He is kind-hearted *beyond what is right*,' or, *so* kind-hearted *that* his kindness often causes *inconvenience* to him.

Compare (1) 'He was *very late* for the train (but still in time)' with (2) 'He was *too late* for the train (and was left behind).

Further Examples.

তাঁহার দৃষ্টি অত্যন্ত ক্ষীণ—His eyesight is *very* weak.

তাঁহার দৃষ্টি এত ক্ষীণ যে তিনি ক্ষুদ্র ক্ষুদ্র অক্ষর দেখিতে পান না—His eyesight is *too* weak for small characters (*i.e. so* weak *that* he *cannot* see small characters).

সে অতিশয় সরল, একাজের উপযুক্ত নয়—He is *too* simple to be fit for this business.

আজ্ অত্যন্ত গরম—This day is *very* hot ; (not, *too* hot ; for

* To bring out the full force of *too*, it must be followed either by an *infinitive* or the preposition *for*. Thus—'This house is *too* small *to accommodate* us, or *for* our accommodation.'

properly speaking, there can be no supposed limit of heat which the day should have).

3. (*a*) যেমন and তেমন, or যেরূপ and সেরূপ—This corresponds to the English adverb *as* followed by *as*, or *so* followed by *as*. There is one peculiarity, however, in the use of these correlatives, in English, which should be noted by the student. '*As—as*' is used in affirmative sentences, while '*so—as*' is used in negative sentences. Thus—

রাম যেরূপ বুদ্ধিমান্ হরিও সেইরূপ—Hari is *as* intelligent *as* Ram.
রাম যেমন বুদ্ধিমান্ হরি তেমন নয়—Hari is not *so* intelligent *as* Ram.*

(*b*) যত followed by তত requires '*the*' before *comparatives*; as—

যত শীঘ্র একাজ কর ততই ভাল—*The sooner* you do it the *better*.
যতই বিলম্ব করিবে ততই দুষ্কর হইবে—*The longer* you delay *the more* impracticable it will become.

4. Most adverbs are formed, in Bengali, by adding রূপে or ভাবে to adjectives, and in English, by adding *-ly* to them; as—

সুচারুরূপে—nicely, elegantly.
বিশেষরূপে—particularly.
অন্যায়রূপে, অন্যায়ভাবে—unjustly.
আশ্চর্যরূপে—wonderfully, astonishingly.
বিশদরূপে, বিশদভাবে—clearly.
পুঙ্খানুপুঙ্খরূপে—minutely.
বিশ্বস্তরূপে, বিশ্বস্তভাবে—faithfully.

* Mark here that the object compared stands *first* in the English sentence but *last* in the Bengali sentence.

Some adjectives, in English, are used as adverbs without the suffix *-ly*. Some of them have likewise the adverbial form in *-ly*, but express a different meaning; as—

তিনি কঠোর পরিশ্রম করিতেছেন—He is labouring *hard*.
তিনি কদাচিৎ শ্রম করিয়া থাকেন—He *hardly* labours.
তিনি আস্তে আস্তে কথা কহিয়া থাকেন—He speaks *low*.
তিনি নম্রভাবে কথা কহিয়া থাকেন—He speaks *lowly*.

5. Like adjectives, the Bengali adverbs admit of no comparison; but in English, adverbs are compared :—

তুমি আমা অপেক্ষা দ্রুত চলিতে পার—You can walk *faster* than I.
রামের চেয়ে সে ভাল লেখে—He writes *better* than Ram.
ইহার অর্থ তুমি আমা অপেক্ষা স্পষ্ট প্রকাশ করিতে পার নাই—You have not been able to express its meaning *more clearly* than I.

NOTE.—Mark that in the above examples the words after *that* are in the nominative case. They are indeed always so when the verb is *intransitive*. But when the verb is *transitive*, they may be put either in the nominative or in the objective case according to meaning; as—

তিনি আমার (=আমাকে) চেয়ে রামকে অধিক ভাল বাসেন—He loves Ram more than *me*, (*i. e.* more than *he loves me*). But 'He loves Ram *more* than *I*,' (*i. e.* more than *I love* Ram)—would be the translation of 'আমা (=আমি) অপেক্ষা তিনি রামকে অধিক ভাল বাসেন।

6. The adverbs ফলতঃ, প্রত্যুতঃ অন্ততঃ, etc. may be rendered by phrases, though sometimes they have for their equivalents such adverbs also as end in *-ly*—

বস্তুতঃ—in fact, in truth, (really). ফলতঃ—on the whole, in short. প্রত্যুতঃ—on the contrary. সাধারণতঃ—in general (generally). বিশেষতঃ—in particular (specially). প্রথমতঃ—in the first place. প্রধানতঃ—in the main (mainly, chiefly). স্বভাবতঃ—by nature (naturally). অন্ততঃ—at least, at the least. ধর্ম্মতঃ—upon one's honour (*e. g.* I say *upon my honour*); in good faith.

7. The participle করিয়া joined to other words sometimes forms phrases that are really adverbial in their nature, and may be so rendered into English; as—

তন্ন তন্ন করিয়া—minutely, closely. বিশেষ করিয়া—particularly, in detail. স্পষ্ট করিয়া—plainly, in plain. আলস্য করিয়া—idly, indolently. আজকাল করিয়া—dilatorily, tardily.

8. Many common adverbs in Bengali have their English equivalents in *phrases*. The following is a list of some of these adverbs :—

সংক্ষেপে—in brief, in a word ; on a small scale.

চরমে—in the long run, in the end ; as, মহার্ঘ সামগ্রী চরমে সুলভ প্রতীয়মান হয়—High-priced articles are the cheapest *in the long run.*

ভাগ্যে—(colloquial) in luck, by good luck ; as, ভাগ্যে এখানে তোমার দেখা পেলাম—*In luck* (happily) have I met you here.

সর্ব্বশুদ্ধ—in all, (altogether): সর্ব্বশুদ্ধ দশ টাকা—ten rupees *in all.*

ইতিমধ্যে, ইত্যবসরে—in the meantime, meanwhile.

বাস্তবিক, প্রকৃতই—in truth, in fact, in point of fact.

অবশেষে—at length (denoting *time*), at last (denoting *order*).

স্বাধীনভাবে—at large, at pleasure ; as, পক্ষীরা স্বাধীনভাবে উড়িয়া বেড়াইতেছে—The birds are flying *at large.*

নিকটে—at hand ; খুব নিকটে—close at hand, close by.

যদৃচ্ছাক্রমে—at random; as, যদৃচ্ছাক্রমে কোন কথা বলিও না—Don't say anything *at random*. [take.

অনবধানে—through inadvertence, through oversight, by mis-

নিরতিশয়—in the extreme; as, তিনি নিরতিশয় দুঃখী—He is poor *in the extreme*. [back.

সাক্ষাতে—in the presence of (one); অসাক্ষাতে—behind one's

প্রকাশ্যে—in public, (openly). গোপনে—in secret, in private.

কটাক্ষে—at a glance, in the twinkling of an eye.

পক্ষান্তরে—on the other hand.

চারিদিকে—on all hands, all round; as, আমার চারিদিকে বিপদ—I am beset with danger *on all hands* (on all sides).

গড়ে—on an average; as, গড়ে শতকরা দশজন—ten *per cent. on an average.*

পদব্রজে—on foot; as, You are to travel *on foot* (=walking).

সর্ব্বপ্রকারে, সর্ব্বথা—in all respects, in every respect; as, সর্ব্বপ্রকারে ভাল—good *in all respects*.

পর্য্যায়ক্রমে—by turns; as, সুখ ও দুঃখ পর্য্যায়ক্রমে আইসে—Prosperity and adversity come *by turns* (=alternately).

এতক্ষণ—by this time; as, তিনি এতক্ষণ বাড়ী পৌঁছিয়াছেন—He has reached home *by this time*. (But তুমি এতক্ষণ কোথায় ছিলে? should become—Where have you been *so long?*)

ভাল কথা—by the bye, by the way, (=*in passing*); as, ভাল কথা, তিনি ইহাও বলিলেন—*By the bye*, he also said, etc.

সদ্ভাবে—on good terms; as, তাঁহারা পরস্পর সদ্ভাবে বাস করিতেছিলেন—They were living *on good terms* with one another.

এই করারে—on this condition; as, এই করারে তোমাকে টাকা ধার দিতেছি যে, etc.—I, lend you money *on this condition* (or, provided) that, etc.

যথাসময়ে—in time, in good time; যথাসময়ে আমি উপস্থিত হইব—I shall be present *in time*, (সুসময়ে=in the nick of time).

অশ্বপৃষ্ঠে—on horseback (=*riding*).

বিলক্ষণ আড়ম্বরে—with great *eclat* (*i. e.* pomp).
এই উপলক্ষে—on this occasion. তদুপলক্ষে—when.
দৈবাৎ—by chance, (perchance, providentially).
অচিরাৎ—without delay, without loss of time, at once, in no time, in a short time.

অকস্মাৎ }
হঠাৎ } —all on (of) a sudden, (unexpectedly), by surprise.

EXERCISE.

1. Translate, underlining the *Adverbs* :—

রাম তোমাকে শীঘ্র পত্র লিখিবে। আমি এখনই তোমাদের বাটী যাইব। এই মাত্র দশটা বাজিয়াছে। তাহারা বরং গরিব। তোমার পিতা খুব ধনী। আজ ভারি শীত। আমি বড় ক্লান্ত হইয়াছি। গল্পটী বেশ লেখা হইয়াছে। অচিরাৎ তাহার মৃত্যু হইতে পারে। স্পষ্ট করিয়া লেখ। আমি তোমার উপর বড় সন্তুষ্ট হইয়াছি। সে অতিশয় দুঃখিত (grieved) হইয়াছে। তোমা অপেক্ষা রাম অনেক ভাল রচনা করিতে পারে। তুমি ইংরাজীতে অধিক কথা কহিতে পার না। পিতা যেমন সুশ্রী পুত্রও তদ্রূপ সুন্দর। সিংহ যেরূপ সাহসী, হস্তী সেরূপ নয়। তুমি আমাকে অবিলম্বে পত্র লিখিবে। সে এত দরিদ্র যে পুস্তক ক্রয় করিয়া পড়িতে পারে না। আমি যার পর নাই চিন্তাকুল (anxious) হইয়াছি। সম্প্রতি তিনি যশোহর গিয়াছিলেন। কদাচিৎ তাহার সহিত দেখা হয়। তোমরা বিলক্ষণ শ্রম করিবে। আমি তাহাকে বিশেষ করিয়া জিজ্ঞাসা করিয়াছি। আলস্য করিয়া সময় নষ্ট করিও না। সে এ দোষ জ্ঞানপূর্ব্বক করে নাই। মনোনিবেশপূর্ব্বক পাঠ কর। সে স্বভাবতঃ বড় দুষ্ট। বিনীতভাবে কথা কহিবে। তিনি কর্কশস্বরে উত্তর করিলেন। মন্দ অভ্যাস সহজে পরিত্যাগ করা যায় না (to shake off). আমি এখন বড়ই ব্যস্ত। তিনি সত্বর ফিরিয়া আসিবেন। এত শীঘ্র তোমার লেখা পড়া ছাড়িয়া দেওয়া ভাল হয় নাই। আমি এখনই তোমার পিতার নিকট বলিয়া দিতেছি। তুমি কি এখনই চলে? যত শীঘ্র এ বদ অভ্যাস ত্যাগ করিবে ততই ভাল। হরি কিছু (a little) দেরিতে আসিয়াছিল, সব তামাসা (tricks) দেখিতে পায় নাই। তাহার বয়স হইয়াছে, পঞ্চম শ্রেণীতে ভর্ত্তি করা যায় না। আমি তোমাকে বেশ জানি, কখনই বিশ্বাস করিব না যে তুমি আমার অনিষ্ট করিয়াছ।

3. Translate the following, rendering the Adverbs by *phrases* :—

অন্ততঃ দুইটী টাকা চাই। বাস্তবিক তার দোষ নাই। সে ধনবান্ নয়, অতি দরিদ্র। গড়ে দশজন বালকও উপস্থিত থাকে না। শৃগাল অতিশয় ধূর্ত্ত। আমার সর্ব্বশুদ্ধ টশ টাকা আছে। এরূপ ব্যবস্থা সর্ব্বপ্রকারে ভাল। পরিণামে তুমি সুখী হইবে। গোপনে কথা কহিও। সংক্ষেপে বর্ণনা করিবে। ফলতঃ সে লোক ভাল নয়। প্রকৃত প্রস্তাবে তাঁহার এ বিষয়ে আস্থা নাই (does not care for). উর্দ্ধসংখ্যা ছয় দিন ছুটী হইবে। প্রথমে আমি তোমাকে চিনিতে পারি নাই। আপাততঃ আমি এখানেই থাকি। হঠাৎ এক গোলমাল উপস্থিত হইল। মোটের উপর সে ছেলেটী ভাল। অবশেষে দুইটী মাত্র টাকা দিলেন। ইহার মূল্য বড় জোর (at most) দশ টাকা। তোমরা মিলিয়া মিশিয়া কার্য্য করিবে। এতক্ষণ গাড়ী ছাড়িয়া দিয়াছে। নিকটে কোন নদী নাই। আজ কাল করিয়া কার্য্যটী সম্পন্ন হইল না। ব্যাঘ্র মুহূর্ত্ত মধ্যে ফিরিয়া আসিল। কোন্ দিন তুমি বিপদে পড়িবে। তিনি নগ্নপদে হাঁটিয়া থাকেন। তিনি প্রায় নিহত হইয়াছিলেন। আমি এখানে হাঁটিয়া আসিয়াছি। তিনি দুই এক দিনের মধ্যে যোটকে আগমন করিবেন। অসাক্ষাতে কাহারও নিন্দা করিও না (to speak ill of). এ বিষয়ে তাহার অণুমাত্র দোষ নাই। রাত্রিকালে প্রহরিগণ পর্য্যায়ক্রমে রক্ষণাবেক্ষণ করিয়াছিল (kept watch). 'স্নেহের স্বভাবই এই, অকারণে অনিষ্ট আশঙ্কা করে (apprehends).' সে দিন স্পেন্সার সাহেব ব্যোমযানে আকাশপথে বিচরণ করিয়াছিলেন (sailed). যে দিন এ ঘটনা হয় সে দিন তুমি কোথায় ছিলে? সপ্তাহকাল মধ্যে তাঁহার এই স্থানে ফিরিয়া আসার সম্ভাবনা (he is expected). যতক্ষণ জ্বর থাকে (continues) দুই ঘণ্টা অন্তর এই ঔষধটি সেবন করিবে।

Section IV.

Prepositions.

1. The proper use of *Prepositions* is a capital point in English composition, to which our students can never pay too much attention. Prepositions largely enter into the formation of idiomatic phrases in English, but these cannot legitimately come under this section. We have here simply to show how certain words of our language, such as হইতে, বিনা, নিমিত্ত, etc., are to be translated by the help of English prepositions.

2. We have already remarked* that our vernacular is more inflexional than English—a fact, which will be readily understood by adverting to the use of English prepositions. The relations that are generally indicated in Bengali by means of *suffixes* are, for the most part, expressed in English by prepositions. We say, for instance, তিনি বাটীতে নাই, where বাটী is inflected for the *locative* case, but in English there is no locative suffix corresponding to -তে; and its deficiency in this respect is made good by the prepositions 'in,' 'at,' 'on,' etc. Thus the above sentence, when translated into English, becomes—'He is not *at* home.' Again, আমি তাঁহাকে লিখিয়াছি appears in English as—'I have written to him,' where '*to*' represents the Bengali ending -কে। It must be remembered, however, that Bengali is not so inflectional

* *Vide ante* p. 33.

as her elder sister,* Sanskrit, and has fewer suffixes or endings than the latter. Now, this means the existence, in Bengali, of a larger number of those particles that are of the nature of English prepositions, and serve the purpose of the Sanskrit suffixes or endings. For instance, there is no word in Sanskrit to represent the Bengali particle হইতে, and its force is expressed in that learned language by the suffix ঙসি =(আৎ)।

3. The preposition হইতে corresponds to '*from*' in English; as, এক প্রান্ত হইতে অপর প্রান্ত পর্য্যন্ত—*from* one end to the other, or *from* end to end. Sometimes, however, it indicates various other prepositions :—

এখান হইতে পাঁচ মাইলের মধ্যে—Within five miles *of* this place.

তোমার নিকট হইতে আমি অনেক উপকার পাইয়াছি—I have received many benefits *at* your hands.

অনিষ্ট হইতে অনিষ্টের উৎপত্তি হয়—Evil comes *of* evil.

গত সোমবার হইতে (অবধি) তাহার জ্বর হইয়াছে—He has been ill of fever *since* Monday last.

কাল সকাল হইতে অনবরত বৃষ্টি হইতেছে—Rain has been falling (or more idiomatically—*It has been raining*) incessantly *since* yesterday morning.

Since (=*subsequently to*) is used to refer to a fixed point of past time like *from*; but *since* is to be used if an action or event continues up to the present time, while *from*, if it is altogether past; as—

* Professor Max Müller justly remarks that Bengali, Hindi, Uriya, etc., are related to Sanskrit as the later-born sisters to the eldest sister, and not as daughters to the mother. See his Lectures on the Science of Language.

গত সোমবার হইতে শনিবার পর্য্যন্ত তার জ্বর ছিল—His fever continued *from* Monday to Saturday last. (But when it is জ্বর হইয়াছে instead of জ্বর ছিল, we must render it by *since* as shown above).

4. বিনা, ব্যতীত, ব্যতিরেকে, ভিন্ন, নহিলে, etc.—All these prepositions convey the idea of *exclusion*; as—

বিনাব্যয়ে কার্য্যসিদ্ধি—Success *without* cost.

অবজ্ঞা ব্যতীত আর সবই সহ্য করিতে পারি—I can bear anything *but* contempt.

অভিজ্ঞতা ব্যতিরেকে দূরদর্শী হওয়া যায় না—*Without* experience it is impossible to become foresighted.

এতদ্ভিন্ন আরও অনেক কারণ আছে—*Besides* this, there are several other reasons.

"যতন নহিলে কোথা মিলয়ে রতন?"—Where has a gem been found *without* careful search?

যদু ছাড়া সকলেই উপস্থিত ছিল—All were present *except* Jadu.

5. (*a*) নিমিত্ত, জন্য; (*b*) মত; (*c*) পক্ষে—All these have '*for*' as their English equivalent. Thus—

(*a*) অর্থ সদ্ব্যয়ের নিমিত্ত—Money is *for* proper use.

ধার্ম্মিক লোক মৃত্যুর জন্য সর্ব্বদা প্রস্তুত থাকেন—The virtuous are always prepared *for* death.

(*b*) সে জন্মের মত নির্ব্বাসিত হইয়াছে—He has been banished *for* life.

তিনি দেশ হইতে জন্মের মত বিদায় হইয়াছেন—He has left the country *for* good, ['for good and all' is also used].

NOTE.—In phrases like 'মনের মত লোক,' মত cannot be translated by '*for*' (See Chap. III. Sec. iv. para. 2).

(*c*) ইংরাজের পক্ষে বিশ বৎসর বয়স সম্পূর্ণ বিবাহযোগ্য কাল নহে—*For* an Englishman twenty is not quite the marriageable age.

দশ বৎসরের বালকের পক্ষে এতদূর পাঠোন্নতি যথেষ্ট—This progress is sufficient *for* a boy of ten years old.

পীড়িত ব্যক্তির পক্ষে সমস্ত দিন দাঁড়াইয়া থাকা নিতান্ত কষ্টকর—It is very hard *for* a sick man to stand all day long.

6. The preposition উপর is commonly translated by (1) *on*, *upon*, (2) *above*, and (3) *over*. But these prepositions have forces that differ form one another. Thus—

(1) *On* and *upon* should be used—

(*a*) to signify *rest on the surface of* a thing:

মাটীর উপর—*on* the ground. মেজের উপর—*upon* the table.

(*b*) to indicate *support*:

চারিটী খুঁটীর উপর এই চাল খানি খাড়া আছে—This thatch stands *on* four posts.

তোমার কথার উপর আমি নির্ভর করি—I depend *on* your words.

(2) *Above* is used—

(*a*) in the sense of *higher than*:

পৃথিবীর প্রায় দুই মাইল উপরে সচরাচর মেঘ সঞ্চরণ করে—Clouds generally float about in the air some two miles *above* the earth (*i. e.* higher than the earth's surface).

ক্লাশে আমি তোমার উপর থাকি—I am *above* you in the class, (or better, My place in the class is *above* yours).

(*b*) in the sense of *more than* (adverb):

দশ টাকার উপর—*above* (upwards of) ten rupees.

(3) *Over* indicates *position above*—

সূর্য্য যখন ঠিক মাথার উপরে থাকে—When the sun stands just *over* the head (or, *overhead*).

এই গাছটীর উপর কতকগুলি পাখী উড়িতেছে—Some birds are flying*over* the tree.

তিনি সকলের উপর কর্তৃত্ব করেন—He rules *over* all. He lords it *over* all.

Over is to be used as the equivalent of উপর দিয়া (*passing above*, or *on the surface of*) ; as—

কাহারও মাথার উপর দিয়া ঢিল ছুঁড়িও না—Do not throw stones *over* the head of anybody.

তাহার মাথার উপর দিয়া ভোঁ করিয়া একটা গুলি চলিয়া গেল—A bullet passed whizzing *over* his head.

নদীর উপর দিয়া অনেক নৌকা পাইল তুলিয়া যাইতেছে—Many boats are sailing *over* the river.

NOTE.—Sometimes, *over*, too, denotes excess and is equivalent to 'more than.' Thus, এই মোকদ্দমায় এখনই আমার হাজার টাকার উপর খরচ হইয়া গিয়াছে=The law-suit has already cost me *over* a thousand rupees.

In the following examples the word উপর is rendered idiomatically by different prepositions :—

তিনি আমার উপর (প্রতি) রাগ করিয়াছেন—He is angry *with* me.

সন্তানের উপর (প্রতি) মাতার স্নেহ—The love of a mother *for* (*towards*) her children.

মাঠের উপর দিয়া একটী রাস্তা গিয়াছে—A road runs *across* the plain.

তোমার উপর আমার বিশ্বাস আছে—I have faith (or confidence) [*in* you.

দুয়ারের উপর ধাক্কা দাও—Knock *at* the door.

7. দ্বারা, দিয়া—These Bengali prepositions are to be rendered generally by *with* and *by*, the former denoting the *instrument* with which a thing is done, and the latter, the *agent* or *doer*. Thus—

আমা দ্বারা (আমাকে দিয়া) একাজ হইবে না—This cannot be done *by* me. কলম দিয়া লেখ—Write *with* a pen.

সে যষ্টিদ্বারা মতিকে প্রহার করিয়াছে—He has beaten Mati *with* [a stick.

ছুঁতোর দিয়া জানালাটী মেরামত করাইয়া লও—Get the window repaired *by* a carpenter.

ছুরি দিয়া কাট—Cut (it) *with* a knife.

দ্বিতীয় পত্নীর দ্বারা তাঁহার অনেকগুলি সন্তান হইয়াছিল—He had several children *by* his second wife.

তিনি শত্রুদ্বারা পরাজিত হইয়াছেন—He has been defeated *by* the enemy.

NOTE.—The *preposition* দিয়া, as used above, should not be confounded with the *participle* দিয়া, which, too, may sometimes be rendered by '*with*'; as, তোমাকে টাকা দিয়া সাহায্য করিতে পারি না—I cannot help you *with* money. দিয়া may be rendered otherwise :

এই ব্যক্তি ব্রিণ্ডিসি দিয়া লণ্ডন যাইবে—This man will go to London *via* Brindisi.

লোক দিয়া জিনিসটা পাঠাও—Send the thing *per* bearer.

কত লোক রাস্তা দিয়া চলিয়া যাইতেছে কে তাহার ইয়ত্তা করিবে ?—Who will count the number of men passing *along* the road ?

8. For মধ্যে, ভিতরে, there are several equivalent prepositions in English, such as (*a*) *among*, *between*, (*b*) *in*, *within*.

(*a*) *Between* is used generally with reference to *two* persons or things, while *among* is used with reference to *more than two*. Thus—

তোমার আমার মধ্যে—*between* you and me, (*between* ourselves). নয়টা ও দশটার মধ্যে যে কোন সময়ে—anytime *between* nine and ten. বন্ধু বান্ধবদিগের ভিতরে—*among* friends. তরুগণের

মধ্যে—*among* the trees. অন্যান্য কারণের মধ্যে—*among* other reasons.

(*b*) *Within* and *In*. '*Within*' means *inside the limits of*, and '*in*' denotes *position within*. Therefore, as equivalents of ভিতরে, when *place* is referred to, both the prepositions may be used; as—

ঘরের ভিতরে (মধ্যে) আলো নাই—There is no light *in* the room, or, There is no light *within* the room.

সহরের মধ্যে (ভিতরে) বিস্তর বড় বড় বাড়ী আছে—There are many large buildings *within* the town, or *in* the town.

Before nouns denoting time, '*within*' means *before the end of*, but '*in*' is used not exactly in the same meaning, as it sometimes signifies (*a*) *taking the whole of*, (*b*) *after the lapse of*; *as*—

এক ঘণ্টার মধ্যে প্রশ্ন গুলির উত্তর করিবে—Answer the questions *within* an hour, *i. e., before the end of* one hour.

এক ঘণ্টায় প্রশ্নগুলির উত্তর করিবে—Answer the questions *in* an hour, *i. e., taking the whole of* an hour, the whole hour being devoted to the work.

একঘণ্টা পরে তোমাকে পরীক্ষা দিতে হইবে—You must take your examination *in* an hour, *i. e., in an hour's time*. Here '*in*' means *after the lapse of* one hour.

দুই এক দিন পরে তোমার সহিত সাক্ষাৎ করিব—I will call on you *in* a day or two.

NOTE.—When পরে indicates past time, it should not be translated by '*in*.' Thus, প্রায় ছয় মাস পরে আমি গত মঙ্গলবার তোমার এক খানি পত্র পাইয়াছি—On Tuesday last, I received a letter from you *after* an interval of nearly six months.

Another thing to be noticed as to the use of '*within*' before nouns of time is, that '*within*' indicates a *space of time*, and not a *point of time;* so that it is wrong to translate the expressions, তিনটার মধ্যে, আগামী সোমবারের মধ্যে, by using *within*, as—*within* 3 o'clock, *within* Monday next; they should be—*before* (or *by*) 3 o'clock, *before* (or *by*) Monday next.

In certain cases, '*of*' may be used to translate মধ্যে :—

প্রথম শ্রেণীর বালকদিগের মধ্যে রাম সর্ব্বাপেক্ষা বুদ্ধিমান্—Ram is the most intelligent *of* the first class boys.

সকল খাদ্যদ্রব্যের মধ্যে সে মিষ্টান্ন অতিশয় ভাল বাসে—*Of* all eatable things, he likes sweetmeats the best.

9. The preposition *of* is ordinarily used to indicate *possession*, *source*, etc., in translating such phrases as রামনাথের বাড়ী। Thus—

রামনাথের বাড়ী—the house *of* Rámnáth. দয়ার পাত্র—an object *of* pity. অনেক দিনের প্রথা—a custom *of* long standing.

But many expressions of this kind are idiomatically rendered by the help of prepositions other than '*of*'—

পত্রের উত্তর—a reply *to* the letter. হিন্দুদিগের এই রীতি আছে—It is a custom *with* the Hindus. আহারের সময়—the time *for* dinner. প্রথম পক্ষের সন্তান—a child *by* the first wife. যশের লালসা—the thirst *after* fame. ঘাটের রাস্তা—the road *to* the *ghat*. মাসের মাহিনা—the pay *for* the month.

10. পানে, প্রতি, দিকে, are variously rendered :—

তার পানে তাকাও—Look *at* him. আমার প্রতি তাঁহার অকৃত্রিম স্নেহ আছে—He has a sincere love *for* me.

আমি বিবাদ মিটাইবার দিকে (পক্ষে) আছি—I am *for* making up the quarrel.

তাঁহার সত্যের প্রতি বিশেষ অনুরাগ আছে—He has a special regard [*for* truth.

একদিন সেলিম কন্যাটীর প্রতি দৃষ্টিপাত করিয়াছিলেন—One day Selim set eyes *on* the girl.

সাহায্যের জন্য আপনার দিকে তাকাইয়া থাকি—I look *to* you for [help.

আমার প্রতি তার রাগ আছে—He bears a grudge *to* me (or, He bears me a grudge).

নদীটী দক্ষিণ দিকে বাহিয়া যাইতেছে—The river is flowing *towards* the south, (or, *to* the southward).

11. Nouns in the *instrumental* (করণ) or the *locative* (অধিকরণ) case, *i. e.*, those ending in এ, -য় or -তে, are to be rendered by the help of different prepositions; as—

তিনি কাজে আছেন—He is *at* work.

এস চন্দ্রের আলোয় বেড়াই—Let us walk *in* the moonlight.

দিনের বেলায়—*by* day, *in* the day time, *during* the day.

আপনি তাহাদিগকে এক কথায় শান্ত করিয়া দিয়াছেন—You have calmed them *by* or *with* a word.

আমার ঘড়িতে তিনটা বেজেছে—It is 3 *by* my watch.

প্রত্যেকের মুখে এই কথা—This talk is *in* every one's mouth, or *on* every one's lip, (*on* every lip or tongue).

আমি বড় শঙ্কটে পড়েছি—I am *in* a great difficulty, (or *in* a fix).

আমার নামে জিনিস্‌টা খরিদ করিও—Purchase the thing *in* my name. এক লাফে পগার পার হইল—Cleared the ditch *at* a leap.

Before nouns denoting time, the use of *at*, *in*, *on*, and *by* is governed by the following general rule :—

At is used in relation to a *point* of time ; *in* and *on*, in relation to a *space* of time ; and *by*, in relation to both *space* and *point* of time. Thus we say, *at* noon, on

Friday, *in* a day, *in* a week, month or year, *in* or *on* the morning, *by* 4 o'clock to-day, *by* the year.

Further Examples.

এই মাসে; এই বৎসরে—*in* this month; *in* this year. সোমবারে; বর্ত্তমান মাসের ৬ই তারিখে—*on* Monday; *on* the 6th instant. রাত্রে—*by* night, *at* night, *in* the night. নিশীথ কালে—*at* dead of night. মধ্যাহ্নে—*at* noon. বিকালে—*in* the afternoon. রাত্রিমুখে—*in* the evening. সন্ধ্যাকালে—*at* dusk; *at* sunset, *at* night-fall, *at* candle-light. প্রভাতে—*at* daybreak, *at* dawn. তিনি এতক্ষণ সেখানে পৌঁছিয়াছেন—He has reached the place *by* this time.

That '*in*' denotes a space of time, and '*at*' a point of time, will be clear from the following examples :—

আমরা দুজনে এক সময়ে কলিকাতায় পৌঁছিয়াছিলাম—We two reached Calcutta *at* the same time (*i. e.* at the same *moment*, neither arriving before the other).

আমাদিগের দুজনের কলিকাতায় পৌঁছিতে এক সময় লাগিয়াছিল—We reached Calcutta *in* the same time (*i. e.* the same *length* of time was taken by each for the journey).

Similarly '*at*' is used before the names of small places, and '*in*' before those of large ones; as—

তিনি কলিকাতায় বাস করেন—He lives *in* Calcutta.
তিনি ভবানীপুরে বাস করেন—He lives *at* Bhawanipur.

EXERCISE.

Translate, making use of appropriate *Prepositions* :—

(*a*) তিনি আগামী রবিবারে আসিবেন। রাম এখন কলিকাতায় থাকে। বিকালে তোমার সহিত দেখা করিব। রাত্রে একটুও ঘুম (a wink

of sleep) হয় না। শ্রীরামপুরে একটী সভা হইয়াছিল। আজ একটার সময় স্কুল বন্ধ হইবে। এক সপ্তাহের মধ্যে ফিরিয়া আসিবেন (come back). দুই দিনে এই অধ্যায়টী পড়িতে হইবে। দশটার মধ্যে আহার করিয়াছি। নর্থম্বর্লণ্ড ইংলণ্ডের উত্তরে। আয়রলণ্ড ইংলণ্ডের পশ্চিম দিকে। কাল অতি প্রত্যুষে কলিকাতায় যাত্রা (leave) করিব। নয়টার একটু আগে বা পরে স্নান করিতে যাইব। তিনি এক বৎসর বাটী আসেন নাই। তিব্বত ভারতবর্ষের উত্তর দিকে, কিন্তু নেপাল ভারতবর্ষের উত্তরে।

(*b*) কাল হইতে আমার পেটের অসুখ হইয়াছে। লাহোর এখান হইতে কতদূর? এখান হইতে দুই ক্রোশের মধ্যে আর গ্রাম নাই। পাঁচ দিন হইতে (ধরিয়া) জ্বরে ভুগিতেছে। এ সামগ্রী হইতে কি উপকার হয় (comes)? দুগ্ধ হইতে ঘৃত প্রস্তত হয়। শনিবার হইতে সে স্কুলে অনুপস্থিত ছিল। সে দিন হইতে তাহাকে কত বুঝাইতেছি। তাঁহার নিকট হইতে আমি অনেক উপকার পাইয়াছি।

(*c*) বৃক্ষের শাখার উপর কতকগুলি পক্ষী বসিয়াছে। তাঁহার বেতন পঞ্চাশ টাকার উপর। পুষ্করিণীর উপরে অনেক গুলি পাখী উড়িতেছে। তোমার উপর তিনি চটিয়া গিয়াছেন। মাঠের উপর দিয়া কয়েকটী লোক ছুটিয়া আসিতেছে। তোমার উপর তাঁর একটুও মায়া (sympathy) নাই। তাহার উপর দুই জন কর্ম্মচারী আছে। লোকটীর উপর আমার বড় শ্রদ্ধা আছে। ছোট শিশুর উপর রাগ করিলে কি হইবে?

(*d*) তাঁহার চিকিৎসায় রোগের উপশম হয় নাই। কেবল ঘরের ভিতর বসিয়া থাকিও না। ফলের মধ্যে আম বড় সুখাদ্য। ষ্টীল পেন্ দিয়া আমি লিখিতে পারি না। ঘরের মধ্যে দিয়া যাইও না। মনের মধ্যে বড় দুঃখ হইয়াছে। দূরবীক্ষণ যন্ত্রদ্বারা দূরের বস্তু বেশ দেখিতে পাওয়া যায়। দীন দুঃখীর প্রতি সদয়াচরণ করিবে। তিনি স্কুলের দিকে গিয়াছেন। মুদ্রাযন্ত্র দ্বারা পৃথিবীর প্রভূত উপকার হইয়াছে। অর্থ না থাকিলে শরীর দিয়া পরের উপকার করিতে পারা যায়। দুই জনের মধ্যে এক জনও ভাল নয়। মনুষ্যের মধ্যে একেবারে নির্দ্দোষী কেহই নাই। ছেলেটী আমার দিকে চাহিয়া আছে। কতলোক রাস্তা দিয়া যাইতেছে। এই বাটী ইষ্টক দ্বারা নির্ম্মিত (built).

(*e*) তিনি শোকে অভিভূত হইয়াছেন। আমি বড় বিপদে পড়িয়াছি। শ্রম বিনা কিছুই সুসিদ্ধ হয় না। সে আমার নামে নালিশ করিয়াছে। কালী ঘাটের রাস্তা কোনটী? তোমার ঘড়ীতে সময় কত? তিনি আমাকে তাঁর ভাই

মনে করিয়াছিলেন (took me). দুইদিনের জন্য ছুটী চাই। শুধু মুখের কথায় কাজ হয়না। টাকায় কি না হয়? যন্ত্রণায় বড় কাতর হইয়াছি। এই কথা গুলি মনে করিয়া রাখিবে (bear). তিনি কাজে নিযুক্ত আছেন। বাজারে ইহা কিনিতে পাওয়া যায়। আমার চিরকালই দুঃখে গেল। তাঁহার পত্রের উত্তর (reply) দেওয়া হয় নাই। এই দ্বার দিয়া গৃহে প্রবেশ কর। আমি এই রাস্তাটীর এক প্রান্ত হইতে অপর প্রান্ত পর্য্যন্ত হাটিয়া গিয়াছি।

(*f*) পূর্ণিমার পর চন্দ্রের ক্ষয় হয়। পক্ষীসকল উড়িতেছে (are—the wing). সেই দিবস হইতে দুর্বৃত্ত অদর্শন হইয়াছে (has made himself scarce). বৃদ্ধের পক্ষে এক দিনে দশ ক্রোশ হাঁটা তামাসা নয় (It is no joke). পুলীসের নিকট নালিশ কর (Lodge a complaint). নবাব কলিকাতা অভিমুখে যুদ্ধ যাত্রা করিলেন। গৃহে অগ্নি লাগিলে অনেক সময় প্রত্যুৎপন্নমতিত্বের আবশ্যক হয়। শিকারী পক্ষীরা মাংস খাইয়া জীবন ধারণ করে। তাহারা উচ্চৈঃস্বরে চীৎকার করিতেছিল। দুঃখিত হইতেছি যে, আপনার প্রস্তাবে সম্মত হইতে পারিলাম না। এই সংবাদ দেশের সর্ব্বত্র প্রচার হইয়াছে (spread). লাট সাহেব গ্রীষ্মকালে সিমলায় বাস করেন। রমানাথ সংস্কৃত ভাষায় বিশেষ ব্যুৎপন্ন (versed). আরিস্ততল প্লেতোর অন্যতম্ শিষ্য, কিন্তু গুরুর সহিত অনেক স্থলে তাঁহার মতের ঐক্য নাই। আয়োদধৌম্যের আজ্ঞানুসারে উপমন্যু ক্ষেত্রের আলি (ridge) বাঁধিতে গিয়াছিলেন, এবং নিজের শরীর দ্বারা জলপ্রণালী রোধ করিয়াছিলেন। তিনি উভয় সঙ্কটে (horns of a dilemma) পড়িয়াছেন। বিপদকালে ধৈর্য্য অবলম্বন করা আবশ্যক (to have recourse); দুগ্ধপোষ্য বালকের ন্যায় ক্রন্দন করিলে কি হইবে?

SECTION. V.

Conjunctions.

1. *Conjunctions* have no place in our grammar as a distinct *part of speech.* They are included, along with *Prepositions* and *Interjections*, as well as some *Adverbs*, in the class designated অব্যয়* because they cannot be *declined* either for number, gender, or for case.

It is not for us to give here anything like a complete list of the *indeclinable words* renderable by conjunctions. Nor would it fully serve our purpose to confine ourselves to these *indeclinables* alone, to the exclusion of such *nouns*, *verbs*, and even *suffixes* as sometimes do duty, in our vernacular, for English conjunctions.

2. এবং, আর, ও—No student need be told that these should be rendered by '*and*,' though they may sometimes be translated by '*as well as*,' '*as also*,' etc.

Examples.

"বস্তু মাত্রেই উষ্ণতায় স্ফীত এবং শীতে সঙ্কুচিত হয়"—Every object is expanded by heat *and* contracted by cold.

"কতকগুলি জন্তু জল ও স্থল উভয় স্থানেই বাস করে"—Some animals live both on land *and* in water.

---

* সদৃশং ত্রিষু লিঙ্গেষু সর্ব্বাসু চ বিভক্তিষু।
বচনেষু চ সর্ব্বেষু যন্ন ব্যেতি তদব্যয়ম্॥

ডিউক অব্ ওয়েলিংটন্ ও নেপোলিয়ন্ বোনাপার্ট উভয়েই অতিশয় যোদ্ধা ছিলেন—The Duke of Wellington *as well as* Napoleon Bonaparte were great warriors.

ধন লইয়া কেহ পৃথিবীতে আইসে নাই, আর ধন লইয়া কেহ যাইবে না—No one came into the world with money *and* with money will no one go out of it.

মন্দ বালকের সহিত মিশিও না, আর কুকথা কখনও মুখে আনিও না—Don't mix with bad boys ; *and* never utter obscene words.

সে আর তার ভাই (তার ভাইও কম্ নয়) আমাকে গালি দিল ; আর মারিবে বলিয়া শাসাইল—He, *no less than* (or, *as well as*) his brother, abused me, *as also* (*and moreover*) threatened to beat me.

বিদায় লইয়া আসিবার সময় আমার কাকা আমাকে একটী টাকা আর তার সঙ্গে কিছু সন্দেশও দিয়াছিলেন—As I said good-bye, my uncle gave me a rupee *and* some sweets into the bargain.

NOTE.—In Sanskrit এবং means *'so,' 'thus,'* but not, *'and,'* for which it has another particle, namely, চ, which is used *after* the words connected by it ; as, 'স পান্থো ব্যাপাদিতঃ খাদিতশ্চ—'The traveller was killed *and* devoured.' As regards ও, be it observed that, when added to a noun as a *suffix*, it is equivalent in force to the conjunction *'too'* or *'also,'* and should not be confounded with ও meaning *'and.'* Thus—

তুমি ও সুশীল—You *and* Susil.

তুমিও সুশীল—You, *too*, are well-behaved.

3. A Bengali sentence containing an incomplete verb in -ইয়া, as গিয়া, করিয়া, etc., and a finite verb, may sometimes be translated by an English sentence containing two co-ordinate finite verbs coupled by the conjunction *'and,'** Thus—

---

* *Vide Ante* p. 105.

তাহাকে গিয়া বল আমি অসুস্থ আছি—*Go and tell* him that I am unwell.

রাম রাবণকে পরাজয় করিয়া সীতাকে উদ্ধার করিয়াছিলেন—Ráma *conquered* Rávana *and recovered* Sitá.

তিনি প্রত্যুষে উঠিয়া ময়দানে বেড়াইতেন—He used to *rise* early in the morning *and take* a walk in the *maidan*.

NOTE.—When the incomplete verbs end in -লে, as করিলে, the sentence may sometimes be managed as above, but then the incomplete verb may or may not call for a word to stand for it in the translation ; as—

আর চারি দিন গেলেই আমাদের স্কুল বন্ধ হইবে—Four days more *and* our school will be closed ; (or, Let four days more *pass and* our school, etc.).

আর একটী কথা বলিলেই আমার শেষ হইল—On word more *and* I have done ; (or, Let me *say* one word more *and*, etc.).

4. আর, আরও, আবার, কিঞ্চ, অপরঞ্চ—These correspond in English to '*besides*,' '*moreover*,' '*further*,' '*again*,' '*also*,' etc., and are chiefly used in connecting one sentence with another in a paragraph.

Examples.

তুমি বালক, রাজনৈতিক হাঙ্গামে তোমার থাকা উচিত নয়। আর দেখ, চীৎকার করিয়া গলা ভাঙ্গিলেও কেহ বালকের কথা শুনিবে না—You are a mere boy ; you ought not to mix yourself up with politics. *Besides*, mind, you may cry yourself hoarse, but nobody will listen to a boy.

তাহার পুঁজি মারা গিয়াছিল। 'আবার দুর্ভাগ্যক্রমে তিনি সুরাপানে আসক্ত হইয়া উঠিয়াছিলেন'—He had lost his capital. *Moreover*, he unfortunately became addicted to drinking.

শুনিয়া আশ্চর্য্য হইলাম, মহাশয় নাকি একটী অসহায় ব্যক্তির প্রতি অত্যন্ত রূঢ় ব্যবহার করিয়াছেন। অপরঞ্চ ইহাও শুনিলাম যে তাহাকে

নাকি গ্রাম হইতে একেবারে তাড়াইয়া দেওয়া হইয়াছে!—I am surprised to hear that you have treated a helpless man most rudely. *Further*, I am told that the poor fellow has been actually turned out of the village.

5. বা, কিম্বা, অথবা, নতুবা, নচেৎ, না, কি, আর—All these correspond to the conjunction '*or*'; as—

আমরা যাহা করি বা যাহা ভাবি তাহা ঈশ্বর দেখিতে পান—God sees whatever we do *or* think of.

'মন্ত্রের সাধন কিম্বা শরীর পতন'—'to do *or* die.'

রত্নাকরের স্ত্রী অথবা পুত্রগণ তাহার পাপের ভার গ্রহণ করিতে স্বীকার করে নাই—*Neither* Ratnákar's wife *nor* his sons agreed to take upon themselves the weight of his sin, (*i. e.*, to undertake the responsibility of his sins).*

চুপ কর নতুবা তোমাকে শাস্তি দিব—Hold your tongue *or* I will punish you.

বাল্যকালে মন দিয়া লেখাপড়া করিবে, নচেৎ উত্তরকালে বড়ই কষ্ট পাইতে হইবে—Attend to your studies in early life *or* you will have to suffer a great deal afterwards.

তুমি এখানে আসিবে, না আমি সেখানে যাইব?—Will you come here, *or* shall I go there?

দশ কি বার জন লোক উপস্থিত ছিলেন—There were present some ten *or* twelve men.

মার আর ধর আমি পিঠ্ ক'রেছি কুলো।
বক আর ঝক আমি কাণে দি'ছি তুলো॥—
Scourge me *or* seize me, if you like, I don't care for it (I am proof against it);

---

* The form '*neither—nor*' is used in translating this sentence, as it contains, besides the conjunction অথবা, the negative particle নাই।

Scold me *or* abuse me, as you please; I will turn a deaf ear to it; (*lit.*—I have filled my ears with cotton wool).

NOTE.—বা is sometimes used idiomatically as an expletive, as—বলই বা কি আর কওই বা কি ? which should be translated as 'What do you say, sir ?' or better, 'Well, sir, you talk nonsense.' Again, তিনি যদি আমার সহিত কথা কহিলেন না, আমিই বা তাঁহার সহিত কথা কহিব কেন ?—If he did not talk with me, why should I talk with him ? The word অথবা, too, is sometimes used in a peculiar way, thus—

তুমি বড়ই স্বার্থপর, কেমন করিয়া তাহাকে বিপদে ফেলিয়া পলাইলে ? অথবা তোমার দোষ নাই, আজ কাল পরোপকার পৃথিবীতে দুর্লভ—You must be very selfish. How did you leave him in the lurch ? *But* (or, *still*) you are not to blame. Brother-help is now-a-days rare in the world.

6. A Bengali sentence may sometimes go without a conjunction, but in rendering it into English the conjunction must be supplied. Thus—

তিনি দুই এক* দিনের মধ্যে এখানে আসিতে পারেন—He may come (or, is expected) here in a day *or* two.

'লোভেই পাপ, পাপেই মৃত্যু'—Avarice begets sin, *and* sin begets death.

যাবে যাও, পারিবে কি না সন্দেহ—You may go up if you like, *but* it is doubtful if you will succeed.

তিনি এদিক ওদিক পায়চারি করিতেছিলেন—He was pacing up *and* down (backwards *and* forwards. Cf. to *and* fro.)

পাঠ কর, জানিবে—Read *and* you will know.

যাচ্ঞা কর পাইবে, অন্বেষণ কর মিলিবে—'Ask *and* it shall be given you; seek *and* ye shall find'.

* Mark here the inverse order of the Bengali numerals.

NOTE.—For 'দুই তিন দিন' it is wrong to say in English; '*two, three* days' instead of '*two or three days.*' The student should, moreover, notice that in speaking of time approximately, while we say 'পাঁচ সাত দিন,' an Englishman would say 'five *or six* days,' and not, 'five *or seven* days.' Again, the sentence, একাজ সম্পন্ন করিতে আমাদের এক সপ্তাহ বা আট দিন লাগিবে,—should, for the sake of idiom, be translated as—This piece of business will take us *a week or ten* days to finish it.

7. কিন্তু, পরন্তু, অথচ, যাহাহউক, etc.—For these there are several conjunctions in English, such as '*but*,' '*however*,' '*nevertheless* ; as—

তিনি দেখিতে স্থূল কিন্তু শক্তি নাই—He looks stout *but* has little strength.

বায়ু স্বভাবতঃ স্থির পরন্তু উত্তাপ দ্বারা চালিত হয়—Air is naturally still, *but* is set in motion by heat.

সলোমন জ্ঞানী অথচ স্ত্রৈণ পুরুষ ছিলেন—Solomon was wise *but* uxorious (or, excessively fond of wives).

এরূপ গুরুতর অপরাধ উপেক্ষা করা যায় না। যাহাহউক এবার তোমাকে ক্ষমা করিলাম—So grave an offence cannot be winked at. *However*, I excuse you this time.

যাইতে পার, কিন্তু দেখিও যেন গাড়ী চাপা পড়িও না—You are at liberty to go, *only* take care that you are not run over by a carriage.

এ ব্যবসায়ে আমার বিলক্ষণ ক্ষতি হইয়াছে, কিন্তু আমি ইহা সহজে ত্যাগ করিব না—I have, indeed, lost a great deal in this business. *Nevertheless* (or, *never mind*) I won't give it up so easily.

NOTE.—কিন্তু as the correlative of যদিও may or may not require '*yet*,' but never '*but*,' as—যদিও তিনি গরিব কিন্তু অনেক সৎকার্য্য করিয়াছেন—'Though he is poor, *yet* he has done many good deeds.'

8. (*a*) যদি, যদিই, যদিচ, যদিবা, যদিস্যাৎ—তবে, ত (তো), তাহা হইলে (তাহলে)।

(*b*) যদিও, যদ্যপি, যদ্যপিস্যাৎ—তথাচ, তথাপি, তবু, তবুও তত্রাপি,* কিন্তু।

NOTE.—These conjunctions occur in *complex* sentences, যদি (and its forms) introducing *subordinate* clauses, and তবে (and its forms) introducing *principal* clauses.

Of these, (*a*) 'যদি—তবে,' etc. correspond to '*if—then*'; (*b*) 'যদিও—তথাচ,' to '*though—yet* or *still*.' But in English as in Bengali, the antecedents, or the consequents, or both, are sometimes omitted.

Examples.

যদি এ টাকা তোমার দেয় হয়, তবে যত শীঘ্র পরিশোধ করিয়া দেও ততই ভাল—*If* this sum be due by you, *then* the sooner you pay it up the better.

যদিই একটা ভুল করিয়াছে তা সারা দিন তিরস্কার করিলে কি ফল হইবে?—*If* (or, *though*=supposing that) he has committed a mistake, what is the good of scolding him all the day long.

যদিবা তিনি বহুকালের পর আসিলেন, দুর্ভাগ্যক্রমে কাজের ঝঞ্ঝাটে এক দিনের জন্যও সুস্থির হইতে পারিলেন না—*If* (or, *though*) he has come back after a long absence, he has not unfortunately had a day's rest through press of business.

যদিও জিনিসটা কিছু বিলম্বে হইয়াছে বটে, কিন্তু বড় সুন্দর প্রস্তুত হইয়াছে—*Though* the thing has been done somewhat late, *yet* it is finished very nicely.

* তত্রাচ is sometimes wrongly used instead of তত্রচ।

যদি জানিতাম তুমি এ হাঙ্গামে জড়িত আছ তাহা হইলে আমি নিশ্চয়ই দূরে থাকিতাম—*Had* I (=*If* I *had*) known you were involved in this affair I *would have* surely kept aloof.

যদি আমার পিতা ধনবান্ হইতেন তাহা হইলে তিনি আমাকে বিলাতে শিক্ষা দিতেন—*Were* my father (=*If* my father *were*) rich he *would educate* me in England.

মহাশয় যান্ ত বড়ই বাধিত হই—I shall be much obliged *if* you will go.

রাগ কর, নাচার—*If* you choose to be offended, I cannot help it.

'*In case*,' '*provided that*,' or simply '*provided*,' is sometimes used instead of '*if*'; as—

আপনি না রাখিতে চান আমি লইয়া যাইব—I shall take it away—*in case* you don't think it worth your while to keep it.

তোমাকে ছাড়িয়া দিতে পারি, যদি তুমি পলাইয়া না যাও—I may let you go *provided* you do not run away.

যদিও may sometimes be translated by '*as*,' but then the latter must follow an adjective or a participle in the inverted order; as—

যদিও বালক, তাহার সাহস আছে—Young *as* he is, he has courage.

আফ্‌গানেরা যদিও পরাভূত হইয়াছিল কিন্তু কখনও পরাজিত হয় নাই—Defeated *as* the Afghans were, they have never been conquered.

যদি—না is to be translated either by '*if not*' or '*unless*,' as যে পর্য্যন্ত না, যদবধি না, etc. should be rendered by '*till*' '*until*.' Thus—

যদি তিনি নিবারণ না করিতেন, লোকটাকে মারিয়া ফেলিত—The man would have been beaten to death *if* he had *not*

prevented it; (also, *had* he *not*, or, *unless* he had, prevented it).

OBS.—In this arrangement 'he' might mean 'the man.' The Bengali order is better. (Wilson).

তিনি যে পর্য্যন্ত না আসেন এই খানে অপেক্ষা কর—Wait here *till* he come (or, comes.)

ইন্দুর বলিল যতক্ষণ আমার দাঁত না ভাঙ্গে ততক্ষণ তোমার পাশ ছেদন করিব—The mouse said, 'I will gnaw your bonds *till* my teeth break.

NOTE.—Sometimes যদি না may be translated otherwise—যদি একাজ করিতে না পারি তাহা হইলে আমার নাম রমানাথ নয়—I'll do it positively *or* my name is *not* Ramánáth; or, I'll do it as sure as my name is Ramánáth.

তবুত may call for the phrase '*all the same*'; as—

তুমি চোরটাকে দেখিয়াছিলে?—Did you see the thief?

না মহাশয়—No, sir.

তবুত তোমার ভয় হইয়াছে—You have had a fright *all the same.*

9. যেহেতু, কারণ, কেননা—the English equivalents of these are—'*because*,' '*for*,' '*as*,' '*inasmuch as*,' etc.

Examples.

তিনি আসিতে পারিবেন না কারণ তিনি পীড়িত—He cannot come *because* he is ill.

বিদ্যালয় শীঘ্র বন্ধ হইবে যেহেতু অত্যন্ত গরম পড়িয়াছে—The school will be closed shortly *for* the weather has become very sultry.

জলকে জীবন বলা যায়, কেননা জল বিনা কাহারও জীবন রক্ষা হয় না—Water is called life *inasmuch as* no life can be sustained without it.

'*Since*' suggests time and fitly renders যখন used in its causal sense ; as—

যখন আপনি কৃতনিশ্চয় তখন আর এ বিষয়ে কোনও কথা বলিব না—*Since* you are determined I will say no more about it.

The participle বলিয়া is often used in Bengali to indicate *cause* or *reason* ; as—

আমি আহার করিয়া আসি নাই বলিয়া আজ সকাল সকাল বাটী যাইব—I shall go home a little early to-day, *as* I have come without (taking my) breakfast.

Similarly the forms বলায়, বলাতে; করায়, করাতে are sometimes used to show cause :—

মিথ্যা কথা বলায় আমি তাহাকে আর বিশ্বাস করি না—I believe him no longer, *as* he told a lie.

তিনি এখনও না আসাতে আমরা যাত্রা করিতে পারিতেছি না—*As* he has not yet arrived we cannot start on our journey.

10. একারণ, অতএব, এজন্য, সুতরাং, etc.—These are *illative* conjunctions in Bengali corresponding to '*therefore*,' '*consequently*,' '*so*,' *hence*,' etc.

Examples.

"বায়ু এক প্রকার তরল পদার্থ, সুতরাং সর্ব্বপ্রকারে তাহাদের ধর্ম্ম ইহাতে বর্ত্তমান আছে"—Air is a kind of fluid, *conseqnently* all the properties of fluids belong to it.

হরিশ বাবু বড় কর্ত্তব্যপরায়ণ, একারণ সকলেই তাঁহাকে সম্মান করে—Haris Babu is very dutiful (or, attentive to duty), he is *therefore*, respected by all.

11. হয়—না হয়; কি—কি, কিনা—These are *alternative* conjunctions in Bengali requiring '*either—or*,'

'*whether—or*' as their English equivalents. কি না = '*whether—or not.*'

Examples.

হয় তোমাকে না হয় সুরেন্দ্রকে সেখানে যাইতে হইবে—*Either* you *or* Surendra must go there.

কি হিন্দু, কি মুসলমান, সকলেই মিথ্যাবাদীকে ঘৃণা করে—Every one, *whether* a Hindu *or* Mahomedan, hates the liar, (or, be he a Hindu *or* Mahomedan, etc.).

যা'বে কি না বল—Tell me *whether* you will go *or not.*

NOTE.—In translating কিনা it is not always necessary to use the full form '*whether—or not,*' it being enough to use '*whether*' only.

12. যেন is rendered by '*as if*' or '*as though*'; পাছে, by '*lest*' or '*for fear*'; and বরং, by '*than,*' '*rather than,*' or '*better.*'

Examples.

হাঁ করিয়া দাঁড়াইয়া রহিলে, যেন ইহার কিছুই জাননা!—You stand agape *as if* you knew nothing of the matter!

তুমি মনে করিয়াছিলে যেন আমরা তোমার পরম শত্রু—You thought of us *as though* we were your bitterest enemies.

পাছে পিতা জানিতে পারেন এই ভয়ে আমি বাটীতে যাই নাই—I did not go home *lest* my father should come to know of it.

পাছে কৃতকার্য্য না হন এই ভয়ে তিনি পরীক্ষায় উপস্থিত হন নাই—He did not appear in the examination *for fear* he should be plucked.

বরং পুত্র না থাকা ভাল তথাপি মূর্খ পুত্র কিছু নহে—Better have no son at all *than* an illiterate son.

তুমি বরং সেখানে যাও—You had *better* go there.

The conjunction যেন has several other uses :—

(1) আমি যেন করিলাম, এতে তোমার কি লাভ হবে?—*Suppose* I did it, what benefit would you derive from it?

(2) কোথায় যেন আপনাকে দেখেছি—I *think* I have seen you somewhere.

(3) দেখ যেন ভুল না—*Take care that* you do not forget it, or, Please don't forget it. দেখ যেন ভুল করো না—*See* that you make no mistake.

(4) প্রার্থনা করি যেন তোমার একটী পুত্র সন্তান হয়—I pray *that* you may have a son, (or, a son may be born to you).

(5) তুমি যেন কোন কথা ব'লনা—You need not say anything, *mind* you.

(6) কাল যেন ঝুল—Black *as* soot (black *as* coal, or *jet-black*).

(7) তুমি যেন বলবান্, তা বলে কি তুমি তোমা অপেক্ষা একটী দুর্ব্বল বালককে মারিতে পার?—*Granted* you are strong, does that justify you in striking a weaker boy?

EXERCISE.

Translate underlining the *Conjunctions* :—

কোন না কোন বালক এই অনিষ্ট করিয়াছে। সাঁওতালেরা সত্যবাদী ও পরিশ্রমী। আমি সাঁতার দিতে পারি না সুতরাং ডুবন্ জলে যাইব না (go beyond my depth). যদি পর্ব্বত মহম্মদের নিকট না আসিল তবে মহম্মদ স্বয়ং পর্ব্বতের নিকট যাইবেন। যদি রাজস্বের টাকা (the revenue) কাল সূর্য্যাস্তের পূর্ব্বে দেওয়া না হয় তাহা হইলে বিষয়টী নিলামে চড়িবে (put up to auction). যদি ইহা আমার উপর নির্ভর করিত (rested with) তোমাকে আর অধিক কিছু বলিতে হইত না (you should not have to say). 'আলোক মঞ্চ তোমার আমার কাজে লাগে না (is of no use), কেন না আমরা সমুদ্রে যাওয়া দূরে থাকুক বাড়ী ছাড়িয়া তিন পা নড়িতে চাই না (move a few steps).' 'নানক গানের দ্বারা ধর্ম্ম প্রচার করিতেন, এই জন্য শিষ্যগণ অত্যন্ত সঙ্গীত প্রিয়'। 'অপরিষ্কার স্থানে থাকে বলিয়া মাছি নিজে অপরিষ্কার নয়'। অন্তরীক্ষ বিহারী (æronauts) স্পেন্সার ও রামচন্দ্রকে

10

যদি সাহসী না বল তবে আর সাহসী কে জানি না। তোমার নাম কাটা গিয়াছে কারণ তুমি অনেক দিন স্কুলে উপস্থিত ছিলে না। শিক্ষক না আসায় বালকেরা বড়ই গোলমাল করিয়াছে। তিনি আসিতে দেরি করিয়াছিলেন বলিয়া তাঁহার প্রভু বিরক্ত হইয়াছেন। চুপ কর, কারণ এ সম্বন্ধে তোমার আর কোন কথা শুনিতে চাইনা। যত দিন না কাজটী শেষ হয় তত দিন আমার বিশ্রাম নাই (I cannot rest). ভরণ পোষণের নিয়মিত কোন উপায় (regular means of support) না থাকাতে তাহাদিগের নিরতিশয় কষ্ট হইয়াছিল। বরং এস্থান ত্যাগ করিব (would rather) তথাপি তাঁহার প্রতি অন্যায়াচরণ (do injustice) করিতে পারিব না। যেন মগের মুল্লুক, কেড়ে নিলেই হইল! তোমার একথা বলা সাজেনা যেহেতু তুমিই প্রথমে এই প্রস্তাব কর। হরি বড় সুবোধ বালক কিন্তু তাহার শরীর বড় অসুস্থ। তুমি স্বয়ং যাও আর না যাও তাহাতে আসে যায় না (It does not matter). কিন্তু তোমার সহোদরকে যাইতে হইবে। কি বালক, কি বৃদ্ধ, সকলেই তাহার প্রশংসা করে। তুমি বড় অন্যায় কাজ করিয়াছ; যাহা হউক এবার তোমাকে ক্ষমা করা গেল। "ঈশ্বর কি চেতন, কি অচেতন, কি উদ্ভিদ, সমস্ত পদার্থের সৃষ্টি করিয়াছেন"। বরং কিছু না পড়া ভাল তথাচ মন্দ পুস্তক পড়া কিছু নয়। হয় যদু না হয় মধু আগামী শনিবার আপনার নিকট যাইবে। দশ বার দিনের মধ্যে একাজ হইয়া উঠিবে কি না সন্দেহ (It is doubtful). তাঁহারা আসিলেই ভোজন করিতে বসা যায় (We sit down to dinner). রাজা যদি প্রজাকে রক্ষা না করিতেন তাহা হইলে দেশে অরাজকতা (anarchy) প্রবল হইত। গারফিল্ড দুঃখীর সন্তান ছিলেন বটে কিন্তু অসাধারণ পরিশ্রম ও অধ্যবসায় দ্বারা পরিশেষে আমেরিকার মিলিত রাজ্যের (the United States) সভাপতির পদে আরোহণ করেন। পুত্র জন্মিয়া ফল কি (What is the use of a son being born) যদি না বৃদ্ধ পিতামাতার সাহায্য করিল। মহারাণী অনুরূপ স্বামী পাইয়াছিলেন (a husband worthy of herself), কিন্তু দুর্ভাগ্যক্রমে তাঁহার অসময়ে মৃত্যু হইয়াছিল (he died an untimely death). যাও, ভালই (well and good) না যাও আমাকেই যাইতে হইবে। বলই বা কি আর কহই বা কি! একাজটী সব শেষ করিতে হইবে নতুবা পয়সা (wages) পাইবে না। "সত্য কও, হয় কিম্বা নও তুমি প্রমোদের (of Luxury) লোক।" তুমি কি পাগল, না স্বপ্ন দেখিতেছ? চোরকে কেহ ভাল বাসে না বরং সকলে ঘৃণা করে।

Section VI.

Interjections.

1. *Interjections* strictly so called are the sudden outbursts of our feelings in cries or meaningless sounds ; as, আহা ! হায় ! ইস্ ! *Oh ! Alas ! Pish !* etc. Besides these, however, significant words are commonly used to express our emotions by way of exclamation ; as, বটে ! কি আশ্চর্য্য !—Indeed ! How strange ! etc.

2. We now render a few specimens of interjections to bring the chapter to a close.

অহো ! আহা ! আ ! ও !—are used in our language to express *sorrow, grief* ; as—

অহো ! বীরপ্রসবিনী ভারতভূমির এই অবস্থা ?—*Alas !* (or, *Oh !*) is this the condition of India, the mother of heroes ?

আহা ! বাছার কতই না কষ্ট হইয়াছিল !—*Oh !* how great must have been the suffering of the child, (or, more idiomatically, 'how much the child must have suffered !')

আঃ পোড়া কপাল !—*Oh dear ! Ah me ! Woe is me !*

হা হতোঽস্মি !—*Oh !* I am undone !

ও হরি ! হা ভগবন্ !—*Oh Lord !*

হা ঈশ্বর শেষে এই ঘটিল ?—Oh my God ! my God ! is it come to this ?

3. কি before a noun indicates—

(*a*) *Displeasure, disapprobation* ; as—

কি পাপ ! কি বিপদ ! তুমি কেন এখানে এলে ?—*Dear me !* Why have you come here ?

কি দুঃখের বিষয় !—*What a pity ! What* a sad thing it is !

(*b*) *Joy* (with a modulation of voice) ; as—

"কি দিব্য সরোবর শোভিছে অদূরে !"—*What* a fine tank shines there !

আহা কি সুন্দর, মনোহর সেই মূরতি !—*Oh !* *How* beautiful, *how* charming is that Image !

(*c*) *Wonder* ; as—

ওঃ কি ভয়ানক ঝড় !—*Oh ! what* a tremendous hurricane !

সৃষ্টিকর্ত্তার কি অপার মহিমা !—*How* boundless is the glory of the Creator !

4. In addressing a person, রে is used to show contempt :—

রে পাষণ্ড—*You* impostor !

রে নরাধম !—*You* vilest of men ! *You* villain !

রে ক্ষত্রিয় কুলাঙ্গার !—*You* wretch of a Kshatriya !

5. Contempt is also indicated by ইস্ ! কি ! ছি ! ছি ছি ! ধিক্ ! etc. Thus—

ইস্ ! মা'রলেই হ'ল, তোমার কাজ নয় !—*Pish !* (or, *Pooh*) To beat me ! It is not you who will beat me !

পাগল আর কি !—*Nonsense !*

ছি অমন্ টাকায় ধিক্ !—*Fie* on such ill-gotten money !

ছি ছি তোমার এমন কাজ !—*For shame !* You to do such a deed ! (ছি ছি করা—*to cry shame*).

6. The following interjections express *approbation* :—

বাহবা ! সাবাস্ ! বেস্ !—*Bravo !* *Well done ! Surprising !*

হরি হরি !—*Hurra ! Hurra !*

বল হরি !—*Hip, Hip, Hurra !* (When repeated three times the expression is known as *three cheers*).

বেস হয়েছে ! খুব হয়েছে !—*Well done ! Rightly served !*

7. The following are a few additional examples :—

সে কি, এমন কথা বলো না !—What ! Don't you say so !
"আশ্চর্য্য এদেশ !"—A strange land this !
দোহাই ধর্ম্ম !—For pity's sake ! Upon my honour !
ঈশ্বরের জয় হইক !—Glory be to God !
হাঃ তোমার ভাল হউক !—Curse thee !—"Ruin seize thee !' (Cf. Bless *me* or *us* !)
আহা যদি আমি লেখাপড়া শিখিতাম !—Would that I had learned to read and write, [or, attended to my studies].
এমন হবে কে মনে র'রেছিল ।—Who'd have thought it !
কে হে ওখানে !—What ho ! Who is there !
দোহাই পরমেশ্বরের, তোমরা থাম !—Gracious Heavens ! Do stop !

EXERCISE.

Translate :—

হে জীবিতনাথ ! বাঃ তুমিও যে ওখানে ! চুপ, গোল করনা ! কি পরিতাপ ! এরূপ নিন্দিত (infamous) চরিত্রে ধিক্ । দোহাই ধর্ম্ম, আমি ইহার কিছুই জানি না ! খাঙ্গরা মার (Hang), এ মেয়ে গুলো কেবলই চেঁচিয়ে মচ্চে ! ছি ছি এমন কাজ কর'না ! রে পাপিষ্ঠ নরাধম ! কি পাপ, তুমিও যে ও দলে মিশিয়াছ ! অহো, আমাদের দুর্গতির আর সীমা নাই ! কি আশ্চর্য্য, আমি ইহা স্বপ্নেও (dream of) ভাবি নাই ! বাপ সকলরে, নের রে, মলাম রে ! দেখ, কেমন সুন্দর দৃশ্য ! 'কি ! আমাকে স্পর্শ কর দেখি (Dare you, etc.).' তার কি বুকের পাটা (a bold character), সে অনায়াসে একাজ করিল ! আর না, যথেষ্ট হ'য়েছে ! হা ভগবন্ ! কি ভয়ানক ব্যাপার ! আহা সে দিন কি আর ফিরিবে ! হায় আমার কি হইল ! ধিক্ আমাকে, আমি মনুষ্য জন্ম পাইয়া (being born a man) ঈশ্বরের সেবা করিলাম না (served God).

CHAPTER III.

Phrases, Simple and Idiomatic.

Section I.

Noun Phrases.

From *single words* we now pass on to *Phrases*. But Bengali phrases occur generally as compounds, and are, therefore, regarded as single words. Thus, for instance, the expression সাগরাভিমুখপ্রবাহিনী (নদী), which is really a phrase, is treated in our grammar as *one* word. Indeed, it is often hard, specially in dignified Bengali, to draw a line of demarcation between *phrases* and *compounds*. For our present purpose, however, it may be as well to consider these long compounds as phrases.

Phrases are constructed in Bengali by :—

(1) Simple *juxtaposition* of words ; as, পরিণত বয়স —mature age ; কর্ত্তব্য-পরায়ণ—devoted to duty ; কিছুদিন পূর্ব্বে—some days back ; etc.

(2) *Case terminations* ; as, শোকে অভিভূত—overwhelmed with grief ; মূর্খতার একশেষ—the height of folly ; বিদ্যালয় হইতে দূরীভূত—turned out of (or, expelled from) the school ; etc.

(3) *Repetition* of the same word ; as, পুনঃ পুনঃ—again and again (over and over again) ; করিতে না করিতে—scarcely done when ; কালে কালে—in course (or, process) of time ; পদে পদে—at every step ; etc.

(4) *Participles* joined to nouns, etc ; as, স্মরণ করিয়া—from memory, (আমি স্মরণ করিয়া বলিতেছি=I speak *from memory*) ; রোষপরবশ হইয়া—through rage (in anger) ; চিন্তায় মগ্ন হইয়া—plunged in thought ; পরিহাস করিয়া—in jest ; পায়ে হাঁটিয়া—on foot.*

Of phrases, there are four principal classes in Bengali, answering to the four important parts of speech, namely, (1) the *noun*, (2) the *adjective*, (3) the *verb*, and (4) the *adverb*. In this short chapter, we shall translate a few examples of each class beginning with the *Noun Phrases*.

1. First of all, let us take some such phrases as are composed of *Adjectives* and *Nouns*. Simple phrases of of this kind are very common in every language. In rendering them the student has only to find out appropriate terms both for the noun and for the qualifying adjective. Thus—

অনুর্ব্বর প্রদেশ—a barren tract of land ; অনক্ষর ব্যক্তি—an illiterate man ; অনির্ব্বচনীয় আনন্দ—unspeakable joy ; আসন্ন বিপদ—imminent peril, or impending danger ; অবশ্যম্ভাবি ফল—inevitable result ; উৎকট পীড়া—a serious disease ; উচ্ছলিত শোকসাগর—the swelling sea of grief ; জাতীয় চরিত্র—the national character ; নিষ্কোষিত তরবারি—a drawn sword ; ভাবী উত্তরাধিকারী—reversionary heir ; সতৃষ্ণ নয়ন—the wistful eye ; শোচনীয় অবস্থা—a deplorable condition ; শুভলগ্ন—an auspicious moment ; চিরস্থায়ী বন্দোবস্ত—the permanent settlement ; হৃদয়-বিদারক সম্বাদ—a heart-rending news ; অপরিমিত ধন—treasure untold ; আলুলায়িত কেশ—dishevelled hair.

* These are for the most part Adverbial Phrases.

2. The following are a few additional examples of colloquial and idiomatic nature :—

নগদ টাকা—ready money ; রোক টাকা—hard cash ; মেকী টাকা—a counterfeit coin, (as, মেকী টাকা চালান আইনে দণ্ডনীয় অপরাধ=To utter a *counterfeit* coin is an offence punishable by law) ; বাজে ওজর—a lame excuse ; উপরি খরচ—extra expense ; দোহন গাই—a milch cow ; উপস্থিত বুদ্ধি—ready wit (প্রত্যুৎপন্নমতিত্ব—presence of mind) ; ঠিকা গাড়ী—a hackney carriage ; লম্বা চোড়া কথা—big (or, tall) talk ; ধ্রুব বিশ্বাস—a settled conviction, (ধ্রুব নক্ষত্র—the *polar star*).

3. Some *noun phrases* of the above kind may be better rendered by the help of *prepositions* or *participles* as the case may require. Thus—

ইদানীন্তন প্রথা সমূহ—the usages *of* modern times ; তৎকালীন প্রসিদ্ধ কবি—a celebrated poet *of* that age ; সসাগরা পৃথিবী—the earth *with* the ocean about it ; জন্মান্তরীণ পুণ্য—merit *acquired in* another life ; বহুমৎস্য-পরিপূর্ণ পুষ্করিণী—a tank well *stocked with* fish ; স্নেহরসোচ্ছাসিত চিত্ত—a heart overflowing *with* affection ; পুষ্পাচ্ছাদিত ভুজঙ্গ—a serpent *hidden* in flowers (idiomatic, 'a snake in the grass') ; চির প্রচলিত রীতি—a custom *of* long standing, or a time-honoured custom ; সমবয়স্কা বালিকাগণ—girls *of* the same age ; রজ্জু-বদ্ধ সিংহশাবক—a lion-cub *in* (the) leash.

4. A phrase composed of two nouns, of which the first is in the genitive case, must be translated, where '*of*' represents the possessive ending, by transposing their English equivalents. Thus—

মাথার চাঁদি—the crown *of the head* ; আয়ের পথ—the source *of income* ; ছিপের ফাতা—the float *of a fishing rod* ; সুখের একমাত্র উৎস—the only fountain *of happiness* ; 'আশার আশ্বাসনী শক্তি—

the re-assuring power *of hope* ; দুঃখের বিষয়—a matter *of regret* ; টাকার অভাব—want *of money* ; পেটের গোলমাল—the disorder *of the bowels* ; বৃক্ষের কোটর—the hollow *of* a tree ; গাছের ছাল—the bark *of* a tree.

NOTE.—But phrases like এক পয়সার মৎস্য, এক টাকার চিনি, should be idiomatically rendered thus—*a pice worth of* fish, *a rupee* (or, *rupee's*) *worth of* sugar, 'a *pennyworth of* gingerbread,' etc.

5. In certain cases, phrases of the above nature are rendered by compound words composed of two nouns, the first being used as an adjective adjunct to the second ; as—

চিঠির কাগজ—note-paper ; চক্ষুর পাতা—the eye-lid ; দাঁতের বেদনা—tooth-ache ; পুস্তকের দোকান—a bookshop ; স্কুলের কাজ—school work ; চক্ষের শূল—an eyesore. (See p. 53)

6. Some phrases in Bengali, composed simply of two nouns placed side by side without the conjunction এবং, which is omitted by the rules of composition (সমাস) have their equivalent phrases in English with the conjunction expressed ; as—

দোষগুণ, দোষাদোষ, (পাপপুণ্য)—merits *and* demerits ; সুখ দুঃখ—weal and woe ; দিবারাত্র, অহোরাত্র—day *and* night (N. B. This pharse is used adverbially ; as, সে দিবারাত্র পরিশ্রম করে—He labours *day and night*, or *night and day*) ; রক্তমাংস—flesh *and* blood ; অন্ন জল—meat *and* drink ; অন্ন বস্ত্র, খোরাক পোশাক—food *and* clothing (alimony) ; মনঃ প্রাণ—heart *and* soul ; ধন জন—men *and* money ; হাত পা—hand *and* foot (Cf. 'bound *hand and foot*).*

---

* See also p. 31.

NOTE.—In Bengali, several nouns may be strung together by omitting the conjunction; as, রূপ-রস-গন্ধ-স্পর্শ-শব্দ=form, taste, smell, touch, *and* sound.

7. Phrases (like এক সারি গাছ) composed of two nouns and a numeral adjective, are to be translated by rendering the last noun in the *Norman* possessive form.

Examples.

এক সারি গাছ (=গাছের এক সার)—a row *of trees.*
এক দল ডাকাইত (=ডাকাইতের এক দল)—a gang *of robbers.*
এক ঝাঁক পাখী (=পাখীর এক ঝাঁক)—a flock *of birds.*
দুই ঝুড়ী মাটী (=মাটীর দুই ঝুড়ী)—two basketfuls *of earth.*
দশ গাড়ী ইট—ten cart-loads *of bricks.*
এক মুঠো চাউল—a handful *of rice.*
পাঁচ সের চিনি—five seers *of sugar.*
দুই দিস্তা কাগজ—two quires *of paper.*
এক চামচে ঔষধ—a spoonful *of medicine.*

But when the first noun in such phrases denotes time, it may be rendered by the help of the *Saxon* (or, *inflexional*) possessive form. Thus—

দুই দিন (বা দিনের) ছুটী—two *days'* leave.
এক ঘণ্টা অবকাশ—an *hour's* leisure.
পাঁচ বৎসর বাস—five *years'* residence.

The preposition '*for*' may also be used before the noun of time; as—'leave *for* two days,' 'leisure *for* an hour,' etc.

8. Phrases like দশফুট উচ্চ প্রাচীর are translated idiomatically as follows :—

দশ ফুট উচ্চ প্রাচীর—a wall *ten feet high* (or, '*of ten feet high*,' or, '*ten feet in height*,' or, else '*of ten feet in height*').

দ্বাদশ বর্ষ বয়স্ক বালক—'a boy *twelve years old* (or, '*of age*,' or, 'a boy *of twelve years old*,' or, 'a boy *of twelve years*,' or, simply, 'a boy *of twelve*.'

পাঁচ মাইল দীর্ঘ পথ—'a road *five miles long*,' or, '*of five miles long*,' etc.

পঞ্চাশ হাজার সৈন্য—'an army *fifty thousand strong*' (or, '*of fifty thousand men*').

We append here a short list of *Noun Phrases* :—

অতিথিসৎকার—the rites of hospitality.
অনুপম রূপ—matchless beauty, (অনুপম রূপবতী স্ত্রী=a paragon of beauty).
অনুকূল বায়ু—a favourable wind, a fair wind.
অভ্যস্ত বিষয়—a subject learnt by heart.
অর্থনাশ—loss of money.
আকাশবাণী—a voice from heaven.
আতুর গৃহ—a lying-in room.
আনন্দ বাষ্প—tears of joy.
ইষ্ট সাধনের উপায়—means to an end.
ইন্দ্রিয়গণের দাস—*A slave to* (or, *the* slave *of*) the senses, [appetites).
উচিত দণ্ড—condign punishment.
উৎকট অভিলাষ—an extravagant desire.
উন্মত্ত প্রলাপ—the ravings of a madman.
একান্নবর্ত্তী পরিবার—a joint family.
কবিরত্ন—a jewel of a poet.*
কর্ত্তব্য বুদ্ধি—sense of duty.
কষ্টকল্পিত অর্থ—a far-fetched meaning.
খনিজ পদার্থ—a mineral substance.
গণ্ডগ্রাম—a large village.

* When used as a title like 'Master of Arts', it is better to say 'Jewel of Poetry' without an article (Wilson).

গ্রীষ্ম মণ্ডল—the torrid zone. [সমমণ্ডল—the temperate zone, তুষার মণ্ডল—the frizid zone].
ঘনিষ্ঠ সম্বন্ধ—a close relationship.
চঞ্চল বালক—a restless boy, [বালকসুলভ চাপল্য—unsteadiness common to children].
জীবনের আদর্শ—the ideal of life.
জীবন সংগ্রাম—the struggle for existence.
জীবনের সর্ব্বস্ব ধন, জীবনের একমাত্র উদ্দেশ্য—the be-all and the end-all of life.
তত্ত্বজিজ্ঞাসু ছাত্র—an inquisitive student.
তপ্তকাঞ্চন দেহ—a person bright as heated gold.
তাপবিকিরণ—radiation of heat.
দণ্ডবৎ প্রণাম—an obeisance by falling down like a staff, a prostration.
দাম্পত্য প্রণয়—conjugal love.
দান পত্র—a deed of gift, (কোবালা পত্র=a deed of conveyance.
দুর্দ্দান্ত (দুর্দ্দমনীয়) শত্রু—an indomitable foe.
ধারণা শক্তি—retentive faculties.
ধনলিপ্সা—desire of wealth, greed of money.
নিভৃত স্থান—a lonely (or, secluded) place.
পুষ্পিত বৃক্ষ—a tree in flower, or a blossomed tree.
পাক্ষিক পত্রিকা—a fortnightly paper.
পারিবারিক সুখ—domestic happiness, পারিবারিক সাদৃশ্য—family likeness.
বায়ু পরিবর্ত্তন—change of air. বিন্দু বিসর্গ—a jot or tittle.
বোধোদয়—the dawn of intellect.
বিলাস প্রিয় বাবু—a foppish dandy.
ভারবাহী পশু—a beast of burden.
ভূমি সম্পত্তি—landed or real property, (অস্থাবর সম্পত্তি—moveable property).
মৌনব্রত—a vow of silence. মানের কান্না—an affair of honour.

স্পর্শমণি—the philosopher's stone.
হস্ত কৌশল—sleight of hand.

EXERCISE.

Translate :—

(*a*) পরিণত বয়সে বিবাহ করা উচিত। এরূপ বাজে ওজর শুনিতে চাই না। তিনি ন্যায় পক্ষ অবলম্বন করিয়াছেন (espoused). বদ্ধ জল বড় অস্বাস্থ্যকর। রোক টাকা দিয়া জিনিস কেনায় লাভ আছে। বেতন ছাড়া তাঁর কিছু উপরি আয় আছে। তোমার নিকট সর্ব্বদাই লম্বা চৌড়া কথা শুনা যায়। রৌদ্রে মাথার চাঁদি পুড়ে গেল। তিনি একখানি পুস্তকের দোকান খুলিয়াছেন (opened). আমি দাঁতের বেদনায় বড় কষ্ট পাইতেছি। আমার আয়ের পথ কিছুই নাই। তাঁহার মত মহাশয় ব্যক্তি অল্পই আছেন। পাপের অবশ্যম্ভাবি ফল মৃত্যু। যদু উৎকট পীড়ায় ভুগিতেছে। স্বাস্থ্যের জন্য বায়ু পরিবর্ত্তন আবশ্যক। বাড়ীভাড়া, গাড়ীভাড়া, রেলভাড়া ইত্যাদিতে মাসে মাসে আমাকে অনেক ব্যয় করিতে হয়। দেশের রীতিনীতি ক্রমশঃ পরিবর্ত্তিত হইতেছে। স্বাবলম্বন লোকের অবস্থার উন্নতি করে। অশুভক্ষণে তথায় পা বাড়াইয়াছিলাম (set foot in the place). তাঁহার আলুলায়িত কেশ পৃষ্ঠদেশে লম্বিত ছিল। এরূপ হৃদয়বিদারক কথা বলিও না। আমার অধিক ভূমি সম্পত্তি নাই। বিলাতে জ্যেষ্ঠ পুত্র স্থাবর সম্পত্তির উত্তরাধিকারী হয় (inherits).

(*b*) ভিক্ষুককে এক মুটো চাউল দাও। সকল মনুষ্যকেই সুখ দুঃখ ভোগ করিতে হয় (subject to). আমাকে কিছু চিঠির কাগজ কিনিতে হইবে। তিনি একদল ডাকাইতের সম্মুখে পড়িয়াছিলেন (fell in with). আমি পাঁচ গাড়ী বালি পাঠাইতে হুকুম দিয়াছি (ordered for). রক্ত মাংসের (শরীরে) এরূপ অপমান সহ্য হয় না (stand). এক টাকার চা কিনিতে হইবে। তাহার পাঁচটী পুষ্করিণী আছে, সকল গুলিই বহু মৎস্য পরিপূর্ণ। পুকুরে এক ঝাঁক মাছ সাঁতার দিতেছে। আমার এক মুহূর্ত্ত অবকাশ নাই। পঞ্চাশ মাইল (দীর্ঘ) পথ দুই দিনে যাওয়া কঠিন। তাঁহার উপস্থিত বুদ্ধি দর্শনে সকলে চমৎকৃত হইল। আমার প্রতিবেশীর দুইটী দোওয়া গাই আছে, তাহার একটী আট সের দুধ দিয়া থাকে (yields or gives). পলাসীর যুদ্ধে নবাবের সৈন্যগণ ইংরাজদিগের দ্বারা পরাজিত হয়। বাঙ্গালার

ইতিহাসে অন্ধকূপ হত্যা, বর্গীর হাঙ্গামা, দশশালা বন্দোবস্ত প্রভৃতি বিবর বর্ণিত আছে। শোনা কথা প্রমাণ নহে। তিনি বড় স্পষ্ট বক্তা লোক। সে শান্তিভঙ্গ অপরাধে অভিযুক্ত হইয়াছে (accused of). আজ কাল নীতি বিষয়ক পাঠ্য পুস্তকের বড়ই অভাব (lack).

(*c*) পূর্ব্বকালে সমুদ্র যাত্রা শাস্ত্রে নিষিদ্ধ ছিল না। যুদ্ধক্ষেত্রে বিস্তর সৈন্য নিহত হইয়াছিল। তাহাদের মৃতদেহ শৃগাল কুক্কুরে ভক্ষণ করিয়াছিল। এক দল সিপাহী অসাধারণ সাহস প্রদর্শন করে। তাহারা শত্রুশিবিরে প্রবেশ করিয়া সমস্ত লণ্ডভণ্ড করিয়া দিয়াছিল (threw all things into confusion). বিজয়ী উইলিয়ম হেষ্টিংসের যুদ্ধে বিলক্ষণ রণ-কৌশল প্রদর্শন করেন। শাহ আলম বাদশাহ নিজরাজ্যে একপ্রকার পলাতকস্বরূপ ছিলেন। তিনি নাম মাত্র সম্রাট ছিলেন, তাঁহার পরাক্রমও ছিল না, প্রজাও ছিল না। মহাবীর সেকন্দরশাহ পরাজিত শত্রুকে পদদলিত করিতেন না। তিনি মহারাজ পুরুর অসাধারণ সাহস দেখিয়া আপনাকে তাঁহার সহিত মিত্রতা পাশে বদ্ধ করিয়াছিলেন (bound himself up to him)). নেলসনের কর্ত্তব্যবুদ্ধি অত্যন্ত বলবতী ছিল, তিনি মৃত্যু কালে বলিয়াছিলেন, 'ঈশ্বরকে ধন্যবাদ, আমি আমার কর্ত্তব্যকার্য্য করিয়াছি'। জীবন-সংগ্রামে সর্ব্বাপেক্ষা উপযুক্তগণই (the fittest) বাঁচিয়া থাকে। ধন সঞ্চয় করাই (to make money) তাঁহার জীবনের একমাত্র উদ্দেশ্য ছিল। বিক্রমাদিত্যের সভায় নবরত্নের মধ্যে কালিদাস কবিবর ছিলেন। হিন্দুগণ দেবপ্রতিমার সম্মুখে দণ্ডবৎ প্রণাম করিয়া থাকেন। তুষারমণ্ডলে কি বৃক্ষ কি তৃণ কিছুই দেখিতে পাওয়া যায় না। ভারতবর্ষ গ্রীষ্মমণ্ডলে অবস্থিত (lies). সমমণ্ডলে শীত কিম্বা গ্রীষ্মের আতিশয্য (excess) নাই। তিনি বালক সুলভ চাপল্য সহকারে বিপরীত পক্ষ অবলম্বন করিয়াছেন।

SECTION II.

Adjective Phrases.

1. In Bengali, *Adjective Phrases*, like single adjectives, precede the nouns qualified by them, but in English, they always follow those nouns. Thus—

হর্ষোৎফুল্ল লোচন—eyes *sparkling* (or *beaming*) *with joy*.
পূর্ণযৌবনা রমণী—a lady *in the full bloom of youth*.
অসূর্য্যম্পশ্যা রাজ দুহিতা—the king's daughter *shut up in the Zenana* (*lit.* '*who never sees the sun*').
পানাসক্ত ব্যক্তি—a man *addicted to drinking*.

পূর্ণগর্ভা স্ত্রীলোক—a woman *at an advanced stage of pregnancy*. (But তাঁহার স্ত্রী অন্তঃসত্ত্বা আছেন=His wife is *in the family way*, or, *with child*; তিনি আসন্না প্রসবা হইয়াছেন=She is *near her time*, or near her confinement; তিনি পুত্র সন্তান প্রসব করিয়াছেন=She has given birth to a male child; (প্রসব করান হইয়াছে=She *has been brought to bed of* a male child).

NOTE.—If, however, the English equivalent of an adjective phrase be a compound word, it should be placed before the noun; as—

কোন সঙ্গতিসম্পন্ন বণিক—Some *well-to-do* merchant.
সুখ প্রিয়, কর্ম্মকুণ্ঠ যুবক—an *ease-loving*, *do-little* young man.
দীপ্তি-হীন নয়ন যুগল—a couple (or pair) of *lack-lustre* eyes.

2. Adjective phrases, of which the last word ends in the suffix ইন্, are generally rendered by the help of the *present participle* of the verb indicated by the last

word, or by an adjective clause beginning with '*who*' or '*that*'; as—

সাগরাভিমুখ প্রবাহিনী নদী—a river *flowing* towards the ocean or, *that flows*, etc.

বিমলানন্দদায়িনী প্রকৃতি শোভা—the beauty of nature *affording* pure pleasure to the heart, or better, *that affords*, etc.

স্বদেশশুভানুধ্যায়ী পুরুষ—a man *having* the good of his own country *at heart*; or, *who has*, etc.

অন্তরীক্ষসঞ্চারী ব্যোমযান—a balloon *sailing* in the air, or, *which sails*, etc.

শুভ্রাম্বরধারিণী কুলবধূ—a married lady *wearing* a white dress (dressed in white), or, *that has worn*, etc.

In rendering such expressions, a prepositional (or rather, an adverbial) phrase is sometimes called for:—

নগরসমীপবর্ত্তিনী পল্লী—a village *in the vicinity of* a town.

স্বদেশ নিয়মানুযায়ী ব্যবহার—conduct *in harmony with* the practices of one's own country.

পরস্পরবিসম্বাদী মতসকল—opinions *at variance with* one another.

3. Phrases of which the last word ends in -ত are renderable by the help of a *past participle*; as—

দাসত্বশৃঙ্খলে বদ্ধ—*loaded* with the chains of slavery.

রাত্রিজাগরণ জনিত (জড়তা)—(dullness) *brought on* by night-keeping.

উৎফুল্লকুসুমশোভিত (উদ্যান)—*adorned* with full-blown flowers.

সূচ্যগ্রপরিমিত (ভূমি)—*measured* by the point of a needle (or, as much land *as would cover* (or, lie on) the point of a needle).

বাসন্তীসুষমাসজ্জিত নবীন পুষ্প—fresh flowers *clad* in the loveliest (attire of) vernal beauty.

In rendering such expressions a *preposition* or *prepositional phrase* or even a *present participle*, may be occasionally called for :—

অভাবজনিত অসুবিধা—inconvenience *from* want of means.
আচিবুক ঋণগ্রস্ত—up to the neck (*lit.* chin) *in* debt. (Cf. তিনি দেনায় ডুবে আছেন = He is over head and ears in debt).
সিংহ চর্ম্মাবৃত গর্দ্দভ—an ass *in* a lion's skin.
দেশাচার বিরুদ্ধ অনুষ্ঠান—acts *in opposition to* (contrary to) the customs of the country.
ধর্ম্মাচরণ জনিত (আত্মপ্রসাদ)—(self-complacency)—*arising from* religious or virtuous acts.
কিং কর্ত্তব্য বিমূঢ়—not *knowing* what to do (at a loss to determine, etc.),
বহু যোজন বিস্তৃত রাজ্য—a kingdom *extending* over many miles. (a যোজন = *eight* miles).
ভদ্রোচিত ব্যবহার—conduct *befitting* (or, *becoming*) a gentleman.
ফলভরে অবনত বৃক্ষ—a tree *bending* under the weight of its fruit.

The student should, moreover, notice that—

(*a*) Adjective Phrases *ending* in হীন, শূন্য, etc., generally correspond, in English, to those *beginning* with '*without*,' '*destitude of*,' etc. ; as—

চলচ্ছক্তি হীন—*without* strength to walk, *too weak* to walk ; (চলিতে অক্ষম = *unable* to walk).
কাণ্ডজ্ঞান রহিত—*destitute of* common sense.
ধনজন বিবর্জ্জিত—*having* neither money nor friends.
মানাপমানবোধ শূন্য—*not sensitive* enough to distinguish honour from insult, (*unable* to tell honour from insult).

(*b*) Adjective Phrases ending in পূর্ণ, সঙ্কুল, etc., require the words '*full of*,' '*filled with*,' etc., to introduce their English equivalents ; as—

অসীম রহস্যপূর্ণ (জগৎ)—the universe *full of* endless mysteries.

হিতোপদেশ পরিপূর্ণ প্রবন্ধ—an article *filled with* (*replete with, or, abounding with*) moral lessons. (But এ প্রদেশে অনেক তস্কর আছে=Thieves abound *in* this province).

4. Similes are translated by the help of '*as—as*' or simply, '*as.*' It should be observed, however, that the objects with which comparison is made, often differ in the two languages. Thus—

সাদা (যেন) দুধ—*as* white *as milk*, or white *as milk*, or simply, '*milk-white.*' (In English, we often meet with the phrases 'white *as snow*,' 'white *as alabaster*').

লাল (যেন) জবা ফুল—red *as a cherry*, fire, blood, etc., or simply, *blood-red.*

ঠাণ্ডা (যেন) বরফ—cold *as ice*, *icy* cold, *ice*-cold. (We generally use the phrase ঠাণ্ডা যেন পাথর, or, in speaking of a lifeless body, ঠাণ্ডা যেন পাঁক, which is then translated '*cold as clay*,' or simply, '*clay-cold.*'

হাল্কি (যেন) শোলা—light *as a feather*, *or cork.*

নরম (যেন) তুলা—soft *as down.*

কাল (যেন) ঝুল—black as *jet*, or jet-black. We sometimes find in English the phrase 'black *as night or ink.*' The phrase (নব) জলধর শ্যাম=black or dark *as a thundercloud.*

শক্ত যেন ইঁট—hard *as stone*, (*flint*, or *adamant*).

মিষ্ট যেন গুড় (মধু, চিনি)—sweet *as honey*, etc.

লম্বা যেন তাল গাছ=tall *as a palmyra tree.* (But such exaggerations are not allowed in English, though the expression, 'straight as a palm tree,' is occasionally used).

Similarly, in dignified Bengali, we have—

পদ্মপত্রস্থিত জল বিন্দুবৎ চঞ্চল—unsteady *as* a *drop* of water lying on the leaf of the lily.

তপ্ত কাঞ্চনের ন্যায় উজ্জ্বল—bright *like gold* melted in a crucible.

NOTE.—The student may also remember the following examples in English :—

'as quick as a lamp lighter'; 'as cold as the North Pole'; 'mute as fish'; 'poor as a church mouse;' 'clear as day (or, noonday)'; 'gay as a lark'; 'playful as a kitten';' 'merry as a grig (or, cricket)'; 'ugly as a toad (or, sin)'; 'happy as a king'; 'sound as a bell'; 'busy as a bee'; silent as death.

5. In dignified Bengali, similes such as পাপরূপ পিশাচ, বিপদ সাগর, etc., involving the word রূপ expressed or understood, should be translated by the help of the preposition '*of*,' as follows :—

পাপরূপ পিশাচ—the Demon *of* Sin.
শোকরূপ অগ্নি—the fire *of* distress.
বিপদ সাগর—a sea *of* troubles.
জ্ঞানরূপ অসি—the sword *of* wisdom.
কর্ম্মবন্ধন—the bonds *of* action.

6. We close the section as usual with a short list of *Adjective Phrases*—

অঙ্ক শাস্ত্রে ব্যুৎপন্ন—well up (or, strong) in mathematics. (তিনি ন্যায় শাস্ত্রে বিশেষ বুৎপন্ন = Logic is his *forte*).

অজরামর—not subject to decay or death, [অজরামরবৎ প্রাজ্ঞো বিদ্যামর্থঞ্চ চিন্তয়েৎ = The wise man shall seek after learning and wealth [*like one*, or *as if he were, not subject to decay or death*] with untiring energy.

অপ্রাপ্ত বয়স্ক—under age, not yet come of age.

অর্থ গৃধ্নু—greedy of wealth.

আলস্য পরবশ—given up to idleness.

আপাত-মধুর-পরিণাম-বিষ—sweet at the moment but bitter (*lit. poisonous*) in the long run.

ইন্দ্রিয়সুখপরতন্ত্র—under the sway of sensual pleasures, given to the gratification of the senses, a slave to sensual pleasures.

উত্তালতরঙ্গবিক্ষোভিত—agitated with mountain waves.

একান্ত অনুগত—most devoted. (Cf. আপনার একান্ত অনুগত ভৃত্য= Your *most obedient* servant).

এক হাঁটু—knee-deep, (এখানে এক হাঁটু জল=The water is *knee-deep* here. ওখানে জল এক বুক=The water is *breast-high* there. কথামাত্র সার=*word-deep* only).

কর্ত্তব্যপরায়ণ—devoted to duty.

কানে খাট—dull (hard, slow) of hearing, (তিনি বাম কানে কম শুনেন—He hears ill with the left ear).

খাইতে মিষ্ট—sweet to the taste. দেখিতে সুন্দর—beautiful-looking, good-looking, "sweet or fair to see."

জীবন্মৃত প্রায়—almost half dead, 'more dead than alive;' 'like one that is dead'.

নূতন আন্‌কোরা—bran-new (brand new).

দ্রুতপদ—swift of foot (as, The chamois is very swift of foot). এক পা খোঁড়া—lame of (or, in) one leg.

প্রায় অসম্ভব—almost impossible, next to impossible.

লঘু হস্ত—quick of hand. (লঘুচেতা=mean-spirited).

সম্পূর্ণ উলঙ্গ—stark naked. সম্পূর্ণ অন্ধ—stone blind. সম্পূর্ণ বিপরীত—diametrically opposed (to). সম্পূর্ণ সত্য—quite true.

EXERCISE.

Translate :—

ধর্ম্মাচরণ জনিত সুখই পবিত্র সুখ। উদ্ভিজ্জবিহীন মরু প্রদেশে কে বাস করিতে পারে? মহাজনানুমোদিত পন্থা অনুসরণ করিবে। সমুদ্রোত্থিত বাষ্পরাশি হইতে মেঘ জন্মে। যখন হুমায়ুন পলায়ন করেন, তখন তাঁহার পত্নী আসন্ন-প্রসবা ছিলেন। অমরকোটে মোগল সম্রাটগণের অগ্রগণ্য আকবর জন্মগ্রহণ করেন। সুখপ্রিয় কর্ম্মকুণ্ঠ যুবকগণের নিকট কিছুই প্রত্যাশা করা যায় না। চার্লস ডার্বিন্ (Darwin) নৈসর্গিক নির্ব্বাচন বিধি (the law of

natural selection) আবিষ্কার করিয়া জগদ্বিখ্যাত হইয়াছেন। পাপমতি দুর্য্যোধন পাণ্ডবদিগকে সূচ্যগ্রপরিমিত ভূমি প্রদান করিতে সম্মত হয়েন নাই। দুঃখের বিষয় হরি একজোড়া নূতন আন্‌কোরা জুতা হারাইয়া ফেলিয়াছে। পানাসক্ত ব্যক্তিরা শারীরিক ও মানসিক দুঃখ ভোগ করিয়া থাকে। তখন কিংকর্ত্তব্য-বিমূঢ় নরপতি অশ্রুবর্ষণ করিতে লাগিলেন। কাণ্ডজ্ঞান রহিত লোকেরা স্ত্রীশিক্ষা নানা অনিষ্টের মূল বিবেচনা করিয়া থাকে। অস্ত্র বিহীন হইয়া ব্যাঘ্রসঙ্কুল প্রদেশে কিরূপে বাস করা যাইতে পারে? এক গ্লাস জলের সহিত একটু ওডিকলোন (Eau-de-Cologne) মিশ্রিত করিলে সমস্তটা সাদা যেন দুধ হইয়া উঠে (becomes). আলস্য পরবশ হইলে কেহ উন্নতি করিতে পারে না (can prosper). কোন কোন অসভ্য জাতি সম্পূর্ণ উলঙ্গ থাকে। 'সীতাকে নির্ব্বাসিত করিয়া রাম দিন দিন কৃশ, মলিন (pale), দুর্ব্বল ও সর্ব্ব-বিষয়ে নিরুৎসাহ (destitude of energy or dull) হইতে লাগিলেন (began day by day to get).' মনের মত লোক পাওয়া ভার। জননীর স্নেহ সহকৃত প্রযত্ন ব্যতিরেকে সন্তানের জীবন রক্ষা করা সম্ভাবিত নয়। জানকীর অলৌকিক রূপ লাবণ্য (beauty and graces) এক কালে (altogether) অন্তর্হিত এবং কলেবর চর্ম্মাবৃত কঙ্কাল (skeleton) মাত্রে পর্য্যবসিত হইল (was reduced to). সহমরণের অনুকূল যুক্তি অল্পই আছে। ক্লাইব এই সংবাদ পাইয়া একেবারে হতবুদ্ধি হইলেন। চাণক্য অসাধারণধীশক্তিসম্পন্ন ব্যক্তি ছিলেন (endowed with). জ্ঞানরূপ সূর্য্য উদিত হইলে কুসংস্কাররূপ অন্ধকার অন্তর্হিত হয়। তিনি বিপদ সাগরে নিমগ্ন আছেন। গগনভেদী (rending the sky) বজ্রের ন্যায় কামানের শব্দ শ্রবণগোচর হইতেছিল। মনুষ্যের জীবন নলিনী দলগত জলের ন্যায় অস্থির। ফার্ডিনাণ্ড ও ইজাবেলা ধর্ম্মালোক বর্জ্জিত আমেরিকাবাসীদিগের মধ্যে সত্য জ্ঞান প্রচার করিতে যত্নপর হইয়া ছিলেন।

SECTION III.
Verbal Phrases.

1. A *Verbal Phrase* made up of the verb করা and an abstract noun governed by it in the objective case, may be rendered into English by a *single* intransitive verb, if the noun itself is derived from an intransitive verb ; as—

তিনি এখানে এক সপ্তাহ কাল অবস্থান করিবেন—He will *stay* here for a week.

কৌরবগণ পরাজিত হইলে ধৃতরাষ্ট্র অত্যন্ত বিলাপ করিয়াছিলেন—Dhritarashtra *wept* bitterly at the defeat of the Kauravas.

তাঁহারা একত্রে শয়ন করেন—They *sleep* together.

বঙ্গদেশের কৃষকেরা অত্যন্ত পরিশ্রম করে—The peasants of Bengal *labour* hard.

2. But when the noun governed is derived from a transitive verb, the phrase should be translated by a transitive verb ; as—

আমি তাহার মুখ বন্ধ করিয়াছি—I have *gagged* his mouth (*i. e. silenced* him).

অতুল অনেক পুস্তক পাঠ করিয়াছে—Atul has *read* many books.

তিনি তাঁহার মত প্রকাশ করিয়াছেন—He has *expressed* his opinion.

বিবাদের বীজ বপন করা হইয়াছিল—The seed of discord *was sown*.

সারথি অশ্বকে কশাঘাত করিতেছে—The coachman is *whipping* the horse.

3. A verbal phrase, composed of a noun or adjective complement and the verb হওয়া, may be rendered by a single intransitive verb ; as—

তাহার মনে এই চিন্তার উদয় হইল—This thought *arose* in his mind (or, *crossed* his mind).

মনুষ্যের জ্ঞান ক্রমশঃ বৃদ্ধি হয়—Human knowledge *increases* gradually (or, by degrees).

সৃষ্টির বহুকাল পরে মনুষ্য পৃথিবীতে আবির্ভূত হইয়াছিল—Man *appeared* in the world long after its creation.

4. Verbal phrases consisting of present participial forms and such verbs as পড়া, উঠা, ফেলা, etc., are often translated by the help of an adverb or a preposition used adverbially. Thus—

তোমার জুতা খুলিয়া ফেল—Put *off* your shoes.

বাটীর ছাদ ভাঙ্গিয়া পড়িল—The roof of the house came *down*.

কিয়ৎক্ষণ পরে রোগী জাগিয়া উঠিল—Sometime after the patient waked *up*.

পরেশ নাথ সমস্ত রুটীখানি খাইয়া ফেলিয়াছে—Paresnáth has eaten *up* the whole of the loaf.

অনন্তর আমরা তথা হইতে চলিয়া গেলাম—After this we went *away* from the place (or, walked *off*). [sitting) ?

তুমি বসিয়া রহিলে কেন?—Why do you sit *on* (or, continue

সে তাহার দাড়ী কামাইয়া ফেলিয়াছে—He has shaved *off* his beard.

5. The *re-duplicated forms* মারামারি করা, ছাড়াছাড়ি হওয়া, etc., are to be translated by the help of the *reciprocal* pronouns; as—

তাহারা মারামারি করিতেছে—They are beating *each other*, or *one another*.

রাম ও হরি কিছুদূর একত্রে গিয়া ছাড়াছাড়ি হইল—Ram and Hari went a little way together and then parted from *each other*.

তাহারা বইখানি কাড়াকাড়ি করিতেছে—They are snatching th book from *each other's* hand.

পরীক্ষাকালে দেখাদেখি করা উচিত নহে—It is unfair to look at *each other's* papers at an examination.

6. Compound verbs consisting of infinitives and লাগিল should be translated by the progressive form of the verbs indicated by the infinitives. Thus—

তোমরা বকাবকি করিতে লাগিলে এমন সময় হরি চম্পট দিল—You *were quarrelling* with each other when Hari gave you the slip.

আমরা ক্রমাগত একদিকেই চলিতে লাগিলাম—We *were walking* continually in the same direction (or, in one direction).

7. Similar compounds ending in উঠিল, বসিল, আরম্ভ করিল, etc., are rendered generally by means of some verb signifying *commencement* of an action. Thus—

বালকেরা হাসিয়া উঠিল—The boys *burst out laughing*. or, *burst into a fit of laughter*. [*burst into tears*.

বিপন্ন স্ত্রীলোক কাঁদিতে আরম্ভ করিল—The woman in distress

কৃষকেরা জমিতে লাঙ্গল দিতে আরম্ভ করিল—The peasants *set about ploughing* their lands.

মরিতে বসিলে এখনও অর্থলোভ সম্বরণ করিতে পার না!—You have *one foot in the grave*, yet you cannot resist the temptation of money!

বুড় হইতে চলিলে তবুও ভাল করিয়া পড়িতে পার না!—You are *getting to be an old man*, yet you cannot read well!

সন্ধ্যা হইতে গেল তিনি এখনও আসিতেছেন না—It is *getting* dark still he does not come.

8. Verbal phrases composed of an infinitive and some form of পারা, are to be translated by the help of the auxiliaries '*may*' and '*can*'; as—

তিনি আজ এখানে আসিতে পারেন—He *may* possibly come here to-day.

আমি দশমিক ভগ্নাংশের অঙ্ক কসিতে পারি না—I *cannot* do sums in decimal fractions.

NOTE.—Sometimes পাওয়া in the active voice, and যাওয়া in the passive, require the help of '*may*,' '*can*,' '*must*'; as—

সে শুনিতে পায়না—He *cannot* hear, ('*does not hear*' may also be used).

তুমি যাইতে পাইবে না—You *must not* go.

রাত্রিকালে কোন বস্তু স্পষ্ট দেখিতে পাওয়া যায় না—At night nothing *can be* seen distinctly, (or, We *cannot* see things distinctly at night).

9. Verbal expressions such as পদার্পণ করা, হস্তার্পণ করা, etc., should be translated idiomatically as follows :—

কলম্বস্ আমেরিকার উপকূলে পদার্পণ করিয়া সর্ব্বপ্রথমে ঈশ্বরের আরাধনা করিয়াছিলেন—On *setting foot on* the shores of America the first thing that Columbus did was to worship God.

না দেখিয়া কোন কাজে হস্তার্পণ করিও না—Do not *set* (or *turn*) *your hand* to a thing without examining it beforehand.

অন্যের উপর কোন গুরুতর বিষয়ের ভারার্পণ করিয়া নিশ্চিন্ত থাকা উচিত নহে—We ought not to rest contended with *intrusting* an important affair *to somebody else's care*.

তিনি তোমার প্রতি দোষার্পণ করিতেছেন—He is *laying the blame at your door*.

10. The verbal expressions দেখিয়াও দেখিলেন না, শুনিয়াও শুনিলেন না, etc., should be translated idiomatically thus :—

তিনি আপনার পুত্রের দোষ দেখিয়াও দেখিলেন না—He *overlooked* (or, *winked at*, or, *connived at*) his son's faults.

তুমি কাজটী করিয়াও করিলে না—You *have left* the work *half finished*. Though you have done some of the work, you have not completed it.

হরি এবিষয় বলিয়াও বলিল না—Hari *minced the matter* and did not divulge the whole truth.

তাহারা এ কথা শুনিয়াও শুনিল না—They *turned a deaf ear to it.*

NOTE.—The first sentence may be translated—He *saw* his son's faults as if he *saw* them *not*. The expression, 'Seeing his son's faults he saw them not,' is rather old fashioned and is confined to the Bible.

11. We now draw up a list of *Verbal Phrases* arranging them under the three heads of করা, হওয়া, and দেওয়া :—

(*a*) Phrases completed with some form of করা :—

অগ্নি প্রদান করা (or আগুন দেওয়া)—to set (a house) on fire, or, to set fire to (a house).

অপরাধ গ্রহণ করা—to take offence, (অপরাধ করা=to give offence).

অস্ত্র গ্রহণ করা—to take up arms ; (অস্ত্র করা=to open ; as, to *open* an abscess).

উল্লেখ বা প্রসঙ্গ করা—to make mention (of) ; to allude to.

কণ্ঠস্থ বা মুখস্থ করা—to get or learn by heart, (অর্থ না বুঝিয়া মুখস্থ করা=to learn *by rote*).

ছুঁচোর মল পর্ব্বত করা—to make a mountain of a mole-hill.

ঠিক করা—to set (a thing) right or even ; as, আমি এ বিষয় কাল ঠিক করিয়া দিব=I will *set the matter right* to-morrow.

ছিদ্রানুসন্ধান করা—to find fault (with) ; as, তিনি সর্ব্বদা অপরের চরিত্রে ছিদ্রানুসন্ধান করেন=He always *finds fault with* other people's character. (Cf. 'to pick a *hole* in).

দ্বিধা করা (সঙ্কুচিত হওয়া)—to make scruple ; as, তিনি অন্যায় কাজ করিতে দ্বিধা করেন না=He *makes no scruple* about acting unjustly ; or, He *makes it no matter of conscience*, etc.

পছন্দ করা—to take a fancy (or, *liking*) to ; as, তাহার প্রভু তাহাকে বড় পছন্দ করেন—His master *has taken a great fancy to him*' গর্‌পছন্দ করা—to take a dislike to (a thing).

পথ প্রস্তত বা পরিষ্কার করা—to pay or smooth the way (to).
জ্রক্ষেপ করা—to care for ; as তিনি এই ক্ষতিতে জ্রক্ষেপও করেন না = He *does not care a fig* (*or*, *straw*) for the loss.
বায়ু সেবন করা—to take the air ; as, সকলেরই প্রত্যহ বায়ু সেবন করা উচিত = Every person should *take the air* daily ; (or, to have fresh air. To take air = to be divulged).
মূলে কুঠারাঘাত করা—to lay the axe to the root ; as, কোম্পানির কর্ম্মকারকদিগের নিজ নিজ বাণিজ্য নিষেধ করিয়া দিয়া ক্লাইব প্রবল অনাচারের মূলে কুঠারাঘাত করিয়াছিলেন = Clive *laid the axe to the root of* the prevalent corruption by forbidding private trading on the part of the Company's servants.*
হৃদয়ঙ্গম করা—to form an idea of ; as, এরূপ গভীর তত্ব পরিষ্কার রূপে হৃদয়ঙ্গম করা কঠিন = It is hard to *form a clear idea of* such a profound truth.

লিপি বদ্ধ করা—to reduce to writing, to set down in writing.
উপহাস করা—to laugh (a matter) to scorn.

(*b*) Phrases completed with some form of দেওয়া :—

উড়াইয়া দেওয়া—to run through, to squander away ; as, সে সমস্ত পৈত্রিক বিষয় উড়াইয়া দিয়াছে = He has *run through* all his ancestral property. হাসিয়া উড়াইয়া দেওয়া—to laugh (something) off.

কথা দেওয়া—to give one's word ; as, আমি তাহাকে কথা দিয়াছি = I have *given* him *my word*.
গালি দেওয়া—to call one ugly (or, bad) names.
চক্ষু খুলিয়া দেওয়া—to open one's eyes (to).
চক্ষে ধূলি দেওয়া—to throw dust in the eyes (of) ; as ; তিনি তোমার চক্ষে ধূলি দিতেছেন = He is *throwing dust in your eyes* (*i. e.* deceiving you).
ছাড়িয়া দেওয়া—to let go, to let slip, to give up.

* 'The phrase is used only of cutting down *evil* things' (Wilson.)

দোষ দেওয়া—to lay the blame at the door (of).

মনে করিয়া দেওয়া—to put one in mind (of); as আমার টাকার কথা তাহাকে মনে করিয়া দিও=*Put him in mind* of my money (*i. e. remind* him of my money).

ফেলিয়া দেওয়া—to throw away, to cast away; জাহাজ হইতে ফেলিয়া দেওয়া=to throw overboard.

সম্বাদ দেওয়া—to send word; as তাঁহাকে সম্বাদ দিও যে আমি পীড়িত আছি—*Send him word* that I am ill.

হামাগুড়ি দেওয়া—to crawl upon one's hands and knees; as, গৃহ মধ্যে এত ধূম সঞ্চিত হইয়াছিল, যে তাহাকে হামাগুড়ি দিয়া বাহির হইতে হইয়াছিল=There gathered such a volume of smoke in the room that he had to *crawl* out of it *upon his hands and knees.*

(c) Phrases ending in হওয়া :—

অনটন হওয়া—to run short; as, খাদ্যদ্রব্যের অনটন হইয়াছিল—Provisions *ran short.*

দেনায় জড়ীভূত হওয়া—to be deeply involved in debt.

প্রাদুর্ভাব হওয়া—to break out, to rage virulently; as, এখানে জ্বরের প্রাদুর্ভাব হইয়াছে—Fever has *broken out* here.

ধূমশেষ হওয়া—to end in smoke; as, তাহাদের সকল চেষ্টা ধূমশেষ হইয়াছিল—All their efforts *ended in smoke.*

ভস্মীভূত হওয়া—to be reduced to ashes; as, দাবানলে অরণ্যের সমস্ত বৃক্ষ ভস্মীভূত হইয়াছে—All the trees of the forest have been *reduced to ashes* by wild-fire.

মুমূর্ষু অবস্থাপন্ন হওয়া—to be at the point of death.

রাগান্বিত হওয়া, রাগিয়া উঠা—to wax wroth, to fly into a passion; as, তিনি আমার কথা শুনিয়া অত্যন্ত রাগান্বিত হইলেন—On hearing my word he *flew into a passion*; (জ্বলিয়া উঠিলেন=took fire).

লোমাঞ্চিত হওয়া—to stand on end (as hair). ভয়ে তাঁহার শরীর লোমাঞ্চিত হইল=His hair *stood on end* through fear.

সাবধান হওয়া —to be upon one's guard ; as, সাবধান হও, নতুবা চোরে সমস্ত লইয়া যাইবে—Be *upon your guard*, or the thieves will steal away all your things.

হস্তান্তরিত হওয়া—to change hands ; as, সে বিষয়টী সম্প্রতি হস্তান্তরিত হইয়াছে—That property has lately *changed hands*.

শেষ হওয়া—to come to an end; উপস্থিত যুদ্ধ অল্পদিনেই শেষ হইবে—The present war will soon *come to an end*.

EXERCISE.

Translate :—

(*a*) তিনি এত পরিবর্ত্তিত হইয়াছিলেন যে, তাঁহার মাতা তাঁহাকে আপনার পুত্র বলিয়া চিনিতে পারিলেন না। প্রত্যহ যাহা পড়িবে প্রত্যহ তাহা মুখস্থ করিবে। সৈন্যগণ অস্ত্রগ্রহণ করিয়া যুদ্ধার্থ প্রস্তুত হইল। আমি কাহারও নিকট এ বিষয়ের উল্লেখ করি নাই কিন্তু ইহা কোনরূপে (somehow) তাঁহার কানে উঠিয়াছে। দুঃখের বিষয় (It is a pity) তুমি মিথ্যা কথা কহিতে সঙ্কুচিত হও না। মিথ্যাবাদীকে কেহ বিশ্বাস করে না; সকলেই তাহাকে ঘৃণা করিয়া থাকে। আমি তোমার কাগজ ঠিক করিয়া দিতেছি, কিন্তু সাবধান যেন আর ভুল না কর। প্রাচীন সংস্কৃত গ্রন্থে কাচের উল্লেখ পাওয়া যায় (mention is made). দুর্ব্বৃত্তেরা বাজারের একটা ঘরে অগ্নি প্রদান করিয়াছিল, সকল ঘরই ভস্মীভূত হইয়াছে। তাহারা ধরা পড়িয়াছে এবং মাজিষ্ট্রেট তাহাদিগকে গুরুতর শাস্তি প্রদান করিবেন। যখন তোমার টাকার দরকার হইবে (stand in need of money) আমাকে সম্বাদ দিও, আমি তোমাকে বিনা সুদে টাকা ধার দিব। শিশুগণ অগ্রে হামাগুড়ি দিয়া চলে (crawl along or creep), তাহার পর দাঁড়াইতে শিখে। নাবিকেরা মৃত দেহ সমুদ্রে ফেলিয়া দেয় এবং হাঙ্গর কুম্ভীরে তাহা ভক্ষণ করে। কোনও স্থানে ওলাউঠার প্রাদুর্ভাব হইলে (When Cholera) সেই স্থান পরিত্যাগ করা উচিত। অতিশয় পরিচালিত হইলে মানসিক শক্তি সকল নিস্তেজ হইয়া যায়, অতএব মধ্যে মধ্যে তাহাদিগকে বিশ্রাম দেওয়া কর্ত্তব্য। তোমরা গালাগালি করিতেছ কেন, জাননা যে গালাগালি করা বড় দোষ? 'তিনি বাম করে চর্ম্ম (shield) শিরে শিরস্ত্রাণ (helmet) ও কটিদেশে তরবারি ধারণ করিলেন, এবং দক্ষিণ করে শূল (spear) লইয়া সঞ্চালন করিতে লাগিলেন'।

(*b*) তাহার অসদ্ব্যবহার দেখিয়া তিনি চটিয়া উঠিলেন কিন্তু অল্পক্ষণ পরেই শান্ত হইলেন। বাটীতে পৌঁছিয়াই সে ছাদে উঠিল এবং ঘুঁড়ি উড়াইতে লাগিল। তোমাকে এবার প্রবেশিকা পরীক্ষায় উপস্থিত হইতে হইবে; এরূপ অলস হইলে চলিবে না (It will not do). বুড় হইতে চলিলে এখনও সামান্য সমীকরণের (equation) অঙ্ক কষিতে পার না। আমি এই কাজ করিয়া চুল পাকাইলাম (am grown grey), তুমি কি আমার চক্ষে ধূলি দিতে পার? তাহার বিলক্ষণ শিক্ষা হইয়াছে, সে আর এমন কাজ কখনও করিবেনা। শিক্ষকের অনুপস্থিতিতে বালকেরা ঘুষোঘুষি (into fisticuffs) আরম্ভ করিল। তাহারা দুই ঘণ্টা ধরিয়া তাস খেলিয়াছিল। সাবধান, বাজি রাখিও না (to lay a wager). মুখ ধুইয়া সে খাইতে বসিল (to his meal) ভয়ে তাহার বুদ্ধি শুদ্ধি লোপ হইয়াছিল। আমার নিকট যে টাকা ছিল তাহাতে এলাহাবাদের খরচ (expenses) কুলায় নাই। তিনি আমার কথা শুনিয়া রাগিয়া উঠিলেন এবং আমাকে গালি দিতে আরম্ভ করিলেন। বালকটী খারাপ হইয়া যাইতেছে, তাহার উপর নজর রাখা আবশ্যক। তাহার সহিত সাক্ষাৎ হইলে তাহাকে আমার টাকার কথা মনে করিয়া দিও। আশা করি তুমি সেই শ্লোকটী মুখস্থ করিয়াছ এবং স্মরণ করিয়া লিখিতে পার।

SECTION IV.

Adverbial Phrases.

The student will find it worth his while to take note, at the outset, of the various ways in which *Adverbial Phrases* are constructed in our vernacular. They are formed—

(*a*) By rules of *composition* (সমাস); as, যাবজ্জীবন—through life; আপাদমস্তক—from head to foot*; কিঞ্চিন্মাত্র—in the least.

(*b*) By case-*inflexion* (in most instances, with the locative ending এ); as, বিয়ালা যন্ত্র সংযোগে—to the violin; সজল নয়নে—with eyes bathed in tears, or with tears in the eyes; জাতিধর্ম্ম-নির্ব্বিশেষে—without distinction of cast or creed, (or, of creed or colour).

(*c*) By the mere *collocation* of words; as, কোন দিন না কোন দিন, একদিন না একদিন—some day or other; যতদূর সাধ্য—as far as practicable; সুপ্তোত্থিতের ন্যায়—like one who has just risen from sleep.

(*d*) By the *addition* of participles to nouns; as, জোড়হাত করিয়া (কৃতাঞ্জলি পুটে)—with joined palms (Eng. idiom, 'with folded hands'); স্মরণ করিয়া—from memory; ঘোড়ায় চড়িয়া—on horse-back.

(*e*) By the *repitition* of an infinitive twice over; as, পড়িতে পড়িতে—while reading; মরিতে মরিতে—at the risk of losing one's life, with great difficulty. (But তিনি মরিতে মরিতে বাঁচিয়া গিয়াছেন = He has had a narrow escape from death.

From the above it will be seen that, in English, *adverbial phrases* are, in most cases, formed by means of prepositions.

* Mark the difference of *order* here.

1. *Adverbial phrases* like একে একে in which the same word is idiomatically repeated twice, should be rendered by the help of the preposition '*by*', and sometimes, by that of '*after*.' Thus—

একে একে—one *by* one. দুই দুই জন (করিয়া)—*by* twos.
পরে পরে—one *after* another, in succession.
দিন দিন—day *by* day, day *after* day.
বৎসর বৎসর, বর্ষে বর্ষে—year *by* year, year *after* year.
একটু একটু—little *by* little, bit *by* bit.
ফোটা ফোটা—drop *by* drop.
ক্রমে ক্রমে—step *by* step, *by* degrees.
Exceptions: পদে পদে—*at* every step; মনে মনে—mentally, in the mind; মুখে মুখে—orally, verbally; হাতে হাতে—instantaneously; ভয়ে ভয়ে—*with* hesitation, etc. তোমাকে একটা কথা কানে কানে বলিব, should be translated—'I have a word *for your private ear*.'

2. *Adverbial phrases* beginning with যথা, or ending in মত, should be rendered by the help of '*according to*,' '*agreeably to*,' etc.; as—

যথাশাস্ত্র, শাস্ত্রমত—*according to* (*or*, *in accordance with*) *the Shasters*.
যথাসাধ্য, যথাশক্তি, শক্তিমত—*according to* one's power, or *to the best of* one's power (or abilities); *to the utmost*.
প্রতিজ্ঞা মত—*agreeably to* one's promise.
যথারীতি—*according to* or *agreeably to* usage.
যথাজ্ঞান—*according to* one's knowledge, or *to the best of* one's belief.

But যথাকালে, যথামূল্যে, etc. should be rendered differently thus—

যথাকালে—*in* good time, *in* time. (যথাকালে—is, however, sometimes idiomatically used to mean সময় অতীত-প্রায় হইলে, and then it should be rendered—'at the last moment,' 'at the eleventh hour').

যথা মূল্যে—*at* (its) *proper* price.

যথা স্থানে—*in* (its) *proper* place.

Phrases like মনের মত, সহোদরের মত, পুত্রের মত, used both *adjectively* and *adverbially*, require the help of '*like*,' '*after*,' etc. Thus—

মনের মত লোক—a man *after* my heart, *to* my liking.

তিনি আমাকে পুত্রের মত ভাল বাসেন—He loves me *as* a son.

বলিতে পার এটা দেখিতে কিসের মত?—Can you tell me what it looks *like* ?

3. Formed by পূর্ব্বক or পুরঃসর, an *adverbial phrase* requires the help of '*by*' or '*with*'; as—

বল পূর্ব্বক—*by* force, perforce. অনুগ্রহ পূর্ব্বক—*with* kindness. যত্ন পূর্ব্বক—*with* care. পরিশ্রম পূর্ব্বক—*by* labour. মনোযোগ পূর্ব্বক—*with* attention.

NOTE.—Strictly, however, পূর্ব্বক would call for the prep. '*after*,' before the English equivalent of the noun to which it is appended ; as, নমস্কার পূর্ব্বক—*after* bowing or compliments ; *after* saluting (him).

4. *Adverbial phrases* ending in বশতঃ, নিবন্ধন, হেতু, প্রযুক্ত are rendered with the prepositional phrases '*on account of*,' '*by reason of*,' '*on the score of*,' etc. Thus—

পীড়া বশতঃ—*by reason of* illness.

কার্য্যনিবন্ধন—*on account of* business. (But কার্য্যানুরোধে তথায় যাইতে হইয়াছিল=I had to go there *on business*).

শত্রুতা হেতু—*on the score of* enmity.

দরিদ্রতা প্রযুক্ত—*on account of* (or, *owing to*) his poverty.

5. The word ক্রমে in such phrases as অদৃষ্টক্রমে, প্রসঙ্গক্রমে generally calls for the preposition '*by*,' '*with*,' or '*through*.' Thus—

অদৃষ্টক্রমে, ভাগ্যক্রমে—*by* chance; as luck would have it. ভ্রমক্রমে—*through* oversight, *by* mistake. পর্য্যায়ক্রমে—*by* turns, alternately. প্রসঙ্গক্রমে—*by* the bye, incidentally (পিতার) সম্মতি ক্রমে—*with* (my father's) consent. কোন ক্রমেই না—*by* no means, *by* no manner of means, *on* no account.

NOTE.—একাদিক্রমে, as in 'একাদিক্রমে আজ দশ দিন বৃষ্টি হইতেছে, should be translated thus—It has been raining these ten days *together* (or, *consecutively*). Again, যদৃচ্ছাক্রমে = *at* random; যথাক্রমে = respectively; ব্যুৎক্রমে = *in* the inverted order.

6. The following is a list of *adverbial phrases* commonly used in our vernacular, with their English equivalents opposite them :—

অজ্ঞাতসারে—without one's knowledge, unawares. এই ঘটনা আমার অজ্ঞাতসারে হইয়া গিয়াছে—This event took place *without* my knowledge.

অনাবৃত স্থানে—in the open air, in the open field.

অনেক দিন পরে—many days after, a long time after, after [an age.

অত্যন্ত তাড়াতাড়ি করিয়া—in hot haste, in a great hurry, (helter-skelter).

অশুভক্ষণে—in an evil hour. শুভক্ষণে—in an auspicious moment.

আদ্যোপান্ত, আগাগোড়া—from beginning to end, through; (আমি বইখানি আদ্যোপান্ত পাঠ করিয়াছি = I have read the book *through*).

আখেরের মত—once for all.

উপমাস্থলে—by way of comparison. (দৃষ্টান্তস্থলে = By way of [an example).

উচ্চৈঃস্বরে—at the top of one's voice; with a loud voice. (তিনি উচ্চৈঃস্বরে চিৎকার করিতে লাগিলেন=He cried *at the top of his voice*, he set up a loud cry).

উপস্থিত ক্ষেত্রে—on the present occasion; in the present case, or, in the matter in hand.

এই ভাবে—to this effect; (তিনি এই ভাবে আদেশ দিয়াছিলেন=He gave orders *to this effect*; তিনি সেই ভাবে আরও অনেক কথা বলিলেন=He said much more *to the same key*).

এ বয়সে—at this time of life.

এরূপ অবস্থায়—under these circumstances, such being the case, as matters now stand.

ঐকান্তিক ভক্তি সহকারে—with an unswerving spirit of reverence.

করুণস্বরে—in a plaintive voice. কাতর স্বরে—in an accent of [perplexity.

কালক্রমে—in course of time, or in process of time; (কালক্রমে লোকের বিশ্বাস পরিবর্ত্তিত হইয়াছে=Men's faith has changed *in course of time*).

কিয়ৎপরিমাণে—in some measure, to some extent, in some degree, a little.

কর্ত্তব্যানুরোধে—at the call of duty. বহুকালের বন্ধুতার অনুরোধে—for old acquaintance' sake.

কোনও সময়ে, একদা—once upon a time. (কোনও কোনও সময়ে—at times, sometimes, now and then).

গদ্গদ বচনে—in accents interrupted by sobs.

ঘরে বাহিরে—in and out, at home and abroad.

চুপে চুপে—in a whisper, under one's breath.

চক্ষু মুদ্রিত করিয়া—with one's eyes shut.

চাহিবা মাত্র—on demand. (But চাহিলেই=for the asking).

ছদ্মবেশে—in disguise, *incognito*.

জবরদস্তি করিয়া—with a high hand, perforce.

ঠিক সময়ে (সুসময়ে)—in the nick of time, at the right moment.

থতমত না খাইয়া—without hesitation, without wincing.

থর থর করিয়া—in a violent tremor.

নিমেষ মধ্যে—in the twinkling of an eye, in an instant. হরতি নিমেষাৎ কালঃ সর্ব্বম্—Time withdraws (or destroys) everything *in the twinkling of an eye.*

নিশীথ সময়ে—at the dead of night, at midnight.

পক্ষান্তরে—on the other hand.

প্রকৃত পক্ষে—to all intents and purposes, in point of fact. (যে চক্ষুর ব্যবহার না করে সে প্রকৃতপক্ষে চক্ষুহীন অন্ধের তুল্য—'He who does not use his eyes to see, is *to all intents and purposes* as blind as he who cannot see).

পাশাপাশি—side by side. চীন দেশের মহাপ্রাচীর এত চওড়া যে তাহার উপর দিয়া সাতজন অশ্বারোহী পাশাপাশি যাইতে পারে—The Great Wall of China is so thick that seven horsemen can ride *side by side* (or abreast) on it.

ফেরত ডাকে—by return of post ; ফেরত ডাকে পত্র লিখিবে—Write to me *by return of post.*

ভিতর ভিতর (তলে তলে)—at the bottom. [words *in good part.*

ভালভাবে—in good part ; আমার কথা ভাল ভাবে লইবে = Take my

মুক্তকণ্ঠে—without reserve ; without hesitation.

মুক্তহস্তে—in an open-handed manner, with a lavish hand ; liberally. 'He expended money *with a lavish hand.*'

মোটের উপর—on the whole, taking all things together.

বিশ্বস্ত সূত্রে—on reliable authority, from a reliable source.

বার বার (বারম্বার)—time after time, again and again.

যৎপরোনাস্তি, যারপরনাই—in the extreme. (*Lit.* 'beyond which there is nothing,' which is equivalent to the Latin phrase *ne plus ultra*).

যোগ্যতা অনুসারে—in order of merit.

বাটীর বাহিরে—out of doors ; (তাহাকে বাটীর বাহিরে যাইতে দিওনা = Don't allow him to go *out of doors*). বাটীর ভিতরে—in doors.

সকল দিকেই—on all hands, on all sides.

সেই কারণে—on that ground, for that reason.

স্বল্পাকারে—on a small scale, (*adj* = in miniature).

স্বেচ্ছানুসারে—of one's own accord, of one's own will.

স্পষ্ট কথায়—in plain terms, or words.

স্পষ্ট দিবসালোকে—in broad daylight. স্পষ্টাক্ষরে—point-blank.

সারাদিন—all the day long. সম্বৎসর ধরিয়া—all the year round; সমস্ত সপ্তাহ—all the week through.

সকল সময়েই—as the day is long. (সে সকল সময়েই সুখী = He is happy *as the day is long*).

সাম্‌না সাম্‌নি—face to face (Fr. *vis á vis*); as, তাহারা গাড়ীর ভিতর সাম্‌না সাম্‌নি বসিয়াছিল = They sat *face to face* in the carriage.

সেদিন—the other day; সেই দিন—that day; ঠিক সেই দিন—that very day. আমি সেদিন তাঁহাকে সুস্থ দেখিয়াছি—*The other day* I found him in good health. সেই দিন হইতে—from that day on.

হর্ষোৎফুল্ললোচনে—with pleasure beaming in one's eyes, or rather, *with eyes blooming out in pleasure.*

EXERCISE.

Translate underlining the equivalents of the *Adverbial Phrases* :—

(*a*) তিনি মুক্তহস্তে দান করেন। আমি বিশ্বস্তসূত্রে শুনিয়াছি। আমি ভ্রমক্রমে ৪ এর স্থলে ৮ লিখিয়াছি। বৎসর বৎসর আমাদের দেশের উন্নতি হইতেছে। প্রকৃতপক্ষে সে অতি বদমাইস (rogue) ছিল। নিমেষ মধ্যে অশ্বারোহী অদৃশ্য হইল। তাহারা বাটীর বাহিরে গিয়াছে। লোকে মুক্তকণ্ঠে তোমার প্রশংসা করিয়া থাকে। নিজের (private) কোন কার্য্যবশতঃ তিনি আজ আসিতে পারেন নাই। আলস্যনিবন্ধন একাজটী সম্পন্ন হয় নাই। তাঁহার সম্মতিক্রমে আমি একাজ করিয়াছি। আমি মুখোমুখী হইয়া তাঁর সঙ্গে কথা কহিতে পারি না। সময়ে সময়ে টাকার বড় অভাব বোধ করিতে হয়। না ভেবে চিন্তে কোন কাজ ক'র না। তিনি যথাকালে আসিবেন। আমার পত্র

ঠিক সময়ে পৌঁছিয়াছিল, একমুহূর্ত্ত বিলম্বে আসিলে সব পণ্ড হইত (everything would have gone to the dogs). চিৎ হইয়া শয়ন কর। বালকটী উপুড় হইয়া শুইয়াছে। বোতলটী উণ্টা করিয়া (উণ্টাইয়া) ধর। অনাবৃতস্থানে নিদ্রা গেলে স্বাস্থ্যের হানি হয়। আমি অত্যন্ত তাড়াতাড়ি করিয়া এই পত্রখানি লিখিয়াছি। অশুভক্ষণেই তিনি এখানে পা বাড়াইয়াছিলেন (set foot in this place). বইখানি আদ্যোপান্ত পড়িবে। তাহাকে এইভাবে লেখ যে আমি তাহাকে আর সাহায্য করিতে পারিব না।

(b) বালকটী উচ্চৈঃস্বরে চিৎকার করিতে লাগিল। কর্ত্তব্যানুরোধে তোমার নিকট আসিয়াছি। আমি অঙ্গীকার করিতেছি যে চাহিবামাত্র দশ টাকা (the sum of ten rupees) দিব। চাহিলেই তুমি একখানি ছুরি পাইতে পার। হরিকে সেখানে দেখিতে পাইলাম, আবার অদৃষ্টক্রমে ঠিক সেই সময়েই তোমার পত্র হস্তগত হইল (came to hand). মনের মত মানুষ মেলা ভার। কোনও ক্রমেই এরূপ কাজে হস্তক্ষেপ করিও না (set your hand to). যদৃচ্ছাক্রমে পুস্তকখানি খুলিয়া দেখিলাম যে তাহাতে এই বিষয় বর্ণিত আছে। তিনি আমাকে সহোদরের মতন দেখেন। আমি একাজটী নির্ব্বাহ করিতে যথাশক্তি চেষ্টা করিব। একশত লোক রাস্তা দিয়া পরে পরে চলিয়া যাইতেছে; তাহারা একে একে সকলেই একটী বাটীতে প্রবেশ করিল। জাতিধর্ম্ম-নির্ব্বিশেষে প্রজাগণের হিত সাধন করা রাজার অবশ্য কর্ত্তব্য (It is the bounden duty). শিক্ষকের অনুমতি লইয়া আমি বাহিরে গিয়াছিলাম। বল-পূর্ব্বক কাহাকেও খাওয়াইতে পারা যায়না। দরিদ্রতা প্রযুক্ত রাম এখনও দেনা পরিশোধ করিতে পারে নাই (clear off his debts). তাহার যন্ত্রণা কিয়ৎ-পরিমাণে কম হইয়াছে (abated). তিনি স্বেচ্ছানুসারে এই কাজ করিয়াছেন। তিনি চুপে চুপে (কানে কানে) কি বলিলেন শুনা গেল না। তাহারা অনাবৃত স্থানে বসিয়া আছে।

(c) আমি দশটা বাজিতে পাঁচ মিনিট থাকিতে আসিয়াছি। মাতার পীড়ার সম্বাদ শুনিয়া (to hear) গিরিশ যার পর নাই উদ্বিগ্ন হইয়াছে। তুমি বিনা অনুমতিতে (অনুমতি না লইয়া) বিদ্যালয় হইতে প্রস্থান করিয়াছিলে এবং কতকগুলি মন্দ বালকের সমভিব্যাহারে সারাদিন রাস্তায় রাস্তায় ফিরিয়াছিলে (strolled about). সুরেন্দ্র বাবু বৃহদাকারে মহাজনি কাজ (money-lending business) আরম্ভ করিয়াছেন (opened). সে কখনও কখনও নিশীথ সময়ে নিদ্রাবেশে বাটীর বাহিরে যায়। আমি মুক্তকণ্ঠে বলিতে পারি

তুমি ইহার ভিতর ভিতর আছ। "উদ্দাম মনকে (wild desires, or passions) মাঝে মাঝে কঠোর (tight) রশ্মিদ্বারা সংযত করিয়া (Controlling) বলিতে হইবে (we must say), আমার ভাল লাগিতেছে না বলিয়াই (simply because I do not like it) যে অমুক কাজ বাস্তবিক ভাল নয়, তাহা না-হইতেও পারে ("It may not be, etc.), (আর) আমার ভাল লাগিতেছে বলিয়াই যে অমুক জিনিস বাস্তবিক ভাল, তাহা কে বলিল (and that there is no saying) ?" হরি তাহাকে আড় চোকে (from the corner of his eye) মাথা হইতে পা পর্য্যন্ত দেখিয়াছিল। এই ভয়ানক হত্যাকাণ্ড স্পষ্ট দিবসা-লোকে এবং সকলের সম্মুখে সম্পাদিত হইয়াছিল। আমি তোমাকে বার বার বলিয়াছি যে তুমি সেখানে যাইও না (not to go). ভরসা করি তুমি আমার কথা ভাল ভাবে লইবে। তোমাকে সমস্ত দিন বাটীর ভিতরে থাকিতে হইবে, বাহিরে যাইতে দিব না। সেই পরীক্ষায় বালকদিগের নামগুলি যোগ্যতানুসারে লিখিত হইয়াছিল, বর্ণানুক্রমে নহে (not in alphabetical order). শুভক্ষণে আপনার সহিত সাক্ষাৎ হইয়াছিল, আপনি আমাকে সন্তানের মত ভাল বাসেন। আমি পুস্তকখানি আদ্যোপান্ত পাঠ করিয়া দেখিলাম যে ইহাতে অনেক জ্ঞাতব্য (worth knowing) বিষয় আছে। তিনি ক্ষণেক কাল চক্ষু মুদ্রিত করিয়া রহিলেন, পরে উর্দ্ধদৃষ্টি হইয়া প্রার্থনা করিলেন।

CHAPTER IV.

Sentences—Simple, Complex, and Compound.

In Bengali as well as in English, the student has to deal with three kinds of sentences—*Simple*, *Complex*, and *Compound*.

(*a*) A *Simple Sentence* consists of *one* subject and *one* predicate. These are, indeed, the essential parts of a sentence, which may have several other parts tacked on to them. Thus—

বালকটী কষ্ট পাইতেছে—The *boy suffers*.

দরিদ্র অসহায় বালকটী অন্নাভাবে বড় কষ্ট পাইতেছে—The *poor helpless* boy suffers *much from want of food*.

(*b*) A *Complex Sentence* consists of *one* principal subject and predicate, with *one* or *more* clauses (called *subordinate clauses*) introduced to modify either the subject, or the predicate, or both :

যে পৃথিবীতে আমরা বাস করি তাহা গোলাকার—The earth on which we live is round. Here যে পৃথিবীতে আমরা বাস করি (on which we live) is an adjective clause qualifying the principal subject তাহা the earth).

(*c*) A *Compound Sentence* contains *two* or *more* simple or complex sentences (called *co-ordinate clauses*) connected by conjunctions :

সে শিক্ষকের কথা শুনে না এবং রীতিমত পড়া শুনাও করে না—He does not obey his teacher, nor does he learn his lessons regularly.

SECTION I.

General Hints as to the Structure of Sentences.

In rendering Bengali into English, the student should mark the important points of difference between the two languages as to grammar and grammatical structure of sentences. It is not an easy thing to set forth all the idiomatic distinctions between English and Bengali without treating of the two languages very exhaustively. Many such points of difference will be noticed in the course of this and the following chapters as occasion will arise. A few simple but important points of distinction as to the structure of sentences are alone noticed in this section.

1. The verb in a Bengali sentence is placed *at the end*, but in English, it is put *just after* its subject or nominative. রাম পড়াশুনা করিতে ভাল বাসে—here the verb ভাল বাসে is placed *last* of all; but in 'Ram likes to learn,' the verb '*likes*' is placed *next after* its nominative.

2. In Bengali, the object *precedes* the transitive verb but in English, it usually *follows* the verb. Thus in—

আমি তোমাকে জানি—I know *you*,

the Beng. order=(1) *Subject*, (2) *Object*, (3) *Verb*;
the Eng. order=(1) *Subject*, (2) *Verb*, (3) *Object*.

3. In common Bengali, adjectives are not compared, but in English, they are compared when required :

তোমার চেয়ে আমি লম্বা—I am *taller* than you.

4. In Bengali, the adverb is placed *before* the verb, but in English, generally *after* the verb. When however, there is an auxiliary, the adverb is sometimes placed *between* the auxiliary and the verb :

নদীটা বেগে বহিতেছে—The river flows *rapidly*.

তিনি বহুদিন পীড়িত আছেন—He has *long* been ill.

NOTE.—In expressions like 'I *very much* dislike this sort of things,' 'Hari insulted me, I *hardly* knew why,' the adverbs are placed *before* their verbs.

5. In Bengali, the infinitive *precedes*, but in English, it *follows* the finite verb :

তাহাকে আসিতে বল—Tell him *to come*.

আমি স্নান করিতে যাইতেছি—I am going *to bathe*.

6. In Bengali, the particle না or নাই, in negative sentences, is placed *after* the verb, but in English, the negative '*not*' comes in *between* the verb* and its auxiliary :

আমি ইহা করি নাই—I have *not* done it.

সে বাড়ী যাইবে না—He will *not* go home. (In some cases, however, the negative particle in English sometimes comes *before* the nominative ; as, এখানে কেহ উপস্থিত নাই—*No*body is present here).

7. In Bengali, when a sentence is made interrogative, it generally undergoes no change except in tone ; but in English it does, the verb *preceding* the nominative :

Assertive : এই বই খানি তোমার—This book *is* yours.

Interrogative : এই বই খানি তোমার ?—*Is* this book yours ?

* It should, however, be remembered that the *auxiliary* is often the true verb.

Assertive : তুমি শরৎ বাবুকে চেন—You *know* Sarat Babu.
Interrogative : তুমি শরৎ বাবুকে চেন ?—*Do* you *know* Sarat Babu ?
Assertive : তুমি কখনও কলিকাতায় যাও নাই—You *have* never been to Calcutta.
Interrogative : তুমি কখনও কলিকাতায় যাও নাই ?—*Have* you never been to Calcutta ?

8. In Bengali, the verbs হয়, হই, হন, etc., are generally omitted, but such is not the case in English : as—

তিনি বড় ভাল লোক—He *is* a very good man.
তোমার নাম কি ?—What *is* your name ?

9. The words '*there*' and '*it*' are sometimes idiomatically used in English at the beginning of sentences ; but in Bengali, there is hardly any form corresponding to this usage :

বেশ পরিষ্কার দিন—*It* is a fine day. ফরসা হয়েছে—*It* is light.
এই রাস্তার ধারে একটী বড় গাছ আছে—*There* is a large tree on the side of this road.

10. In Bengali, the subordinate clauses introduced by যে, যাহা, যখন, কখন, etc., are generally placed *at the beginning* of a complex sentence ; but in English, such clauses stand in *various positions* as shown below :—

(*a*) A *Noun Clause*, in English, stands either *before* or *after* the verb, according as it is the *subject* or the *object* of the verb.

সে যে চুরি করিয়াছে তাহার কথাতেই তাহা স্পষ্ট বুঝা যাইতেছে—That *he has stolen the thing* is clear from his own words.

যাহা তুমি করিয়াছ তাহা মাপ করা যাইতে পারে না—What *you have done* cannot be forgiven.

In the above examples the noun clauses are the *subjects*, and are placed at the beginning. The following are instances of noun clauses used as *objects* :—

ছেলেটা যে এত দুষ্ট হবে তা কখনও মনে ভাবি নাই—I never for a moment thought that *the boy would be so naughty.*

কবে কলিকাতায় যাইব তাহা আমি নিশ্চয় করিয়া বলিতে পারি না—I cannot tell you for certain *when I shall leave for Calcutta.*

(*b*) In English, an *Adjective Clause*, or a clause introduced by the relatives *who*, *which*, or *that*, is placed *next after* the noun or pronoun which it qualifies, but sometimes it is also put *after* the principal clause. In Bengali, such clauses, as a rule, occupy the *first* place. Thus—

যে শ্রম করে না সে বড় কষ্ট পায়—He *who does not labour* suffers much ; or, He suffers much *who does not labour.*

যাহার হৃদয় আছে তিনিই পরের দুঃখে কাতর হন—He *who has a heart* is moved at the distress of others.

যে স্থানটীর কথা আপনি এত লিখিয়াছেন সেই খানে গিয়া আমি কিছু দিন বাস করিতে ইচ্ছা করি—I intend to stay for a while in the place *of which you have written so much.*

(*c*) *Adverbial Clauses*, in English, may be placed either at the *beginning* or at the *end* of a complex sentence :—

যখন পড় তখন কাহারও সহিত কথা কহিও না—*When you are reading*, do not talk with any one ; or, Do not speak to anybody *when you read.*

যখন আমার সময় ভাল হবে, অনেক বন্ধু পা'ব—I shall get a good many friends *when better days come* ; or, *When better days come*, I shall get a good many friends.

11. In *Compound Sentences* of the form 'হয় আমাকে ছাড়িয়া দাও, না হয় আমাকে মারিয়া ফেল,' their *component* clauses are connected in English by *either* and *or*; as—

হয় আমাকে ছাড়িয়া দাও, না হয় আমাকে মারিয়া ফেল—*Either* let me go, *or* put an end to my life.

হয় তুমি স্বয়ং যাও, না হয় একটী বিশ্বাসী লোককে পাঠাইয়া ব্যাপার কি জান—*Either* go there personally, *or* send a trustworthy man to get information about the matter.

But compound sentences of the form 'ভাতও খাব না, স্কুলেও যাব না,' should be translated with *neither—nor*; as—

আমি ভাতও খাবনা, স্কুলেও যাবনা—I will *neither* eat my breakfast, *nor* go to school.

সে দেখিতেও পায় না, শুনিতেও পায় না—He can *neither* see *nor* hear.

SECTION II.

Syntactical Peculiarities.

1. In Bengali, the verb agrees with its nominative in *person* only, not in *number*, as the English verb does; as—

তিনি প্রতিদিন নিয়মিত রূপে কার্য্য করেন—*He works* regularly every day.

তাঁহারা প্রতিদিন নিয়মিত রূপে কার্য্য করেন—*They work* regularly every day.

In a complex sentence when the subject is a noun clause, the verb in English must be in the *third person singular**; as—

তিনি যে এরূপ গর্হিত কার্য্য করিয়াছেন তাহা আদৌ বিশ্বাস যোগ্য নহে—That he has acted so wrongly *is* not at all credible.

সে যে কলিকাতায় যাইবে তাহা নিশ্চয়—That he will go to Calcutta *is* sure.

2. The English syntax requires a plural verb after two or more singular nominatives connected by *and*; as—

রাম ও হরি দুজনে হরিহর আত্মা—Ram *and* Hari *are* bosom (most intimate) friends.

বিনয় ও সত্যপ্রিয়তা মানব চরিত্রের প্রধান গুণ—Modesty *and* truthfulness *are* the chief virtues of the human character.

এক খানি বস্ত্র ও একটী টাকা এই অন্ধ ব্যক্তিকে দেওয়া হইয়াছে—A rupee *and* a piece of cloth *have* been given to this blind man.

But when two or more singular nominatives refer to the same person or thing, or are preceded by the adjective *every*, *each*, or *no*, the verb is singular; as—

বৃক্ষের প্রতি পত্র, প্রতি পুষ্প, স্রষ্টার মহিমা কীর্ত্তন করিতেছে—*Every* leaf, and *every* flower of a tree, *speaks* of (or *declares*) the glory of *its* Creator.

একজন প্রসিদ্ধ দার্শনিক ও জ্যোতির্ব্বিদ্ বেনারস কলেজের অধ্যাপক নিযুক্ত হইয়াছেন—A distinguished philosopher *and* astronomer *has* been appointed professor of the Benares College.

মরুভূমিতে পশু পক্ষী কিছুই দেখিতে পাওয়া যায় না—*No* beast or bird *is* found in a desert; *neither* beast *nor* bird *is* found in a desert.

---

* This rule may hold "even with *two* clauses; as, 'that he wrote the letter and posted it *was* clearly proved" (Wilson).

রাম এই বালকটাকে ঘর হইতে বাহির করিয়া দিয়াছে, আমি দিই নাই—Ram, and not I, *has* turned this boy out of the room.

NOTE.—The verb in the last example agrees with the affirmative subject and not with the negative. But this sentence had better be recast; as, 'It is Ram who *has*, etc.,—not I.'

2*a*. When one noun stands in apposition to another, it is used *before* the principal noun, in Bengali, but *after* it, in English; as—

সাজেহানের কন্যা জাহানারা পিতৃ ভক্তির উদাহরণস্থল ছিলেন—Jehanara, *daughter* of Shahjehan, was an example of filial piety.

রোমান সম্রাট ম্যাকসিমস্ এরূপ বলবান্ ছিলেন যে মুদ্রা মোচড়াইয়া কাকস্ক্রু করিতে পারিতেন—Maximus, the Roman *Emperor*, was so strong that he could twist coins into corkscrews.

3. In Bengali, there are no fixed rules for the *sequence of tenses*, as has been shown in Chapter II, under *Tenses* (See, p. 103). But in English, the rules should be strictly observed.

(*a*) When the principal verb is in a *present* or a *future* tense, the verbs* in the subordinate clause may be in any tense according to meaning.

(*b*) When the principal verb is in the *past* tense, the verbs in the subordinate clause must also be in the *past* tense.

But when an immutable truth is expressed in a subordinate clause, the verb should be in the *present* tense, irrespective of the past tense of the principal verb.

Examples.

আমি জানি তিনি পীড়িত আছেন বা ছিলেন—I *know* he *is* or *was* ill.

* 'Auxiliary verbs being considered independently' (Wilson).

যদি পারি ত করিব—I *will* do it if I *can*.

যদি পারিতাম করিতাম—I *would* do it if I *could*.

তিনি আমাকে সংবাদ পাঠাইয়াছিলেন যে তিনি আসিবেন—He *sent* me word that he *would come*.

সাক্ষীদিগের কথায় স্পষ্ট বোধ হইয়াছিল যে আসামী সত্য সত্যই খুন করিয়াছে—It *was* clear from the evidence of the witnesses that the prisoner *had* really *committed* the murder.

পৃথিবী যে গোল তাহা অতি প্রাচীন কালের লোকে জানিতেন না—The ancients *did* not *know* that the earth *is* round.

পিতা আমাকে বাল্যকালে শিখাইয়াছিলেন যে পরিণামে ধর্ম্মেরই জয় হইয়া থাকে—My father *instructed* me when I was a boy that virtue *triumphs* in the long run.

4. In Bengali, the object of a transitive verb always *precedes* it, but in English it *follows* the verb :—

আমি এই বালকটীকে বড় ভাল বাসি—I *like* the *boy* very much.

কবে তিনি এখানে আসিবেন আমি বলিতে পারি না—I can't *say* *when he will come here*.

তিনি যে বিশুদ্ধ চরিত্রের লোক তাহা সকলেই জানেন—Everyone *knows* that *he is of a pure character*.

But in English, the object, *precedes* the verb in the following instances :—

(*a*) When the object is a Relative or Interrogative Pronoun ; as—

যে আহারের সামগ্রী আমরা সংগ্রহ করিয়াছিলাম সে সমস্তই তাহারা ভক্ষণ করিয়াছে—They have consumed all the provisions *which* we *had collected*.

যাঁহাকে অন্তরের সহিত শ্রদ্ধা করিতাম তিনি আমার সর্ব্বনাশের চেষ্টা করিতেছেন—The man, *whom* I *looked upon* with sincere respect, is now working out my ruin.

তুমি কাহাকে খুঁজিতেছ ?—*Whom* do you *seek* ?

(*b*) For the sake of emphasis ; as—

সহায় সম্বল আমার কিছুই নাই—*Patrons* or *means* *have* I none.

দুই শত টাকা আমার মত লোকে কখনই দিতে পারে না—*Two hundred rupees* a man of my means can never afford to *pay.*

এই স্থানটী স্কুল গৃহের জন্যে মনোনীত করিয়াছি—*This place* I have *selected* to be the site of the school building.

5. Both in English and in Bengali, adjectives usually stand *before* the nouns they qualify. But occasionally, in English, the adjective may be put *after* the noun*, though in Bengali, such is not always the case :

(1) When other words depend upon the adjective ; as—

উদার মতাবলম্বী ব্যক্তিরাই স্বদেশের প্রকৃত হিতসাধনে সমর্থ—Men *liberal in their views*, are alone able to do real good to their country.

দরিদ্রের প্রতি সদয় ব্যক্তিকে কে না শ্রদ্ধা করে ?—Who does not respect a man *kindly disposed towards the poor.*

(2) When qualifying words are prefixed ; as—

তাহার স্বভাবতঃ ক্ষীণ দেহ পীড়ায় আরও কাহিল হইয়াছে—Owing to illness, his body, *naturally thin*, has become thinner yet.

(3) When the adjective belongs to the noun as part of a name ; as—

ন্যায়পরায়ণ যুধিষ্ঠির—Judhishthir the *Just.*

মহাবীর সেকন্দর—Alexander the *Great.*

(4) When it expresses measured size ; as—

ছয় ফুট উচ্চ প্রাচীর—a wall *six feet high.*

আমি দুই হাত লম্বা একটী বাক্স চাই—I want a box *two cubits long.*

* For examples : the body *politic* ; the heir *apparent* ; the sum *total* ; a god *incarnate* ; blood *royal* ; price *current* ; knight *errant* ; time *immemorial* ; etc. We say, 'Chapter the *Third*, or 'the *third* chapter.'

(5) When it expresses the effect of an act indicated by a transitive verb. (Here the English and the Bengali idiom agree). Thus—

উপর্য্যুপরি দুর্ঘটনায় এখানকার বণিকদিগকে অতিশয় দরিদ্র করিয়া তুলিয়াছে—Successive misfortunes *have rendered* the traders of this place very *poor*.

অধর্ম্মে মনুষ্যদিগকে শ্রীভ্রষ্ট করিয়া থাকে—Vice *puts* men *out of luck*.

এই ব্যাপারে তাঁহাকে যারপর নাই দুঃখিত করিয়াছে—This event *has made* him extremely *sad*.

(6) When the adjective is used predicatively :—

লোকটী বড় সদাশয়—The man is very *generous*.

তাহারা নিস্তব্ধ হইয়া বসিয়া আছে—They sit *silent*.

বিষয়কর্ম্ম সম্বন্ধে তিনি যেন কিছু উদাসীন হইয়াছেন—He seems to have become rather *indifferent* to his wordly affairs.

NOTE.—Predicative adjectives, and adjectives expressing the effect of an act indicated by a transitive verb, are sometimes used at the beginning of a sentence for the sake of emphasis :—

নিস্তব্ধ হইয়া সকলে বসিয়া আছে—*Silent* they sit, all of them.

বুদ্ধিমান্ তাহাকে বলিতেই হইবে—*Intelligent* we must call him.

(7) When several adjectives qualify a single noun ; as—

আমার একজন অল্পবয়স্ক, শ্রমক্ষম ও বিশ্বাসী পরিচারকের আবশ্যক হইয়াছে—I want a servant *young, laborious*, and *trustworthy*. (In this case, the adjectives might as well be used before the noun).

6. In Bengali, we say তাঁহার সকল টাকা ব্যয় হইয়া-গিয়াছে, using the adjective সকল *after* the possessive pronoun তাঁহার; but in English, the adjective *'all'* is put before the possessive pronoun '*his*.' Thus—

"*All his money* has been spent."

NOTE.—In sentences like তাঁহারা সকলে ভাল আছেন, বালকেরা সকলে উপস্থিত আছে, the word সকলে is rather emphatically placed after the nouns and pronouns it qualifies, and should be rendered by '*all*' followed by '*of*,' or by '*all*' alone when put after the verb; as, '*All* of them are in good health,' or, 'They are *all* in good health'; '*All of* the boys, (or, *All* the boys) are present'; or, 'The boys are *all* present.'

7. In using English Relatives in the objective case, the following points should be noted :—

(*a*) The Relative may often be idiomatically omitted; as—

যে জিনিসটি চাহিয়াছিলাম তাহা পাইলাম—I have received the thing (*which* or *that*) I wanted.

যে টাকা আছে তাহাতে ব্যয় সঙ্কুলান হইতে পারে না—The money (*which* or *that*) I have cannot meet all the expenses.

(*b*) The Relative '*that*' never takes a preposition before it: as—

যে জিনিসের কথা আমি বলিয়াছিলাম তাহা যথার্থ খুব ভাল—The thing *that* I spoke *of* is really very good.

যে ভূমির উপর তুমি দাঁড়াইয়া আছ উহা আমার দখলে আছে—The land *that* you stand *upon* is in my possession.

(*c*) The Relative '*that*' sometimes dispenses with the preposition; as—

যে দিন এ ঘটনা হয় সে দিন ছুটি ছিল—The day *that* it took place was a holiday (Here *that*=*on* which).

8. As a general rule, the adverb is placed *before* the verb in Bengali, and *after* the verb in English; as, তুমি মনোযোগ পূর্ব্বক এই পুস্তকখানি পড়িবে—You must read this book *attentively*.

In the Bengali expression here the adverb precedes not only the verb but also its object ; but in the English sentence the adverb comes after both the verb and its object. The emphatic adverb *never*, however, is placed before the verb and its object. Thus, তিনি কখনও এরূপ নির্ব্বোধের কাজ করেন না = He *never* does such a stupid thing.

Both in English and in Bengali, the adverb is placed *before* the adjective it modifies. Thus—

ছেলেটা ভারী দুষ্ট—The boy is *very* wicked (or, naughty).

তুমি ত অতি শীঘ্র ফিরে এসেছ ?—You have come back *very quickly*, I see ?

NOTE.—Care should be taken as to the position of certain adverbs and adverbial phrases, which, if not rightly placed in a sentence, will give it a sense different from what is intended to be conveyed. Thus—

অভাবপক্ষে তোমার সেখানে যাওয়া উচিত (the emphasis being laid on তোমার)—*You at least* should go there.

তোমার সেখানে অভাবপক্ষে যাওয়া উচিত (the emphasis being laid on যাওয়া)—You should *at least go* there.

EXERCISE.

Translate—

(*a*) তুমি বা তোমার ভাই যে হও শীঘ্র তাঁহার নিকট দৌড়িয়া যাও; আর একটুও বিলম্ব করিও না। আজ মুসলমানদিগের একটী পর্ব্বোপলক্ষে (on account of a Mahommedan festival) সমুদয় স্কুল ও কলেজ বন্ধ আছে। ধনলোভ বা উচ্চাভিলাষ (avarice or ambition) অনেক অনর্থের মূলকারণ (to be at the root of). তোমার ও আমার শ্লেট এই টেবিলের উপর ছিল, প্রথম বা দ্বিতীয় শ্রেণীর কোন ছাত্র লইয়া গিয়া থাকিবে (to take away). পিতা পুত্র উভয়েই বিবাহের সময় উপস্থিত ছিলেন, কিন্তু কেহই কন্যা কর্ত্তার বাটীতে আহার করেন নাই। হয় মতিবাবু না হয় শ্যাম

বাবু এই পদের উপযুক্ত ব্যক্তি ; দুজনেই ইহার প্রার্থী আছেন (are candidates for), কিন্তু বোধ হয় গবর্ণমেণ্ট ইহাঁদের কাহাকেও মনোনীত না করিয়া একজন ফিরিঙ্গীকে (Eurasian) ঐ পদ অর্পণ করিবেন। ধন বা পদ মনুষ্যের প্রার্থনীয় বটে,] কিন্তু দুইটার কোনটাই চিরদিনের জন্য স্থায়ী নহে (to endure for ever).

(*b*) প্রত্যেক ভারতবাসী লর্ড রিপনকে অন্তরের সহিত (sincerely) শ্রদ্ধা করেন ; ভূতপূর্ব্ব রাজপ্রতিনিধি ও ভারতের শাসনকর্ত্তা অদ্যাপি ইংলণ্ডে ভারতের হিতকামনা করিতেছেন (is intent on the welfare of India). তুমি বা হরি এই বালকটাকে প্রহার করিয়াছ। কি চেতন কি অচেতন প্রতি পদার্থই ঈশ্বরের সৃষ্টিকৌশলের পরিচয় দিতেছে। প্রাচীন আর্য্য ঋষিদিগের ফলমূল প্রধান খাদ্য ছিল। এক্ষণে সকল জেলায় মাজিষ্ট্রেট ও কলেক্টর একই ব্যক্তি। আমি নয়, আমার একজন বন্ধু এই দরিদ্র বালকটাকে কিছু দিতে চাহিয়াছেন। তাঁহার প্রত্যেক পুত্র ও কন্যা বিলক্ষণ বলিষ্ঠ ও দেখিতে বেশ সুশ্রী (handsome-looking).

(*c*) বাঙ্গালার সাধারণ লোক (people) স্বভাবতই কিছু ভীরুস্বভাব, শিক্ষিত বাঙ্গালী যুবক যুদ্ধক্ষেত্রে সাহস প্রদর্শন করিতে প্রস্তুত আছেন। সভায় এ বিষয়ের মীমাংসা হইয়াছে (decided), কিন্তু সভার বিচার ভাল হয় নাই। সকল দেশেই ভদ্রলোকেরা (the gentry) ইতর লোকদিগের উপর প্রভুতা করিয়া থাকেন (rule over). এক ঝাঁক পাখী (a flock of birds) আকাশে উড়িয়া যাইতেছে ; যুগপৎ (simultaneously) সকলে পক্ষ সঞ্চালন করাতে দৃশ্যটী অতি মনোহর হইয়াছে। বঙ্গের কৃষকেরা (The peasantry) অতি দরিদ্র, তাহারা দিন আনে দিন খায় (live from hand to mouth). ওখানে লোকের বড় ভীড় হইয়াছে এবং তাহারা অতিশয় গোলমাল করিতেছে।

(*d*) যে ক্ষুদ্র কীটটী ভূমির উপর চলিতেছে (crawls) ঈশ্বর তাহাকে সৃজন করিয়াছেন। যাহাদিগের সহিত আমার এত বন্ধুতা তাহারাই এখন শত্রু হইয়া দাঁড়াইয়াছে (turned my enemies). প্রতিদিন ১০০ পৃষ্ঠা করিয়া পাঠ করা বড় সোজা কথা নয় (no very easy task). তিনি বিদ্যালয় পরিদর্শন করিতে আসিবেন এ কথা আমার কাছে বলিয়াছিলেন। স্ত্রীলোকটী অনবরত কাঁদিতেছে, বোধ হয় কেহ উহার মনে বিশেষ ব্যথা দিয়া থাকিবে (wounded). সে নিশ্চয় (is sure) পুরস্কার পাইবে। সিংহ লম্বে (in length) পাঁচ ছয় হাত, উর্দ্ধে (in height) প্রায় তিন হাত (cubits), ইহার লেজ

দুই তিন হাত লম্বা। ঐ ফুলটী তুলিয়া (pluck) আন, উহার বড় মিষ্ট গন্ধ। আমি যে বিপদ্‌গ্রস্ত ইহা আমি একমুহূর্ত্তের জন্য মনে করি নাই।

(e) মহাশয়, আপনাকে একটী কথা জিজ্ঞাসা করি, অনুগ্রহ করিয়া উত্তর করিলে বাধিত হইব। যাঁহাকে তুমি জিজ্ঞাসা করিতেছ, তিনি ইহার কিছুই জানেন না। যে বিষয় লইয়া কথা উত্থাপন করিয়াছিলাম তাহা অতি গুরুতর। আপন পুত্রের উপরও আজ কাল বিশ্বাস স্থাপন করিতে পারা যায় না। তিনি যে দশ বৎসর হইল মরিয়াছেন তাহা সকলেই জানে। একলক্ষ টাকা তিনি তাহার পুত্রের জন্য রাখিয়া গিয়াছেন (left).

(f) তাঁহার একটী চক্ষু নাই; দশ বৎসর হইল চক্ষুটী গিয়াছে (lost it). শান্ত, সুবুদ্ধি, সুস্থকায়, ও দেখিতে সুন্দর, এরূপ একটী পাত্রের সহিত তিনি আপন কন্যার বিবাহ দিতে মনস্থ করিয়াছেন। তাঁহার পুত্রগুলি সকলেই এখন উপযুক্ত হয়েছে (able to shift for themselves). ইনি যথার্থ ধার্ম্মিক লোক। এই বৃক্ষটী প্রায় বার হাত উচ্চ। আমি তাহাকে সাড়ে চারি টাকা দিয়াছি। বৃদ্ধ অদ্যাপি জীবিত ও সুস্থ আছেন। গণিতবিদ্যায় পারদর্শী (strong in mathematics) এরূপ একজন শিক্ষকের প্রয়োজন (Wanted). দুঃখ সকলকেই ম্রিয়মান করে (renders). তাহারা লোকটাকে প্রহার করিয়া (have struck the man) আধমরা করিয়াছে। সকলেই অবাক্ হইয়া দাঁড়াইয়া রহিল।

(g) যে লোক আয় বুঝিয়া ব্যয় করে (keeps within his income) সে কখনও অর্থাভাবে কষ্ট পায় না। যাঁহার এত প্রশংসা শুনিতে পাই (is so highly spoken of) এই লোকটী কি তিনি? যে টাকাগুলি সঞ্চয় করিয়াছিলাম তাহার একটী পয়সাও নাই। যে জিনিসের সন্ধান করিতেছেন তাহা বাজারে পাওয়া যায় (is available in the bazaar, or, can be had, etc.) যে পদের জন্য তিনি আবেদন করিয়াছেন (applied for) তিনি সে পদের বেশ উপযুক্ত। তুমি যে লোকটীর কথা বলিয়াছিলে সে লোকটী আসিয়াছে। যাহারা ইংলিস চর্চ্চ সম্প্রদায় ভুক্ত নহে, তাহাদিগের প্রার্থনা পুস্তকও (prayer-book) নাই, বাঁধাধরা (hard and fast) উপাসনার নিয়মও নাই।

(h) তিনি বেশ পরিষ্কার লেখেন (hand). পূর্ণবেগে (at full speed) গাড়ী দৌড়িতে লাগিল। তোমার শিশুপুত্রটী বোধ হয় এত দিন হাঁটিতে শিখিয়াছে। আমি তাহাকে বিলক্ষণ (sound) প্রহার দিয়াছি। লোকটার শুধু টাকাই আছে, বিদ্যা বুদ্ধি কিছুই নাই। গ্রামের মধ্যে শুধু তিনিই ধনী।

তাহাকে সাহায্য কর বা না কর, অন্ততঃ একবার তাহাকে (অন্ততঃ) দেখিতে যাওয়া উচিত। আর কাহারও সহিত দেখা কর বা না কর, অন্ততঃ শশীকে একবার দেখিয়া আসিবে। কখনই সে মিথ্যা কথা কহে না। এক মুহূর্ত্তের জন্যও মনে ভাবি নাই যে ছেলেটা এত শীঘ্র অধঃপাতে যাইবে। গত কল্য সন্ধ্যার সময় নির্ব্বিঘ্নে এখানে আসিয়া পৌঁছিয়াছি। স্কুলে বসিয়া এক ঘণ্টার মধ্যে প্রশ্নগুলির উত্তর লিখিবে।

SECTION III.

Interrogative Sentences.

1. In Bengali, the *interrogative* construction* does not syntactically differ from the *affirmative* except in admitting the interrogative particle কি। Thus, তাঁহার একটী পুত্র আছে is an affirmative sentence, which, when turned into an interrogative one, will simply stand as—তাঁহার কি একটী পুত্র আছে? But in English, an interrogative sentence undergoes a marked change of order; as for instance, the affirmative sentence, 'He has a son,' takes the interrogative form—"Has he a son?"

The peculiarity in the structure of interrogative sentences in English is, that the nominative must be placed *between* the auxiliary and the principal verb; and, if there be no other auxiliary, *between* '*do*' or '*did*' and the verb; as—

* See pp. 186, 187.

(a) *Affirmative :* He reads in the Krishnaghur college.
Interrogative : Does he read in the Krishnaghur college ?

(b) *Affirmative :* He went home.
Interrogative : Did he go home?

In Bengali, we ask the question, "তাঁর কি একটী পুত্র সন্তান হইয়াছে?" and answer it, "হাঁ, হইয়াছে," or, "না, হয় নাই।" But in answer to the question, "Has he a son born to him?" an Englishman would say, in the affirmative, "Yes, he has," or, in the negative, "No, he has not." The difference is, that whereas in Bengali the verb is repeated in the answer *without* the nominative, in English, only the auxiliary is repeated *with* the nominative.

2. When a question is asked, not for *information*, but *confirmation*, or simply for *admission* or *denial*, the negative particle *not* (না) is to be used in interrogation, both in English and in Bengali. Thus—

Ques. তাঁহার না একটী পুত্র আছে—Has he *not* a son? or, Hasn't he, etc.?

Ans. হাঁ, আছে, or, হাঁ, তাঁর একটী পুত্র আছে—Yes, he has; or, Yes, he has a son.

Ques. ধর্ম্মের কি সর্ব্বত্র জয় হয় না?—Does *not* virtue prevail everywhere?

Ans. হাঁ, হয়—Yes, it does; certainly, it does.

It is to be noticed that when the interrogative pronoun *who*, *which*, or *what* is used as nominative, the verb (or the auxiliary) does not precede it in interrogation; as—

কে ওখানে অত চিৎকার করছে?—*Who is* bawling out (shouting or bellowing) so lustily there?

তোমার কি হয়েছিল ?—*What was* the matter with you ?

Besides, when the nominative is qualified by '*whose*,' the verb does not precede it in interrogation ; as—

কার গরুতে তোমার বাগান নষ্ট করেছে ?—*Whose* cow *has* injured your garden ?

3. Sometimes a question is asked in a milder form, when the thing questioned about is in a manner known to the questioner, by repeating the nominative and verb in the inverted order at the end. This is called a *leading question*. Besides, sometimes, a *negatine* question expects an *affirmative* answer, and *vice versa* :

উহাকে এই :বইখানি দিতে তোমার ইচ্ছা আছে নয় ?—You are willing to give him the book, *are you not* ?

তোমার আহার হয়েছে নয় ?—You have taken your dinner, *have you not ?*

তোমার আর এখন কোন অসুখ নাই ত ?—You have no complaint now, *have you any* ?

কেমন তুমি প্রস্তুত আছ নয় ? নিশ্চয়ই তুমি প্রস্তুত আছ—'Are you not ready ? Surely you are.'

তুমি কি সব টাকা খরচ করিয়াছ ? নিশ্চয়ই না—'Did you spend all the money ? Surely not.'

But in asking আপনার কুশল ত ?—it is idiomatic and polite to put the question in the form—"All right with you, I hope ?"

4. An *interrogative* sentence may sometimes be translated by an assertive one :

তুমি বুঝি দেয়াতটা ভাঙ্গিয়াছ ?—You have, I am afraid, broken the inkstand.

যার জ্ঞান আছে সে কি এমন কাজ করে ?—No man in his senses would do such a thing.

আপনি যা বল্‌চেন তাতে আর সন্দেহ কি ?—There can be no doubt about what you say.

5. The following examples will illustrate several forms of questions and answers :—

প্র—তোমার কি মাথা ধরেছে ?	Q.—Have you got a headache ?
উ—হাঁ।	A.—Yes.
প্র—স্কুল হইতে বাড়ী আসিবার সময়ে হরি বাবুর সহিত কি দেখা করিয়াছিলে ?	Q.—Did you call on Hari Babu on your way home from school ?
উ—হাঁ, করিয়াছিলাম। না করি নাই।	A.—Yes, I did. No, I did not.
প্র—এ খানি কার পুস্তক ?	Q.—Whose book is this ?
উ—আমার।	A.—Mine ; mine, sir (in case the answer is given to a superior).
প্র—তোমাকে কি বাড়ীতে পাঁচটী অঙ্ক কসিতে বলি নাই ?	Q.—Did I not (or, Didn't I) tell you to work out five sums at home ?
উ—না, মহাশয়, বলেন নাই।	A.—No, sir, you did not.
প্র—এ জায়গাটী তোমার কিরূপ পছন্দ হয় ?	Q.—How do you like this place ?
উ—আদৌ পছন্দ হয় না।	A.—I do not like it at all.
প্র—কবে রাম বাবুর বাড়ী আসার সম্ভাবনা ?	Q.—When is Ram Babu likely to come home ?
উ—আগামী রবিবারে।	A.—On Sunday next.

প্র—কে দুয়ারে ঘা মারে হ্যা ?	Q.—Who is knocking at the door ?
উ—আমি, শরৎ।	A.—It is I (or *me*), Sarat.
প্র—কোন্ ছেলেটী তোমার শ্লেট্ ভেঙ্গেছে ?	Q.—Which boy has broken your slate ?
উ—এই ছেলেটী।	A.—This boy, sir.
প্র—তুমি বাড়ী যাচ্চ ত ?	Q.—You are going home, are you not ?
উ—হাঁ, যাচ্চি।	A.—Yes.
প্র—তুমি কি এই জিনিস্‌গুলি সব বিলিয়ে দিতে যাচ্চ ?	Q.—Are you going to give away all these things ?
উ—না, এ গুলি পড়িবার ঘরে রাখব।	A.—No, I will keep them in my study.
প্র—তোমার ছবিটী আমাকে একবার দেখাবে ?	Q.—Will you just let me have a sight of your picture ?
উ—না, দেখাব না।	A.—No, I won't.

EXERCISE.

1. Translate :—

এই তিনটী রাস্তার কোন্ রাস্তাটী সোজা (the shortest cut) ? এখন বেলা কত হইয়াছে ? তোমার শরীর এখন কেমন আছে ? এখনও তোমার পীড়া সম্পূর্ণ যায় নাই ? গোপনীয় কথা কাহাকেও বলা (reveal) কি ভাল (Is it proper) ? তাঁর নাকি কাজে জবাব হয়েছে ? অপরিমিত আহার করিলে কি পীড়া হয় না ? বাঁচিতে কার না ইচ্ছা হয় ? তোমাকে কে গালি দিয়াছে ? কার সঙ্গে তিনি ঢাকায় গিয়াছেন ? তুমি কোথায় যাইতেছ (Where—to) ? আপনি কোথা হইতে আসিতেছেন (Where—from) ? সেখানে তোমার কদিন হবে ? একাজটী সম্পন্ন করিতে কয় জন লোকের আবশ্যক ? কোন্ দোকানে এরূপ কাপড় পাওয়া যায় ? তুমি কি ভাবিতেছ ?

কোন সময়ে ধান্য রোপণ করে বলিতে পার? তুমি কেমন করিয়া সাঁতার দিতে শিখিলে? তুমি এই নদীটী সাঁতার দিয়া পার হইতে পার (swim across)? ছোট হাতের লেখা (a small hand) লিখিবার জন্য আমাকে একটী কলম বাড়িয়া (make) দিবে?

2. Translate the following *Questions* and *Answers* :—

তোমার কি এখন কোন কাজ নাই? না, নাই। তুমি না বলেছিলে আমাকে একদিন খাওয়াবে? হাঁ, বলেছিলাম। কবে তোমাদের পরীক্ষা আরম্ভ হবে? ১৫ই মার্চ্চ তারিখে (on). শশী কি এবার পরীক্ষা দিবে? না, এবার পরীক্ষা দিবে না। আসিবার সময় কালী বাবুর সহিত কি দেখা করিয়া আসিয়াছিলে? না, আসি নাই। কন্যাটী কি বিবাহিতা? আজ্ঞে হাঁ, বিবাহিতা বটে। তুমি কি তোমার দাদার সহিত ঝগড়া করেছিলে? কই না। তুমি কি আমার সঙ্গে আর কথা কবে না? না, কখনই না। তোমার সন্ধানে এমন কোন লোক আছেন যিনি আমার বাড়ীতে থাকিয়া আমার ছেলে দুটাকে পড়াইতে পারেন? হাঁ, আপনাকে এরূপ একটী লোক দিতে পারি। তুমি কখনও কাশীতে গিয়াছিলে? হাঁ, দুইবার গিয়াছিলাম। এ পুস্তকখানির মূল্য কত? আড়াই টাকা (Two rupees and a half). শ্রীরামপুরে কি ভারি ওলাউঠা হচ্চে? কই, না; তুমি ভুল শুনিয়াছ। কার কাছে এ কাজটীর জন্য দরখাস্ত করিব? সম্পাদকের (Secretary) কাছে। কি কারণে তোমাদিগের দুই জনের মধ্যে বিবাদ উপস্থিত হইয়াছে? অতি সামান্য কারণে। তুমি কি লিখিবার কাজ (exercise) করিয়াছ? না, করি নাই; হাঁ, করিয়াছি।

SECTION IV.

Negative Sentences.

1. না, নাই, নহে, etc., are the *negative particles* in Bengali. Their English equivalents are *no*, *not*, etc. But there are peculiarities worth noticing as to the use of these negative particles in English :

(1) Verbs of the present and of the past tense (except the verb *to be** are to be used with the auxiliary '*do*' when the negative particle '*not*' is joined to them. Thus—

দূরবীক্ষণ যন্ত্র কি তাহা বোধ হয় তুমি জ্ঞাত নও—Perhaps you *do not know* what a telescope is.

তিনি আমাকে এ বিষয়ে কোন কথা জিজ্ঞাসা করেন নাই—He *did not ask* me anything about it.

সে রীতিমত স্কুলে আসে না—He *does not attend* school regularly.

(2) '*No* is generally used as an adjective, and sometimes as an adverb, but '*not*' is always used as an adverb. '*No*' is more emphatic than '*not*.'

কোন বালকই এই প্রশ্নের উত্তর করিতে পারে নাই—*No* boy could answer this question.

কেহই এখানে উপস্থিত নাই—*No one* (or, *no*body) is present here.

তিনি উপস্থিত ছিলেন ? না—Was he present ? *No*, he was *not*.

(3) '*Not*' is seldom joined to the adjective '*any*.'

তিনি কোনও পুস্তক পড়েন নাই—He has read *no books*, or he has *not* read *any* book ; but it is wrong to say—He has read *not any* book.†

ঘরে কোন লোক দেখিতে পাই নাই—I found *no* man in the room, or, I did *not* find *any* man in the room ; but not, I found *not any* man in the room.

(4) '*No*' and '*not*' before an adjective of the comparative degree imply different meanings :

সে রাম অপেক্ষা অধিক বুদ্ধিমান্ নয়—He is *not more* intelligent than Ram. This means either 'he is *less* intelligent,' or '*as* intelligent as Ram.'

---

* Unless this verb be in the imperative mood, as 'Do not *be* afraid.' Wilson.

† '*Not*' and '*any*' are sometimes found together when the verb does not take an auxiliary ; as, 'As there was *not any* grammar of this (Sanskrit) to be procured, I was called upon to bring forward that which I had been so many years preparing.' Charles Wilkins.

—He is *no more* intelligent than Ram. This means simply that 'he is *as* intelligent as Ram,' and implies that both may be equally poor in point of intelligence.

(5) In interrogative sentences like "Why did he not come ?" the different positions of '*not*' slightly affect the sense :

সে বাড়ী যায় নাই কেন ?—Why did *not* he go home ? The sentence indicates *desire for information*. But "Why did he *not* go home ?" indicates *concern* or *interest* on the part of the speaker. In the latter case we may change the position of কেন in the Bengali expressions, as কেন সে বাড়ী যায় নাই ?

2. In some cases, Bengali negative expressions may be rendered into English by means of a verb or preposition, or some other word of a negative force, without the help of the negative particle '*no*' or '*not*' : as—

আমি এবিষয়ের কিছুই জানি না—I am quite *in* the dark about this matter.

আমার সাহস হইতেছে না—My courage *fails* me.

শ্রম না করিলে কি রূপে কৃতকার্য্য হইবে ?—How can you succeed *unless* you work hard ? (or, *except* you work hard ?)

পরিশ্রম না করিলে কোন কাজই হয় না—Nothing can be done *without* labour.

সে না যাউক, আমি যাইব—Let him stay behind, I will go.

তিনি এরূপ ব্যবহার ভালবাসেন না—He is *averse* to such dealings.

তাঁহার নামে নালিশ করা ব্যতীত আর কোন উপায় নাই—The only course open to me is to institute a case against (or, to *sue*) him.

The adverbs *scarcely* and *hardly* convey almost a negative idea ; as—

কই এখানে তাকে প্রায়ই দেখতে পাওয়া যায় না—He is *scarcely* seen here.

একথা বলিবার বড় প্রয়োজন নাই—I need *hardly* say this.

আমি চেয়ারে বসিতে না বসিতে তাহা ভাঙ্গিয়া গেল—*Hardly* had I sat down upon the chair when it gave way.

তাকে বড় একটা পড়িতে দেখি না—I *scarcely* ever find him [reading.

3. Such double negative forms, in Bengali, as না গেলেই নয়, না বলিয়া থাকিতে পারি না, etc., may be rendered idiomatically by the help of the phrases *cannot but*, *cannot help*; as—

এ মাসে বাড়ীর খরচের জন্য কুড়িটী টাকা না পাঠাইলেই নয়—I *cannot but* (I must) send twenty rupees (or, Rs. 20) this month for family expenses.

আজ তোমাকে এ কথাটী না বলিয়া থাকিতে পারি না—To-day I *cannot help* saying this to you.

But double negatives in the following examples are to be rendered otherwise—

তোমার কলিকাতায় না গেলে হয় না?—*Can't* you do *without* going to Calcutta?

তাঁহার সাহায্য না পাইলে আমার চলিবে না—I *cannot* do *without* [his help.

4. Miscellaneous examples of *Negative Sentences*:—

(*a*) কতকগুলা এলোমেলো বকোনা—Don't talk at random (or, nonsense).

(*b*) ও রকম ভাবনা মনের মধ্যে পুষে রেখো না—Don't harbour such thoughts in your mind.

(*c*) নিরবচ্ছিন্ন পবিত্র সুখ মানুষের ভাগ্যে ঘটিয়া উঠে না—Pure and uninterrupted (unmixed) happiness is not the lot of mortals.

(*d*) শেষে যেন বলিওনা যে তোমার বই ফেরত পাও নাই—Don't you say hereafter that you have not got your book back.

(*e*) তুমি কি তোমার ভাইকে দুই এক ঘণ্টা পড়াইতে পার না ?—Can't you teach your brother for an hour or two? (not "*for one or two hours*").

(*f*) আমাদিগের সঙ্গে তোমার আসিবার কোনও দরকার নাই—You *have no business* to come with us. (This colloquial expression is to be used when the company of the man is neither asked for, nor liked).

(*g*) তোমাকে আর দরকার নাই, তুমি বাড়ী যাইতে পার—We do not want you any more, you may go home.

(*h*) তাড়াতাড়ি করিও না, তাড়াতাড়ি করিলে কাজ হয় না—Don't be in a hurry, to be in a hurry is to retard work. The more hurry, the less speed.

(*i*) গত রাত্রে আমি কিছুই করি নাই, কেবল ঘুমাইয়াছিলাম—Last night I did nothing but sleep. (It is incorrect to say—I did nothing but *slept*).

(*j*) তিনি এতদূর হাঁটিয়া যাইতে পারেন না এবং গাড়ী ভাড়া দিয়া যাইবারও তাঁর শক্তি নাই—He cannot walk so far, nor can he afford to hire a carriage.

(*k*) লোকটাকে কাজে জবাব দেওয়া ছাড়া আর কিছুতেই হরি বাবুর মনস্তুষ্টি হইবে না—Nothing short of the man's dismissal will satisfy Hari Babu.

(*l*) এমন কাজ নাই যা সে কত্তে পারে না—There is no job which he cannot set his hand to.

(*m*) ছেলেটীর উপর অত কড়া হইবে না ; ছেলেটী আমার বিবেচনায় পরে বেশ লোক হইবে—Don't be so hard upon the boy, for I think, he will turn out a fine fellow afterwards.

EXERCISE.

1. Translate into English :—

(*a*) তুমি চটিয়া ভাল কর নাই (to be out of temper). আমার হাতে (pocket) এখন টাকা নাই। তুমি ঐ লোকটাকে চেন না ? কোনও

কালেই তাহাদের উভয়ের মধ্যে মনান্তর (misunderstanding) দেখি নাই। সে মিথ্যা বলিয়া তোমাকে বঞ্চনা করিবার লোক নয় (not the man). যা কত্তে পারবে না, তাতে হাত দেওয়াই (to handle, to set your hand to) তোমার বোকামি হয়েছে। সে দিন (the other day) কি আমি তোমাকে বলি নাই যে ওরূপ অসৎ সংসর্গে তুমি থাকিও না (keep such bad company)? কোনও কার্য্য বশতঃ কল্য বিকালে আসিয়া আপনার সহিত দেখা করিতে পারি নাই। আমার একটুও অবকাশ নাই যে স্থির হইয়া তোমার কথা শুনি।

(*b*) সে আমার চেয়ে বড় নয়, আমাদের দুজনের এক বয়স। সে আমা অপেক্ষা বড় ত নয়ই, বরং দুই এক মাসের ছোট (younger by a month or two). ঘাটে একখানিও নৌকা নাই; আমার চাকরকে পাঠাইয়াছিলাম, সে সেখানে কোন নৌকা দেখিতে পায় নাই। মহাশয়ের নিকট পড়িবার মত কি কোন পুস্তক নাই? এই মাসের মধ্যে টাকা না দিলে তোমার নামে নালিশ করিব (bring a suit against you). তোমার উপকারের জন্য এ ছাড়া তিনি আর কিছু করিতে পারেন না। এমন অবস্থা সকলেরই হইয়া থাকে, আপনি বসিয়া বসিয়া আপনার দুর্ভাগ্যের বিষয় ওরূপ করিয়া ভাবিবেন না (brood over your misfortunes). তার এক টাকা দিবার শক্তি নাই, সে দশ টাকা দিবে? টাকা আছে বলিয়া লোকটার এত গর্ব্ব যে সকলের সহিত কথা কয় না। এখানে মহাশয়ের সন্ধানে তো (that you know of) কোন বাড়ী বিক্রী নাই?

2. Translate without using *no* or *not* :—

আমি এ সব ব্যাপারের কিছুই জানিতে পারি নাই। তিনি এমন সৎ লোক যে এরূপ অন্যায় কার্য্যে থাকিতে পারেন না। তিনি সাহিত্যে উত্তীর্ণ হইতে পারেন নাই। অনেক দিন হইল তোমার পত্র পাই নাই (since). টাকা না থাকিলে বই কিনিব কিরূপে? চরিত্র সংশোধন না করিলে লোকে তোমাকে বিশ্বাস করিবে কেন? তাহার পরীক্ষায় উত্তীর্ণ হইবার বড় আশা নাই। তিনি এরূপ নীচাশয় হইতে পারেন না (above such meanness). ইহা বিশ্বাস-যোগ্য নহে (anything but credible). মতিলালের মত অকৃতজ্ঞ লোক পৃথিবীতে নাই (the most ungrateful). এখনও এ বিষয় স্থির হয় নাই (open question). হরিকে গালি দেওয়া উচিত হয় নাই।

SECTION V.

Imperative and Optative Sentences.

1. *Imperative* sentences indicate *command, request*, or *advice*, and are, by their nature, only applicable in respect of present and future time. The following examples will illustrate this :—

(*a*) প্রত্যেকেই আপন আপন কাজ করুক্—Let each man do his duty.

(*b*) সময় নষ্ট করিও না, তোমাকে অদ্যই এ কাজ করিতে হইবে—Don't lose time, you must do it this very day.

(*c*) আপনি অনুগ্রহ করিয়া আমার জন্য দুইখানি ভাল পুস্তক খরিদ করিবেন—*Please buy* for me two good books.

(*d*) এই বিষয়ের জন্য উদ্বিগ্ন হইও না—*Don't trouble* yourself about this matter.

(*e*) তুমি নিশ্চয় ইহা করিবে—You *must do* it without fail.

(*f*) অনুগ্রহ করিয়া লোকটীকে উহার নাম জিজ্ঞাসা করুন—*Be pleased* (or, *Be* so good as) to ask the man his name.

(*g*) এই গরিব ব্রাহ্মণের উপকারার্থে আজরাত্রেই তোমাকে কোনও ব্যবস্থা করিতে হইবে—You *must* this very night *do* something for the poor Brahmin.

(*h*) তাকে এক গাছা দড়ি দাও, গলায় দিয়া মরুক্—*Give* him a rope to *hang* himself with. (মরুক্ is here idiomatically rendered by an infinitive).

When the verb is in the passive voice, it generally requires the help of '*let*,' and occasionally that of '*be*' :

এক জন ডাক্তার ডাকা হউক—*Let* a doctor be summoned.

সে কোথায় থাকে তাহাকে জিজ্ঞাসা করা হউক—*Let* him be asked where he lives (or, after his whereabouts).

তাহার ইচ্ছানুসারেই ইহা সম্পন্ন হউক—*Be* it (or, *let* it be) done according to his will.

NOTE.—To express a *command*, there are two forms of the verb in Bengali—(1) কর (*present*), and (2) করিও (*future*)—which correspond in English to the forms—'*do*' and '*shall do*' respectively; 'You *will do*' is a polite form of command, not far removed from '*Please do*.' To express a request we have also two forms করুন্ and করিবেন, corresponding to '*Please do*' and 'You *will be pleased to do*.'

2. The *Optative* sentences, though often similar in form to the *Imperative*,* differ from them in indicating a *wish*. Thus—

(*a*) আমাদের মহারাণী দীর্ঘজীবিনী হউন—Long *live* our Empress.

(*b*) ঈশ্বর আপনাকে দীর্ঘজীবী করুন—God *grant* a long life to you. ঈশ্বর করুন তুমি সুখী হও—*Would* to God you were happy.

(*c*) ইচ্ছা হয় যে আবার বালক হই—*Would* that I were young again.

(*d*) বৎস, তোমার জননীর আনন্দ বর্দ্ধন করত সুখে স্বচ্ছন্দে কালাতিপাত কর—*Live*, my child, in peace and comfort, and *continue* to add to the joy of your mother.

(*e*) ঈশ্বর না করুন্, কিন্তু যদি লোকটীর মৃত্যু হয়, কে তার ছেলেগুলির ভরণপোষণ করিবে?—*God forbid* it, but if the poor man dies, who will support his family?

(*f*) আপনাদিগের সকলের আশীর্ব্বাদে ছেলেটী যেন দীর্ঘজীবী হয়—*May* the child live long through the *blessings* of you all.

(*g*) মহাশয়, আর অধিক কি বলিব, আপনি যেন ধনে পুত্রে লক্ষ্মীশ্বর হয়েন—What more shall I do, sir, than wish that you may become father of many sons and master of riches untold.

* This is more generally the case in Bengali than in English.

(h) বৎস, তোমার উন্নতি হউক—*Go on* and prosper, my child.

(i) ঈশ্বরের নিকট প্রার্থনা করি তুমি সত্বর সুস্থ হও—*I wish* to God that you *may* shortly *recover* your health (or, Would to Heaven you might, etc.)

(j) আহা ঐ মুখে যদি কথা থাকিত!—"Oh that those lips had language!" (Cowper).

EXERCISE.

1. Translate :—

(a) সেকথা চুলোয় যাক্ (Let that go to the dogs), তার জন্য এত উৎকণ্ঠিত হইও না। দৌড়ে যাও, তোমাকে আবার এখনই (in no time) ফিরে আস্‌তে হবে। আমি যা বলি তাই কর, বাজে কথায় সময় নষ্ট করিও না (in idle talk). আমার অনুরোধে (for my sake) মহাশয় এই কাজটী করুন্, নচেৎ লোকটা মারা যায় (or, the man is done for). আহাম্মক, চুপ করে থাক্ (hold your tongue), বেশী কথা কস্‌নে। যাক সে চলে যাক্, অমন চাকরে আমার কাজ নাই। দেখ, ওরূপ ছোট লোকের মত কাজ করোনা, ভাল দেখায় না (it does not look well). আমার কথা শুন, তোমার কোনও ঝঞ্ঝাট্ থাক্‌বে না।

(b) ঈশ্বর তোমার মঙ্গল করুন্ (help or bless you). আপনাদিগের আশীর্ব্বাদে আমার পুত্রটী যেন সুখে থাকে। নরাধম, তুই যেন চিরকাল এই দুষ্কর্ম্মের ফলভোগ করিতে থাকিস্ (the consequences of such a crime). আপনি অতুল ঐশ্বর্য্যের অধীশ্বর হইয়া চিরকাল সুখভোগ করিতে থাকুন্। তুমি শীঘ্র উৎসন্ন হও, তোমার মত পাপিষ্ঠ দ্বারা সংসারের অপকার ভিন্ন উপকার নাই (nothing but evil). যেন তাঁর আত্মার শান্তি লাভ হয় (rest in peace), তিনি অতি মহাত্মা লোক ছিলেন। তুমি দরিদ্রদিগকে অন্ন দিতেছ, তোমার আরও লক্ষ্মীলাভ হউক। তুমি দীর্ঘজীবী হইয়া সংসারের উপকার করিতে থাক। ঈশ্বর করুন যেন আপনার পুত্রটী দীর্ঘকাল জীবিত থাকিয়া দেশের গৌরব বৃদ্ধি করে। ঈশ্বর ভারতেশ্বরীকে রক্ষা করুন। ঈশ্বর না করুন, যদি তাহার ভাল মন্দ হয় (to die), তাহা হইলে ছেলেগুলির দশা কি হইবে (become of)? "দাতা শতং জীবতু!"

SECTION VI.

Reported Speech.

1. For *reporting* a speech, there is one form only in our vernacular, namely, the *direct*, but in English, there are at least two forms, namely, the *direct* and the *indirect*.* Thus—

কালী বাবু বলিলেন, উমেশ পীড়িত আছে।	*Direct* : Kali Babu said, "Umes is ill."
	Indirect : Kali Babu said *that* Umes *was* ill.
আমি এমন কথা বলি নাই যে কেবল তোমারই দোষ।	*Direct* : I did not say, "*You* alone *are* to blame."
	Indirect : I did not say *that* you alone *were* to blame.

NOTE 1.—It should be remembered that the conjunction '*that*' is admissible only in the *indirect* form, but never in the *direct*. In colloquial English, '*that*' is sometimes omitted even in the *indirect* form.

NOTE 2.—Though there is *no direct* form in Bengali, we can scarcely dispense with it altogether, as, but for such a form, ambiguity would arise in expressions like—দেখ রাম, শরৎ বলিল তোমাকে যাইতে হইবে। Here তোমাকে might refer either to *Ram* or to the *reporter*. Again, if the sentence were শরৎ বলিল আমাকে যাইতে হইবে—'আমাকে' might refer either to Sarat *himself* or to the *reporter*, (See *para*. 4).

2. Ordinarily, however, the *indirect* form is preferred, in English, to the *direct* ; as—

* In English, a form, which is neither *direct* nor *indirect*, is occasionally met with. It has, therefore, been called the *intermediate* form. See Messrs. Rowe and Webb's *Hints*, pp. 139, 140.

রাম তোমার পুস্তক লইয়াছে আমি একথা বলি নাই—I did not say *that Ram had taken* your book.

তিনি বলিলেন, "আমার শরীর খারাপ হইয়াছে, আমি যাইতে পারিব না"—He said *that he would be* unable to go as he *felt* unwell.

বাবা আমাকে বলিয়াছিলেন, 'যদি তুমি বার্ষিক পরীক্ষায় প্রথম বা দ্বিতীয় হইতে পার, তোমাকে পুরস্কার স্বরূপ একটী ভাল ঘড়ী কিনিয়া দিব'—My father said *that he would buy* me a good watch as a prize if I stood first or second at the annual examination.

3. When a speech is reported in the *indirect* form, the verbs, in Bengali, undergo no change whatever in relation to the tense of the *principal* verb; but in English, the verbs are all dependent, under the rules of *sequence*, on the tense of the introductory verb. Thus—

আমি তোমাকে লিখিয়াছিলাম যে আমি তোমার সহিত শীঘ্র সাক্ষাৎ করিব (*shall see*)—I wrote to you to say that I *should see* you very soon.

আমি তোমাকে বলিয়াছিলাম যে, সুরেশ আর রাম বাবুর বাড়ীতে যায় না (*does not go*)—I told you that Sures *did not go* any more to Ram Babu's house.

NOTE.—In the foregoing examples it will be seen that, in English, when the introductory verb is in the *past* tense, the verbs in the subordinate clause are also in the *past* tense, though in Bengali, there is no such change in the tense of the verbs in the subordinate clause.

But when an *immutable truth* is expressed in the reported speech, the verb is always in the *present* tense,

whether the introductory verb denotes *present* or *past* time. Thus—

তিনি বলিয়াছিলেন যে পরিণামে ধর্ম্মেরই জয় হয়—He said that virtue *triumphs* in the long run.

য়ুরোপে কোপার্নিকস্ আবিষ্কার করেন যে পৃথিবী সূর্য্যের চারিদিকে ঘুরিতেছে—In Europe, Copernicus discovered that the earth *revolves* round the sun.

তিনি শেষে এই কথা বলিয়াছিলেন, ঈশ্বরের দয়ার সীমা নাই—In fine, he said that the mercy of God *is* endless.

4. Both in English and in Bengali, pronouns are changed in *persons* in the reported speech. Thus—

Direct : সে বলিল "আমি ইহা করি নাই"—He said, "*I* have not done it."

Indirect : সে বলিল সে ইহা করে নাই—He said that *he* had not done it.

Direct : তুমি তাকে বলিয়াছিলে, "তুমি আমার বই লইয়াছ কি ?"—You said to him, "Have *you* taken *my* book ?"

Indirect : তুমি তাকে জিজ্ঞাসা করিয়াছিলে সে তোমার বই লইয়াছে কি না—You asked *him* whether *he* had taken *your* book (or not).

Direct : তুমি আমাকে বলিয়াছিলে, "আমি তোমার সহিত কথা কহিব না—You said to me, "*I* will not speak with *you*."

Indirect : তুমি বলিয়াছিলে আমার সহিত কথা কহিবে না—You told me that *you* would not speak with *me*.

Mr. McMordie lays down the following rules for changing personal pronouns, which apply to Bengali as well as to English :—

(1) Put all Pronouns which in the speech are of the first person into the same person as the subject of the introductory verb.

(2) Put all Pronouns of the second person in the speech into the same person as the Pronouns which come after the introductory verb (in Bengali, *which are the objects* of the introductory verb).

(3) Pronouns of the third person in the speech usually remain unchanged in the report. [See his *Studies in English*, Ch. XV].

Let the student verify these rules by the examples given [above.

5. In translating a speech standing in what may be called the direct form in Bengali, when the verb in the subordinate clause is in the *imperative* mood, it should be rendered, if the indirect form is preferred in the translation, by an *infinitive*. Thus—

আপনি আমাকে বলিয়াছিলেন, তুমি সোমবারে আসিও—You told me *to come* on Monday.

আমি তাহাকে বলিয়াছিলাম, তুমি সেখানে পৌঁছিবামাত্র আমাকে পত্র লিখিও (or, লিখিবে)—I told him *to write* a letter to me as soon as he should arrive (or, arrived) there.

তুমি আমাকে বলিয়াছিলে বাটী যাও—You told me *to go* home.

6. In translating a *question* in the indirect form, care should be taken to use '*if*,' '*whether*', or a conjunctive *adverb* before the subordinate clause :

হরি বলিল তুমি কি ছেলে মানুষ যে এ বিষয় বলিয়া দিতে হইবে ? — *Direct :* Hari said, "Are you a little boy to be told of this ?"
Indirect : Hari wished to know *if* he was a boy to be told of this

আমি বলিলাম আপনি ও কথা আমাকে কেন জিজ্ঞাসা করেন ? — *Direct* : I said, "Why do you put that question to me ?"
Indirect : I asked *why* he put that question to me.

তিনি জিজ্ঞাসিলেন তুমি কি শনিবারে বাটী যাইবে ? } *Direct*: He said, "Will you go home on Saturday ?"
Indirect: He asked me *whether* I would go home on Saturday.

EXERCISE.

Translate :—

(*a*) তিনি টাকা দিবেন না এমন কথা বলেন নাই ; তবে দুই এক দিন বিলম্ব হইতে পারে তাহাই বলিয়াছিলেন। তুমি উচ্চৈঃস্বরে বলিতে লাগিলে, "সকলে সাবধান হও, পাড়ায় চোর আসিয়াছে"। তুমি ঠিক এই কথা বলিয়াছিলে, "তোমার মত বদমাইশ দুনিয়ায় আর নাই"। আমি তোমাকে এই পুস্তক খানি দিব এমন কথা বলি নাই। ভৃত্য প্রভুর নিকট গিয়া বলিল, আমার মাহিয়ানাপত্র হিসাব করিয়া চুকাইয়া দিতে হুকুম করুন্। আমি তোমাকে লিখিয়াছিলাম যে তোমার কন্যার বিবাহের সময় আমি নিশ্চই যাইব, কিন্তু কার্য্যগতিকে যাইতে পারিলাম না। পথিক কাকুতি করিয়া বলিল, আমার কাছে একটীও পয়সা নাই, আমাকে ছাড়িয়া দাও, কিন্তু দস্যু তাহা শুনিল না। তিনি আমাকে এই বলিয়া আশ্বস্ত করিলেন যে তোমার মস্তকের একটী কেশও কেহ স্পর্শ করিতে পারিবে না (not a hair of my head should be touched).

(*b*) আমি তোমার নিন্দা করিয়া বেড়াই এ কথা তোমাকে কে বলিয়াছিল ? তিনি তাহাকে বলিলেন সোমবারে আসিয়া টাকা লইয়া যাইও। দরিদ্র বালক কাতরস্বরে বলিল আমার কেহ নাই, আমাকে কিছু ভিক্ষা দেন, কিন্তু তিনি তাহাতে কর্ণপাতও করিলেন না (turned a deaf ear to). তিনি নগেন্দ্রকে লিখিলেন, "তোমার কি হইয়াছে, তুমি কি করিতেছ, আমি কিছুই ভাবিয়া পাই না"। নগেন্দ্র উত্তরে লিখিলেন, "আমার উপর রাগ করিবেন না, আমি পীড়া বশতঃ বসিয়া আছি"। শিক্ষক মহাশয় পুনঃ পুনঃ আমাদিগকে বলিয়াছেন যে বাঙ্গালা হইতে ইংরাজী অনুবাদ ভাল করিয়া না শিখিতে পারিলে পরীক্ষায় কিছুতেই উত্তীর্ণ হইতে পারা যাইবে না। বালকটী আপনার নিকট বিদায় প্রার্থনা করিতেছে, সে বলিতেছে তাহার ভ্রাতার বিবাহ উপলক্ষে তাহাকে বাড়ী যাইতেই হইবে। আমি তাহাকে জিজ্ঞাসা করিয়াছিলাম তাহার বিবাহ হইয়াছে কি না। অবশেষে তাঁহার পিতা, যৎপরোনাস্তি কুপিত হইয়া কহিলেন, "তুমি আমার কথা শুন না (obey), আমি যা বারণ করি তাই কর, তোমায় স্পষ্ট কথায় বলিতেছি, যদি তুমি পড়ায় ক্ষান্ত না হও (discontinue), আমি তোমায় বাটীতে থাকিতে দিব না।"

SECTION VII.

Combination and Resolution of Sentences.

It may sometimes be found convenient, if not necessary, to *blend together* short sentences or to *break up* long ones for the purpose of translation. In doing this, however, care must be taken that no sentence in the translation is made unusually long; for, in the hands of a school-boy, a long sentence is often sure to be ill-constructed. Besides, when merged into another, a sentence is likely to lose its own importance in the paragraph where it occurs. Then as regards breaking up a long sentence into smaller ones, it must be borne in mind that "short sentences, unvaried by long, have an abrupt effect in prose." Thus—

The boy was very smart for his age. He became a great favourite with all. He read his books morning and evening. He slept with another boy at night. But he would wake up at the slightest noise. He would look about himself in the room. When satisfied it was only a rat, he would sleep again.

The safest thing for the student to do is, therefore, to steer a middle course and make his sentences *neither too long nor too short*.

1. Two Bengali sentences occurring consecutively may, when one of them contains the principal thought and the other explains or adds to that thought, be conveniently treated together and blended into a single sentence in the translation.

Examples.

(*a*) জন স্মিথ একজন ইংরাজ। ইনি সমুদ্র দিয়া পৃথিবী পরিভ্রমণ করিয়াছেন—John Smith is an Englishman, *who has made a sea-voyage round the world.*

(*b*) "তাঁহার বাটীর সন্নিকটে, এক বিধবা বাস করিত। সে অতিশয় দরিদ্র ; তাহার কতকগুলি অপ্রাপ্তবয়স্ক সন্তান"—Near his house there lived a widow *who was very poor and had a number of children all under age.*

(*c*) 'রস্কো, ক্রমে ক্রমে দুই উৎকৃষ্ট ইতিহাস গ্রন্থ লিখিলেন। তাহাতে তাঁহার নাম, এককালে, দেশ বিদেশে, বিখ্যাত হইল'—Roscoe successively wrote two excellent historical works, *which spread his reputation both at home and abroad.*

(*d*) হরিদাস কলিকাতায় পৌঁছিয়াছে। সে অত্যন্ত পীড়িত—Haridás has arrived in Calcutta, *and is seriously ill.*

(*e*) সে এখানে কোট্‌স সাহেবের চিকিৎসাধীন আছে। সাহেব বিবেচনা করেন, সম্পূর্ণ আরোগ্য লাভ করিতে তাহার পূরা তিনমাস লাগিবে—He is now under the treatment of Dr. Coates, *who thinks it will take him full three months to recover his health.*

(*f*) তিনি স্বীকার করিয়াছিলেন যে এ সম্বন্ধে সত্বর ম্যাজিষ্ট্রেটের সহিত সাক্ষাৎ করিবেন। দুঃখের বিষয় সে অঙ্গীকার তিনি পালন করেন নাই—He promised soon to have an interview with the Magistrate on this subject—*a promise which, I regret to say, he has not fulfilled.*

NOTE.—The relatives *who, which*, and their various forms, and compounds, and also many conjunctions and conjunctive adverbs, serve as connecting links in English.

2. A long sentence in Bengali may sometimes be conveniently split up into two or more shorter ones, and then rendered by as many distinct English sentences.

Examples.

(*a*) "দৈববাণী শ্রবণে লোকের অন্তঃকরণ যেরূপ ভয়ে অভিভূত এবং শরীর যেরূপ রোমাঞ্চিত ও কম্পিত হয় আমার তাহা কিছুই

হইল না"—(1) On hearing a voice from heaven the heart of a man is benumbed with fear, the body quakes, and the hair stands on end. (2) *But I felt nothing of the kind.*

(*b*) "ইংরাজের ক্রীড়া পুতুল হইয়া থাকিতে অক্ষম হইয়া তিনি ইংরাজকে বাঙ্গালা দেশ হইতে তাড়াইয়া দিতে সঙ্কল্প করিলেন—গোপনে কার্য্যসিদ্ধির মানসে মুর্শিদাবাদ পরিত্যাগ করিয়া মুঙ্গেরে রাজধানী স্থাপন করিলেন"—(1) Unable to suffer himself to be a mere puppet in the hands of the English, he determined to turn them out of Bengal. (2) To bring this plan quietly to a successful issue, he left Moorshedabad and established his capital at Munghir.

(*c*) "বহু স্ত্রীতে পরিবৃত থাকিয়া নবাবগণ কাপুরুষ হইয়া যাইতেন, আত্মসুখ বিসর্জ্জন করিতে না পারিলে কোন মহৎ কার্য্য সিদ্ধ হয় না, তাই মীরকাশীম মুঙ্গেরে কোন বেগমকে লইয়া গেলেন না"—(1) Surrounded by many wives the Nabobs became effeminate. (2) But nothing great could be achieved without the sacrifice of one's own comforts. (3) It was for this reason that Meer Cossim took no *begums* (*wives*) with him to Munghir.

(*d*) এদেশে পরমেশ্বরের কৃপায় অন্নের অসদ্ভাব নাই, যৎকিঞ্চিৎ পরিশ্রম করিতে পারিলেই কোনরূপে দিনপাত করা যায়, এই জন্য এদেশে অতি বড় দীন দুঃখী লোকেও বাল্যকালে বিবাহ করিয়া থাকে এবং কতকগুলা সন্তান উৎপাদন করিয়া অসীম কষ্টে পতিত হয়—(1) Through the grace of God there is no want of food in this country. (2) With the least possible labour one can manage to live here from hand to mouth. (3) Hence even the poorest of the poor in this country marry at an early age, and after bringing into existence a large family, fall into endless misery.

EXERCISE.

1. Translate *combining* each pair of Bengali sentences into a single English sentence :—

(*a*) তাঁহার রামায়ণ, হিতোপদেশ, শেক্ষপীর, মিল সাহেবের আত্মচরিত (Mill's Autobiography) প্রভৃতি কয়েকখানি উৎকৃষ্ট গ্রন্থ ছিল। তিনি সেই গুলি পুনঃ পুনঃ পাঠ করিতেন।

(*b*) ব্রহ্মদেশে বিষম গোলযোগ (disorder) চলিতেছে। তথায় শান্তি স্থাপন করা বড় সহজ ব্যাপার নহে।

(*c*) রেলপথ বিষয়ক আইনের সংশোধন আবশ্যক। ব্যবস্থা-সচিব (the legal member) কর্ত্তৃক তাহার পাণ্ডুলিপি প্রস্তুত হইতেছে।

(*d*) সাইরাকিউস্ নগরে আর্কিমিডিস (Archimedes) নামক এক প্রসিদ্ধ গণিতজ্ঞ বাস করিতেন। তিনি বলিতেন 'যদি আমি পৃথিবীর বাহিরে একটু দাঁড়াইবার স্থান (standing place) আর আবশ্যক মত একটী দণ্ড (lever) পাই, তাহা হইলে পৃথিবীকে কক্ষচ্যুত করিতে পারি।'

(*e*) মদ্যপান অতি কদভ্যাস। ইহা মনুষ্যের চরিত্র নষ্ট করে (spoils).

(*f*) আমাদের ছোট লাট বাহাদুর বিহারে গিয়াছেন। তথায় সত্বর দুর্ভিক্ষ হইবার আশঙ্কা হইয়াছে।

(*g*) তোমার ব্যবহার দেখিয়া আমি আশ্চর্য্য হইয়াছি। এরূপ ব্যবহার, অতি মৃদুভাবে বলিলেও (to say the least of it), নিতান্ত জঘন্য।

(*h*) যদু আমাকে গালি দিয়াছিল। সে গালি আমি তাহাকে শীঘ্র ফিরাইয়া লইতে (to retract) বাধ্য করিব।

(*i*) "মীর কাসিম কৌন্সিলের মেম্বরদিগকে বিশ লক্ষ টাকা দিয়াছিলেন। সেই টাকা তাঁহারা যথাযোগ্য (according to their ranks or positions ভাগ করিয়া লইয়াছিলেন।"

(*j*) স্ত্রীলোকদিগের প্রতি সদয় ব্যবহার করিবে। তাহারা গৃহের আলোক স্বরূপ (as it were, the lights of our house).

(*k*) ভেকেরা যখন দেখিল যে কাষ্ঠ খণ্ড (the Log) স্থির আছে (lie stock-still) তখন সাঁতার দিয়া অগ্রসর হইতে লাগিল। ক্রমশঃ সাহসী হইয়া (till by degrees growing bolder and bolder) ভেকগণ তাহার

উপর লম্ফ দিয়া উঠিল এবং তাহাকে অতিশয় অবজ্ঞা করিতে লাগিল (treated it with the greatest contempt).

(*l*) একটা শৃগাল কোন গ্রামের ধারে বেড়াইতেছিল। দেখিল একটী কাক চঞ্চু-পুটে একখণ্ড মাংস লইয়া বৃক্ষের ডালে বসিয়া আছে (when seeing a crow perching, etc.), এবং বলিল "ভাই কাক, তুমি বড়ই সুন্দর পক্ষী, দুঃখের বিষয় তুমি ডাকিতে পার না"।

(*m*) পৃথিবী নিয়ত নিজ কক্ষে (orbit) ভ্রমণ করিতেছে। ইহা সৌর জগতের তৃতীয় গ্রহ।

(*n*) গঙ্গাতীরে হিন্দুদিগের অনেক তীর্থস্থান আছে। হিন্দুরা গঙ্গাকে দেবী বলিয়া পূজা করেন।

(*o*) স্কুলের ইন্‌স্পেকটার বিদ্যালয় পরিদর্শন করিয়াছেন। ইহার হাজির পুস্তকে (on its rolls) প্রায় ৩০০ ছাত্রের নাম আছে।

(*p*) পূর্ব্বকালে বঙ্গদেশে এক রাজা বাস করিতেন (there lived). তিনি অপত্যনির্ব্বিশেষে (as if they had been) প্রজা পালন করিতেন (ruled his subjects).

2. Translate, *resolving* each into two or more shorter sentences :—

(*a*) 'অসভ্যেরা অনেক স্থলে এখনও ধাতু-নির্ম্মিত দ্রব্যের ব্যবহার শিক্ষা করে নাই, তাহাদিগের অস্ত্র সকল অদ্যাপি (to this day) অস্থি, কাষ্ঠ বা প্রস্তর দ্বারা নির্ম্মিত হয়'।

(*b*) তুমি সম্বৎসর ধরিয়া পাঠে অবহেলা করিলে, সুতরাং পরীক্ষায় বিফল হইবে তাহাতে আর আশ্চর্য্য কি ?

(*c*) আমি নিশ্চয় জানি হরনাথ সেখানে যায় নাই, প্রত্যুত সারাদিন বাড়ীতে বসিয়া ছিল (kept at home) এবং দুই এক খানি পত্র লিখিয়াছিল।

(*d*) "এই ভাবে কিয়ৎ দূর গমন করিলে পর, সীতা সহসা ম্লানবদনা হইয়া (a sudden gloom settled on the face of Sita) লক্ষ্মণকে কহিলেন, বৎস ! এতক্ষণ আমি মনের আনন্দে আসিতেছিলাম, কিন্তু সহসা আমার ভাবান্তর উপস্থিত হইল (my feelings are changed); অন্তঃকরণ যারপরনাই ব্যাকুল হইতেছে, পৃথিবী শূন্যময় নিরীক্ষণ করিতেছি" (সীতার বনবাস)।

(*e*) "লক্ষ্মণ কহিলেন, দেবি ! (Madam,) বলিব কি, আমার বাক্য নিঃসরণ হইতেছে না (words stick in my throat) ; আর্য্যের আজ্ঞাবহ হইয়া আমার অদৃষ্টে যে এরূপ ঘটিবেক (such a misfortune should befall me, etc.), তাহা আমি স্বপ্নেও জানিতাম না"। (সীতার বনবাস)।

(*f*) "পুরাতন ভিত্তি-ভূমির উপর কিরূপে নূতনের মূল পত্তন করিতে হয় (how to lay the foundation of, etc.) তাহা শিক্ষা করিবার জন্য আমাদিগকে দূরে যাইতে হইবে না (we need not go far, etc.) আমাদের আপনাদের দেশেরই স্বর্গীয় মহাত্মারা—রামমোহন রায় প্রভৃতি সমাজ-সংস্কারকেরা—আমাদিগকে তাহার প্রকৃষ্ট পদ্ধতি (the best method) সুন্দর রূপে দেখাইয়াছেন" (সোনায় সোহাগা)।

(*g*) শৈশবাবস্থায় সন্তানগণকে পুত্রকন্যানির্ব্বিশেষে (without distinction of sex) পালন করিতে হয়, তৎপরে যথাসময়ে শিক্ষার্থে বিদ্যালয়ে প্রেরণ করিতে হয়, ইহা অনেকে কর্ত্তব্য বলিয়া বিবেচনা করেন না, প্রত্যুত তাহাদিগের জন্য পরিশ্রম ও অর্থ ব্যয় নিতান্ত অনাবশ্যক গণনা করিয়া থাকেন।

CHAPTER V.

Paragraphs.

A *Paragraph* has been defined as "a collection of sentences with unity of purpose."*

When we dwell at length upon a subject we distinguish its various aspects and relations, and consider them one by one in some sort of close order. Each aspect or relation, again, may, as it often does, call for protracted attention ; but when we have only a few simple thoughts upon it, they may be expressed in a few short sentences. These sentences, however, must needs be very closely connected with one another, pertaining, as they should do, to a *single* topic constituted by the particular aspect or relation kept in view. Sentences thus connected together make up a *Paragraph.*

A discourse on a subject is made up of paragraphs which distinctly mark the various points from which that subject is approached. If, for instance, the student were called upon to write a paper on the System of Hindu Marriage in Bengal, he should, of course, proceed by forming an outline and stating what might seem to him the principal points of the subject. Suppose he indicated the points as follows :—

1. Marriage, with the Hindus, is a religious contract, which can never be broken except by death, and even then, it is believed, there is no separation.

2. The knot is tied generally at an early age, the choice being practically left with the parents or guardians.

3. The children born of such wedlock cannot fail, in most cases, to be weak and short-lived.

---

* See Prof. Bain's Eng. Comp. p. 108.

4. No widow-marriage is allowed even though the widow may happen to be a mere girl, who has never seen or lived with her husband after marriage.

5. *Kulinism* has obtained a firm hold on Hindu society in Bengal since the time of Ballal Sen, giving rise to such evils as polygamy, deferred marriage, etc.

6. The middle-class people find it a ruinous affair to marry their daughters.

7. Attempts are now and then made to reform the system, but no practical good has yet resulted from them.

He might exaplain and amplify the foregoing sentences into as many *paragraphs*. And from a school-boy a paragraph on each of these points is all that can be reasonably expected. It must be remembered, however, that a practised writer can write a whole volume on each of these points taken separately.

It is not for us to give in this book hints for original composition. We only endeavour, by this digression, to show that in translating a paragraph, regard must be had to the fact that its sentences are closely connected with one another. It is not always enough, therefore, to render the sentences as they come to hand one by one. The translator should read carefully the whole paragraph and gather '*the unity of purpose*' that prevades it, before he sets to work with the pen. This will give him the advantage of comprehending the full import of the parts in the light of the whole. Besides, as we have already seen, it is sometimes convenient to combine two short sentences into one, which the student can ill manage unless he has previously got the purport of the whole paragraph clearly into his head.

With these preliminary remarks we now proceed to divide paragraphs, for our present purpose, into eight kinds, namely, (1) the *Descriptive*, (2) the *Narrative*, (3) the *Reflective*,

(4) the *Epistolary,* (5) the *Colloquial,* (6) the *Business,* (7) the *Conversational,* and (8) the *Miscellaneous.* We shall begin under each head by translating fully, as a specimen for the student, a paragraph or two, either extracted from some standard book, or of our own composition, and then give a number of similar paragraphs, with short hints inserted here and there parenthetically, for exercise to be done by the student himself.

SECTION I.

Descriptive Paragraphs.*

(1) "একখানি গৃহের চতুর্দ্দিক অগ্নিতে পরিবেষ্টিত হইয়াছিল, গৃহের সকলেই প্রাণভয়ে পলায়ন করিয়াছে, এমন সময়ে শোকাতুরা জননী বিলাপ করিতে করিতে সেই জ্বলন্ত গৃহে প্রবেশ করিতে যাইতেছেন। তাঁহার প্রাণাধিকা কন্যা সেই গৃহে রহিয়াছে—পলাইবার সময় সে কথা মনে ছিলনা। কল লইয়া যাহারা আসিয়াছিল, তাহাদের মধ্যে একজন সাহসী পুরুষ জননীকে সান্ত্বনা করিয়া স্বয়ং তাঁহার কন্যাকে অগ্নিময় গৃহ হইতে আনিবার জন্য ধাবমান হইলেন—এদিকে কল হইতে অবিরল ধারায় জলরাশি অগ্নির উপর বর্ষিত হইতে লাগিল। সাহসীপুরুষ গৃহমধ্যে প্রবেশ করিয়া দেখেন, চারিদিক ঘনীভূত ধূমে সমাচ্ছন্ন—সেখানে কাহাকেও দেখিতে পাইলেন না, কিন্তু বালিকাকে অগ্নি মধ্যে ফেলিয়া রাখিয়া নিজেই বা কেমন করিয়া শোকাতুরা জননীকে মুখ দেখাইবেন, তাই তিনি অন্ধকারে হস্তদ্বারা বালিকার অন্বেষণ করিতে লাগিলেন। বাহিরের লোক বহু বিলম্ব দেখিয়া তাঁহার মৃত্যু নিশ্চয় করিল। এদিকে গৃহমধ্যে অগ্নি জ্বলিয়া উঠিল—সে আলোকে বীর পুরুষ সুষুপ্তা বালিকাকে দেখিতে পাইয়া ক্রোড়ে করিলেন এবং ঊর্দ্ধশ্বাসে ঘরের বাহির হইলেন—চারিদিকে আনন্দের রোল পড়িয়া গেল।" কৃষ্ণকুমার মিত্র ; সুখ পাঠ।

Translation.

A house is surrounded with fire. The inmates have all fled for their life, when a grieving mother oppressed with sorrow is going to enter the blazing house. Her daughter, dearer to her than life, lies in that house, she having forgot her in her hurry to

* It is often very difficult, and for our present purpose not quite necessary, to discriminate critically between the *Descriptive* and the *Narrative.*

escape. Among the company that brings the fire-engine, there is a daring spirit, who consoles the mother and himself rushes into the blazing house to secure her daughter. Meanwhile, water is poured in unceasing torrents on the fire. On entering the house the brave man finds it all filled with dense smoke—he can see no one within it. But how can he show himself again to the mother so afflicted with grief if he leaves the girl in the midst of the fire? He, therefore, begins to grope about for her in the dark. The people without conclude from the delay that the man has perished. In the meantime, fire breaks out inside of the house itself. The hero now finds the girl by the light of that fire. He takes the sleeping child in his arms and rushes out of the house. Shouts of joy greet him from all sides.

(2) ভারতবর্ষের আকাশ (The political horizon of India) এক্ষণে নির্ম্মল দেখা যাইতেছে, কিন্তু তাহাতে এক হস্ত পরিমিত এক খণ্ড মেঘের উদয় হইতে পারে (a piece of cloud no bigger than a man's hand, or about the size of a man's hand). এই মেঘ ক্রমে বর্দ্ধিতায়তন হইয়া অবশেষে আমাদের সর্ব্বনাশ সাধন করিতে পারে। যাহা একবার সঙ্ঘটিত হইয়াছে, তাহা আবারও সঙ্ঘটিত হইতে পারে। বিবাদের কারণ পরম্পরা (the causes of alienation) ন্যূন হইয়াছে বটে, কিন্তু তাহা অপসারিত হয় নাই। এক্ষণেও অসন্তুষ্ট (discontented or disaffected) ও অবাধ্য ব্যক্তি আমাদের শাসনাধীনে আছে। আমাদের এখনও এরূপ প্রতিবাদী রহিয়াছে যে, তাহার প্রতি আমরা সম্পূর্ণরূপে সতর্কতাশূন্য হইয়া থাকিতে পারি না (off our guard) এবং আমাদের সীমান্তর্ভাগ (the frontier regions) এরূপ অবস্থায় রহিয়াছে যে সম্ভবতঃ তাহার কোন অংশে (in some part or other) কোনও সময়ে বিপদের উৎপত্তি হইতে পারে।

Entrance Exam. Paper, 1881.

(3) তারাসুন্দরী আজিমগঞ্জের রাণী ভবানীর কন্যা। তিনি এক দিবস বরাহনগর প্রাসাদের উপর আলুলায়িত কেশপাশ রৌদ্রে শুষ্ক করিতেছেন এমন সময় (sunning her dishevelled hair on the terraced roof, etc.—when) লম্পটস্বভাব সিরাজ উদ্দৌলা নৌকা যোগে (in a boat), গঙ্গার উপর দিয়া যাইতেছিলেন। তারাসুন্দরীর অসামান্য রূপলাবণ্য সিরাজের

নয়নগোচর হইল। নবাব তাঁহাকে দর্শন করিয়া এরূপ বিমোহিত হইলেন (captivated) যে তাঁহাকে বলপূর্ব্বক লইয়া যাইতে মনস্থ করিলেন। কিছুদিন পরে সিরাজ সসৈন্য বরাহনগরাভিমুখে আসিতেছেন এই সংবাদ পাইয়া (on hearing that, etc.) রাণী হতাশ হইয়া পড়িলেন, এবং গঙ্গার পর পারস্থিত সাধুভাগ নামক স্থানে জনৈক যোগীর আশ্রমে (hermitage) গমন করিলেন। তৎকালে যোগী ধ্যানমগ্ন ছিলেন (absorbed in meditation), স্ত্রীলোকের ক্রন্দনধ্বনি শুনিয়া তাঁহার ধ্যান ভঙ্গ হইলে রাণী তাঁহাকে আপনার বিপদের কথা নিবেদন করিলেন। "ভদ্রে (Madam), তোমার কন্যার কোন বিপদ ঘটিবে না, তুমি নিশ্চিন্ত থাক (be at your ease)." এই আশ্বাস দিয়া যোগী তাঁহাকে বাটীতে প্রত্যাগমন করিতে বলিলেন। এদিকে সিরাজ পথিমধ্যে এমন উৎকট পীড়ায় আক্রান্ত হইলেন যে স্বীয় দুরভিসন্ধি পরিত্যাগ করিয়া সত্বর স্বস্থানে প্রতিগমন করিতে বাধ্য হইলেন।

(4) "আলাউদ্দীন ভীম সিংহকে বন্দী করিয়া আপনার বিশ্বাসঘাতকতায় আপনি আহ্লাদ প্রকাশ করিতেছেন (rejoicing at his own teachery, or congratulating himself on the treachery he had practised) এমন সময়ে সংবাদ আসিল, চিতোর-লক্ষ্মী (the Light of Chitor) পদ্মিনী বহুসংখ্য দাসী সঙ্গে করিয়া তাঁহার সহিত দেখা করিতে প্রস্তুত হইয়াছেন। খিলজী সম্রাট সংবাদ পাইয়া আনন্দে অধীর হইল (was beside himself with joy), অধীরভাবে কল্পনার নেত্রে (with the mind's eye) কত সম্মোহন স্বপ্ন (charming visions) দেখিতে লাগিলেন। একে একে সাত শত শিবিকা (palanquins) তাঁহার শিবিরের সম্মুখে উপস্থিত হইল। এই সকল শিবিকায় পরিচারিকার পরিবর্ত্তে চিতোরের সাহসী বীরগণ অবস্থিত করিতেছিল। সুসময়ে (at the right moment) এই সকল বীর শিবিকা হইতে বাহির হইয়া আপনাদের সম্মানরক্ষার জন্য জীবন উৎসর্গ করিল (sacrificed). অদূরে যবন-সৈন্য অবস্থান করিতেছিল, রাজপুতগণের সহিত তাহাদের ঘোরতর সংগ্রাম বাধিল। বাদল সাহসী রাজপুতগণের অধিনেতা হইয়া আপনার বীরত্বের একশেষ (the highest pitch of his heroism) দেখাইতে লাগিলেন। * * * গোরা ভ্রাতুষ্পুত্রের সহকারী ছিলেন (was second in command to). পবিত্র সমরক্ষেত্রে তাঁহার পতন হইল। * * * অবিশ্রান্তভাবে যুদ্ধ চলিতে লাগিল, বীর বালক অবিশ্রান্তভাবে আপনার লোকাতীত বীরত্বের পরিচয় দিতে লাগিলেন। বিজয়-লক্ষ্মী (The Fortune of the day) বালকের অপূর্ব্ব বীরত্বে আকৃষ্টা হইলেন। ভীমসিংহ শত্রুর হস্ত হইতে মুক্তিলাভ করিলেন।

দুরন্ত আলাউদ্দীনকে পদ্মিনীর অধিকারের আশায় আপাততঃ জলাঞ্জলি দিতে হইল (had to give up all hope of securing)."

রজনীকান্ত গুপ্ত ; আর্য্যকীর্ত্তি।

(5) "ফিনীসিয়ার অনতিদূরে (Not far from Phœnicia) এক দ্বীপ আছে, তদুপরি টায়র নগর নির্ম্মিত হইয়াছে। দর্শন মাত্র (At first sight) বোধ হয় যেন উহা জলের উপর ভাসিতেছে এবং সমুদ্রের উপর আধিপত্য করিবার নিমিত্তই (to lord it over) নির্ম্মিত হইয়াছে। তথায় পৃথিবীস্থ সমস্ত দেশের (from all parts of the world) বণিকগণ আসিয়া মিলিত হয় ; তদ্দৃষ্টে আপাতত ইহাই প্রতীয়মান হয়, টায়র নগর কোন একটী স্বতন্ত্র জাতির রাজধানী নহে, ভূমণ্ডলস্থ যাবতীয় জাতির বাণিজ্য স্থান (emporium). তথায় দুইটী অর্ণবশাখা (arms of the sea) আছে, উহারা সর্ব্বক্ষণ জাহাজে এরূপ পরিপূর্ণ থাকে যে, জল দেখিতে পাওয়া যায় না, এবং দূর হইতে মাস্তুল সকল জঙ্গলের ন্যায় (like a forest) অবলোকিত হয়। টায়র নগরবাসী সকলেই বাণিজ্য করে (carry on trade) এবং অপরিমিত সম্পত্তিশালী হইয়াও সম্পত্তি বৃদ্ধি নিমিত্ত পরিশ্রমে পরাঙ্মুখ নহে। মিসর দেশ (Egypt) হইতে অশেষবিধ উত্তম উত্তম বস্ত্র তথায় বিক্রয়ার্থ (for sale) আনীত হয় (imported) নগরবাসীরা ঐ সকল বস্ত্র তথাকার প্রসিদ্ধ রক্তবর্ণে রঞ্জিত করিয়া এবং তাহার উপর সোনা রূপার কর্ম্ম করিয়া (embroidering them in gold and silver) অতি মনোহর করে। ফিনীসীয়েরা সর্ব্বত্রই বাণিজ্য করিতে যায়। তাহারা পৃথিবীস্থ অন্যান্য সমস্ত লোকের অপরিচিত (not known to the other nations of the world) নানা দ্বীপে গমনাগমন করে এবং তথা হইতে সুবর্ণ, গন্ধদ্রব্য (spices) ও অপরাপর নানা দুষ্প্রাপ্য (rare) বস্তু স্বদেশে আনয়ন করে।"

রাজকৃষ্ণ বন্দ্যোপাধ্যায় ; টেলিমেকস্।

(6) "ভূ-মণ্ডল যে কেমন প্রকাণ্ড বস্তু তাহা কেবল ব্যাস ও পরিধির পরিমাণ মাত্র জানিয়া সুন্দররূপে অনুভব করা যায় না (We cannot clearly conceive). যদি কোন উচ্চস্থানে দণ্ডায়মান হইয়া চতুর্দ্দিকে চারি ক্রোশ পর্য্যন্ত দৃষ্টি করা যায় (if we take our stand, etc., and observe, etc.) তাহা হইলে কত প্রকার পদার্থই একেবারে দৃষ্ট হইতে থাকে ! কত কত গ্রাম নগর পল্লী, বৃক্ষ গুল্ম লতা, ফল পুষ্প পত্র, শস্য তৃণ দূর্ব্বা, এবং মনুষ্য পশু পক্ষ্যাদি নানাবিধ জীব একেবারে দেখিতে পাওয়া যায় ! ঐ প্রশস্ত ভূমি-খণ্ড

প্রদক্ষিণ করিয়া আসিতে হইলে, প্রায় ২৫ ক্রোশ ভ্রমণ করিতে হয় (would be a circuit of nearly 50 miles), সমগ্র ভূ-মণ্ডলের উপরিভাগ উহার প্রায় ৯,৮০,০০০ নয় লক্ষ আশী হাজার গুণ। যদি আমরা প্রতি দিবস দশ ঘণ্টা অতি দ্রুত ভ্রমণ করত এক এক ঘণ্টায় এরূপ প্রশস্ত এক এক ভূমিখণ্ড একাদিক্রমে (one after another) দেখিয়া যাই, তাহা হইলেও ২৬৮ দুই শত আটষট্টি বৎসর নিয়ত না দেখিলে, পৃথিবীর উপরিভাগের সমুদায় অংশ (the whole surface of the earth) দৃষ্টিগোচর হয় না।"

অক্ষয়কুমার দত্ত; চারুপাঠ ১ম ভাগ।

(7) "প্রভাতে গাত্রোত্থান করিয়া দেখ (As you get up in the morning you see) তরঙ্গিণীর জলরাশি সমস্ত রাত্রি বহুপথ অতিবাহন করিয়া আসিয়াছে। সে আবার চলিল, তাহার বিশ্রাম নাই। রাত্রি থাকিতে থাকিতে আয়োজন করিয়া বৃক্ষ সকল পুষ্পের ডালা (offerings of flowers) সাজাইয়া রাখিয়াছে, উষার সঙ্গে সঙ্গে (with the twilight) বিহঙ্গগণ মধুর স্বরে পরস্পরকে জাগাইয়া, এখন দিক্কোণে গমন করিতেছে। ময়ূখমালী (The radiant sun) রাত্রিশেষে আলোক বিস্তার করিতে আরম্ভ করিয়াছে, এখন সে নির্দ্দিষ্ট সময়ে সমুদিত হইয়া করবিস্তার করিতে করিতে চলিল, উহার মুহূর্ত্তমাত্র দাঁড়াইবার আকাঙ্ক্ষা (desire) নাই! এ সময়ে তুমিও স্থির হইয়া থাকিতে পারিবে না। তোমাকেও কর্ম্ম করিতে হইবে। কিন্তু তুমি কি ঐ সকল অচেতন বা ইতর জীববৎ কালি যাহা করিয়াছিলে আজও তাহাই করিবে? তোমার কার্য্য সকল বহু সাধন সাপেক্ষ (Your acts require diverse appliances). তোমার উন্নতির বহু বিচার আছে (is open to much criticism). তোমাকে দিনে দিনে উত্তরোত্তর অধিকতর নিপুণতা ও উন্নততর জ্ঞান ও কর্ম্ম দেখাইতে হইবে (you must show day after day more skill, higher knowledge, and better work). কায়মনোবাক্যে (With the body, mind, and speech) তৎপ্রতি যত্নবান্ হও এবং সেই সাধনে (pursuit) সিদ্ধি লাভ কর।"

ঈশানচন্দ্র বসু; নারীনীতি।

(8) "অনেকে একত্রিত হইয়া গ্রাম্য লোকেরা দেখিতে আইল যে, কিরূপ জন্তু (what sort of a creature) আকাশ হইতে নামিয়াছে। দুই জন ধর্ম্ম-যাজক বলিলেন যে, ইহা কোন অলৌকিক জীবের দেহাবশিষ্ট চর্ম্ম (it was the skin—the remains of some unearthly being). শুনিয়া

গ্রামবাসিগণ তাহাতে ঢিল মারিতে আরম্ভ করিল এবং খোঁচা দিতে লাগিল (began to pelt at it and poke it with the point of their sticks). তন্মধ্যে ভূত আছে বিবেচনা করিয়া (supposing that it was dwelt in by a ghost) গ্রাম্য লোকেরা ভূত শান্তির জন্য (to exorcise it, to cast it out) দলবদ্ধ হইয়া মন্ত্রপাঠ পূর্ব্বক গ্রাম প্রদক্ষিণ করিতে লাগিল (went round the village in a body repeating sacred passages from the scriptures); পরিশেষে মন্ত্রবলে ভূত ছাড়িয়া পলায় কি না (whether sacred formulas would drive it away) দেখিবার জন্য আবার ধীরে ধীরে (at a slow pace) সেইখানে ফিরিয়া আসিল। ভূত তথাপি যায় না (would not depart). বায়ু সংস্পর্শে নানাবিধ অঙ্গভঙ্গী করে (made various motions or gestures). পরে একজন গ্রাম্যবীর (a village hero), সাহস করিয়া তৎপ্রতি বন্দুক ছাড়িল। তাহাতে ব্যোমযানের আবরণ ছিদ্রবিশিষ্ট হওয়াতে (being perforated), বায়ু বাহির হইয়া (a quantity of gas escaping) রাক্ষসের শরীর আরও শীর্ণ হইল। দেখিয়া সাহস পাইয়া আর একজন বীর গিয়া তাহাতে অস্ত্রাঘাত করিল। তখন ক্ষত মুখ দিয়া (through the gash made) বহুল পরিমাণে জলজন (Hydrogen gas) নির্গত হওয়ায়, বীরগণ তাহার দুর্গন্ধে ভয় পাইয়া রণে ভঙ্গ দিয়া পলায়ন করিল (beat a hasty retreat) ; কিন্তু এজাতীয় রাক্ষসের শোণিত ঐ বায়ু। তাহা ক্ষত মুখে নির্গত হইয়া গেলে, রাক্ষস ছিন্ন মুণ্ড ছাগলের ন্যায় (like a beheaded goat) 'ধড় ফড়' করিয়া (struggling) মরিয়া গেল।"

বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় ; গগনপর্য্যটন।

(9) "মহারাজ খাপ হইতে তরবারি খুলিলেন (drew). নক্ষত্র রায়ের সম্মুখে ধরিয়া বলিলেন, "ভাই এখানে লোক নাই, সাক্ষ্য নাই, কেহ নাই (nobody to witness your deed), ভাইয়ের বক্ষে ভাই যদি ছুরি মারিতে চাও (to plunge your dagger into the heart of your brother) তবে তাহার স্থান এই, সময় এই—এখানে কেহ তোমাকে নিবারণ করিবে না, কেহ তোমাকে নিন্দা করিবে না। তোমার শিরায় আর আমার শিরায় (veins) এক রক্ত বহিতেছে (flows), একই পিতা, একই পিতামহের রক্ত—তুমি সেই রক্তপাত করিতে (to shed) চাও ; কিন্তু মনুষ্যের আবাসস্থলে করিও না। কারণ, যেখানে এই রক্তের বিন্দু পড়িবে, সেই খানেই অলক্ষ্যে (unseen) ভ্রাতৃত্বের পবিত্র বন্ধন (the sacred ties of brotherhood) শিথিল হইয়া যাইবে। পাপের শেষ কোথায় গিয়া হয়, কে জানে (who knows

where sin will terminate)! পাপের একটী বীজ যেখানে পড়ে, সেখানে দেখিতে দেখিতে (instantly) গোপনে কেমন করিয়া সহস্র বৃক্ষ জন্মায় (a thousand plants grow up) কেমন করিয়া অল্পে অল্পে সুশোভন মানব-সমাজ অরণ্যে পরিণত হইয়া যায় (is turned into a wilderness), তাহা কেহ জানিতে পারে না। অতএব নগরে, গ্রামে, যেখানে নিশ্চিন্তচিত্তে (in security) পরমস্নেহে (in warm affection) ভাইয়ে ভাইয়ে গলাগলি করিয়া আছে (live with their arms thrown about each other's neck), সেই ভাইদের নীড়ের (abode) মধ্যে ভাইয়ের রক্ত পাত করিও না। এই জন্যেই তোমাকে আজ অরণ্যে ডাকিয়া আনিয়াছি।"

"এই বলিয়া রাজা নক্ষত্ররায়ের হাতে তরবারি দিলেন। নক্ষত্র রায়ের হাত হইতে তরবারি ভূমিতে পড়িয়া গেল। নক্ষত্র রায় দুই হাতে মুখ ঢাকিয়া কান্দিয়া উঠিয়া রুদ্ধকণ্ঠে (with his voice choked with emotions) কহিলেন, "দাদা! আমি দোষী নই—একথা আমার মনে কখনও উদয় হয় নাই" (the thought never crossed my mind)."

রবীন্দ্রনাথ ঠাকুর; রাজর্ষি।

SECTION II.

Narrative Paragraphs.

(1) "তিনি (হালহেড সাহেব) অত্যন্ত পরিশ্রমপূর্ব্বক বাঙ্গালা পাঠ করিয়াছিলেন এবং ইঙ্গরেজদের মধ্যে তিনিই প্রথমে এই ভাষায় বিশিষ্টরূপে ব্যুৎপন্ন হইয়াছিলেন। ১৭৭৮ সালে তিনি বাঙ্গালা ভাষায় এক ব্যাকরণ প্রকাশ করেন। তৎপূর্ব্বে কোনকালে এরূপ গ্রন্থ ছিল না, তৎকালে রাজধানীতে ছাপার যন্ত্র ছিল না অতএব উক্ত গ্রন্থ হুগলিতে মুদ্রিত হয়। চিরস্মরণীয় শ্রীযুক্ত চার্লস উইল্কিন্স সাহেব পূর্ব্বাবধি দেশীয় নানা ভাষা অধ্যয়ন করিতে আরম্ভ করেন। তিনি অতিশয় শিল্পদক্ষ ও অত্যন্ত উৎসাহশালী ছিলেন। তিনিই সর্ব্বাগ্রে স্বহস্তে ক্ষুদিয়া ও ঢালিয়া এক সাট বাঙ্গালা অক্ষর প্রস্তুত করেন। ঐ অক্ষরে তাঁহার বন্ধু হালহেড সাহেবের ব্যাকরণ মুদ্রিত হইল।"

বিদ্যাসাগর কৃত বাঙ্গালার ইতিহাস।

Translation.

He (Mr. Halhed) had studied Bengali with great labour, and was the first Englishman who acquired special proficiency in

that language. In the year 1778 he published a grammar in Bengali, which was the first of its kind in that tongue. As there was no printing press at the time in the metropolis, the book was printed at Hughli. Mr. Charles Wilkins, of immortal memory,* who had already commenced studying the various native languages, possessed considerable artistic skill and a good deal of earnestness. It was he who engraved and cast with his own hands the first fount of Bengali types with which his friend Mr. Halhed's book was printed.

(2) "ঠগ নামে এক সম্প্রদায় দুষ্টলোক (a band of ruffians called Thugs) ভারতবর্ষের সর্ব্বস্থানে বিশেষতঃ উত্তর পশ্চিমাঞ্চলে সর্ব্বদা দৌরাত্ম্য করিত (infested), ইহারা কালীপূজা করিয়া দলে দলে (in gangs) বাহির হইত এবং পথিকবেশে (in the disguise of pilgrims) পথিকদিগের সহিত, মিশিয়া, সুযোগক্রমে (would take the first opportunity of, etc.) তাহাদের গলায় ফাঁস দিয়া (by drawing tight a noose about their necks) প্রাণসংহার পূর্ব্বক সর্ব্বস্ব হরণ করিত। এই রূপে মনুষ্য হত্যা তাহাদের জীবিকার উপায় (means of livelihood) এবং ধর্ম্মকার্য্যেরও অঙ্গ ছিল (and formed a part and parcel of their religion). ১৮২৯ অব্দে স্লিমান সাহেব (Captain Sleeman) গবর্ণর সাহেব কর্ত্তৃক ঠগী নিবারণে নিযুক্ত হইয়া প্রায় দুই সহস্র ঠগের বিনাশ সম্পাদন পূর্ব্বক (executed) উহাদের উপদ্রব হইতে পথিকদিগের প্রাণ রক্ষা করেন।"

রামগতি ন্যায়রত্ন কৃত ভারতবর্ষের সমস্ত ইতিহাস।

(3) "রাজা দশরথের জ্যেষ্ঠা মহিষী কৌশল্যার গর্ভজাত পুত্র (uterine son; or son of Dasarath by his first wife, etc.) রামচন্দ্র। তিনি মিথিলা-রাজ জনকের কন্যা সীতারে বিবাহ করেন। পিতৃ-সত্য পালন জন্য (To fulfil his father's plighted troth) বিমাতা কৈকেয়ীর পুত্র ভরতকে রাজ্য দিয়া প্রিয়তমা পত্নী সীতা ও স্নেহাস্পদ ভ্রাতা লক্ষ্মণের সহিত ১৪ বৎসর বনে বনে বাস করেন। বনবাস কালে লঙ্কার (Ceylon) অধিপতি রাক্ষস-রাজ রাবণ বৃদ্ধ তপস্বী বেশে (in the disguise of) আসিয়া গোদাবরী নদীর তীরবর্ত্তী পঞ্চবটী নামক বন (a forest named Panchabati,—*i. e.*, of *five banian* trees) হইতে সীতাকে হরণ করিয়া

* "The ever to be remembered Mr. Charles Wilkins" *Marshall.*

লইয়া যায়। রাম সাগর বন্ধন পূর্ব্বক (by throwing up a bridge, or building a dam, over the sea) লঙ্কায় গিয়া রাবণকে সবংশে নিধন ও প্রিয়ার উদ্ধার করেন। বনবাসের নির্দ্দিষ্টকাল (the term of exile) গত হইলে রাম অযোধ্যার রাজা হন। তিনি অতি ধার্ম্মিক, পরাক্রান্ত ও প্রজা-রঞ্জন (popular) রাজা ছিলেন। প্রথিত আছে, তিনি কেবল প্রজাদিগের সন্তোষের জন্য মিথ্যা অপবাদে (on account of a false imputation) প্রিয়তমা পত্নী গর্ভবতী (who was then big with child) সীতারে বনবাস দেন। রামচন্দ্র দাক্ষিণাত্যের অনেক স্থান অধিকার করিয়া কাবেরী নদীর তীরবর্ত্তী (situated on the banks of the Caveri) দণ্ডকারণ্যে অবস্থিতি নির্দ্দেশ পূর্ব্বক (fixed his abode in) তথায় হিন্দু প্রভুতার সূত্রপাত করেন (laid the foundation of the Hindu supremacy)."

বালকনাথ দত্ত কৃত ভারতবর্ষের ইতিহাস।

(4) "উড়িষ্যা বিজয় করিয়া (after the conquest of Orissa) আলিবর্দ্দি আমোদ প্রমোদ করিতেছেন (was rejoicing), এমন সময় (when) শুনিতে পাইলেন যে মারহাট্টারা তাঁহার রাজ্য আক্রমণ করিয়াছে। মারহাট্টারা হিন্দু এবং তাহাদিগের বাসস্থান পশ্চিম এবং মধ্য ভারতবর্ষে। তাহারা তৎকালে ভারতবর্ষ মধ্যে সর্ব্বাপেক্ষা ক্ষমতাশালী হইয়া উঠিয়াছিল; ১৭২০ খৃঃ অব্দে সম্রাট মহম্মদসাহ তাহাদিগের অত্যাচার নিবারণার্থে (to prevent their ravages; or freely,—to *buy them off*) তাহাদিগকে দক্ষিণাপথের চৌথ (*chauth*) অর্থাৎ রাজস্বের এক চতুর্থাংশ (the fourth part of the revenues) দিতে চাহিলেন। তাহারা এই চৌথের (this back-mail) দাবী সর্ব্বত্রই করিত। ১৭৪১ খৃঃ অব্দে তাহারা বাঙ্গালা আক্রমণ করিয়া ভাগীরথীর পশ্চিম তীরবর্ত্তী প্রদেশ অধিকার করে ও লুটপাঠ করিয়া প্রজাদিগকে যৎপরোনাস্তি কষ্ট প্রদান করে (and the people suffered terribly from their rapacity). ইংরেজেরা তাহাদিগের ভয়ে কলিকাতা রক্ষার্থে (to defend Calcutta from their fearful inroads) মারহাট্টা খাত (the Marhatta Ditch) কাটিতে আরম্ভ করেন। পরবৎসর আলিবর্দ্দি তাহাদিগকে কাটোয়ার নিকটে পরাজিত করিয়া দেশ হইতে বহিষ্কৃত করেন (১৭৪২)। অনন্তর তাহারা বারংবার এতদ্দেশ (this province) আক্রমণ করিয়া সুবাদারকে ব্যতিব্যস্ত করে (worried him by repeated incursions). পরিশেষে আলিবর্দ্দি তাহাদিগকে কটক প্রদেশ প্রদান করিয়া (by ceding to them the province of Orissa) এবং বাঙ্গালার চৌথ স্বরূপ বৎসর বৎসর

বার লক্ষ টাকা দিতে স্বীকার করিয়া (by agreeing to pay, etc.) সন্ধি করেন (১৮৬১)।" রাজকৃষ্ণ মুখোপাধ্যায় কৃত বাঙ্গালার ইতিহাস।

(5) "রণজিৎ সিংহের মৃত্যুর পর লাহোর দরবার উচ্ছৃঙ্খল হইয়া উঠে (got into disorder). রাজ্যমধ্যে নরহত্যা সজ্ঘটিত ও নর শোণিত-স্রোত প্রবাহিত হইতে থাকে (human blood was shed like water). একজনের পর আর একজন, লাহোরের গদিতে অধিষ্ঠিত হইতে থাকেন। অবশেষে (till at last) রণজিৎ মহিষী মহারাণী ঝিন্দন আপনার শিশু পুত্র দলীপ সিংহের নামে (in the name of her infant son, Duleep Sing) রাজ্য শাসনে প্রবৃত্ত হন। এই সময় শিখদিগের সহিত ইংরাজদিগের যুদ্ধ উপস্থিত হয়। ব্রিটিস সেনানায়কদিগের অসীম চাতুরীর প্রভাবে (through the infinite artifice of the English generals) ও আপনাদের সেনাপতিগণের অশ্রুতপূর্ব্ব বিশ্বাস-ঘাতকতায় (and for the unheard-of treachery practised by their own leaders) শিখেরা পরাজয় স্বীকার করে।

রজনীকান্ত গুপ্ত প্রণীত আর্য্যকীর্ত্তি।

(6) "আজ পর্য্যন্ত (to this day) ভারতের প্রকৃত ইতিহাস লিখিত হয় নাই। কোন কোন সঙ্কীর্ণ-হৃদয় বিদেশীর হস্তে পড়িয়া (In the hands of some narrow-minded foreigners) ভারতের ইতিহাস অনেক স্থলে কলঙ্কিত ও অনেক স্থলে অতিরঞ্জিত (overcoloured) বা অরঞ্জিত (under-coloured) হইয়া উঠিয়াছে। কিন্তু এই সঙ্কীর্ণতার মধ্যেও দুই একজন অপক্ষপাত লেখকের সত্যনিষ্ঠায় উদারতার সম্মান রক্ষিত হইয়াছে (the dignity of candour is sustained), যদি এইরূপ অপক্ষপাত (impartial) ও উদার-স্বভাব ঐতিহাসিক ভারতের ইতিহাস লিখিতে প্রবৃত্ত হন, তাহা হইলে তিনি অসঙ্কুচিত-চিত্তে (without the least hesitation) নির্দ্দেশ করিবেন যে, স্বজাতি-দ্রোহী (the traitors) রাজা লালসিংহ ও সর্দ্দার তেজসিংহ গোপনে কাপ্তেন নিকলসন্ ও কাপ্তেন নরেন্সের সহিত ষড়যন্ত্র না করিলে (unless, etc.—entered into a conspiracy with, etc.) প্রথম শিখ যুদ্ধে রণজিতের সুশিক্ষিত খালসা সৈন্য ব্রিটিশ সেনার নিকট মস্তক অবনত করিত না (bend their head to)." *ibid.*

(7) "ইঙ্গরেজ অধিকারে (under the British rule) ভারতবর্ষের অবস্থা পরিবর্ত্তিত হইয়াছে। ভারতবর্ষীয়েরা অনেক নূতন বিষয় শিখিতেছে। অনেক নূতন বিষয় (many innovations) প্রবর্ত্তিত হওয়ায় ভারতবর্ষের

আভ্যন্তরীণ অবস্থা (internal state) ক্রমে ভাল হইয়া উঠিতেছে। চারিদিকে রেলওয়ে ও টেলিগ্রাফ হওয়াতে সকল স্থানে যাতায়াতের ও সকল স্থানে সংবাদ প্রেরণের বিস্তর সুবিধা ঘটিয়াছে (much facilitated). মুসলমানদিগের শাসনকালে এরূপ সুবিধা ছিল না। তখন চোর ডাকাইতের বিশেষ প্রাদুর্ভাব ছিল। কোন দূরতর স্থানে যাইতে হইলে জীবন সঙ্কটাপন্ন হইয়া উঠিত (was brought into jeopardy). শিশুহত্যা (infanticide) গঙ্গাসাগরে শিশু সন্তান নিক্ষেপ, নরবলি, সতীদাহ (the self-immolation of the *Suttee*) প্রভৃতি কতকগুলি কুপ্রথা ইংরেজের অধিকারে উঠিয়া গিয়াছে (abolished). ইংরেজ অধিকারে কাহারও কোনরূপ ধর্ম্মানুষ্ঠানের ব্যাঘাত হয় না (interfered with). মহারাণী ভিক্টোরিয়া যখন ভারত সাম্রাজ্যের শাসনভার গ্রহণ করেন, তখন স্পষ্টাক্ষরে (explicitly or in unmistakable terms) প্রধান রাজপুরুষদিগকে এবিষয়ে সাবধান করিয়া দিয়াছেন (warned—about)." রজনীকান্ত গুপ্ত প্রণীত ইংরেজ রাজত্ব।

(8) "ট্রয়ের অধিপতি রাজা প্রায়মের হেক্টর ও পারিস নামে দুই পুত্র ছিলেন। পারিস গ্রীসদেশের অন্তঃপাতী স্পার্টানগরে উপস্থিত হইলে তত্রত্য রাজা (the local king) মেনেলেয়স্ তাঁহার অভ্যাগতোচিত সৎকার ও সমাদর করিলেন (received him with all the respect and hospitality due to a noble guest). পারিস তদীয় আবাসে পরম সমাদরে অবস্থিতি করিতে লাগিলেন। মেনেলেয়সের মহিষী হেলেন পরম সুন্দরী ছিলেন, তৎকালে ভূমণ্ডলে তাঁহার তুল্য রূপলাবণ্যবতী রমণী আর কেহ ছিল না (had no rival in the whole world in beauty and personal graces). ক্রমে ক্রমে পারিসের সহিত তাঁহার সাতিশয় সদ্ভাব ও প্রণয় জন্মিল। সেই সময়ে মেনেলেয়স্ কার্য্যবশতঃ (on business) ক্রীট দ্বীপে গমন করিলে পারিস তদীয় অনুপস্থিতিরূপ সুযোগ দেখিয়া (took advantage of his absence) রাজমহিষী অপহরণ পূর্ব্বক স্বদেশে পলায়ন করিলেন (to elope with the queen to his own country). কিছুদিন পরেই মেনেলেয়স্ ক্রীট হইতে প্রত্যাগত হইলেন এবং পারিসের এইরূপ অদৃষ্টচর ও অশ্রুতপূর্ব্ব কৃতঘ্নতা ও বিশ্বাসঘাতকতা দর্শনে সতিশয় কুপিত হইয়া প্রতীকার চেষ্টা করিতে লাগিলেন (tried to wreak vengeance on the wrong-door). তিনি পারিসের নামে অভিযোগ ও নিজ মহিষী প্রত্যানয়ন করিবার উদ্দেশে (with a view to, etc.) ইউলিসিসের সমভিব্যাহারে ট্রয়নগরে গমন করিলেন; কিন্তু কৃতকার্য্য হইতে পারিলেন না; অধিকন্তু ট্রয়বাসীরা

তাহাদিগের উভয়ের প্রাণবধের উদ্যম করিয়াছিল (attempted the lives of both)." রাজকৃষ্ণ বন্দ্যোপাধ্যায়।

Proper Names in the above—*Troy*, *Priam*, *Hector*, *Paris*, *Greece*, *Sparta*, *Menelaus*, *Ulyses*, *Helen*.

(9) যে দিন হিন্দুকুলসূর্য্য বীরপুঙ্গব প্রতাপসিংহ. স্বদেশ-প্রেমিকতা ও সন্ন্যাসধর্ম্মের (asceticism, self-denial) পরাকাষ্ঠা প্রদর্শন করিয়া ইহলোক হইতে বিদায় গ্রহণ করিলেন, সেই দিন মিবার-ভূমি যে নিবিড় বিষাদ তমসায় (gloom) আচ্ছন্ন হইয়া পড়িল, সে তমসা অমর, কর্ণ বা জগৎ সিংহ কেহই দূর করিতে পারেন নাই (could not dispel). কিন্তু বীরকেশরী রাজসিংহ আপনার অদ্ভুত বিক্রম ও জ্বলন্ত স্বদেশ-প্রেমিকতার বলে (by dint of his wonderful courage and spirited patriotism) সে তমসা সম্পূর্ণরূপে দূর করিয়া মিবারের প্রণষ্ট গৌরব পুনরুদ্ধার করিতে (restore the fallen glory) সক্ষম হইয়াছিলেন। যেরূপ অবিশ্রান্ত (untiring) বিক্রম ও অধ্যবসায়ের সহিত তিনি দুর্দ্ধর্ষ আরঙ্গজীবের বিরুদ্ধে অসিধারণ করিয়া (took up the sword and, etc.) তাঁহার দর্প চূর্ণীকৃত করিয়াছিলেন (humbled, made his pride kiss the ground), তাহাতে তাঁহার স্বদেশ-প্রেমিকতার সুস্পষ্ট পরিচয় (unmistakable proof) প্রাপ্ত হওয়া যায়, রাজসিংহ প্রতাপসিংহের উপযুক্ত বংশধর (worthy descendant) ; সেই জন্যই ভারতের সেই ভীষণ প্রলয়কালে দলিত (down-trodden) ও উৎপীড়িত হতভাগ্য ভারতসন্তানগণের উদ্ধারার্থে তিনি প্রচণ্ড বিক্রান্ত মোগল সম্রাটের বিরুদ্ধে কঠোর প্রতিদ্বন্দ্বিতাক্ষেত্রে অবতীর্ণ হইয়াছিলেন (descended into the most hazardous competition with the redoubtable Moghal Emperor). ভারতের সেই নিদারুণ অধঃপতনকালে যদি তিনি সমুদ্ভূত না হইতেন, তাহা হইলে বোধ হয় হিন্দুজাতি ও সনাতন হিন্দুধর্ম্মের অস্তিত্ব পর্য্যন্ত বিলুপ্ত হইয়া যাইত (even the existence of——would have been wiped away from the face of the earth)."

রাজস্থান (Barat Press).

(10) "গত সিপাহী বিদ্রোহের পর ১৮৫৭ অব্দের ২রা আগষ্ট মহারাণী ভিক্টোরিয়া ইষ্ট ইণ্ডিয়া কোম্পানির হস্ত হইতে ভারতবর্ষের কার্য্যভার স্বহস্তে গ্রহণ করিয়াছিলেন (took over the reins of Government into her own hands), কিন্তু তৎকালে "ভারতেশ্বরী" (the Empress of India)

এই উপাধি তাঁহার গ্রহণ হয় নাই। এক্ষণে ১৮৭৭ অব্দের ১লা জানুয়ারি দিল্লীতে মহাড়ম্বরের সহিত (with great *eclat*) ঐ উপাধি গ্রহণ কার্য্য (the ceremony of assuming the title) সম্পন্ন হইল। ভারতবর্ষের ভিন্ন ভিন্ন প্রদেশের গবর্ণরগণ, মহারাজ, রাজা, সর্দ্দার, নবাব, বেগম প্রভৃতি দেশীয় ও ইউরোপীয় সমস্ত সম্ভ্রান্ত লোকেই দিল্লীর মহাদরবারে (the grand Durbar) আহূত ও উপস্থিত হইলেন। লর্ড লিটন্ বিশেষ দক্ষতা (dexterity) সহকারে সকল বিষয়ের সুব্যবস্থা করিলেন—সকলেরই যথোচিত (as became his rank) সম্মানরক্ষা করিলেন—এবং অতি সুশৃঙ্খলরূপে (without a hitch) সমস্ত কার্য্যের সমাধা করিলেন। যে দিন দিল্লীতে ঐ মহাদরবার হয়, সেই দিন সমস্ত প্রধান প্রধান স্থানেও এক একটী দরবার হইয়াছিল, এবং মহারাণীর ঘোষণাপত্র (Proclamation) তত্তদ্দেশীয় ভাষাতেই পঠিত হইয়াছিল। এম্প্রেস অব ইণ্ডিয়া এই নূতন নামে মুদ্রিত (struck) টাকা ঐ দিনেই প্রচারিত হইল (was circulated). দিল্লীতে রাজগণের সমাগম দেখিয়া দেশীয় লোকদিগের মনে উঠে (reminded the natives of, etc.) যে, যে ইন্দ্রপ্রস্থে রাজা যুধিষ্ঠির রাজসূয় যজ্ঞ করিয়াছিলেন, ইংরেজেরা সেই স্থানেই আবার রাজসূয় যজ্ঞ করিলেন।"

রামগতি ন্যায়রত্ন ; ভারতবর্ষের সমস্ত ইতিহাস।

SECTION III.

Reflective Paragraphs.

(1) "কেহ কেহ এরূপ দুরাকাঙ্ক্ষ যে কিছুতেই তৃপ্ত নহে। তাহাদের যত অর্থ লাভ ও যত পদ-বৃদ্ধি হইতে থাকে, লালসা-রূপ অগ্নিশিখা ততই প্রজ্বলিত হইয়া তাহাদিগকে অশেষ প্রকার উৎপাতে পাতিত করে। তাহারা প্রচুর ধনশালী হইয়াও সতত উদ্বিগ্ন ও উৎকণ্ঠিত চিত্তে দিন যাপন করে। সন্তোষ এরূপ অনর্থক উদ্বেগের মহৌষধ ইহা তাহারা অবগত নয়। সন্তোষ যেমন সুখজনক অসন্তোষ তেমনি দুঃখজনক। মনুষ্যেরা সকল অবস্থাতেই সন্তোষরূপ স্পর্শমণি দ্বারা সুখ-স্বরূপ স্বর্ণলাভে সমর্থ হইতে পারে। কিন্তু অতিশয় অসন্তুষ্ট অবস্থাতে অবস্থিত হইলেও যে দুঃখশান্তির চেষ্টা না করিয়া সন্তুষ্টচিত্তে চিরকাল কষ্ট স্বীকার করিবে এমত নয়।"

অক্ষয়কুমার দত্ত ; চারুপাঠ, ১ম ভাগ।

Translation.

Some people are too avaricious to be contented with anything. The more they grow in wealth and power, the hotter burns the flame of greed within them, and they are thereby put to various troubles. In spite of their great wealth they always live a life of disquietude and extreme anxiety. That contentment is the great remedy for this needless unrest is not known to them. Discontent renders men as miserable as contentment makes them happy. Whatever their condition, men may attain to happiness by means of contentment, which, like a philosopher's stone, can turn every thing it touches into gold. It is not to be understood, however, that one should rest contented through life with one's lot even though [it were most miserable (or, however miserable it might be), and make no efforts to improve it.

(2) শিশুগণের অনুকরণ প্রবৃত্তি বড়ই প্রবল। শিশুরা অন্যকে যাহা করিতে দেখে তাহাই করে। এই জন্য পিতামাতার সাবধান হওয়া উচিত যে শিশুগণ মন্দ দৃষ্টান্ত দেখিতে না পায়। যেমন কতক গুলি কীট আছে তাহারা যে উদ্ভিদ ভক্ষণ করে তাহারই বর্ণ প্রাপ্ত হয়, সেইরূপ শিশুরা যেমন সংসর্গে বাস করে সেইমত চরিত্র আকর্ষণ করে। "সংসর্গজা দোষগুণা ভবন্তি"।

Translation.

The imitative propensity of infants is very strong. They do whatever they see others do. Parents should, therefore, take care that no bad example is set to them. Just as some worms take the colour of the plants they feed on, children imbibe the character of those they live with. Their virtues and vices are all generated of the company they keep.

(3) অল্প বয়সে আমাদের যে সকল অভ্যাস হয় (the habits we contract, etc.) তাহা প্রায় জীবনান্ত পর্য্যন্ত (to the last) থাকিয়া যায়।

ভালই হউক আর মন্দই হউক, কোন কিছু একবার অভ্যস্ত হইয়া গেলে (when a habit is once grown upon us) তাহা সহজে পরিত্যাগ করা যায় না। অভ্যাসের এতাদৃশী শক্তি আছে বলিয়া ইহাকে "দ্বিতীয় স্বভাব" বলে। যাহারা বাল্য কালে মধ্যে মধ্যে মিথ্যা কথা কহে অথবা সামান্য সামান্য দ্রব্য চুরি করে, মিথ্যা-কথন ও চৌর্য্য তাহাদিগের চরিত্রে এরূপ বদ্ধমূল হইয়া যায় (strike such deep root into their character) যে উত্তর কালে তাহারা অনেক চেষ্টা করিয়াও তাহা সম্পূর্ণ নির্ম্মূল করিতে (eradicate) সমর্থ হয় না। যে বালক সময়ে (betimes) পাঠে মনঃসংযোগ করিতে শিক্ষা না করে, সে বড় হইলে কখনই চিন্তাশীল হইতে পারে না। কথাতেই বলে, "চারাটী যেদিকে বাঁকিবে গাছটী সেই দিকেই হেলিয়া থাকিবে" (As bends the twig, etc.)

(4) অনেক বালক সময়ের মূল্য জানে না। সময় একবার অতীত হইলে যে আর কখনও ফিরিয়া আইসে না ইহা তাহারা সম্যক প্রণিধান করিতে পারে না (cannot fully realize to themselves). তাহারা মনে করে "যখন আমাদের সম্মুখে দীর্ঘজীবন পড়িয়া রহিয়াছে, তখন একটু সময় বৃথা ব্যয়িত হইল তাহাতে আইসে যায় কি ? (what signifies it if, etc). এই কর্ত্তব্য কর্ম্মগুলি অদ্য সম্পন্ন হইল না—চিন্তা কি ? (never mind)—কল্য করা যাইবে"। তাহাদিগের বিবেচনা করা উচিত যে কাল করিব বলিয়া কোন কাজ ফেলিয়া রাখিলে তাহা সম্পন্ন করা ভার হয়, কারণ কাল আবার নূতন কর্ত্তব্যকর্ম্ম (fresh duties) আসিয়া উপস্থিত হইবে, তাহা শেষ করিয়া অদ্যকার অসম্পন্ন (unfinished) কার্য্য গ্রহণ করিতে যথেষ্ট সময় না থাকিতেও পারে। আর এক কথা (Besides), যখন একটু একটু সময় লইয়াই আমাদের জীবনকাল—তখন সেই একটু একটু সময় অগ্রাহ্য করিলে সমস্ত জীবনকেই উপেক্ষা করা হয়। ইংরাজীতে প্রবাদ আছে—"পয়সাগুলির (pence) প্রতি যত্ন কর, টাকাগুলি (pounds) আপনাদের যত্ন আপনারাই করিবে।" বস্তুতঃ সময়ের ছোট ছোট অংশগুলিকে পয়সা অপেক্ষা সহস্রগুণ অধিক মূল্যবান্ ভাবিবে, কারণ পয়সা গেলে পয়সা আইসে, কিন্তু সময় গেলে সময় ফিরে না।

(5) "আমাদের দেশের অনেক ভদ্রসন্তান শারীরিক পরিশ্রম করিতে (to resort to bodily labour) অপমান বোধ করেন (thinks it beneath their dignity), এরূপ করা কখনই পৌরুষের কার্য্য নহে (but there is little that is manly in a conduct like this).

শ্রমসাধ্য (involving labour) ব্যবসায় অবলম্বন করিতে একান্ত পরাঙ্মুখ (averse) এজন্য অন্নাচ্ছাদন জুটিয়া উঠা ভার হইয়াছে (they can hardly earn their livelihood). উহারা বৃথা জাত্যভিমান ও বংশমর্য্যাদার অনুরোধে (Inspired with idle sentiments about caste and high birth) ক্রমশঃ হীনাবস্থায় পতিত হইতেছে (sinking lower and lower into the depth of misery), অনেকে অন্যের গলগ্রহ হইয়া পড়ে (would hang on others), কেহ কেহ ভিক্ষোপজীবী হইয়া উঠে (would have recourse to begging) তথাপি (rather than) স্বীয় পরিশ্রম দ্বারা অর্থোপার্জ্জন করিতে চাহে না। শারীরিক পরিশ্রম অভাবে অনেকে স্থূলকায় হয়, কিন্তু তাহাদের শরীরে কিছুমাত্র সামর্থ্য (strength) থাকে না।"

রাধিকাপ্রসন্ন মুখোপাধ্যায় ; স্বাস্থ্যরক্ষা।

(6) "অনুকরণ যে গালি (a word of reproach) বলিয়া আজিকালি পরিচিত হইয়াছে তাহার কারণ প্রতিভাশূন্য (destitute of genius) ব্যক্তির অনুকরণ প্রবৃত্তি। অক্ষম ব্যক্তির কৃত অনুকরণ অপেক্ষা ঘৃণাকর আর কিছুই নাই (nothing is more contemptible than, etc.) ; একে মন্দ, তাহাতে অনুকরণ (Dullness in itself is bad enough, but when imitation is added to it, it becomes worse still) নচেৎ অনুকরণ মাত্র ঘৃণ্য নহে এবং বাঙ্গালির বর্ত্তমান অবস্থায় তাহা দোষেরও নহে (cannot be found fault with); বরং (on the contrary) এরূপ অনুকরণই স্বভাবসিদ্ধ। ইহাতে যে বাঙ্গালির স্বভাবের কিছু বিশেষ দোষ (defect) আছে এমন বোধ করিবার (for the conclusion) কারণ নির্দ্দেশ করা কঠিন। ইহা মনুষ্যের স্বভাবসিদ্ধ দোষ বা গুণ। যখন উৎকৃষ্ট এবং অপকৃষ্টে একত্র হয়, তখন অপকৃষ্ট স্বভাবতই উৎকৃষ্টের সমান হইতে চাহে। সমান হইবার উপায় কি? উপায়, উৎকৃষ্ট যেরূপ করে, সেই রূপ কর (why, just do as your superiors do) সেই রূপ হইবে। তাহাকেই অনুকরণ বলে।"

বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় ; বিবিধসমালোচন।

(7) "সত্যকে যতক্ষণ (As long as) সত্য বলিয়া অনুভব করিতে থাকি (feel), ততক্ষণ (so long) তাহা নূতন থাকে ; কিন্তু যখন মনের অসাড়তা বশতঃ (through the inertness or torpitude of our heart) আমরা সত্যকে কেবল মাত্র মানিয়া লই (we simply take it for granted), অথচ (but) মনের মধ্যে অনুভব করিতে পারি না, তখন তাহার অর্দ্ধেক সত্য

চলিয়া যায় (evaporates), সে প্রায় মিথ্যা হইয়া উঠে (and it becomes almost as bad as a falsehood). যে শব্দ আমরা ক্রমাগত শুনি, অভ্যাস বশতঃ তাহা আর শুনিতে পাই না, তাহা নিঃশব্দতারই আকার ধারণ করে। এই কারণে পুরাতন সত্য সকলে শুনিতে পায় না, এই কারণে পুরাতন সত্য সকলে বুঝিতে পারে না। মহাপুরুষেরাই (it is great men) পুরাতন সত্য বলিতে পারেন—বুদ্ধ, খ্রীষ্ট, চৈতন্যেরাই (Men like, etc.) পুরাতন সত্য বলিতে পারেন। সত্য তাঁহাদের কাছে (With them) চিরদিন নূতন থাকে, কারণ সত্য তাঁহাদের যথার্থ প্রিয়ধন (cherished treasure)."

রবীন্দ্রনাথ ঠাকুর।

(8) "কোন কোন বালকের ধর্ম্মপ্রবৃত্তি (moral sense) এরূপ দুর্ব্বল ও নিকৃষ্টপ্রবৃত্তি (evil propensities) এতাদৃশ প্রবল যে তাহারা কোনমতেই বিনীত ও বশবর্ত্তী হয় না। কিন্তু তাহারা সহজে বশীভূত হয় না বলিয়া তাহাদের চরিত্র সংশোধনের আশা একেবারে পরিত্যাগ করা (give up all hope of ever reforming their character) কর্ত্তব্য নহে—সর্ব্বপ্রযত্নে চেষ্টা করিয়া দেখা উচিত (on the contrary, we should try every means to bring them round). নিকৃষ্ট প্রবৃত্তির এতাদৃশ প্রবলতাকে এক প্রকার রোগ বলিয়া নির্দ্দেশ করা যাইতে পারে।

Entrance Exam. Paper, 1883.

SECTION IV.

Epistolary Paragraphs.

[In translating a letter the student should be particular about putting its date, address, subscription, etc., in the proper form and place. It will not always do simply to render these into English, but their peculiar forms in English must be carefully attended to. For these forms the student is referred to Messrs. Rowe and Webb's *Hints*, pp. 235—43.]

(1) কলিকাতা।

শ্রীচরণেষু—

মহাশয়ের কল্য তারিখের আশীর্ব্বাদপত্র এইমাত্র হস্তগত হইল। আমার পাঠ্য পুস্তকের জন্য ২০৲ টাকা এবং আমার নিজের হাত খরচ ১৫৲

টাকা, মোট ৩০, টাকা 'মনি অর্ডার' করিয়া পাঠাইয়াছেন অবগত হইয়া, বড়ই আহ্লাদিত হইলাম। টাকা পৌছিবামাত্র আপনার নিকট প্রাপ্তি সংবাদ প্রেরণ করিব। যে সময়ে আমার টাকার প্রয়োজন হইয়াছে, মহাশয় ঠিক সেই সময়েই তাহা প্রেরণ করিয়াছেন। যদি আর কিছু বিলম্ব করিয়া পাঠাইতেন তাহা হইলে আমাকে বড়ই অসুবিধায় পড়িতে হইত, কারণ আমাদের শিক্ষকগণ ইহারই মধ্যে নূতন পুস্তক হইতে পড়া নির্দ্দেশ করিয়া দিয়াছেন, কিন্তু দুঃখের বিষয় টাকার অভাবে আমি এপর্য্যন্ত পুস্তক সংগ্রহ করিতে পারি নাই।

কয়েকদিন পূর্ব্বে আমার একটু অসুখবোধ হইয়াছিল, ঈশ্বরের কৃপায় সম্প্রতি বেশ সুস্থ আছি। আমাকে অবকাশ মত মধ্যে মধ্যে পত্র লিখিবেন এবং সুশীলের নিকট আমার নাম স্মরণ করিবেন ইতি। তাং ১৫ই ফেব্রুয়ারি, ১৮৮৯।

স্নেহাস্পদ

শ্রীবিনয়ভূষণ রায়।

শ্রীবিনয়ভূষণ রায়

Translation.

CALCUTTA,

February 15, 1889.

MY DEAR SIR,

Your kind note of yesterday's date is just to hand. I am glad to learn that you have sent by postal money-order Rs. 20 for my text-books and Rs. 10 as my own pocket-money—that is, Rs. 30 in all. I shall acknowledge receipt of the amount as soon as it reaches me. You have remitted the money just when I stand in urgent need of it. A few days' further delay in making the remittance would have put me to great inconvenience, because the teachers of my class have already set lessons from the new books; while, I regret to say, the want of money has prevented me, till now, from procuring the books.

A few days ago I was a little out of sorts, but, thank God, I am at present in capital health. Please write to me as often

as you have leisure to do so, and remember me kindly to Susil.

Believe me,
My dear Sir,
Yours most affectionately,
BINAYABHUSHAN RA'I.

(2) ভদ্রেশ্বর।

নমস্কারপূর্ব্বক নিবেদন—

আপনার ১৯শে তারিখের পত্র পাইয়াছি। শুনিয়া দুঃখিত হইলাম যে তথাকার বাজার আজ কাল বড় ঘাটিয়া গিয়াছে। সস্তার বাজারে ক্রয় করিয়া মহার্ঘের বাজারে বিক্রয় করিতে না পারিলে কোন ব্যবসায়ের উন্নতি হয় না। অতএব মজুত মাল আর বিক্রয় করিবেন না। আর যে পর্য্যন্ত না বাজার উঠে তদবধি আমার জন্য পাট, তিসি, ও গম খরিদ করিয়া রেলে চালান দিবেন। বাজারের ঘাট্‌তি বাড়্‌তির সম্বাদ প্রত্যহ তারে জানাইবেন, অন্যথা না হয়। টাকার আবশ্যক হইলে চাহিলেই পাইবেন ইতি। তাং ২৫শে ডিসেম্বর, ১৮৮৯।

বিশ্বাসভাজন।
শ্রীহরেকৃষ্ণ মল্লিক।

Translation.

Bhadresvar,
December 25, 1889.

DEAR SIR,

It am in receipt of your note of the 19th inst., and regret to hear that your market is at present much depressed. No trade can prosper unless we buy in the cheapest market and sell in the dearest; so you will be good enough not to sell the remaining goods in stock. You will, moreover, until the market rises again, purchase for me jute, linseed, and wheat, and send

them by rail. Please do not fail to keep me always informed by wire of the daily fluctuations of prices in your market. If you want money you will get it for the asking.

I remain,

Yours faithfully,

HAREKRISHNA MALLIK.

দেবগ্রাম

৫ই মার্চ্চ, ১৮৮৯।

(3)

সবিনয় নিবেদন—

আমার পিতা এরূপ পীড়িত যে তাঁহাকে ছাড়িয়া এক মুহূর্ত্তের জন্য আমার কোথাও যাওয়া উচিত হয় না (too ill to allow of my leaving him for a moment, etc.). এই জন্যই আমি অদ্য বিদ্যালয়ে উপস্থিত হইতে পারিতেছি না। অতএব প্রার্থনা এই মহাশয় অনুগ্রহ করিয়া (I have, therefore, to request the favour of, etc.) আমাকে এক সপ্তাহের জন্য বিদায় দিবেন ইতি।

আপনার অনুগত

শ্রীমতিলাল সরকার,

তৃতীয় শ্রেণীর ছাত্র।

(4)

প্রিয় সুহৃদ—

তুমি গত প্রবেশিকা পরীক্ষায় উত্তীর্ণ হইয়াছ শুনিয়া পরম প্রীত হইলাম (I congratulate you on your success, etc.). তুমি যে বেশ ভাল হইয়া উত্তীর্ণ হইয়াছ (passed with credit), তোমার প্রথম চেষ্টা যে নিষ্ফল হয় নাই (has not been unsuccessful), ইহাই অত্যন্ত আনন্দের বিষয় (It is highly gratifying to me to see). এক্ষণে, বোধ হয়, তুমি কলেজে অধ্যয়ন করিতে মানস করিতেছ; বলা বাহুল্য যে, তোমার এখন অধ্যয়ন করাই উচিত, কেননা এখনও তোমার বয়স অল্প, এত শীঘ্র সংসারে প্রবেশ

করিবার প্রয়োজন নাই (you need not begin life so early). তুমি কোন্ কলেজে অধ্যয়ন করিবে, আমি যেন সত্বর জানিতে পারি ইতি।

তোমারই

শ্রীঅবিনাশ চন্দ্র মুখোপাধ্যায়।

(5)

প্রিয় দেবেন্দ্র বাবু—

তোমার মাতৃদেবীর মৃত্যু সংবাদ পাইয়া (to hear of the death of your mother) যারপর নাই ব্যথিত হইলাম। আমি তোমার ন্যায় ভুক্ত ভোগী লোক (Having myself suffered like you, I can, etc.), অতএব তুমি যে কিরূপ শোকার্ত্ত হইয়াছ তাহা সহজেই অনুভব করিতে পারিতেছি। এখন তোমাকে সান্ত্বনা করিতে চেষ্টা করা বৃথা, কারণ, হৃদয় যখন শোকে অভিভূত থাকে (overwhelmed with grief), তখন সান্ত্বনা বাক্যে কোন ফল হয় না (are of no avail). সময়েই কেবল এরূপ দুর্ব্বিসহ শোকের শান্তি হইতে পারে (Time alone can assuage such severe affliction). যাহা হউক, ভাই, এই মাত্র আমি তোমাকে অনুরোধ করিতেছি যে, বৃথা শোক করিয়া (in unprofitable sorrow) আপনার স্বাস্থ্য ভঙ্গ করিও না।

তোমার সমদুঃখভাগী (sympathising) বন্ধু

শ্রী————

(6)

মাননীয় শ্রীযুক্ত কটক কলেজের অধ্যক্ষ মহাশয়

সমীপে—

মহাশয়,

আপনার কলেজের তৃতীয় শিক্ষকের পদ শূন্য হইয়াছে এই সংবাদ পাইয়া, আমি বিনীত ভাবে উক্ত পদের প্রার্থী হইতেছি (I beg humbly to offer myself as a candidate for the situation). আমি ১৮৮০ সালে প্রেসিডেন্সি কলেজে পাঠ করিয়া কলিকাতা বিশ্ববিদ্যালয়ের বি, এ উপাধি প্রাপ্ত হইয়াছি (I graduated from the Presidency College, etc.) এবং সেই সময় হইতে একাল পর্য্যন্ত (ever since) শিক্ষকতা কার্য্যে ব্রতী আছি (engaged in the work of teaching). এই আবেদন পত্রের সহিত আমার প্রশংসা পত্রগুলির অনুলিপি (copies) পাঠাইতেছি।

যদি সাক্ষাৎকারে কোন কথা জানিবার আবশ্যক হয় (Should a personal interview be required), তাহা হইলে মহাশয়ের নির্দ্দিষ্ট দিনে মহাশয়ের সহিত সাক্ষাৎ করিবার অনুমতি পাইলে তাহা অনুগ্রহ (privilege) বিবেচনা করিব।

বশম্বদ (I have, etc.)

শ্রী———

ভবানীপুর,
১৮ই জুলাই, ১৮৮৯।

SECTION V.

Colloquial Paragraphs.

(1) আমি তাড়াতাড়ি করিয়া একখানি চিঠি লিখিলাম, এবং নিজে চিঠির বাক্‌সে ফেলিয়া দিতে গেলাম। ডাকঘর হইতে ফিরিয়া আসিতেছি, এমন সময় দেখি একজন খালাসি গোরা কিছু মাতাল হইয়া দুহাতি যাকে তাকে মারিতেছে। আমি যেমন তাহার নিকটবর্ত্তী হইলাম সে আমার দিকে তাড়া করিয়া আসিল। আমি এই বদমাইসি সহ্য করিতে পারিলাম না। আমি দুর্ব্বৃত্তের টুঁটি ধরিয়া বাঁ গালে এমন এক চড় লাগাইলাম যে তৎক্ষণাৎ তাহার চটকা ভাঙ্গিয়া গেল—বাছাধন বুঝিতে পারিলেন কেমন লোকের পাল্লায় পড়িয়াছেন। মাতাল কিছুক্ষণ চুপ করিয়া দাঁড়াইয়া রহিল, এবং তৎপরে আস্তে আস্তে ময়দানের দিকে ফিরিয়া গেল।

Translation.

I dashed off a letter and went out to drop it myself into the letter box. On my way back from the post office I met a sailor, a little the worse for liquor, who was striking every body right and left. As I drew near, he rushed at me. I could not bear this rowdyism. I took the ruffian by the throat and gave him such a blow on the left cheek that he was at once brought to his senses. The fellow then perceived that he had caught a Tartar. He stood silent for a while and then returned slowly to the *maidan*.

(2) যে ব্যক্তি প্রকৃত কাজের লোক, কোন কাজের জন্য তাঁহার কখনও সময়ের অভাব হয় না। তিনি কখনও তাড়াতাড়ি করেন না এবং কখনও

পিছু পড়িয়া থাকেন না। এরূপ লোক একটী মুহূর্ত্ত বৃথা ব্যয় করেন না। তিনি কখনও কোন পত্রের জবাব না লিখিয়া ফেলিয়া রাখেন না। তিনি অনেক কাজে এক সময়ে হাত দেন না, কিন্তু যখন যে কাজে একবার লাগেন, তখন তাহা যে পর্য্যন্ত না ভালরূপ শেষ করিতে পারেন, তদবধি নিরস্ত হন না।

Translation.

A true business man always finds time for everything. 'He is never in a hurry and never behindhand.' Such a man never spends a single moment for nothing. He never leaves a letter unanswered. He does not set his hand to many things at a time; but when he once undertakes to do a thing, he does not rest till it is well finished.

(3) গত রবিবার রাত্রে রামধন বসুর বাড়ীতে সিঁধেল চোর (some burglars) প্রবেশ করিয়াছিল। রাত্রি যখন প্রায় একটা তখন জানালা খোলার শব্দে রামধন বাবুর নিদ্রাভঙ্গ হয় (the noise of opening a window roused the Babu from sleep). কে যেন দেয়াসালাই ঘর্ষণ করিতেছে এরূপ শব্দ শুনিতে পাইলেন (He heard some one striking a match), এবং তাঁহার পাঠগৃহে (study) সহসা আলো জ্বলিয়া উঠিতে দেখিলেন। মিনিটখানেক পরে আবার দিয়াসালাইএর আলো হইল, এবং তখনই নিবিয়া গেল। রামধন বাবু তাড়াতাড়ি তাঁহার পুত্রকে জাগাইলেন, এবং আস্তে আস্তে বলিলেন, কেহ জানিতে না পারে এরূপ ভাবে বারান্দায় যাও (told him under his breath to pass unperceived into the verandah). শয়ন গৃহের দুয়ার খুলিবামাত্র কয়েকজন লোক খাইবার ঘর হইতে বেগে বাহির হইয়া (rushed out of the dining room) নিকটস্থ বারান্দায় লাফ দিয়া পড়িল, এবং তাহার কাছেই একটী গাছের ডালে তাহারা যে দড়া বাঁধিয়া রাখিয়াছিল তাহা ধরিয়া নামিয়া পড়িল (went down by means of a rope). বাড়ীর লোকেরা 'চোর' 'চোর' বলিয়া চীৎকার করায় (the inmates of the house having shouted 'thief' 'thief') প্রতিবেশীরা জাগিয়া উঠিল। রামধন বাবুর চাকরেরা যে দিকে চোর তাড়াইয়া লইয়া যাইতেছিল (were chasing the burglars), ভাগ্যক্রমে সেই দিক্ হইতে একজন পাহারাওয়ালা আসিতেছিল; সে তখনই একজন চোরকে ধরিয়া ফেলিল (captured one of them); এবং নিকটস্থ অশ্বশালা হইতে (from the neighbouring stable)

একজন সহিস আসিয়া আর একজন চোরকে ধৃত করিল। গোলযোগ হওয়ার পাঁচ ছয় মিনিট মধ্যে দুই জন সিঁধেল চোর পুলিসের হাতে পড়িল (fell into the hands); দুই জনই পশ্চিমে লোক (up-countrymen) এবং পুরাণ পাপী (old offenders).

(4) গ্রামের মধ্যে এমন একটা লোক নাই যে এই অত্যাচারের কথা ম্যাজিষ্ট্রেট সাহেবকে বুঝাইয়া বলে (explains). প্রতাপ বাবু খুব বিদ্বান্ বলিয়া ভড়ং করেন (gives himself the airs of a very learned man), কিন্তু কাজের সময় ইংরাজীতে দুইটা কথা বলিতে গেলে বা এক কলম লিখিতে হইলে (to pen a few lines) তাঁহার চক্ষু স্থির হয় (he is sadly confounded). যে কয়টা কাজের লোক, তাঁহারা চাকরির অনুরোধে সকলেই বিদেশে। যাঁহারা গ্রামে উপস্থিত আছেন তাঁহারা মুখে খুব দড় (talk very big), কিন্তু কাজে (practically) কিছু নন্। কতকগুলি বেকার লোক আছেন তাঁহারা বিবাদ বাধাইতে বেশ পটু (are very expert in setting men together by the ears), কিন্তু গ্রামের কিসে যথার্থ হিত হয় তাহা তাঁহারা একবার মনেও ভাবেন না (never for a moment even think of). কোন একটা কাজের কথা তুলিলে তাঁহারা তাহা উপহাস করিয়া থাকেন (laugh it to scorn). যে গ্রামে এরূপ লোকের ভাগ অধিক, সে গ্রামের ভবিষ্যতে মঙ্গল হইবার আশা অতি অল্প।

(5) মতিবাবু নাকি খেপিয়াছেন (has gone mad). শুনিলাম এলাহাবাদ যাইবার অভিপ্রায়ে তিনি বাড়ী হইতে বাহির হন (left home with the intention, etc.) এবং বলিয়া যান দুই সপ্তাহের মধ্যে ফিরিয়া আসিবেন। কিন্তু যখন সম্পূর্ণ এক মাস কাটিয়া গেল, তাঁহার কোন সংবাদ আসিল না (and nothing could be heard of him) তখন তাঁহার আত্মীয়বর্গ অত্যন্ত উদ্বিগ্ন হইলেন; তাঁহারা মতি বাবু কোথায় গেলেন তাঁহার অনুসন্ধান করিতে লাগিলেন (made a searching inquiry as to his whereabouts) কিন্তু তাঁহাদের অনুসন্ধানের কিছুই ফল হইল না (was without success). বাটী হইতে প্রস্থানের কিছু দিন পূর্ব্বে, তাহার পরিবারের মধ্যে কয়েকটী শোকাবহ মৃত্যু হইয়াছিল (had some severe domestic bereavements), এবং তিনি বিষয়কর্ম্ম (business affairs) ভালরূপ দেখিতে না পারায় অত্যন্ত ঋণগ্রস্ত(deeply involved in) হইয়াছিলেন; ইহাতেই সকলে অনুমান করিয়াছিল যে তিনি আত্মহত্যা করিয়াছেন (supposed that he had committed suicide). যাহা হউক, গত ১২ই জানুয়ারি তারিখে মতি বাবুর স্ত্রী তাঁহার এক

পত্র পাইলেন; পত্রে যাহা লেখা ছিল তাহার মর্ম্ম এতই অসংলগ্ন (the contents of it were so incoherent), যে পত্র পাঠ করিলেই বোধ হয় যে পত্র-লেখকের বিশেষ মানসিক বিকৃতি (mental derangement) ঘটিয়াছে। পত্রে তারিখ বা ঠিকানা ছিল না (It bore neither date nor address) কিন্তু পোষ্ট আফিসের ছাপ দেখিয়া প্রকাশ হইল (but the post-mark showed) যে পত্র লাহোর হইতে আসিয়াছে। কিরূপে তাঁহাকে ফিরাইয়া আনা যায়, তাঁহার বন্ধুবর্গ তাহার সদুপায় নির্দ্ধারণ করিবার নিমিত্ত অনেক পরামর্শ করিলেন (consulted as to the best means of bringing him back). রামবাবু তাঁহার অনুসন্ধানে বহির্গত হইলেন, এবং লাহোরে গিয়া মতিবাবুকে পাইলেন ও তাঁহাকে অনেক সুস্থ দেখিলেন। তাঁহাকে জিজ্ঞাসা করায় তিনি বলিলেন যে কিরূপে তিনি সেখানে পৌঁছিলেন তাহার কিছুই তাঁর মনে হইতেছে না (had not the remotest idea by what means he had got there). স্মৃতি শক্তির এরূপ হানি কতক আশ্চর্য্য বটে, কিন্তু এ ক্ষেত্রে ইহা অতিশয় মানসিক যন্ত্রণার ফল ব্যতীত (result of great mental pain) আর কিছুই নহে।

(6) চাষারা বাঁশের চোঙ্গা করিয়া (in a bamboo-phial) মাঠে তেল লইয়া যায়। বেলা দুই প্রহরের সময় কিছুকালের জন্য কাজ ছাড়িয়া কোন নিকটস্থ জলাশয়ে স্নান করিতে যায়। প্রথমতঃ তাহারা একবার গা ধুইয়া ফেলে (wash the dirt off their body), তাহার পর চোঙ্গা হইতে হাতের তালুতে (on the palm of their hand) খানিক তেল ঢালিয়া লইয়া সর্ব্বাঙ্গে মাখে (besmear with it every part of the body), এবং আঙ্গুল দিয়া নাকের ও কানের ভিতর তেল দিয়া থাকে (and push a little of the oil into the ears and nostrils). স্নানের পর গামছা খানি (bathing-towel) নিংড়াইয়া লইয়া (wringing the water from) কোমরে জড়ায় (wrap it round their loins). আর পরিধান বস্ত্র কাচিয়া শুখাইয়া লইবার জন্য ঘাসের উপর মেলিয়া দেয় (spread it on the grass to dry). ইতি মধ্যে তাহারা গাছতলায় বসিয়া আর এক খানা গামছায় বাঁধা (tied in an extra *gamcha*) ভিজা-চাউল (soaked in water) চিবাইতে থাকে। চাউল চিবান হইলে (the meal over), জল পান করিবার জন্য পুনরায় জলাশয়ে গমন করে, এবং জল পাত্রের অভাবে দুই হাতে আঁচলা করিয়া (joining the palms of both hands together) জল খাইয়া থাকে।

SECTION VI.

Business Paragraphs.

(1) আগামী ৭ই মাঘ শনিবার অপার সার্কুলার রোড ৭৮ নং কমল কুটিরের প্রাঙ্গণে নববিধানের বার্ষিক আনন্দ বাজার বসিবে। অধ্যক্ষের নিকট প্রার্থনা করিলেই বিনা মূল্যে টিকিট পাওয়া যাইবে।

Translation.

The Annual Fancy Fair of the New Dispensation will be held in the compound of the Lily Cottage, 78, Upper Circular Road, on the 7th *Magh* (B. M.) Tickets can be had free on application to the Manager.

(2) কলিকাতা সহরের আবর্জ্জনা দগ্ধ করিবার নিমিত্ত প্রস্তাব হইয়াছে। হারিংটন সাহেবের সহিত এ নিমিত্ত চুক্তি করা হইবে কি না ইহা লইয়া কমিশনর দিগের সাধারণ সভায় সেদিন মহা তর্ক বিতর্ক হইয়া গিয়াছে। অনেকের বিবেচনায় হারিংটন সাহেবের সহিত এবিষয়ে এতদূর করিয়া এক্ষণে পশ্চাৎপদ হইতে চেষ্টা করা অন্যায়।

Translation.

It is proposed to burn the refuse of the town of Calcutta. The other day there was a hot discussion, at a general meeting of the Commissioners, over the question whether an agreement should be entered into with Mr. Harrington for that purpose. To many it seemed unfair to try to back out after having gone so far in the matter with Mr. Harrington.

(3) পঞ্জাবের লেফ্‌টেন্যাণ্ট গবর্ণরের নিকট তদ্দেশীয় বণিক্ ও প্রধান লোকেরা (leading men) একখানি আবেদন পত্র পাঠাইয়াছেন (a memorial has been addressed). তাঁহারা দেখাইয়াছেন যে যমুনার পশ্চিম কূল দিয়া দিল্লী ও মথুরার মধ্যে একটী রেলওয়ে হইলে কত সুবিধা হয়। দুইটী প্রসিদ্ধ (well-known) রেলওয়ে কোম্পানি এই রাস্তার সম্বন্ধে তদন্ত করিতেছেন (making inquiries about this line). পূর্ব্বে সত্য সত্যই

এদিক দিয়া (along that route) দিল্লী ও আগ্রার মধ্যে একটী লৌহপথ প্রস্তুত করিতে আরম্ভ করা হয় (a line was commenced); রাস্তায় মাটী দেওয়া ও ষ্টেসন পর্য্যন্ত প্রস্তুত করা হইয়াছিল (the earth-work and even stations were completed); কিন্তু সিপাই বিদ্রোহ উপস্থিত হওয়াতে অসম্পূর্ণ অবস্থায় পড়িয়া থাকে।

(4) আপনি আমাদিগের নিকট হইতে যে সকল দ্রব্য ক্রয় করিয়াছেন আমরা তাহার অধিক মূল্য চাহিতেছি না (we do not charge you high prices for them); খরিদ দরের উপর আমরা এতই কম লইতেছি (our rates are so slightly above cost price), যে শত করা ৮, টাকা কমিসন বাদ দিতে গেলে আমাদিগকে ক্ষতিগ্রস্ত হইতে হয়। যে সকল সামগ্রী আমরা সরবরাহ করিয়াছি (supplied), তাহা বাজারের মধ্যে উৎকৃষ্ট (the best obtainable in the market); অথচ আপনি সামগ্রীগুলি বড় ভাল হয় নাই বলিয়াছেন (still you have complained of their quality). আপনাকে খারাপ সামগ্রী দেওয়া হইতেছে (That you were being supplied with inferior goods) এ কথা আপনার পুর্ব্বে জানান উচিত ছিল; আপনি কোনও আপত্তি না করাতে আমরা মনে ভাবিয়াছিলাম যে আপনি জিনিস্ পত্র পাইয়া সন্তুষ্ট হইয়াছেন (but not hearing a single word of complaint from you, we had reason to believe, etc.) যাহা, হউক আমরা শত করা ২৫, টাকা বাদ দিতে পারি না, কারণ আমাদিগের অন্যান্য খরিদদারেরা (customers) ঐরূপ দাওয়া (similar demand) করিলে আমরা সকলকেই সেই সুবিধা দিতে বাধ্য হইব; ইহাতে আমাদিগের সর্ব্বনাশ হইবে (and it would result in our ruin). অতএব আপনাকে অনুরোধ করিতেছি যে আপনি আমাদিগের বিলের লিখিত পুরা টাকা পাঠাইয়া দিবেন (remit the full amount of the bill).

(5) মুড়াগাছা উচ্চ শ্রেণীর ইংরাজী বিদ্যালয়ের জন্য একজন দ্বিতীয় শিক্ষকের প্রয়োজন হইয়াছে, মাসিক বেতন ৪৫, টাকা (on a salary of Rs. 45 per month), প্রতি বৎসর এক টাকা করিয়া বৃদ্ধি হইয়া ৫০, টাকা পর্য্যন্ত হইবে (rising to Rs. 50 by an annual increment of one rupee). যাঁহারা বি, এ, পরীক্ষায় উত্তীর্ণ হইয়াছেন, এবং গণিত বিষয়ে বিশেষ পারদর্শী (strong in mathematics), তাঁহাদের আবেদন সমধিক আদরণীয় হইবে (Preference will be given to those, etc.). আগামী মাসের ১৫ই এর মধ্যে (before or by the 15th *proximo*), প্রশংসা পত্রের অনুলিপি সহ

(with copies of testimonials) সম্পাদকের নিকট আবেদন করিতে হইবে।

(6) চারি কিস্তিতে (in four instalments) আপনার টাকা পরিশোধ করিবার কথা ছিল; তৃতীয় কিস্তির টাকা অদ্যাপি বাকী রহিয়াছে (still remains unpaid), নানা দুর্ঘটনা বশতঃ (owing to various untoward circumstances), আজ্ হইতে তিন মাসের মধ্যে (within three months of this date) ঐ টাকা দিতে সক্ষম হইব বলিয়া বোধ হয় না (I find it is not in my power); অতএব এ বিষয় আপনাকে অগ্রেই খুলিয়া বলা (to say frankly) ভাল। বলা বাহুল্য (I need hardly add) যে এরূপ বিলম্ব হওয়ায় আমি বড় লজ্জিত হইতেছি, কিন্তু কি করি কোন হাত নাই (it is nevertheless unavoidable).

(7) হরি ঘোষের নামে একটী ফৌজদারী মোকদ্দমা (a criminal suit) রুজু করিতে হইবে (to institute). লোকটা জোর করিয়া আমার জমি হইতে ৪।৫ টা গাছ কাটিয়া লইয়া গিয়াছে। পাড়ার ভদ্র লোকে নালিশ না করিয়া আপোষে নিষ্পত্তি করিতে (to settle the matter amicably out of court) বলেন; কিন্তু সে খেসারৎ দিতে (to make good the damages) অস্বীকার করিতেছে। কাজেই আমি ক্ষতি স্বীকার করিয়া বিবাদ মিটাইতে পারিতেছি না (to make up the quarrel).

SECTION VII.

Conversational Paragraphs.

(*Dialogues*).

মতি।—নমস্কার, রাম বাবু; সব কুশল ত?

Mati.—Good morning, Ram Babu. You are all right I hope?

রাম।—আরে কে হে! মতি বাবু যে? নমস্কার; বেশ সময়ে দেখা হয়েছে; আমি আজ সন্ধ্যার সময় তোমার সঙ্গে দেখা কর্‌বো মনে কর্‌ছিলাম?

Ram.—Hollo! Is it you, Mati Babu? Good morning; well met and in good time; I was thinking of calling on you this evening.

মতি।—কেন হে? বিশেষ কোন কাজ আছে না কি?

Mati.—What for ? Have you any particular business to do with me ?

রাম।—বড় কষ্টেই পড়েছি, ভাই ; কাজ কর্ম্ম নাই, বেকার বসে আছি; জানইত অনেকগুলির খোরাক যোগাতে হয়; তাতে আবার জিনিস পত্রের দর দিন দিন চড়্‌ছে। তোমার দাদাকে বলে যদি তাঁর আফিসে আমায় একটী চাকরি করে দিতে পার !

Ram.—I am really in great straits, my friend. I am now out of employ, and, as you know, I have to support a large family ; to add to my difficulty, the price of all things is going up day by day. How thankful I shall be if you can recommend me to your brother for a post in his office !

মতি।—দাদা ত ভাই পীড়িত হয়ে এখন ছুটীতে আছেন ; আর তিনি বাড়ীতেও থাকবেন না, ডাক্তারেরা তাঁকে হাওয়া পরিবর্ত্তনের জন্য দারজিলিং যেতে বলচেন। ভাল, তাঁর আফিসে কোন কাজ খালি আছে শুনেছ কি ?

Mati.—I am sorry, but my elder brother is now on sick leave, and he is soon going to leave home, as the doctors want him to go to Darjeeling for a change. Well, have you heard of any vacancy in his office ?

রাম।—হাঁ, শুনেছি তৃতীয় কেরাণীর পদ নাকি সম্প্রতি খালি হ'য়েছে।

Ram.—Yes, I have ; I am told that the post of the 3rd clerk has lately fallen vacant.

মতি।—সে ত হয়ে গেছে ; এক জন বি, এ, সে কাজ পেয়েছে।

Mati.—That has already been filled up ; a B. A. has got that appointment.

রাম।—বল কি ? এক জন বি, এ, কুড়ি টাকা বেতনে ? কি খারাপ সময় পড়েছে ! তাহলে আমাদের মত অল্প লেখা পড়া জানা লোকের উপায় কি হবে ?

Ram.—It is so ? a graduate, and on a salary of twenty rupees only ! Truly we live in hard times ! What will then become of men like us who have but little learning ?

মতি।—এরূপ ত হবারই কথা; সকলেই চাকরী খুঁজ্‌বে, কেউ ত ব্যবসা বাণিজ্যের দিকে যাবে না। যারা পাঁচ সাত হাজার টাকা পুঁজী বার কর্‌তে পারে, তারাও পনর টাকার কেরাণীগিরির জন্য লালায়িত! এতে আর চাকরির দুর্দ্দশা হবে না?

Mati.—This is what might be expected. Everyone seeks for service, none will turn to any trade or profession. Even those who can produce a capital of five or six thousand rupees, hanker after a clerkship with only fifteen rupees a month. No wonder the value of service should be so lowered.

রাম।—ঠিক কথা বলেছ। যাহোক, ভাই, একটী কাজের জন্য একটু চেষ্টা করো। তোমাকে বল্‌তে কি, অভাব বশতঃ নিজের খরচ পত্র কর্‌য়ে বড় কষ্ট পাচ্চি।

Ram.—You are quite right. However, my friend, kindly make some effort to get me a situation. To tell you the truth, I have had to pinch myself a great deal for want of money.

মতি।—হরি বাবুর দেনা শোধ করে ফেলেছ ত?

Mati.—I hope you have paid up what you owed to Hari [Babu?

রাম।—কোথা থেকে হবে ভাই? লোকটীর দয়ার লেশ মাত্র নাই; তাঁকে আর দুই মাস অপেক্ষা কর্‌তে কত করে বল্লাম, তা তিনি কিছুতেই শুনলেন না। তা যেরূপেই হউক এক সপ্তাহের মধ্যে তাঁহার টাকা কড়ায় গণ্ডায় সব চুকিয়ে দিতে হবে।

Ram.—How could I, my friend? The gentleman has not the milk of human kindness in him. I requested him earnestly to wait for two months more, but he turned a deaf ear to all my entreaties. So I must pay him to the last penny in a week.

মতি।—আচ্ছা, আমি সাধ্যমত তোমার জন্য চেষ্টা কর্‌বো। তবে এখন আসি।

Mati.—Well, I will try my best for you; good-bye, then.

EXERCISE.

(2)

মতি।—যতি, তোমার মনটা যে আজ এত ভার ভার (low-spirited) দেখ্‌চি, হয়েছে কি ?

যতি।—না, এমন কিছু হয় নাই; আজ একটু বেলা পর্য্যন্ত ঘুমিয়েছি মাত্র (slept rather late, that's all).

মতি।—এত বেলা পর্য্যন্ত বিছানায় থাকা উচিত হয় নাই, বিশেষতঃ যখন তোমার পরীক্ষার দিন ঘুনিয়ে আস্‌চে।

যতি।—কি জন্য উঠতে এত বেলা হল তা জানলে আর আপনি আমাকে ও কথা বলতেন না, আমি কাল রাত্রি দুটো পর্য্যন্ত পড়েছিলাম।

মতি।—সেও ত ভাল নয় (either); তাতে তোমার লাভ হল কি ? যেমন দুই তিন ঘণ্টা রাত্রি জেগেছিলে তেমনই প্রাতঃকালের দুই তিন ঘণ্টা ঘুমিয়ে কাটালে ! তুমি অনায়াসে (as well) এগারটা পর্য্যন্ত পড়ে শুতে পারতে, একই কথা।

যতি।—আজ থেকে তাই করব মনে করচি। আমি অঙ্কে বড় কাঁচা আছি, আঁকটা রাত্রেই ভাল বুঝতে পারা যায়।

মতি।—সেটা তোমার ভ্রম—মনোযোগ থাকলে দিনেও বেশ বুঝা যায়। এ বিষয়ে কুমারী মার্টিনো যাহা লিখিয়াছেন তাহা পড়িবে। তিনি বলেন বিবেচনাপুর্ব্বক (wisely) মানসিক বৃত্তি সকলকে খাটাইতে পারিলে তাহারা সকল সময়েই চাকরের ন্যায় হুকুম মান্য করিয়া থাকে (obey us).

(3)

সুরেশ।—কে হে পরেশ যে, এত তাড়াতাড়ি কোথায় চলেছ ভাই ?

পরেশ।—কেন তুমি কি জাননা যে আজ সাড়ে সাতটার সময় চৈতন্য পুস্তকালয়ে একটী সভা হবে ?

সুরেশ।—না ভাই, আমি বাড়ী ছিলাম না, কোন কাজের বরাতে হুগলীতে যেতে হয়েছিল। সভার উদ্দেশ্য কি বল দেখি ?

পরেশ।—উদ্দেশ্য মহৎ, "সমুদ্র-যাত্রা শাস্ত্রে নিষিদ্ধ কি না" সভায় আজ এই প্রশ্নের মীমাংসা হবে।

সুরেশ।—কে কে বক্তৃতা করবেন শুনেচ ?

পরেশ।—শুন্‌চি নাকি অনেক বড় বড় লোকই নিমন্ত্রিত হয়েছেন; ছোট

লাট সাহেব উপস্থিত থাকিয়া সভার সম্মান বর্দ্ধন করবেন; অনেক গুলি নামজাদা পণ্ডিত শাস্ত্রের তর্ক করবেন।

সুরেশ।—তবে ত মস্ত সভা হ'বে দেখচি। কিন্তু এ বিষয়ে শাস্ত্রের তর্ক বিতর্ক করায় কি উপকার হ'বে বুঝ্‌তে পারচি না। আমার সামান্য বিবেচনায়, যে বিষয় নিতান্ত প্রয়োজনীয়, শাস্ত্র তাহার নিষেধ কত্তে পারেন না, আর নিষেধ করলেই বা তা কে চির-কাল মান্‌বে? দরকার বড় জিনিস্ হে, দরকারের কাছে নিয়ম নাই।

পরেশ।—সত্য, তবে কিনা শাস্ত্রের ব্যবস্থা যতদূর রক্ষা করে চল্‌তে পারা যায় তা করা উচিত। শাস্ত্রকারেরা ত নির্ব্বোধ লোক ছিলেন না; তাঁরা অনেক ভেবে চিন্তে নিয়ম গুলি করে গিয়েছেন।

সুরেশ।—বাঁধা ধরা (hard and fast) নিয়ম চিরকাল প্রতিপালন করা যায় না; তুমি কি স্বীকার কর না যে, সময় পরিবর্ত্তিত হয়েছে, পূর্ব্বে সমাজের যেরূপ অবস্থা ছিল, এখন আর সেরূপ নাই?

পরেশ।—একথা অবশ্য স্বীকার কত্তে হ'বে বই কি; আমার কথা এই, শাস্ত্র ও সমাজের প্রতি আঘাত করা উচিত নয়, সমাজকে সঙ্গে লইয়া যাওয়া উচিত, অতিক্রম করা (overstep or go ahead of) যুক্তিসিদ্ধ নয়। আচ্ছা এ সম্বন্ধে তর্ক আর একদিন করা যাবে, এখন আসি।

সুরেশ।—একটু দাঁড়াও, আমি তোমার সঙ্গে যাব। এইমাত্র সাতটা বাজ্‌ল, এত তাড়াতাড়ি কর্‌বার দরকার নাই, আর পাঁচ মিনিট পরে বেরুলেও আমরা ঠিক সময়ে পৌঁছিব।

পরেশ।—তবে প্রস্তুত হও, আমি ততক্ষণ এইখানে পায়চারি করি।

SECTION VIII.

Miscellaneous Paragraphs.

(1) কহিনুর নামক মহামূল্য হীরক এক্ষণে ভারতেশ্বরীর মুকুট সুশোভিত করিতেছে। ইহা আদৌ উজ্জয়িনীর হিন্দুরাজদিগের সম্পত্তি ছিল, তৎপরে মুসলমানদিগের হস্তে পতিত হয়। পরিশেষে রণজিৎ সিংহ দুরাণী বংশীয় শেষ রাজা সা সুজার নিকট হইতে উহা উদ্ধার করেন। খৃঃ ১৮৪৯ অব্দে যখন ইংরাজেরা পঞ্জাব প্রদেশ অধিকার করেন তখন অন্যান্য

বহুমূল্য লুণ্ঠিত সামগ্রীর সহিত ইহা গৃহীত হয়। সময় কি পরিবর্ত্তনশীল! এই অমূল্য রত্ন যাঁহার পিতার সম্পত্তি, তিনি এক্ষণে (১৮৮৯) নিরাশ্রয় হইয়া রুশীয় রাজ্যে ভ্রমণ করিয়া বেড়াইতেছেন।

Translation.

The precious diamond called the *Koh-i-Noor* now adorns the crown of the Empress of India. It was originally the property of the Hindu kings of Oujein, from whom it passed into the hands of the Mahomedans. At last Ranjit Sing recovered it from Shah Sooja, the last sovereign of the Doorance line. In 1849 when the English occupied the Punjab, it was taken with other valuable spoils. What changes time works! the prince whose father possessed this invaluable gem is now (1889) wandering homeless in the Russian territories.

(2) কোনও সময়ে (Once upon a time) উজ্জয়িনী নগরে মাধবাচার্য্য নামক জনৈক দরিদ্র ব্রাহ্মণ বাস করিতেন। একদিন তাঁহার ব্রাহ্মণী (wife) আপনার শিশু সন্তানের রক্ষার্থ ব্রাহ্মণকে বাটীতে রাখিয়া আপনী স্নান করিতে গমন করিয়াছিলেন। ইতিমধ্যে শ্রাদ্ধোপলক্ষে রাজবাটী হইতে লোক আসিয়া ব্রাহ্মণকে নিমন্ত্রণ করিল (invited him to a *Sradh* ceremony). তাহাকে দেখিয়া ব্রাহ্মণ চিন্তা করিলেন, "যদি সত্বর না যাই তাহা হইলে অপর কোনও ব্রাহ্মণ আসিয়া আমার অংশ লইয়া যাইবে (will take away my share of the gifts). কিন্তু শিশুটীকে রক্ষা করে এমন কেহ উপস্থিত নাই, তবে এখন কি করি (what am I to do now)? ভাল, চিরকাল সুতনির্ব্বিশেষে পালিত (fed so long as a son) এই নকুলটীকে (mongoose) কেন বালক রক্ষার্থ রাখিয়া যাই না?" অনন্তর ব্রাহ্মণ সেই নকুলটীকে শিশুর নিকটে রাখিয়া প্রস্থান করিলেন। নকুলটী তথায় বসিয়া আছে এমন সময় একটী কৃষ্ণসর্প (a black-snake, cobra) বালকের নিকট উপস্থিত হইল। নকুল তৎক্ষণাৎ তাহাকে বিনষ্ট ও খণ্ডিত করিয়া ফেলিল (cut it to pieces). তৎপরে ব্রাহ্মণকে প্রত্যাগমন করিতে দেখিয়া সেই নকুল রক্তাক্ত শরীরে stained with blood) প্রভুর নিকট আসিয়া চরণে লুণ্ঠন করিতে লাগিল (began to roll at the feet of its master). ব্রাহ্মণ মনে করিলেন 'এ আমার পুত্রকে ভক্ষণ করিয়াছে'; তখন এক লগুড়াঘাতে (with one stroke of his club) তাহার প্রাণবধ করিলেন। অনন্তর যখন গৃহে প্রবেশ করিয়া

দেখিলেন যে শিশু সুখে নিদ্রা যাইতেছে (was sound asleep), আর তাহার নিকট একটী মৃত সর্প পড়িয়া আছে (with a dead snake lying near it), তখন ব্রাহ্মণ নিজের হটকারিতার (hasty conduct) জন্য অনুতাপ করিতে লাগিলেন (repented).

(3) দুর্ভিক্ষমল্পং (lasts for a short time) স্মরণং চিরায়। যে সময়ে দ্রব্যাদি দুর্ম্মূল্য হইয়া উঠে—গৃহস্থগণ অতিথিসৎকার করিতে পারেন না (are unable to feed guests, or practise hospitality)—ভিক্ষাদান করিতে পারেন না, যে সময়ে লোকে অন্নাভাবে ক্লিষ্ট হয় (suffer for want of food)—চারিদিকে হাহাকার (there is universal cry for food) উপস্থিত—সেই সময়কে দুর্ভিক্ষ কাল বলে (It is famine when, etc.). কবি ড্রাইডেন দুর্ভিক্ষকে "অস্থিচর্ম্মাবচ্ছিন্ন মৃত্যু" ('death in the undress of skin and bone') বলিয়া বর্ণনা করিয়াছেন। দুর্ভিক্ষ কালে যাহারা কখনও ভিক্ষা করে নাই তাহারাও ভিক্ষাবৃত্তি অবলম্বন করে ('beggars beg that never begged before').

(4) উৎকৃষ্ট বিদ্যালয়ের সচরাচর তিনটী আবশ্যকীয় উপাদান (constituents) থাকে, তাহা না থাকিলে কোন বিদ্যালয় সম্পূর্ণ এবং স্থায়ী সিদ্ধি লাভ করিতে পারে না। প্রথম উপাদান, ভাল একদল শিক্ষক (a good staff of teachers) ; দ্বিতীয়, উত্তম কতকগুলি অভিভাবক (a body of good guardians) ; তৃতীয়, উত্তম একদল ছাত্র। ইহাদের কোনটীর যে পরিমাণে ক্রটী হইবে বিদ্যালয়ের অবস্থাও সেই পরিমাণে হীন হইবে (And the condition of the school will be low in proportion, etc.).

(5) "অনুকরণ মাত্রই অনিষ্টকারী (pernicious) নহে, কখন কখন তাহাতে গুরুতর সুফলও (excellent fruits, or results) জন্মে ; প্রথমাবস্থায় অনুকরণ, পরে স্বাতন্ত্র্য আপনিই আইসে (comes of itself). বঙ্গীয় সমাজের অবস্থা বিবেচনা করিলে (considering the present state of society in Bengal) অনুকরণ প্রবৃত্তি যে ভাল নহে এমত নিশ্চয় করিয়া বলা যাইতে পারে না। ইহাতে ভরসার স্থলও (redeeming features) আছে।"

Entrance Exam. Paper, 1887.

(6) রামদুলাল সরকার পল্লীগ্রামস্থ এক দুঃখী গুরু-মহাশয়ের পুত্র ছিলেন (the son of a poor village school-master). তিনি অল্প বয়সে (at an early age) পিতৃমাতৃহীন হন। তাঁহার মাতামহ তাঁহাকে আপন

পরিবারের মধ্যে গ্রহণ করেন, কিন্তু তাঁহারও অবস্থা বড় হীন ছিল; সুতরাং বাল্যকালে রামদুলালের রীতিমত বিদ্যা শিক্ষা হয় নাই।

(7) ষোড়শবর্ষ বয়ঃক্রমকালে (At 16 years old) রামদুলাল কর্ম্মক্ষেত্রে প্রবেশ করেন (entered the world) এবং কিছুকাল মধ্যেই স্বকীয় পরিশ্রম ও অধ্যবসায় দ্বারা প্রচুর ধনসঞ্চয় করেন। তিনি অতিশয় বিনীত ছিলেন; বিনয়ের জন্য তিনি আপামর সাধারণের ভক্তি ভাজন হইয়াছিলেন (became the object of universal respect).

(8) এক একটী পুত্রের বিবাহে রামদুলাল তিন তিন লক্ষ টাকা ব্যয় করিয়াছিলেন। ইহাতে বৃথা আড়ম্বর কিম্বা ঐশ্বর্য্য প্রদর্শন করা (to make a parade of his wealth) তাঁহার উদ্দেশ্য ছিল না। তাহা কেবল তাঁহার দানের আধিক্য ও সার্থকতা প্রদর্শন করিয়াছিল (showed the extent of his munificence and the proper use of wealth). নবদ্বীপ হইতে নিমন্ত্রিত অধ্যাপকেরা (the professors invited from) প্রত্যেকে এক এক শত টাকা পাইয়াছিলেন। কালীময় ঘটক কৃত চরিতাষ্টক হইতে সঙ্কলিত।

(9) এখানে বর্ষা পড়িয়াছে (set in). প্রত্যহ অনবরত বৃষ্টি হইতেছে। অনেক জমি জলে ডুবিয়া গিয়াছে, সুতরাং আপাততঃ চাষের কাজ প্রায় বন্ধ হইয়াছে (agricultural works are almost at a stand-still). লোকের স্বাস্থ্য মোটের উপর ভাল। চাউল দশ সের করিয়া (10 seers the rupee) বিক্রয় হইতেছে।

(10) "গুরুগোবিন্দ শিষ্যদিগকে (disciples) কহিলেন, 'বন্ধুগণ, তোমরা শুনিয়াছ আমার পিতা দিল্লীতে নিহত হইয়াছেন। আমি এখন এই সংসারে একাকী রহিলাম (alone in the world). কিন্তু আমি যাবৎ জীবিত থাকিব, তাবৎ তাঁহার মৃত্যুর প্রতিশোধ লইতে ক্ষান্ত থাকিব না (never cease seeking vengeance, etc). এই কার্য্যে আমি মৃত্যুকেও তুচ্ছজ্ঞান করিব (laugh death itself to scorn)."

(11) "কতকগুলি সাধারণ বস্তু আছে, তাহাতে সকল লোকের সমান অধিকার (to which all men have equal rights), সকলেই বিনা পরিশ্রমে পাইতে পারে। বায়ু, সূর্য্যের আলোক, বৃষ্টি ও নদীর জল (river and rain water), এ সমস্ত, ও এরূপ আর আর বস্তুতে সকল লোকের সমান অধিকার।"

বিদ্যাসাগর; বোধোদয়।

(12) দিল্লীর শেষ মোগল সম্রাট, বাহাদুর সার বংশধরদিগের দুর্দ্দশা দেখিলে আশ্চর্য্য হইতে হয় (It strikes one with surprise to see, etc.). তাঁহার প্রথম উত্তরাধিকারীর (rightful heir) পৌত্র এক্ষণে মস্তকের ঘর্ম্ম পাদদেশে পাতিত করিয়া জীবিকা উপার্জ্জন করিতেছেন (earning his livelihood by the sweat of his brow). চাঁদনী চকে তাঁহার একখানি দপ্তরি ও পুস্তক বাঁধাইয়ের দোকান আছে (keeps a *daftri* and book-binder's shop in *Chandney Chauk*) এবং তদ্দ্বারা কোনরূপে আপনাকে ও পরিবারগণকে প্রতিপালন করেন (earns a precarious income for himself and family). ইনি এক্ষণে বৃদ্ধ হইয়াছেন এবং চক্ষুর দৃষ্টি (eye-sight) হ্রাস হইয়াছে, এই নিমিত্ত দিল্লীর ডিপুটী কমিশনর তাঁহার বৃত্তির জন্য গবর্ণমেণ্টের নিকট অনুরোধ করিয়াছেন (has recommended him to Government for a pension).

(13) "লক্ষ্মী (Lakshmi, the Goddess of fortune) রাজার কথা শুনিয়া উত্তর করিলেন (made answer), হে রাজন্! যদি তোমার গৃহে পরিজনদের (ladies of the household) অনৈক্য (disunion, altercation) না হয়, তবে কি প্রকারে আমার অন্য স্থানে গমন হইবে? আমি নদীর ন্যায় নীচগা (run downwards like a river) এবং বিদ্যুতের ন্যায় অস্থির (unsteady as a flash of lightning); কিন্তু আমি যেমত নারায়ণের (Vishnu, the preserver of the world) প্রিয়তমা হইয়া তাঁহার নিকট চিরকাল আছি (ever live with), সেইমত নীতিশালী (of good policy, or, eminent for moral duties) রাজার অতি প্রিয়তমা হইয়া তাঁহার নিকট দীর্ঘকাল থাকি (stay long us, etc.), এবং অনীতি (bad policy, or immorality) কিম্বা কলহ (domestic quarrel) এই দুই ব্যতিরেকে তাঁহার নিকট হইতে গমন করি না; অতএব আমি অন্যত্র যাইতে পারিলাম না। ইহা কহিয়া লক্ষ্মী নরপতিকে ঐ বর (boon) দিয়া তাঁহার গৃহে স্থিরতরা হইয়া থাকিলেন (lived more steadily at his house)."

Entrance Exam. Paper, 1887.

(14) "অসভ্য অবস্থায় মনুষ্য বহু দেবে বিশ্বাস করে, পরে কতকদূর সভ্যতা প্রাপ্ত হইলে (when he makes some progress in civilization) সামান্য লোকে পৈত্রিক দেবে (ancestral deities, or the *manes* of their ancestors) বিশ্বাস করে, জ্ঞানী লোক প্রকৃতির নানা কার্য্যে একটী প্রণালী, একটী উদ্দেশ্য, দেখিতে পাইয়া (discovering a system, a single pur-

pose, pervading the various manifestations of nature) এক ঈশ্বর বাদী হন। এই রূপে সক্রেটিসের সময়ের গ্রীকদিগের মধ্যে ও জুলিয়স সিজারের সময়ের রোমীয়দিগের মধ্যে (among the Greeks in the days of Socrates, etc.) সামান্য লোকগণ পৈত্রিক দেবে বিশ্বাস করিত, পণ্ডিতগণ এক ঈশ্বর বাদী ছিলেন।" রমেশচন্দ্র দত্ত; ভারতবর্ষের ইতিহাস।

(15) "ভারতবর্ষ হইতে আর্য্য সন্তানেরা ক্রমে ক্রমে (by degrees) ভারতীয় দ্বীপপুঞ্জে বিস্তারিত হয় (spread over the islands of the Indian Archipelago). বঙ্গদেশীয় রাজকুমার বিজয় সিংহ কোন কারণ বশতঃ (for some reason not known) তাঁহার পিতা সিংহবাহু কর্ত্তৃক স্বদেশ হইতে বহিষ্কৃত হইয়া (having been turned out of the country) প্রায় ৮০০ অনুচর সহিত পোতারোহণ পূর্ব্বক (took ship for, etc.) সিংহল দেশে উপস্থিত হইয়া (and on landing there) তথাকার যক্ষ অর্থাৎ আদিম নিবাসীদিগকে (the aborigines) যুদ্ধে পরাভব করিয়া রাজ্যস্থাপন করেন, মহাবংশ নামক সিংহলদেশীয় ইতিহাসে ইহার উল্লেখ আছে (It is stated etc.—that a prince, etc.). বিজয়ের বংশোপাধি (patronymic) হইতে সিংহল নামের উৎপত্তি হইয়াছে। বাবেলমেণ্ডব প্রণালীর নিকট শকোট্রা অর্থাৎ সুখতর দ্বীপে হিন্দুরা গিয়া বসতি করিয়াছিলেন (settled). মলয় নামক উপদ্বীপে এবং সুমাত্রা, যব ও বলী নামক দ্বীপ সকলে হিন্দুরা উপনিবেশ স্থাপন করিয়াছিলেন (planted colonies), তাহার অনেক নিদর্শন (traces) প্রাপ্ত হওয়া যায়।" রাজনারায়ণ বসু; বিবিধ প্রবন্ধ।

(16) "মিসর পৃথিবীর মধ্যস্থলে স্থিত হইয়া পৃথিবীর পুরাবৃত্তে (in the history of the world) চিরকাল অতি প্রকাশ্য স্থান (a conspicuous place) অধিকার করিয়া আসিতেছে। মিসরে যত রাজ পরিবর্ত্তন (changes of dynasties) হইয়া গিয়াছে বোধ হয় পৃথিবীর অন্য কোন দেশে এতদ্রূপ রাজপরিবর্ত্তন হয় নাই। স্বদেশীয় রাজাদিগের রাজ্যের লোপ হইলে (On the extinction of, etc.) মিসর গ্রীকদিগের দ্বারা অধিকৃত হয়। তৎপরে রোমকেরা (the Romans) উহা আপনাদের সাম্রাজ্যভুক্ত করে। তৎপরে রোমসাম্রাজ্য পূর্ব্ব ও পশ্চিম ভাগে বিভক্ত হইলে মিসর পূর্ব্ব রোমরাজ্যের অন্তর্গত হয় (was included in), তৎপরে আরবেরা মিসর দেশ অধিকার করে। তৎপরে তুর্কিরা (the Turks) উহাকে জয় করে। এক্ষণে উহা তুর্কিদিগের অধীনে নামমাত্র (nominally) আছে।"

রাজনারায়ণ বসু; বিবিধ প্রবন্ধ।

(17) আমেরিকার অরণ্যে পেকারী (Peccary) নামক এক প্রকার জন্তু আছে। ইহারা দেখিতে শূকর শাবকের মত। পেকারী বড়ই ভয়ানক জন্তু। ইহাদের দন্ত ছুরীর ন্যায় তীক্ষ্ণ। কোন মনুষ্য বা পশু নিকটে উপস্থিত হইলে তাহার সর্ব্বনাশ (Woe to the man, etc.). তাহারা ১০টা হইতে ১৫টা একত্র দলবদ্ধ হইয়া বেড়ায়। কেহ সম্মুখে পড়িলে তৎক্ষণাৎ তাহাকে আক্রমণ করে, এবং যদবধি না সকলগুলিই নিহত হয় সে পর্য্যন্ত যুদ্ধ করিতে ক্ষান্ত হয় না।

(18) "হণ্টরের পিতা সঙ্গতিসম্পন্ন (well-to-do) লোক ছিলেন। তাঁহাদের দেশের প্রথা এই, জ্যেষ্ঠপুত্রই পৈত্রিক বিষয়ের অধিকারী হয় (inherits the ancestral property). তদনুসারে, সর্ব্বজ্যেষ্ঠ সমস্ত পিতৃধনের অধিকারী হইলেন। হণ্টর বাপের আদরের ছেলে (the favourite son of his father) ছিলেন বটে, কিন্তু তিনি, মৃত্যুকালে, তাঁহার জন্যে, কোনও ব্যবস্থা (provision) করিয়া যান নাই। সুতরাং, কোনও বিষয় কর্ম্ম না করিলে, তাঁহার চলা ভার (could hardly manage). দুর্ভাগ্যক্রমে তিনি ভাল করিয়া লেখা পড়া করেন নাই (neglected his studies); সুতরাং, (so that) যে সকল বিষয়কর্ম্মে লেখা পড়া জানার আবশ্যকতা আছে, তাঁহার সেরূপ বিষয়কর্ম্ম করিবার ক্ষমতা ছিল না। তাহার এক ভগিনীপতি কাটরার কর্ম্ম করিতেন; তাঁহার নিকট নিযুক্ত হইয়া (bound himself apprentice to him) তিনি মেজ ও কেদারা গড়া শিখিতে লাগিলেন। নানা প্রকার দায়গ্রস্ত হওয়াতে, তাঁহার ভগিনীপতির ব্যবসায় রহিত হইয়া গেল; সুতরাং হণ্টরেরও কর্ম্ম গেল। তিনি নিজে (on his own account) ঐরূপ কর্ম্ম চালান (carry on), তাঁহার এমন সুবিধা ছিল না; সুতরাং, অতঃপর কি করিবেন, কিছুই স্থির করিতে পারিলেন না (at a loss to know what to do, etc.)."

বিদ্যাসাগর।

(19) দয়ার ন্যায় উচ্চতর ধর্ম্ম (virtue) জগতে আর নাই। জ্ঞানিগণ বলিয়া গিয়াছেন, 'দয়াই বিশ্বের-জননী'; বাস্তবিক, মাতা পিতার হৃদয়ে দয়া না থাকিলে দুর্ব্বল, নিরুপায় (helpless) অবস্থায় কে সন্তানগণকে রক্ষা করিত?—সমাজমধ্যে দয়া না থাকিলে দুঃখী, অন্ধ, অক্ষম, রুগ্ন ব্যক্তিদিগের কি উপায় হইত (what would become, etc.)? উপচিকীর্ষার মূলে দয়া বিদ্যমান। দয়া না থাকিলে কেহ কাহারও উপকার করিত না। স্বার্থপরতার বশবর্ত্তী হইয়া (Under the influence of selfishness) যে উপকার করা

হয়, তাহাকে প্রকৃত পরোপকার বলা যায় না; দূরতঃ (in the long run) তাহা নিজেরই উপকার।

(20) "বিলাতে বুদ্ধিমান্ বালকের শিক্ষার জন্য পিতামাতার সিকি পওসাও ব্যয় হয় না (have not to go to the expense of). বুদ্ধিমান্ বালক সহজেই বৃত্তি লাভ করিতে পারে। স্কুলের পাঠ শেষ হইলে (After finishing his studies, etc.) বার্ষিক আট শত বা এক সহস্র টাকা বৃত্তি লইয়া অনায়াসে চারি বৎসর অক্সফোর্ড বা কেম্ব্রিজ বিশ্ববিদ্যালয়ে পাঠ করিতে পারে (graduate). সেই সময়ের মধ্যে ইচ্ছা করিলে বিশ্ববিদ্যালয়ের পরীক্ষায় উৎকৃষ্ট হইয়া, আর একটী বৃত্তি লাভ করা তাহার পক্ষে সহজ। এইরূপে একটি বুদ্ধিমান্ বালক চারি পাঁচ বৎসরের জন্য মাসিক দুই সহস্র টাকা বৃত্তিরূপে (in the shape of scholarships) পাইতে পারে। সকল সাধারণ (public) স্কুলের আপন আপন আয় আছে। তাহারা কাহারও উপর নির্ভর করে না। সেই সকল স্কুলের ছাত্রদের মধ্যে বিবাদ বিসম্বাদ নাই। ফরাসী স্কুলের মূর্খ (dull) ছাত্রকে সকলে ঘৃণা করে, কিন্তু বিলাতে তাহা নাই। বিলাতের স্কুলে ক্লাসের মধ্যে যে বালক পড়াশুনায় উৎকৃষ্ট, তাহা অপেক্ষা কুস্তিগীর (athletic) বালকের মান অধিক।" গিরিশচন্দ্র বসু; ইংরাজচরিত, ২য় ভাগ।

(21) "১৮৩১ সালে রাজা রামমোহন রায় ইংলণ্ড যাত্রা করেন। বাঙ্গালা দেশে অনেককাল (for many a day) এতাদৃশ বিদ্বান্ ব্যক্তি দৃষ্ট হয়েন নাই। তিনি জাতিতে ব্রাহ্মণ ছিলেন, এবং কোম্পানি সংক্রান্ত (under the Company) অনেক সম্ভ্রান্ত কর্ম্ম (honorable posts) করিয়াছিলেন (had filled). তিনি সংস্কৃত, বাঙ্গালা, পারসী, ইঙ্গরেজী চারি ভাষায় মূর্ত্তিমন্ত (thoroughly versed, or proficient) ছিলেন এবং নানাবিধ জ্ঞানোপার্জ্জন করিয়া নির্ম্মলচিত্ত হইয়াছিলেন (and his mind was enlightened by the variety of knowledge which he had acquired). আর স্বদেশীয়দিগকে দেব দেবীর আরাধনা হইতে (from the adoration of) বিরত করিয়া বেদ প্রতিপাদ্য (set forth in the Vedas) পরব্রহ্মের উপাসনাতে প্রবৃত্ত করিবার নিমিত্ত (to convert them to the worship of) অশেষ প্রকারে যত্নবান্ হইয়াছিলেন। আশ্চর্য্যের বিষয় এই যে তাঁহার স্বদেশীয়েরা এখনও সেই বেদ বিধি অনুসারে (according to the ritual of the Vedas) সমুদায় ধর্ম্ম কর্ম্ম (ceremonies) করেন অথচ তাঁহাকে ধর্ম্মত্যাগী বলিতেন। যে সকল ব্যক্তির সহিত তাঁহার মতের ঐক্য ছিল না তাঁহারাও তাঁহার অসামান্য গুণের

প্রশংসা করিতেন এবং তাঁহার জন্মভূমি বলিয়া (because it had given him birth) স্বদেশের শ্লাঘা করিতেন।" বিদ্যাসাগর কৃত বাঙ্গালার ইতিহাস।

(22) "অগ্নি সংযোগে অনিষ্ট করিয়াছে, এই অভিযোগে (charge) এক ব্যক্তি সে দিন (the other day) পাটনার দায়রা আদালতে (sessions-court) অভিযুক্ত হইয়াছিল (was prosecuted). বাদীর এজাহার (deposition) লইয়াই দায়রার জজ বাহাদুর (the Sessions Judge) সাব্যস্ত করিলেন (decided) যে আসামী (defendant) আইনমতে অপরাধী নহে। কাজেই তাহাকে ছাড়িয়া দেওয়া হইল। দায়রা সোপরদ্দ করিবার পূর্ব্বে (before committing him to the sessions) অভিযোগের বিষয় অনেকটা প্রকৃত, সাক্ষ্য প্রমাণে এইরূপ বিশ্বাস জন্মাইলেই না বিচারক মাজিষ্টর বাহাদুর দায়রার মোকদ্দমায় আসামীকে দায়রা সোপরদ্দ করেন ? যে মাজিষ্টর বাহাদুর এই মোকদ্দমাটী দায়রা সোপরদ্দ করিয়াছিলেন, তিনি মোকদ্দার প্রকৃত তত্ত্ব সাব্যস্ত করিবার নিমিত্ত (to ascertain the facts of the case) এই রূপ সাক্ষ্যপ্রমাণ লইয়াছিলেন কি ? না পদোন্নতির প্রত্যাশায় (in the hope of promotion) আসামীকে দায়রায় পাঠাইয়া আত্মসুখ লাভ করিয়াছিলেন ?" বঙ্গবাসী।

(23) "গত শনিবার ছোট লাট বাহাদুরের ব্যবস্থাপক সভাতে (Legislative Council) মৌলবী সৈয়দ ফজল ইমান জিজ্ঞাসা করিয়াছিলেন,—চাষের জন্য খাল কাটাতে সাহাবাদ জেলাতে যে ম্যালেরিয়া জ্বরের প্রাদুর্ভাব হইয়া (through the outbreak of malarious fever) লোকের স্বাস্থ্য নষ্ট হইতেছে, গবর্ণমেণ্ট তাহার খবর রাখেন (take notice) কি না ?—গবর্ণমেণ্ট তন্নিবারণের কোন উপায় গ্রহণ করিয়াছেন কি না—এবং গ্রহণ করিতে প্রস্তুত আছেন কি না ? তাঁহারা এই ম্যালেরিয়ার বিস্তার (spread) নিবারণের কি উপায় (measures) করিয়াছেন ? তদুত্তরে কটন সাহেব বলিয়াছেন, এ সম্বন্ধে গবর্ণমেণ্টের মনোযোগ আকৃষ্ট হইয়াছে। ১৮৮৭ সালে শোন কেনেল কমিটীর নিকট এ বিষয়ের ইতি-কর্ত্তব্যতা নির্দ্ধারণের ভার (the task of coming to a decision on the question) দেওয়া হইয়াছিল। কেনেল কাটাতে যে ম্যালেরিয়ার বৃদ্ধি হইয়াছে, তাহা প্রমাণীকৃত হইয়াছে।" সঞ্জীবনী।

(24) মন দিয়া কর সবে বিদ্যা উপার্জ্জন।
সকল ধনের সার বিদ্যা মহাধন।
এই ধন কেহ নাহি নিতে পারে কেড়ে।
যতই করিবে দান তত যাবে বেড়ে। ঈশ্বরচন্দ্র গুপ্ত।

CHAPTER VI.

Idiom.

Section I.

Idiomatic Particles and Forms.

The suffix ই*—This suffix has several distinct forces in Bengali, which must be carefully ascertained before the words to which it is added are translated into English. Thus—

(1) It is added to words for *emphasis*, generally requiring '*it is*'—

তুমিই এ কাজ করিয়াছ—*It is you* who have done this.

এই পুস্তক তোমারই—This book is *yours* (= You are the owner of the book, none else).

মৃত্যুই এ যন্ত্রণা নিবারণ করিতে পারে—Death *alone* can relieve this pain. *Nothing but* death can relieve, etc.

তাহাদের সকলেই মূর্খ—*Every* one of them is a fool.

যাহাই বল বোধ হইতেছে তুমিই দোষী—*Whatever* you say (or, say *what you may*) to the contrary, *it is you* who seem to have been in fault.

If added to verbs, specially in the past tense, it calls for '*even*', or '*so much as*.'—

সে কথা ত উঠ্‌লই না—That question was not *even* raised (or, *so much as raised*).

তিনি ত সেখানে যানই নাই—He did not *even* go there.

In the future tense it expresses *determination*; as—

আমি ত যাবই না শেষে অনেক পীড়াপীড়িতে গেলাম—I was *determined* not to go; at last, however, being hard pressed, I went.

---

* It is the analogue of the Sanskrit particles হি and এব।

(2) ই like মাত্র sometimes indicates *as soon as, directly, only*, etc.—

তুমি সেখানে গেলেই (যাইবামাত্র) কিছু পাবে—You will get something *as soon as* you go there (or, if you *only* go there).

মানুষ মরিলেই (মরিবা মাত্র) পৃথিবীর সম্বন্ধ ফুরায়—All earthly relationship ceases to exist *as soon as* a man dies.

বই খানীর লেখাটা খুব সহজ, পড়্লেই বুঝা যায়—The book is written in a very easy style; to be understood it requires *only* to be read.

স্কুলে গিয়াই (যাইবামাত্র) পত্রখানি তোমার শিক্ষক মহাশয়কে দিবে—*Directly* you reach school, hand the letter to your teacher.

গাছে না উঠ্তেই এক কাঁদি—*No sooner* begun than some mischief is done (lit. A *cluster* is purloined as soon as the tree is climbed).

(3) ই in ইহাই, তখনই, etc. is translated by the words *just, very, exactly*—

আমি ইহাই খুঁজিতেছি—This is the *very* thing I am looking out for. This is *just* what I want.

তিনি তখনই এলেন—He came in *exactly* at that moment. [তখনই পুলীস তাহাকে গ্রেপ্তার করিল = The police arrested him *then and there*.]

(4) কর্লেই কত্তে পার, গেলেই যাইতে পার, etc.—This form indicates that the agent is at *liberty* to do a thing, and that there is nothing to prevent him from doing it. Thus—

তুমি সেখানে গেলেই যেতে পার, কেউ তোমাকে ধ'রে রাখেনি—No one holds you back, you may go there *if you like*.

তুমি এই কাজটা কল্লেই কত্তে পার, কিন্তু তোমার করিবার মন নেই—You *are at liberty to do* this, but you have no mind to.

(5) করিলেই হইল, বলিলেই হইল, etc.—This form indicates *complete reliance on*, or *preference for*, one individual in the expressions below :—

তুমি ভাল বলিলেই হইল, আর কেহ কোন আপত্তি করিবে না—No one will object to the matter *if you but approve of it.*

তুমি আসিলেই হইল, আর কেহ আসুন্ বা না আসুন্—*Your* presence will do, let others come or not.

NOTE.—Such is however not its force in the following examples, where it should be translated according to context :—

বলিলেই হইল আর কি (বলা সহজ, করা কঠিন)—It is easier said than done.

একি সোজা কাজ, যে সে করলেই হ'ল ?—Is it so easy a task that anyone can perform it ?

But বলিলেই হয় should be translated as follows—

তাঁহার ছেলেগুলিকে এক একটী রত্ন বলিলেই হয়—His sons are *as it were* so many jewels.

With ত it has a quite different force—

জিনিসটা কাল পেলেই ত হ'ল ?—You will be satisfied, I hope, if you get the thing to-morrow, will you not ?

(6) করিবই করিব, যাইবই যাইব, etc.—This form indicates *strong determination* on the part of the speaker, and should be rendered as follows :—

আমি যাইবই যাইব—*Go* I *must.* (The English verb here precedes its nominative for the sake of emphasis).

আমি করিবই করিব—I *will do* that,—indeed I *will. Do* it I *will.*

NOTE.—In the second person, it signifies '*command*' or '*importunity*,' and in the third, '*certainty*': as—কাল আমার সহিত সাক্ষাৎ করিবেই করিবে = *Call on* me to-morrow without fail. ছেলেটা মরবেই মরবে = The boy is *sure to die.* But the sentence যাহার জন্ম হইয়াছে তাহার মৃত্যু হইবেই হইবে should be translated freely as—'Death is the doom of everyone who is born.'

(7) ই is often used as an expletive—

সমস্ত ক্ষমতাই মন্ত্রীর হাতে, রাজা সাক্ষী গোপাল—All the power is in the hands of the minister, the king being a mere puppet (*lit.* a spectator).

2. The suffix ও (=অপি)—Like ই the particle ও has various idiomatic uses :—

(1) It is used in the sense of '*as*,' '*either—or*,' '*as well as*,' '*too*'; as—

সে নিজেও খাবে না, অপর কাহাকেও খেতে দিবে না—He will *neither* eat it himself, *nor* allow another to eat it. He is a dog in the manger.

এ সপ্তাহে তোমাকেও যাইতে দিব না, শরৎ বাবুকেও যাইতে দিব না—I will allow *neither* you *nor* Sarat Babu to go away this week.

ঈশ্বরের মূর্ত্তিও নাই, (মনুষ্য হৃদয় ব্যতীত) মন্দিরও নাই—God has *neither* image *nor* temple (unless it be the heart of man).

তুমিও যে অকর্ম্মণ্য হয়ে পড়েছ দেখছি—You, *too*, I see, have become inefficient. ব্রূটস্‌, তুমিও যে !—And thou *also*, Brutus !

NOTE.—In such expressions as 'তোমারও দোষ রামেরও দোষ,' ও indicates '*and*' and has the additional force of emphasis. The sentence should be rendered thus :—*Both* you *and* Ram are in fault (= are to blame).

(2) It is used with the force of '*even*,' '*even though*,' specially in the form করিলেও, গেলেও, etc. :—

তুমি স্বয়ং তাঁহার নিকট গেলেও তিনি কথা কহিবেন না—He will not speak with you *even though* you go to him yourself.

গুরু অনুরোধ করিলেও এমন কাজ করিব না—I will not do it *even* at the instance of my spiritual guide.

এত শাস্তিতেও কি তোমার চৈতন্য হয় নাই ?—Have you not come to your senses *even* after so heavy a punishment ?

(3) ও has the force of '*whether—or*' in the following instances :—

এরূপ লোক থাকিলেও যা, মরিলেও তা—It is all the same *whether* such a fellow lives *or* dies.

এ ফলটা তুমি খেলেও যা, আর আমার ছেলে খেলেও তা, আমার পক্ষে দুই সমান—It is all one to me *whether* you eat this fruit *or* my son eats it.

এ ছেলেকে বকিলেও কিছু হয় না, মারিলেও কিছু হয় না—You can't bring this boy round *whether* you scold him *or* beat him. You can't do anything with this boy by scolding or beating him.

(4) গেলেও হয়, গেলেও যেতে পার, etc.—The particle ও in such forms has the sense of '*as well*'; as—

তোমার সঙ্গে কলিকাতায় বেড়াইতে গেলেও হয়—I may *as well* take a trip with you to Calcutta.

লোকটাকে পাগল বলিলেও হয়—You may *as well* call him a fool.

তুমি সেখানে গেলেও যেতে পার—You may *as well* go there.

তুমি এবার পরীক্ষা দিলেও দিতে পার—You may *as well* go up this year for the examination.

3. The particle আর is likewise used in various different meanings. Thus—

(1) In the sense of *and* :

তুমি আর তোমার ভাই যত অনিষ্টের গোড়া—You *and* your brother are at the root of all the evil.

(2) With the force of *or* :

মর আর বাঁচ একাজ তোমাকে করিতেই হবে—Live *or* die, you must do this.

তুমি যাও আর না যাও তাতে কিছু আসে যায় না—It does not matter whether (or, if) you go *or* not.

(3) In the sense of *again*, *more*, *longer*, *other*, *else*, (specially in negative sentences) :— [*again*.

আর তাহার সহিত কথা কহিব না—I shall not speak to him

আর তুমি সেখানে গিয়াছিলে ?—Did you go there *again* ?

সে কাজ আর করিব না—I won't do it any *more*.

সে বই কি আমার আর বন্ধু নাই ?—Have I no *other* friends than him ?

আর একটী কথা বলিলেই শেষ হয়—One word *more* and I have done.

লোকটা বুঝি আর বাঁচে না—The man, I fear, will live no *longer*.

এখানে আর কেহ নাই—There is no one *else* here.

(4) In such expressions as the following, আর appears to emphasize the word after which it is used. Thus—

তোমাকে আর এ অঙ্কটী কষিতে হয় না—It is not *you* that can work out this sum. *You* are not the boy to do this sum. (The sentence means that *though others can do the sum you cannot*).

যত কাজ আমিই করিব, আমার আর বেঁচে সুখ নেই—It is I who must do everything as if *I* were the *only* one that needed no rest (or, as if everybody needed rest but I).

তুমিও যেমন, তাঁ হতে আর সাহায্য হয়ে কাজ নেই—Any help from *him* ?—Oh ! not a bit of it. From *him* it is too much to expect any help.

NOTE.—Mark also how the different positions of আর in the following sentence alter its sense :—

(*a*) আর সেখানে যাইবার কোন প্রয়োজন নাই।

(*b*) সেখানে আর যাইবার কোন প্রয়োজন নাই।

(*c*) সেখানে যাইবার আর কোন প্রয়োজন নাই।

In (*a*) আর emphasizes সেখানে and the sentence should be rendered thus—No need of going *there* again.

In (*b*) আর modifies যাইবার, and the sentence should be translated—No need of going *any more* there.

In (*c*) আর qualifies প্রয়োজন and the sentence will read thus in English—There is no *longer* any necessity for going there (or, no *more* necessity, etc.—than—).

(5) The following expressions should be translated freely :

ঝড়ই হউক আর বৃষ্টিই হউক আমি যাব—Come foul, come fair, I will go.

সিঁদুরই দাও আর কাজলই দাও, ভবী ভুলিবার নয়—Flatter her ever so much, Bhabi won't forget her point.

আর বৎসর আমার ভয়ানক সময় গেছে—I had a frightful time of it *last* year.

তাহাকে আর ফিরিয়া আসিতে হইল না—It was not his fate *ever* to come back.

4. (*a*) বরং ; (*b*) বটে—

(*a*) বরং is equivalent to *better* or *rather* (= sooner, somewhat) in English, as it indicates preference for one out of two or more individuals ; as—

তুমি বরং সেখানে যাও—You had *better* go there.

অপমান অপেক্ষা বরং মৃত্যু ভাল—*Better* death than dishonor.

রাম বরং বুদ্ধিমান্, কিন্তু তার ভাই বড় বোকা—Ram is *rather* intelligent, but his brother is very stupid.

ভিক্ষা করিয়া জীবন ধারণ করা অপেক্ষা বরং মরণ ভাল—*Better* die than live by begging. চুরিকরা অপেক্ষা বরং ভিক্ষা করা ভাল—It is *better* to beg than steal.

NOTE.—In the sentence সেত এক পয়সা রাখিতে পারে নাই, বরং ঋণগ্রস্ত হইয়াছে, the particle বরং indicates '*on the contrary*,' as—He has not been able to save a pice, *on the contrary* he has run in debt.

(*b*) বটে is used in Bengali as an affirmative particle and is equal to *yes*, *it is so*, *it is true*, *indeed*, etc. in English. In this sense it is specially used when the speaker has to say something against a concession already made. Thus—

সে আমার ভাই বটে, কিন্তু তার ভাইএর মত আচরণ নয়—*Yes*, he is my brother, but he does not act like a brother.

সেখানে একটা স্কুল আছে বটে, কিন্তু স্কুলটা ভাল নয়—*It is true* there is a school, but it is not a good one.

বটে ! তুই এত দুষ্ট হয়েছিস্ ?—*Indeed!* have you become so wicked ?

5. বই is the colloquial abbreviation of ব্যতীত, and is rendered by *except*, *other than*, *but* (prep.). As—

এইখানি বই আর আমার ছুরি নাই—I've no *other* knife *than* this.

মৃত্যু বই এ পাপের প্রায়শ্চিত্ত নাই—Nothing *short of* death will expiate this sin.

যেন দাদা বই পাইক নাই—As if there were no watchman *except* my brother ; (or, freely, as if no one can do it *except* him).

ঘরে নন্দ বই আর কেহ নাই—There is no one in the room *but* Nanda.

The form বইত নয় is idiomatically used in the sense of *only*, *but* (adv.), etc. ; as—

সে পাগল বইত নয়—He is *but* (no better than) a fool.

তোমার একটী বইত কলম নাই—You have *only* one pen.

এ সামান্য গ্রাম বইত নয়, ভাল খাবার এখানে মেলে না—It is a *mere* village, good sweet-meats are not to be had here.

এই বইত নয়, আমি এক নিমেষে কচ্চি—*Nothing harder than* this ! (=only this !) why, I'll do it in a second (*lit.* in the twinkling of an eye).

But বই কি (*lit.*=what else) is to be translated differently according to context. Thus—

তোমার পুত্রের বিবাহে যাব বই কি—*Oh yes*, I shall most certainly be present at the wedding of your son.

হাঁ, তোমাকে বলব বই কি ?—No, I won't tell you.

স্কুলে যাইবার সময় হইয়াছে বই কি—*Surely* it is time to go to school.

যখন সে এমন কাজ করিতে পারে, তখন সে পাগল বই কি—When he is capable of such a deed, he is *no better than* (he must be) a fool. তা বই কি, ভাই= *Certainly*, or *just so*, my friend.

6. The particle জো is used colloquially to indicate *power*, *opportunity*, etc.—

বাগানের ভিতর যার তার সহজে যাবার জো নেই—Anyone and everyone *can*not easily get into the garden.

তার আর উঠ্‌বার জো নাই—He has no *power* to get on his legs again.

এ জিনিসটী কাহাকেও দেবার জো নাই—I *can*not *afford* to give it to anyone.

তুমি যে খুব জো পেয়ে বসেছ দেখচি—You seem to have found a good *opportunity*, I see.

সেখানে এত গোলমাল হচ্ছিল যে কিছুই শুন্‌বার জো ছিল না—There was such a horrible noise that nothing *could be* heard.

কৃষাণ বলিল জমির জো হইয়াছে—The husbandman said, it was *just time* to sow (or, plant).

তিনি যে আর জারিজুরি করবেন তার জো নেই—No *room* is left for him to make any more difficulties.

জো সো করে কাজটী পূজার বন্ধের পূর্ব্বে সারতে হ'বে—*Somehow or other* the work must be finished before the Puja holidays.

7. The particle তো or ত is idiomatically used—

(1) In milder forms of interrogation, appealing to the candour of the person addressed ; as—

আমি ত তার বই ফেরত দিয়াছি ?—I have returned his book, have I not ?

সে পরীক্ষায় পাস হয় নাই ত ?—He has not passed the examination, has he ?

তোমার কলিকাতায় যাইবার ইচ্ছা আছে ত ?—Well, you are willing to go to Calcutta, I believe ?

(2) In simple statement, meaning *indeed* ; as—

হরি ত বাড়ী ছিল না—Hari was not *indeed* at home.

কাল ত শনিবার—To-morrow is Saturday, *to be sure*.

NOTE.—Also, it expects consent ; as জানই ত সে কেমন লোক—You know him *too well* to be told what sort of man he is.

(3) With the force of *only*, *but* (adv.)—

তুমি ত কালকের ছেলে হে—You are *but* a child of yesterday.

একবার পড়্‌লে ত আর পড়া মুখস্থ হয় না—A lesson cannot be got by heart by reading it *only* once. (*i. e.* by a single reading

(4) With the sense of *but* (conj.)—

তুমি যাবে যাও, আমি ত যাচ্ছি না—You may go if you like, *but* I do not go (or, I am not going).

সে তবু পড়তে পারে, তার ভাইয়ের ত ক অক্ষর গোমাংস—It goes in his favour that he can read, *but* his brother is quite illiterate [*lit.* the letter *ka* is as beef to him].

(5) When a thing is *expected* as a matter of course—

তার ত জ্বর হবেই, যে হিমে বেড়াত—No *wonder* he is laid up with fever after so much exposure to cold.

এখন ত তুমি ওকথা বলবেই হে, কাজ উদ্ধার হয়েছে কি না?—No *wonder* you would say this, now that the thing is done.

(6) In an elliptical sentence ত is short for তবে and would require *then* (generally omitted)—

যাবে ত যাও (যদি তুমি যাবে তবে যাও)—If you will go (*then*) set out at once.

করি ত বল্‌ব—If I do it I'll tell you of it.

NOTE.—করবে ত কর, না ত মার খাবে='Do it at once or I will beat you.' This form is used in threatening.

8. The word মত is generally rendered by *like* or *as*; as—

সে তোমার মত কৃপণ নয়—He is not miserly *like* you.

মেয়েটী তার মায়ের মত গৌরবর্ণ—The girl is as fair *as* her mother.

But মত requires '*for*,' '*to*,' etc. in the following sentences—

আজকার মত আমাকে পুস্তক খানি দেন—Please lend me the book *for* this day only.

জনমের (জন্মের) মত দেশ ছাড়িয়া চলিলাম—I am going to leave the country *for good* (or, *as if for life*=never to return).

তাহারা ফরমাইস্ মত জুতা প্রস্তুত করে—They make shoes *to* order.

অঙ্গীকার মত কাজ করিব—I must act up *to* my promise.

দেখিবার মত জিনিস্ এখানে কিছুই নাই—There is nothing *worth* seeing here.

এ তার পছন্দ মত কর্ম্ম নয়—The occupation is not *to* his taste. It goes against his grain to do this.*

9. The particle ব'লে (=বলিয়া) is idiomatically used—

(1) To indicate *reason* or *cause* :—

আমার অসুখ হয়েছিল ব'লে আমি কাল স্কুলে যেতে পারি নাই—I could not attend school yesterday *as* I was ill (or, *because* of my illness).

তাঁহার অনেক টাকা আছে, তা ব'লে সকলকে অবজ্ঞা করা তাঁর উচিত হয় না—He is a very rich man, but he should not *on that account* (or, but *that is no reason why* he should) look down on others.

(2) In the sense of '*is known as*,' '*passes for*' :—

তাঁহাকে সকলেই ধনী ব'লে জানে—He *passes for* a rich man.

তিনি একজন উত্তম চিত্রকর বলিয়া পরিচিত—He is *known as* an excellent painter.

তাহাকে সকলেই পাগল বলিয়া মনে করে—Everyone takes him [*for* a fool.

সে ব্রাহ্মণ বলিয়া পরিচয় দেয়—He professes *to be* a Brahmin.

(3) ব'লে or বলিয়া should be rendered otherwise in the following examples :—

তুমি কি ব'লে এরূপ কুৎসিত লোকের সঙ্গে থাক ?—*How* can you keep company with such a wicked fellow ? (*lit. How do you induce* yourself to keep, etc.?)

তিনি আমাকে এই বলিয়া পত্র লিখিয়াছেন—He wrote me a letter *to say* that, etc. (এই মর্ম্মে = *to this effect*).

তুমি যাব ব'লে আমাদের ওখানে গেলে না—You did not go to our place, though you *promised* to be there.

10. The words বুঝি, বোধ হয়, হয়ত, are used in sentences to indicate *probability* or *likelihood*, and are variously rendered Thus—

---

* For further examples of মত, see p. 124.

তার বুঝি মাথা ধরেছে—He *appears* to have a sick head-ache.

তোমার বোধ হয় এখনও খাওয়া হয় নাই—*It seems* (or, I fear) you have not eaten your breakfast (or, dinner) as yet.

সে হয়ত কলিকাতায় গিয়াছে—*I suppose* he has gone down to Calcutta.

আমার বোধ হইয়াছিল কে বুঝি দুয়ারে ঘা দিতেছে—It seemed to me *as if* somebody was knocking at the door.

সে আজ স্কুলে আসে নাই; হয়ত তার অসুখ হইয়াছে—He did not attend school to-day, *perhaps* he is ill.

Repetition of Words.

11. In Bengali a word is often repeated in various different senses.

The use of the same word twice over is a special feature of the Bengali tongue. The word repeated may be of almost any part of speech.

(*a*) *Nouns* :—

সে তার কানে কানে কি বলিল—He has *whispered* something in [his ear.

সে হাড়ে হাড়ে দুষ্ট—He is wicked *to the backbone.*

আমি সে বিষয়টা মনে মনে তোলা পাড়া করিয়াছিলাম—I turned the matter over *in my mind.*

বিলাতে সপ্তাহে সপ্তাহে বেতন দিবার রীতি আছে—It is the practice in England to make *weekly* payment of salary.

(*b*) *Pronouns* (chiefly *relatives* and *interrogatives*) :—

যাহা যাহা বলিতেছি শুন—Listen to *what* I say.

কে কে সেখানে ছিল জান?—Do you know *who* were present [there ?

কি কি চাই বল—Let me know *what things* you require.

কেহ কেহ এরূপ দুরাকাঙ্ক্ষ যে কিছুতেই তৃপ্ত নহে—*Some people* are too avarious to be contented with anything.

(*c*) *Adjectives* :—

চাষারা সকলে আপন আপন কাজে চলিয়া গেল—The peasants went away, every man to his *own* business.

ভিন্ন ভিন্ন লোকের ভিন্ন ভিন্ন মত—*Many* men *many* minds.

দশ দশটী টাকা হারালে ? বড় কম ক্ষতি নয় !—Have you lost *ten* rupees ? It is by no means a trifling loss !

আমি তাহাকে মিষ্ট মিষ্ট বেশ দুকথা শুনাইয়া দিয়াছি—I have administered him a few *mild* words of reproof.

(*d*) *Verbs* :—

আমি তাকে বলে বলে এলে গিয়েছি (or, হার মেনেছি)—I am tired of speaking to him.

একটা বাজে বাজে এমন সময় সাক্ষী হাজির হ'ল—The witness entered (or, put in an) appearance towards one o'clock.

সন্ধ্যা হয় হয় এমন সময় আমরা যাত্রা করিলাম—We set off just when it was *getting* dark.

In fact *repetition* is so common in colloquial Bengali, that a word, by itself meaningless, being a mere echo of another, is frequently added to satisfy this spirit of the tongue. Such a word generally begins with a ট (t) sound. Thus তোমার জল টল খাওয়া হয়েছে ?=Have you had refreshment ? It must be remembered, however, that the echo টল, though by itself meaningless, adds to the meaning of the preceding word some such force as '*and the like*,' etc. জল টল, therefore, really means '*water and the like*.' In English the nearest approach to this is found in the words, *chitchat*, *tittle-tattle*, *shilly-shally*, etc.

12. The following cases should also be noticed :—

(*a*) লিখে লিখে, খেয়ে খেয়ে, etc.—This form signifies *repetition* or *continuation* of the action indicated by the verb, and should be translated thus :—

লিখে লিখে এই কলমটী ভোতা হয়ে গিয়াছে—This pen has been blunted by *constant writing*.

খেয়ে খেয়ে সব ফুরাইয়া গেল—The whole quantity has been *eaten up little by little*.

(*b*) The form—যাব যাব কচ্ছে, দিব দিব ভাব্‌চি, etc.—should be rendered as follows :—

এত শীঘ্র যাব যাব করো না—Don't you speak of going away so soon.

আমি পরীক্ষা দিব দিব ভাবিতেছি—I am thinking of appearing in the examination. [house.

সে এই বাড়ীটী নেবে নেবে কর্‌চে—He is thinking of buying this

যদি যাইতেই হয় এখনই যাও; যাব যাব করার ফল কি?—If you must go, go at once; what is the use of shilly-shallying?

(*c*) The form—মর মর, পড় পড়, ছাড় ছাড়, etc.—may be rendered by the help of '*about*,' or '*on (at) the point of*':—

লোকটা মর মর হয়েছে—The man is *about to die*, or *at the point of death*.

ঘর খানা পড় পড় হয়েছে—The house is *about to come down*, or *on the point of* coming down. (The house is threatening to fall; it is in a tottering state).

(*d*) The form—বলিতে বলিতে, যাইতে যাইতে, etc.—may be translated with the help of participles, or by adverbial phrases or sentences generally introduced by '*when*,' '*while*':—

সে পাগলের মত কত কি বলিতে বলিতে যাইতেছে—He goes along *talking to himself* like a mad man.

লিখিতে লিখিতে কথা কহিও না, ভুল হইবার সম্ভাবনা—Do not speak *while you are writing*, or you may commit blunders.

বাড়ী আসিতে আসিতে কোন স্থানে দাঁড়াইয়াছিলে?—Did you stop anywhere *on your way home* (or, *as* you came home)?

এই কর্ম্ম করিতে করিতে বুড়ো হয়ে গেলাম—I am grown old *in this service*.

This form is sometimes used, specially when না comes in between the infinitives, to express the *immediate occurrence* of an event; as—

দেখিতে দেখিতে চাল খানি ভস্মীভূত হইল—*Instantly* (before our eyes) the thatch was reduced to ashes.

বলিতে না বলিতে তাহারা গৃহে প্রবেশ করিল—*No sooner* had this

been said than they entered the house. *Scarcely* was it said when, etc.

(*e*) Words are sometimes repeated in Bengali to express a diminutive sense :—

তোমাকে কাহিল কাহিল দেখাচ্চে—You look *rather* thin.
আকাশ মেঘ মেঘ কচ্চে—The sky is getting *rather* cloudy.
সেখানে যেতে কেমন ভয় ভয় করে—I am *rather* afraid to go there.
তোমার মনটা ভার ভার যে ?—How is it that you look gloomy ?

Occasionally the repeated words have an augmentative force :—

তোমারই জয় জয়কার—You alone have triumphed *over all*, or *all* glory to you.

(*f*) Onomatopoetic words are sometimes repeated :—

ঝুপ ঝুপ করে বৃষ্টি পড়িতেছে—It is raining *cats and dogs*, (or *pouring* hard). টিপ্ টিপ্ করে বৃষ্টি পড়্চে—It is *drizzling*.
ঘরের ছাঁইচ থেকে টপ্ টপ্ করে জল পড়্চে—Water is *dribbling* from the eaves.
সে থর থর করে কাঁপিতে লাগিল—He shook like a reed, (or an aspen leaf).
এখানে এক ঝাঁক মাছি ভন্ ভন্ কচ্চে—A swarm of flies are *buzzing* here.

EXERCISE.

Translate :—

(*a*) তুমিই না কাল আমার উপর খুব রেগে উঠেছিলে (get angry with)? তোমারও যেমন বুদ্ধি তোমার ভাইএরও তেমনি বুদ্ধি। তার সহিত দেখা হইলে সে কথাই কয় না, তা আবার (it is out of the question that, etc.) দেখা করিতে আমার বাড়ী আসিবে। আমার প্রাণ গেলেও আমি তাঁর অপকার করিতে পারিব না। এই লোকটাই রামের ঘড়ি চুরি করিয়াছিল। তুমি দশজন (some) গরিব লোককে খেতে দিলেই দিতে পার, তোমার ত পয়সার অভাব নাই। তুমি পশ্চিমে বেড়াইতে গেলেই যেতে পার, এখনও ত তোমার এক মাস ছুটী আছে (you have still a month's

leave). আজ খুব দুর্যোগ হইলেও (even though the weather becomes very foul) আমি বাড়ী যাইব। ম্যাজিষ্ট্রেটের মত থাকিলেই হইল, তাহা হইলে সাহস করিয়া আর কেহই এ প্রস্তাবের বিরোধী হইতে পারিবে না (to oppose the proposal). টাকাও গেল শ্রমও যথেষ্ট হলো (It has cost him). আমার মত অকর্ম্মণ্য লোক থাকিলেও যা, মরিলেও তা। তুমি গেলেও যা, আমি গেলেও তা, একই কথা। এত অপমানেও তার লজ্জা বোধ হয় নাই। সে যেখানে সেখানে আমার নিন্দা ক'রে বেড়ায় (vilifies), আমি এর শোধ নেবই নেব। সোমবারে আমি তোমাদের বাড়ী যা'বই যা'ব। একথা তোমার পিতাকে ব'লে দিবই দিব।

(b) তুমি ত হরি বাবুর ভাই? তার এখানে আস্‌বার জো নাই। আমি ত এক মাসের বেতন দিয়াছি? এ পুকুরে কারও মাছ ধরবার জো নেই। এখান দিয়া পলাইবার জো আছে। সে ত এখন এ কথা বলবেই, টাকাটা হাতে পেয়েছে কিনা। আজ্ শনিবার সে ত বাড়ী যাবেই। তুমি ত বড় নির্ব্বোধ হে, নোটখানি পকেটে রেখেছিলে কেন? আমি ত জানতাম না যে বড়বাজারে গাঁইটকাটা (cutpurses, or rather pickpockets) আছে। সে গালি দেবেই ত, তোমার যেমন কাজ। যেতেই ত হবে, তবে আর দেরি কর কেন?

(c) কোন না কোন সময়ে তোমাকে আমার হাতে পড়তেই হবে (fall into my hands). তোমাকে আর অন্ধকার রাত্রে একা যেতে হয় না। পারি আর না পারি একবার চেষ্টা করিয়া দেখিতে হইবে। সকলেরই নিশ্বাস ফেলিবার সময় (breathing-time) আছে, তোমার আর একদণ্ডও অবকাশ নাই। তার অনেক টাকা আছে তাই ত সে এত চোরের ভয় করে (is so afraid of thieves). তুমিও না এক শত টাকা পুরস্কার পাইয়াছ? সেখানে আর কেহ ছিল? কেহ না কেহ থাকিবার সম্ভাবনা। এ ঘরটা প্রস্তুত করিতে আর কতগুলি টাকা লাগিবে? তোমার আর শশীর নামে হরিবাবু নালিশ করিবেন (institute a case). আর কেহ পারুক আর না পারুক প্রতাপ এ অঙ্কটী কষিতে পারে। আর শুনেছ (It is indeed news to you that, etc.) হরির কাকা বুড়ো বয়সে বিবাহ করিতে পাগল হয়েছে।

(d) তুমি যাহা বলিতেছ তাহা মোটের উপর সত্য বটে, কিন্তু তাই বলিয়া লোকটার যে কোনই গুণ নাই তাহা নহে (but we cannot call the man altogether worthless). বরং লোকের মুখের উপর (to one's face) নিন্দা করা ভাল, কিন্তু অসাক্ষাতে (behind one's back) কাহারও নিন্দা করা কাপুরুষের কর্ম্ম। বরং বনে বাস ভাল তথাপি অরাজক স্থানে

(where anarchy prevails) থাকা কিছু নয়। তিনি কৃপণতা করেন নাই বরং তাঁহার অবস্থার অতীত খরচ করিয়াছেন। তোমার সঙ্গে আর একজন লোক যাইবে বই কি, তা না হ'লে তুমি একা যাবে কি রূপে? আর সেটা পাগল বইত নয়, তা না হ'লে এমন নিরর্থক কথা বলে (or he could not talk such nonsense)? সে ঠিক্ তার কথা মত কাজ করে (is a man). এই গরিব ছেলেটাকে দিবার মত একখানিও কাপড় নাই? কলিকাতা পৌঁছিয়াই তোমার পিতাকে যেন একখানি পত্র লিখিতে বিস্মৃত হইও না। আমার বোধ হইল ঘরে যেন (as if) কে কথা কহিতেছে। বটে, সে কাহাকেও কিছু না বলিয়া বাটী হইতে পলাইয়া গিয়াছে? তুমি সেখানে যাইতেছ বটে, কিন্তু এখন গেলে তাহার দেখা পাইবে না। তোমাকে দিব বই কি, আমার আর দিবার ত লোক নাই? সে এখন কিছুদিনের মত বাটী হইতে গিয়াছে। তাইত বটে (Exactly so), তাকে আর সোজা করিতে পারিবে না (can't set him right).

(e) আমার পিতার জ্বর হইয়াছে বলিয়া আমি ডাক্তার ডাকিতে যাই-তেছি। এই প্রবন্ধটী (this essay) বড় শক্ত বলিয়া আপাততঃ পড়া হইতেছে না। কে বুঝি বাহিরে আমাকে ডাকিতেছে (calling to), রাম বাবুর আসি-বার কথা ছিল, হয়ত তিনিই আসিয়াছেন। তুমি আমাকে এই পুস্তক খানি দিবে বলিয়া আর দিলে না। কি বলিয়া আর সেখানে মুখ দেখাইবে? এই অঙ্কগুলি সহজ বলিয়া ছাড়িয়া দেওয়া হইয়াছে। আকাশের ভাব গতিক দেখিয়া (from the appearance of the sky) বোধ হয় আজ বৃষ্টি হইবে। কয়টা বাজিয়াছে (what o'clock) বোধ হয়? হয়ত দশটা বাজিয়া গিয়াছে (struck). তুমি বুঝি তার পুস্তকখানি লুকাইয়া রাখিয়াছ? এই বালকটী বুদ্ধিমান্ বলিয়া সকলেই তাহাকে ভাল বাসে। হরিবাবু ধার্ম্মিক বলিয়া সকলের নিকট পরিচিত।

(f) তোমার সঙ্গে দেখা করিতে যাইব যাইব ভাবিতেছিলাম, কিন্তু কাজের ঝঞ্চাটে (through press of business) পারি নাই। আমার বই টই কিছুই নাই, তা পরের দেখে দেখে আর ক দিন চলিবে? ছেলেটাকে মেরে মেরে দড়ি (thread, or rather *shadow*) করে দিয়াছে। ক দিন কেবল অনবরত বৃষ্টি, ঘরের বাহির হইতে পারা যায় নাই, আজ যেন মেঘ ছাড় ছাড় হইয়াছে (to clear up). আমার ক দিন হতে ভারী জ্বর হইয়াছে, একবার না এলে নয় তাই মরতে মরতে (with great difficulty) এসেছি। গল্প করিতে করিতে লোকটা মুর্চ্ছিত হইয়া পড়িয়া গেল (fell down in a swoon).

পরীক্ষার আর বেশী দিন নাই বলিয়া ছেলেটী পড়িয়া পড়িয়া শীর্ণ হইয়া গিয়াছে। কাজ যতই কঠিন হউক না কেন করিতে করিতে সহজ বোধ হয়। তোমাদিগের ঝগড়ার কথা শুনিয়া শুনিয়া আমার বিতৃষ্ণা জন্মিয়া গিয়াছে (I am really disgusted with, etc.). দ্রব্য সমুদায় দুর্ম্মূল্য হওয়াতে বড় বড় লোকেরও ঠেকাঠেকি হয়েছে (are in straits), আমাদের ত কথাই নাই। সে থেকে থেকে (at intervals) চমকে উঠ্‌ছে। শিশুটী আধ আধ স্বরে বলিল (lisped out) 'বাবা ঘরে নাই'। অপরাধী কাঁপিতে কাঁপিতে ম্যাজিষ্ট্রেটের নিকট (before) হাজির হইল। তিনি বাটী আসিতে না আসিতে জ্বরে আক্রান্ত হইয়াছেন। তুমি গরম গরম এক বাটী চা খাও (drink—hot and hot).

SECTION II.

Idiomatic Use of Words.

1. The following nouns are colloquially used in various senses :—

(*a*) মুখ—

ফোড়াটী মুখ লইয়া উঠিতেছে—The boil is coming or drawing to a *head*. এ বাড়ীটী পূর্ব্ব মুখো—This house *faces* (or *looks*) towards the east. কাশীতে নদী উত্তর মুখো বহিতেছে—At Benares the river flows *towards* the north. মুখের জোর না থাকিলে কেহ ভাল উকিল হইতে পারে না—No one can be a good pleader without *the gift of the gab.* বাবা আমাকে মুখ করিবেন—Father will *scold*, or, *rebuke* me. এ বিষয়ে তার আর মুখ নেই (লজ্জিত আছেন)—He is quite out of *countenance* in this matter. এ লোকটার বড় মুখ খারাপ—This man is very *foul-mouthed.* বালকটা মুখ চোরা—He is a *shamefaced* or bashful boy. আমি তাহার মুখের উপর স্পষ্ট একথা বলিতে পারি—I can tell him this roundly *to his face.* তার মুখে এক রকম পেটে এক রকম—He is a man of insincere professions.

(*b*) চোখ্ (চক্ষু)—

আপনার চোখের উপর সে এমন কাজ কর্‌ল ?—How is it that he did it *before your eyes* (under your nose) ? তিনি বালকটীকে চক্ষের উপর রাখিয়া শিক্ষা দিয়াছিলেন—He educated the boy under his *eye*.

তোমার এত টাকা আয় দেখে অনেক লোকের চোখ্ টাটাবে—Your large income will make many a person *envy* you. এ বিষয়ে তাঁর চোখ্ পড়েছে—This has drawn his *attention*, or attracted his *notice*. পরের সম্পদে চোখ্ দিও না—Don't look at other people's fortune with an *evil eye*. Don't envy their prosperity. দুষ্ট ছেলেটাকে চোখে চোখে রেখো—Keep a watchful *eye* on that naughty boy. আমি তার চক্ষের শূল—I am an *eye*sore to him.

(*c*) হাত, হস্ত—

দেওয়ালটা সাত হাত উচ্চ—The wall is ten *cubits* high. ইহাতে আমার কোন হাত নাই—I have no *hand* in this. কাহারও গায়ে হাত তুলিও না—Don't *lift up* your *hand* against anyone. অনুগ্রহ করিয়া আমার হাতটা দেখুন ত—Please feel my *pulse*. আজ কাল আমার হাত খালি—I am *out of cash* at present. সে বড় হাত ভারি লোক—He is a bad *paymaster*. তার হাত খুব দরাজ—He is very *open-handed*. তিনি হাত নাগাইদ হিসাব মিটাইয়াছেন—He has settled accounts up to *date*. তোমার পত্র হস্তগত হইয়াছে—Your letter has come to *hand*. জিনিসটা অনেক হাত ফিরিয়াছে—The thing has changed *hands* several times. এখন আমার হাত যোড়া আছে—My *hands* are full now, I have no leisure. কাজটী তাহারই হাতে—The post is at his *disposal*.

(*d*) পদ, পা—

আমার পদে পদে বিপদ—At every *step* I meet with (a) danger. তাঁহার পদ খুব উচ্চ—He holds a high *position*. ম্যাজিষ্ট্রেটের আপিসে কোন পদ খালি নাই—No *post* is vacant in the Magistrate's office. একশ টাকা ত পদে আছে, তার আয় মোট কুড়ি টাকা বই নয়—A hundred rupees is rather a respectable sum ; his income is only twenty rupees. রোগীটার হাত পা ঠাণ্ডা হয়ে এসেছে—The patient's *extremities* are become cold. অনেক জন্তু চারি পায়ে হাঁটে—Many animals walk on all *fours*. তাহার এক পা খোঁড়া—He is lame of (or in) one *leg*. মাকড়সার লম্বা লম্বা আটটী পা আছে—Spiders have eight long *legs*. এই জুতা জোড়াটী তাহার পায়ের চেয়ে বড়—This pair

of shoes are too big for his *feet*. তিন পা গেলেই তাঁর বাড়ী পেতে—A few *steps* more and you would have found his house.

(*e*) ধারা—

তুমি কেমন ধারা লোক হে?—What *sort* of (a) man are you? ইহা একালের ধারা—This is the *order* of the day. তাঁহার শিক্ষার ধারা (রীতি) অতি প্রশংসনীয়—His *mode* of teaching is very commendable. ক্ষত স্থান হইতে শোণিত ধারা পতিত হইয়াছিল—Blood oozed out in a *stream* from the wound. মুষল ধারে বৃষ্টি হইয়া গিয়াছে—It has rained in *torrents* (*heavily*). সে ধারাপাত পড়িয়াছে—He has read the book of *tables*.

(*f*) কথা—

আমি তাহাকে কথা দিয়াছি—I have given him my *word*. তার সহিত আমার কথা নাই—I am not on *speaking terms* with him. তাঁর সঙ্গে এ বিষয়ের কোন কথা হয় নাই—I have had no *talk* with him on the subject. সে কথার কি হলো?—What about that *matter*? তাঁর এখানে শীঘ্র আসিবার কথা আছে—He is shortly *expected* here. এখান দিয়া একটী লোহ-পথ খুলিবার কথা হইতেছে—It is *proposed* to open a railway through this place. ওকথা এখন ছেড়ে দাও—Let the *matter* drop now. তুমি আমার কথা শুন্‌বে?—Will you hear *me*? সে যে পরীক্ষায় উত্তীর্ণ হবে তার ত কথাই নাই—There is no *doubt* that he will pass the examination. যত বড় মুখ তত বড় কথা?—Dare you *speak* to me in that way? এ ত ঘরের কথা—I feel quite at home here. সেই ত কথা—That's the *question*; there's the *rub*. কথা এই—The *thing* (or, fact) is. এমনও কথা?—Is this possible? এ ত ভাল কথা নয়—It does not forebode good, or augur well; it is not a good *sign*.

2. Adjectives—

(*a*) ভাল—

এখানা ভাল কাপড় নয়—This is not a piece of *good* cloth. আমি ভাল আছি—I am *well*. ঈশ্বর তোমার ভাল করুন—May God *bless* you. সে বড় ভাল মানুষ—He is a *good-natured* man. তার বেয়ারাম ভাল

হয়েছে—He has recovered from his illness. এই মলমে আমার ঘা ভাল হয়েছে—This ointment has *cured* (or, *healed*) my sore. তার আজ ভাল খাওয়া হয় নাই—He has not had a *hearty* meal to-day. সে গণিতে (অঙ্কে) খুব ভাল—He is *strong* in mathematics. একাজ করলে তোর ভাল হবে না—It *will go hard* with you if you do it. ভাল কথা, তোমার না সম্প্রতি পদ বৃদ্ধি হয়েছে ?—By the bye (by the way), haven't you had a lift lately ? ভাল আপদ !—What a plague ! হা তোর ভাল হোক্ !—*Woe* to you ! A plague take you !

(*b*) মন্দ—

এ আমোদ মন্দ নয়—This is *pretty good* fun. যদি নিতান্ত মন্দই ঘটে—If the *worst* come to the *worst*. মন্দ ঘট্‌তে কতক্ষণ—At any moment the *evil* may happen. মন্দ মন্দ বায়ু বহিতেছে—*Gentle* breezes blow. রমণী মন্দ মন্দ গমনে অগ্রসর হইলেন—The lady went on at a *slow* pace. তার অগ্নি মন্দ (অগ্নিমান্দ্য) হয়েছে—He is suffering from *loss* of appetite. আজ টাকার বাজার বড় মন্দ—The money-market is very *dull* to-day. এ বড় মন্দ কথা নয়—That's *rather* a *good* suggestion. আমার কপাল মন্দ তাই তিনি পীড়িত আছেন—*Unfortunately* for me he is ill.

(*c*) পাকা—

এক ঝুড়ি পাকা আম—A baskeful of *ripe* mangoes. পাকা লোকের পাকা কাজ—An *experienced* man does everything in a *clever* way. এখনও কোন পাকা বন্দোবস্ত হয় নাই—No *permanent* arrangement has as yet been made. পাকা সোনার গহনা—Ornaments of *pure* gold. এটা পাকা মেয়ে—She is a *pert* girl. বরাবর পাকা রাস্তায় যাও—Go straight by the *metalled* road. সে পাকা বদমায়েস—He is a *clever* (or, *confirmed*) rogue. সে একাজে পেকে গিয়েছে—He is an *experienced* hand at this business. এ পাকা কথা—It is a *settled* thing. কবে পাকা দেখা হবে ?—When is the *betrothal* to take place ?

(*d*) ঠিক্—

ঠিক্ কথা—That's *right*. ঠিক্ করে বল—Let me know for *certain*. ঠিক্ উত্তরটী দাও—Answer to the *point*. এ বিষয় এখনও ঠিক্ করা

হয় নাই—This is not yet *settled.* হিসাব পত্র এখনও ঠিক্ করা হয় নাই—The accounts have not yet been *adjusted.* ঠিক্ উত্তরে—*due* north. ঠিক্ দুই প্রহর বেলায়—*just* at noon. তার কথার ঠিক্ নাই—He is not a man of his word; he cannot be depended on. তার মেজাজের ঠিক্ নাই—He is out of temper; He has been confused.

EXERCISE.

তুমি কোন্ মুখে আবার এ কথা বল্‌ছ। তুমি দক্ষিণ মুখে দাঁড়াও। আমার চোখে এ জিনিসটী ভাল বোধ হচ্চে। এ কথা সত্য নয়। রামের আজ কাল ভারি পদ। কথায় বলে "অনেক সন্ন্যাসীতে গাজন নষ্ট"। এটা কি পাকা খবর? তাঁর হাতের লেখা পাকা। তাঁর মেজাজ এখন গরম। চাউলের বাজার এখন কিছু মন্দ। সব ভাল ত? তিনি ভাল হয়েছেন। এখানে একটী এণ্ট্রান্স স্কুল হইবার নাকি কথা হচ্চে? তুমি ঠিক করে বল কবে আসবে। সূর্য্য ঠিক্ মাথার উপর এসেছে। ছেলেটাকে ত্যাগ করবে, একি একটা কথা? তার বাড়ীর ঠিক্ দক্ষিণে একটী পুষ্করিণী আছে। এখন কি কর্‌বে (to do) ঠিক্ করেছ? তোমার ত ভাল চাকর দেখ্‌চি, এখনও ঘুমুয়ে আছে? ঠিক্ ৫ টার সময় সভা হবে। আমার মনের ঠিক নাই। সে ত পাকা চোর। কতকগুলি পাকা বদমায়েস নিয়ে আমার কাজ (have to do with). এই ছেলেটার উপর একটু চোখ্ রেখ। তুমি যে আমাকে শক্ত শক্ত (hard) কথা বল্‌ছ? তার লম্বা চওড়া কথা। তার হাত পায়ে খিল (cramp) ধরেছিল। যে বিষয় পারিবে না তাতে হাত দেওয়া কেন? তোমার কাজের ধারা আমি বুঝিতে পারচি না। আজ কাল আমার হাত খালি। প্রয়াগে গঙ্গা ও যমুনার দুইটী ধারা আসিয়া মিশিয়াছে। এ ত কাজ করিবার ধারা নয়।

SECTION III.

Verbs Idiomatic and Colloquial.

Many verbs are colloquially used in different senses, and should be rendered according to the meaning in each particular case. We give a few examples—

1. The verb লাগা, and its causative form লাগান—

(*a*) আমাকে বড় আঘাত লেগেছে—I have *got* a severe *hurt*, (or, I am badly hurt).

(*b*) ঘরে আগুন্ লেগেছে—The house has *taken fire*. ঘরে আগুন লাগিয়েছে—The house has been *set on fire* ; or, fire *has been set to* the house.

(*c*) আমার ঠাণ্ডা লেগেছে—I have *taken cold* ; I have *caught cold*. আমার শীত লেগেছে—I *feel* chilly.

(*d*) আমার তাকে খুব মনে লেগেছে—I have *taken* a great fancy [to him.

(*e*) তাদের দুজনের মধ্যে খুব ঝগড়া লেগেছে—A bitter quarrel *is raging* between the two. They have fallen foul of each other.

(*f*) আমার ক্ষুধা লেগেছে (পেয়েছে)—I *feel* hungry.

(*g*) তারা খুব হুজুক্ লাগিয়েছে—They have *made* a great fuss.

(*h*) শব্দটা এখানে ঠিক লেগেছে—The word *is appropriately used* here ; it has been rightly *applied* here. এ চাবিটা ঠিক লাগ্‌চে না—This key does not *fit*.

(*i*) ইহা খাইতে ভাল লাগে না—It does not *taste* well. আর এখানে থাকা আমার ভাল লাগ্‌চে না—I don't *like* staying here any more.

(*j*) ইহাতে আমার কত খরচ লাগিবে (পড়িবে) ?—How much will [it *cost* me ?

(*k*) জাহাজ খানা পাহাড়ে লাগিয়া ভাঙ্গিয়া গিয়াছে—The ship *ran upon* a rock and was wrecked.

(*l*) তুমি তার ভয় লাগিয়ে দিয়েছ—You have *excited* his fear.

(*m*) তুমিই ত এই সব দুষ্ট লোক লাগিয়ে আমার অনিষ্ট চেষ্টা করিতেছ—It is you who are trying to injure me by *setting on* these wicked people.

(*n*) তুমি যদি এতে লেগে থাক, কেন না সম্পন্ন হবে ?—I don't know why the thing should not be done, if you only *stick to it*.

(*o*) আমরা তার পর এ ও তা পাঁচ রকম গল্প করিতে লাগিলাম—We then *fell to* talking about various matters, (not, *this and that*).

(*p*) সমস্ত দিন তোমাদের ঝগড়া কিচ্‌কিচি আর ভাল লাগে না—I am quite *sick* of your quarrelling all (the) day long.

(*q*) আমাদের বড় রোদ্‌ লেগেছে—We are much heated by the sun.

(*r*) যখন আমি পড়িতে লাগিলাম তখন সে ঘুমাইয়া পড়িল—He fell into a comfortable sleep when I *was reading*.

(*s*) তিনি কাজে লাগিলেন (কাজ আরম্ভ করিলেন)—He *set* himself to work; he *entered* on work.

2. The verb চলা—

(*a*) চাকর না থাকিলে আমার এক দিনও চলে না—I cannot *do* without servants for a single day.

(*b*) তোমার ঘড়ীটী কি ঠিক্‌ চল্‌চে ?—Is your watch *going* right ?

(*c*) চিরকালই কি সমান চলে ?—Things cannot *go on* the same for ever.

(*d*) সে দিন চলিয়া গিয়াছে—Those days are *gone* (*by*). তাঁর আর দিন চলে না—He can hardly keep the wolf from the door.

(*e*) সে আইন আর চলিতেছে না—That act (law) is no longer *in force*, (or, has become a dead letter).

(*f*) মগরা হইতে একটী নূতন লৌহপথ খুলিবার প্রস্তাব চলিতেছে—A scheme *is on foot* to open a new railway line from Magra.

(*g*) চটের কলগুলি চল্‌চে ভাল—The jute-mills are *going* (or *working*) well.

(*h*) বেদনাটা একস্থান হইতে অন্য স্থানে চলিয়া বেড়াইতেছে—The pain is *shifting* from one part of the body to another.

(*i*) স্কুল বেশ চল্‌চে—The school is *getting on* very well.

(*j*) আমার ভাল নজর চলে না—I cannot see clearly.

(*k*) একমাস সময় ত দেখ্‌তে দেখ্‌তে চ'লে যাবে—A month's time will soon *slip by* (দেখতে দেখতে = before one's eyes).

The causative চালান—

(*l*) আমি সংসার খরচ চালাইতে পারি না—I am unable to defray the family expenses.

(m) কাপ্তেন জাহাজ চালাইতে হুকুম দিলেন—The captain ordered the ship to be *steered.*

(n) গাছটী অনেক নীচে শিকড় চালাইয়াছে—The tree has *struck* root to a considerable depth.

3. The colloquial verb বাধা (বেধে যাওয়া)—

(a) নৌকা খানি চড়ায় বেধেছে—The boat has *run aground.*

(b) পূর্ব্বাঞ্চলে যুদ্ধ বেধেছে—War has *broken out* in the east.

(c) কোন রকমে ঝগড়া বাধান—Anyhow to *pick* a quarrel.

(d) কাঁটাগাছে তার চাদর বেধেছে—He has *got* his clothes (or, scarf) *entangled* in the thorny bush. His clothes have got *caught* in the bush.

(e) তার মনে বড় গোলোযোগ বেধেছে—He is troubled with conflicting thoughts.

4. The verb কাটা is ordinarily rendered by the verbs *to cut, to slay* : as—

সে আপনার আঙ্গুল কাটিয়াছে—He has *cut* his finger.

যুদ্ধে অনেক সৈন্য কাটা পড়িয়াছিল—Many soldiers *were slain* in the battle.

But the verb has been rendered differently in—

(a) এই নৌকায় দুই হাত জল কাটে—This boat *draws* two cubits. (The *draught* of a boat = the depth a boat sinks in water).

(b) তোমার বই কাট্‌চে কেমন ?—How is your book *selling* ?

(c) সময় আর কাটে না—Time *hangs heavy* on my hands.

(d) আজকাল কেরোসিন তেল বড় কাট্‌চে—Kerosene oil is now *in great demand.*

(e) চোর ঠিক দুয়ারের নীচে সিঁদ কাটিয়াছিল—The thief *opened* or *dug a hole* just under the threshold.

(f) কতকগুলি জন্তু যাওর কাটে (গিলিত চর্ব্বণ করে)—Some animals *chew the cud* (or, ruminate).

(g) আমি বড় কষ্টে কাল কাটাইতেছি—I *pass* my time in great distress.

5. খাটা—

(*a*) সে বড় খাট্‌চে—He is *working* hard. (*b*) তার কাছে তোমার চালাকি খাট্‌বে না—You cannot *outwit* him. (*c*) আদালতে এ ওজর খাট্‌বে না—This plea won't *go down* with the court. (*d*) এখানেও এ নিয়ম খাটে—Here also this rule will *hold good* (or apply). (*e*) শেষে তোমার কথাই খাট্‌লো—What you said has at last *come about*. (*f*) মেথর প্রত্যহ পাইখানায় খাটে—The *mehter cleans* the privy daily.

6. টেকা (টিকা)—

(*a*) কাপড় খানি অনেক দিন টিক্‌লো—This piece of cloth has *lasted* long. (*b*) ও আপত্তি টিকিবে না—That objection will not *stand*. (*c*) রোগী আর টেকে না—The patient is at the point of death. (*d*) এ সন্ধি বেশী দিন টিক্‌বে না—This treaty cannot *last* long. (*e*) পাকা ফল অনেক দিন টেকে না—A ripe fruit does not *keep* long.

7. পড়া (পতিত হওয়া)—

(*a*) ঝড়ে অনেক ঘর পড়েছে—Many houses have been *blown down* by the storm. (*b*) কথাটা আমার মনে পড়েছে—I *recollect* it just now. (*c*) তাহার নাম মনে পড়্‌ছে না—I cannot *call up* his name. (*d*) ছুরি খানার ধার পড়েছে—The edge of the knife has been *turned*. (*e*) সকলকে এ কথা বলতে কার গরজ পড়েছে?—Who *will be at the pains* to tell this to everybody? (*f*) তাঁর দাঁতগুলি সব পড়েছে—He has lost all his teeth, (All his teeth have *fallen out*). (*g*) সে আমার পায়ে পড়িল—He *fell* (*down*) at my feet. (*h*) প্রশ্নগুলি বাহির হইয়া পড়িয়াছে—The questions have *leaked out*. (*i*). যেমন তিনি লাফ দিলেন অমনি বেলুনটা উল্টে পড়িল—As he leaped into space the balloon *turned turtle*.

8. ছাড়া—

(*a*) সে তাহার কাজ ছাড়িয়াছে—He has *resigned* his office. (*b*) এতক্ষণ গাড়ি খানি ছাড়িয়াছে—The train has *started*, or *left* the station, by this time. (*c*) আমি তাকে ছাড়িয়া থাকিতে পারি না—I cannot live *without* him. (*d*) এখন তাহার লক্ষ্মী ছাড়িয়াছে—He is

out of luck now. (*e*) তার জ্বর ছাড়িয়াছে—The fever has *left* him; there is a remission now. (*f*) রোগীর নাড়ী ছাড়িয়াছে—The pulse of the patient *is imperceptible* at the wrist. (*g*) আমার হাত ছাড়িয়া দাও—*Let go* my hand. (*h*) পাখীটা ছেড়ে দাও—*Let* the bird *loose*.

9. ধরা—

(*a*) তাহারা চোরটাকে ধরিয়াছে—They have *caught* the thief. (*b*) আমার মাথা ধরিয়াছে—I have *got* a head-ache. (*c*) সে সকল লোকের ছুতো ধরে—He *picks holes* in everybody's coat. (*d*) এ পাত্রে আর ধরে না—This pot can't *hold* any more; it is brimful. (*e*) সে কত বুদ্ধি ধরে দেখা যাবে—I will measure wits with him. (*f*) তার আর আহ্লাদ ধরে না—He jumped out of his skin for joy.

10. উঠা—

(*a*) সকালে উঠিলে শরীর ভাল থাকে—It does good to one's health to *get up* early in the mourning; Early *rising* conduces to health. (*b*) তার চোক্ উঠেছে—He is suffering from an attack of *Ophthalmia*. (*c*) এত অল্প টাকায় তার মন উঠে নাই—He was not *satisfied* with such a small sum. (*d*) সব বই উঠে গিয়াছে—All the books have *been sold*, (or, *taken up*). (*e*) তারা এখান হতে উঠে গিয়াছে—They have *left* this place (or, *removed* from this place). (*f*) স্কুলটা উঠে গিয়াছে—The school has been *abolished*. (*g*) ছেলেটা এবার উঠ্‌তে পারে নাই—The boy has *got* no *class-promotion* this year. (*h*) রোগী এখনও দুর্ব্বল, উঠ্‌তে পারে না—The patient is still very weak, he cannot *sit up*. (*i*) বাজারে এখনও নূতন আলু উঠে নাই—The new potatoes are not yet in the market. (*j*) নারিকেল গাছ সকল গাছকে ছাড়াইয়া উঠে—The cocoanut tree *outgrows* every other tree. (*k*) সে আজ তিন জনের উপর উঠিয়াছে—He has *gained* three places in the class to-day.

11. দেখা—

(*a*) দেখ গাছটা কি সুন্দর!—*Behold* how beautiful the tree is! (*b*) দেখ রাম, যদি তুমি শিক্ষকের কথা না শুন তোমাকে আমি স্কুল হইতে তাড়াইয়া দিব—*Look* you, Ram, if you do not obey your teachers I will expel you from the school. (*c*) দেখ হরি, ওরূপ গোলমাল

করিও না—I *say*, Hari, don't make such a noise. (*d*) দেখ যেন এরূপ কাজ আর হয় না—*Take care* not to do this again; *See* that there is no more of this work. (*e*) আর একবার দেখা যাক (ভাল হয় কি না)—Let me *try* once more. ডাক্তার রোগী দেখ্‌তে বাহির হইয়াছেন—The physician is out *visiting* his patients.

12. খোলা—

কবে স্কুল খুল্‌বে?—When will the school *re-open*? এখানে একটী ডিস্‌পেনসরী খোলা হইবে—A dispensary will be *opened* here. এখানে রাস্তা খোলা নাই—There is no *through*fare here. তাহারা জাহাজ খুলিল—They *weighed* anchor. সে আমাকে মন খুলে সব কথা বলেছে—He has *opened* his heart to me; or, *made a clean breast of* it to me. এই গাঁইটটী খোল—*Untie* this knot. *Open* the bale. জুতা খোল—*Put off* your shoes. তিনি সব কথা খুলে বলিলেন না—He *minced* the matter; He did not *disclose* the whole truth.

13. রাখা—

তিনি দুজন চাকর রেখেছেন—He has *engaged* two servants. আমি সেভিংস্ ব্যাঙ্কে দুইশত টাকা রাখিয়াছি—I have *deposited* two hundred rupees in the Savings Bank. ছেলেটীর কি নাম রাখা হইয়াছে?—By what name has the child been *christened* (used only of a *Christian* child)? What name has been given to the child? তিনি দুটী পুত্র সন্তান রেখে গিয়াছেন—He has died *leaving* two sons behind him. এই ছেলে দুটীতে এবার স্কুলের মান বজায় রেখেছে—These two boys have *kept up* the reputation of the school. ব্রাহ্মণেরা মাথায় টিকি রাখেন—Brahmins *wear* a long tuft of hair on their head. এ প্রস্তাব এখন রেখে দাও—*Leave* that proposal now as an open question. আপনি বই আর কে এ বিপদে আমাকে রাখ্‌বে (রক্ষা করিবে)?—Who will *protect* me in my danger except you?

EXERCISE.

Translate :—

(*a*) তোমার ব্যবসা কিরূপ চলিতেছে? একজন বেশী লোক না হইলে আর চলে না। কিরূপে ঘরখানিতে আগুন লাগিয়াছিল? ছেলেটীর বড় ভয় লাগিয়াছে, উহাকে সঙ্গে করিয়া বাটী রাখিয়া আইস। গ্রাম শুদ্ধ লোক

লাগিয়াও তাহার কিছুই করিতে পারে নাই। চাকরী যাওয়াতে তাহার সংসার অচল হইয়াছে। এ টাকাটী বোধ হয় চলিবে না (pass or circulate). এই গৃহটী প্রস্তুত করিতে (to build) অনেক টাকা লাগিয়াছে। নৌকা চড়ায় লাগিয়াছে। তাহাকে যথেষ্ট উপদেশ দিলাম, কিন্তু তাহার উহা ভাল লাগিল না (was lost on him). আমার ভারি সর্দ্দি লাগিয়াছে, বাহিরে (in the open air) বেড়াইতে যাইব না। মাংস আমার ভাল লাগে না। এখানে একটী দাতব্য চিকিৎসালয় সংস্থাপন করিবার প্রস্তাব চলিতেছে (is set on foot). হরি বাবু লাগিলে অবশ্য এ কাজ সম্পন্ন হইবে। ক্ষুধা না লাগিলে খাইতে পারিবে কিরূপে?

(*b*) তাঁর কাছে তোমার এ মিছা ওজর (such a lame or hollow excuse) খাটিবে না। মশারি না খাটাইয়া (without rigging up) শুইলে মশার কামড়ে ঘুম হইবার জো নাই। এরূপ আলস্য-পরবশ হইয়া আর কত কাল কাটাইবে? নাটক নবেল পড়িয়া সময় কাটাইও না (kill the time). এই নৌকা খানিতে এক হাত মাত্র জল কাটে (draws), কোথাও বাধিবার সম্ভাবনা নাই। বাক্যটীর ওরূপ অর্থ এখানে খাটিবে না। এক দেশের নিয়ম অন্য দেশে কি সকল সময় খাটিয়া থাকে? পুস্তকখানি যেরূপ কাটিতেছে (to sell) তাহাতে বোধ হয় সত্বরই ইহা পুনর্ব্বার মুদ্রিত করিতে হইবে। বিলাতী কাপড় অপেক্ষা দেশী কাপড় অনেক দিন টেকে। তোমার ওকথা ভদ্রলোকের কাছে টিকিবে না। তুমি কেমন করে তার গায়ে হাত তুলিলে? তিনি আমাকে আকাশে তুলিয়া দিলেন। আজ সভাতে একথা তুলিতে হইবে। ডাক্তার সাহেব তাহার একটা কসের দাঁত (one of the molars) তুলিয়া দিয়াছেন। তিনি একখানি কাপড়ের দোকান খুলিয়াছেন।

(*c*) তোমার যখন দেখা পাইয়াছি তখন আজ আর ছাড়িয়া দিব না। কার এত গরজ (under such pressure of necessity) পড়িয়াছে যে দুই প্রহর রৌদ্রে বাজারে যাইবে? বৃষ্টি আসিবার সম্ভাবনা, বালকদিগকে ছাড়িয়া দেও। মতির বেশ চাকরী হইয়াছে, লোকটা ম্যাজিষ্ট্রেট সাহেবের নজরে পড়িয়াছে (fallen under the kind notice of). আমার ছুরিতে কলম কাটা হইবে না, ধার পড়িয়া গিয়াছে। এখনও বৃষ্টি ছাড়ে নাই, শীঘ্র যে ছাড়িবে এমনও বোধ হয় না। আমার কাপড় ছাড়িয়া দাও, ওরূপ করিয়া টানিলে ছিঁড়িয়া যাইবে। ভিজে কাপড় ছাড়িয়া ফেল। কয় দিন হইতে বড় শীত পড়িয়াছে, প্রাতে ঘর হইতে বাহির হওয়া যায় না। তোমার এখনও জ্বর ছাড়ে নাই, গা (the skin) খুব গরম আছে। বাঙ্গালী সহজে বাড়ী ছাড়িয়া

যাইতে চাহে না। শীঘ্র শীঘ্র কাজ সারিয়া লও, তাহারা আসিয়া পড়িলে আর কাজ হইবে না।

(*d*) তুমি কলিকাতায় যাইতে পার, কিন্তু দেখিও যেন অধিক দিন বিলম্ব না হয়। এ গাড়ীতে (compartment) একটুও স্থান নাই, আর লোক ধরিবে না। সেখানকার লোকের মুখে তাঁর প্রশংসা আর ধরে না (are lavish of his praise). বাজারে এক বোঝা কোপি (cabbages) আসিতে না আসিতে উঠিয়া গেল। দেখ, গোপাল, তুমি দিন দিন বড় অবাধ্য হইয়া উঠিতেছ, যদি মঙ্গল চাও তাহা হইলে আমি যাহা বলি তাহা কর। লোকটার কেমন স্বভাব, কেবল লোকের ছুতো ধরিয়া বেড়াইবে। দেখ, রাম তোমাদের পাড়ায় নাকি গত রাত্রে একটা চোর ধরা পড়িয়াছে? তার পেটে কথা থাকে না, (can't keep anything to himself). এ বিষয়ের কোন উল্লেখই হয় নাই, তবে এমন রব উঠিল কেন (why such a rumour is afloat) বলিতে পারি না। আমার চোক্ উঠিয়া আজ বার দিন বড় কষ্ট পাইতেছি। ভাল, ধর তার যেন পাঁচ হাজার টাকাই আছে, (granting for argument's sake) তাহা হইলেও ত সে তোমার চেয়ে ধনী নয়।

SECTION IV.

Idiomatic Expressions.

1. In translating an *idiomatic expression*, the student should attach far greater importance to the sense it conveys as a whole than to the individual words that enter into its composition. It is a great mistake to try to render an idiomatic expression *literally*, for that is sure, in ninety-nine cases out of a hundred, to make the translation strange and un-English. For instance, if we were to render the sentence 'আমাদের বাড়ীতে মহাশয়ের পায়ের ধূলা পড়িবে কি? as—'*Will the dust of your feet fall in our house?*'—the translation would hardly be understood by an Englishman. We must therefore put it *freely* as—'*Will you be so good as to call at our house?*' In English, there is

indeed, the phrase '*to shake the dust of a place from one's feet*,' but it cannot be employed in the present case, being used when one leaves a place in disgust or anger. Again it would be absurd to translate আমার কপাল পুড়িয়াছে by the sentence '*My forehead has been burnt*,' as it means আমার সর্ব্বনাশ হইয়াছে, which may be rendered—'I am *undone*, or *ruined*.' Similarly, 'সে পঞ্চত্ব পাইয়াছে,' 'তোমার মুখে ফুল চন্দন পড়ুক,' 'সে লেখাপড়ায় জলাঞ্জলি দিয়াছে,' 'আকাশ যেন ভেঙ্গে পড়িল,' 'তিনি গৃহশূন্য হইয়াছেন,' etc., ought to be translated *freely*. Any attempt to make the translation *literal* in such cases cannot but defeat the primary object, which is to *carry a thought beyond* the words of one language to be presented again by the words of another. Besides, idiom, like an arbitrary ruler, has no mercy for those that violate its mandates. It selects its own words and arranges them in a manner that leaves little or no choice in the matter of their use. We must learn the idiomatic expressions of a language as we find them in its best writers and speakers, and cannot be too careful as regards their wording and arrangement.

2. Idiomatic expressions may, in some exceptional cases only, be translated *literally*. Thus—

নিজের ঘাড়ের দোষ অপরের ঘাড়ে চাপাইও না—You must not shift the blame from off your own shoulder to that of another.

আধা খেচ্‌ড়া ক'রে কাজ করিলে কাজ ঠিক হয় না—"Things done by halves are never done right."

আমার মাথা গুঁজিয়া থাকিবার স্থান নাই—I have not where *to lay my head*.

তোমার এখন গ্রহ তুঙ্গী (সুপ্রসন্ন)—Your star (not *planet*) is now in the ascendant.

তিনি অকষ্টবন্ধে পড়িয়াছিলেন—He was in a fix.

সে আমাকে আহাম্মক বানিয়েছে—He has *made a fool of me*, (or, He has befooled me)

তাঁর যে কথা সেই কাজ—He is as good as his word.

সে লজ্জায় ঘাড় হেঁট করিল—He *hung down* his head in shame.

তুমি সকল কথায় ঠোকর দাও কেন?—Why do you *carp at* every thing said?

তার ধর্ম্ম কর্ম্ম লোক দেখানে—His piety is a mere show.

আর জ্বলন্ত আগুনে ঘী দিও না—Do not pour oil on the flames.

তোমার কথার মাথা মুণ্ডু কিছুই বুঝিতে পারিতেছি না—I can *make neither head nor tail* of what you say.

অন্ধকারে ঢিল মারিও না—Do not throw stones in the dark.

এ ছেলেখেলা নয়—It is not child's play.

সে জীবন্মৃত হইয়া আছে—He is dead-alive (=half dead and [half alive).

জিনিসগুলা নয় ছয় হ'য়ে আছে—Things are *at sixes* and *sevens.*

3. The following idiomatic expressions in Bengali are translated rather freely with their English equivalents more in sense than in words :—

আমি ইহার বাষ্পও জানি না; আমি ইহার বিন্দুবিসর্গও জানি না—I know nothing whatever about the matter. [I have not had even *a scent* of the matter. I do not know *a jot or tittle* of it.] I have got no *wind* of it.

তিনি এই অত্যাচার দেখিয়া রাগে জ্বলিয়া উঠিলেন—He *took fire* at the sight of this outrageous act.

গোপাল তাহাদিগকে নাকে দঁড়ি দিয়া টানিয়া লইয়া যাইতেছে—Gopal *leads* them *by the nose.*

আমি ইহার ছন্দাংশে নাই—I am in no way implicated in this matter. I have had no part in this affair.

তাহাদিগের এই ঝগড়া দিন দিন পাকিয়া উঠিতেছে—This misunderstanding between them is gradually *coming to a head*, or *growing* day by day.

সে কিল খাইয়া কিল চুরি করিল—He pockets the affront or insult.

আমি এ বিষয়ের কোনও কুল কিনারা দেখিতেছি না—I am *quite at see* about this matter.

তাঁর কার্য্যে স্বার্থের গন্ধও নাই—His conduct does not *smack* of

selfishness. There is not a taint of selfishness in his conduct. There is not a trace of selfishness, etc.

সেখানে ভারি মজা হচ্চে—They are having fine fun there.

তার অস্থি চর্ম্ম সার হয়েছে—He is *worn to a skeleton* (or, to a *shadow*).

তুমি আমার সম্বন্ধে এরূপ গল্প রট্‌য়েছ—You have *cooked up*, (or *concocted*) such a story about me.

পরিবারের মধ্যে যেন সে কেহ নয়—As if he were a *nobody* in the family.

তিনি একাই একশ—He is a host in himself. He is himself a host.

সে দিন আনে দিন খায়—He lives from hand to mouth.

সেই ত কথা—That is the question.

Figurative Expressions.

4. In translating a passage into English, the student not only meets with a *figure of speech*, but has sometimes to use one in place of a simple expression in Bengali. In either case, regard should be had to the meaning of the expression and the idiom of the English language.

(*a*) It is only in a very small number of cases that *figures* may be rendered by corresponding *figures* which exactly coincide with them :—

তিনি সিংহাসনে আরোহণ করিলেন—He *ascended the throne* (= became king).

বৃদ্ধ স্ত্রীলোকটী দুষ্ট সরস্বতী হইয়া তাঁহাকে সর্ব্বদা কুপথে লইয়া যাইত—The old woman, his *evil genius*, always led him astray.

জীবন সমুদ্রে আমরা নানাদিকে বাহিয়া যাইতেছি—On the vast *ocean of life* we sail in diverse directions.

তিনি অকালে কালের করাল কবলে পতিত হইয়াছেন—He has fallen, before his time, into the *fearful jaws of Death*.

মির জাফর আপন সভা মণ্ডপে পুত্তলিকাপ্রায় হইয়া থাকিতে নিতান্ত

অনিচ্ছুক ছিলেন—Meer Jaffir was most unwilling to become almost a *puppet* in his own council-chamber.

(*b*) In some cases, a *figure* may be translated by a *figure* which runs parallel to it :—

তাহার চেষ্টা ফলবতী হইয়াছিল—His efforts were *crowned* with success.

তিনি (নিষ্ঠুরতায়) কংসকেও অতিক্রম করিয়াছেন—He has *out-Heroded Herod.*

তাহাদের দুজনের দা-কুমড়া সম্বন্ধ (তাহারা আদায় কাঁচ কলায়, সাপে নেউলে)—They are *at loggerheads* or, *at daggers drawn.*

বিদেশী কপর্দ্দক-বিহীন অবস্থায় এদেশে আসিয়াছিলেন—The foreigner came into this country quite *penniless.*

"তিনি বিবেচনা করিলেন যদি আমি মুরশিদাবাদে থাকি তাহা হইলে যেখানে এতকাল আধিপত্য করিলাম তথায় কেবল ধামাধরা হইয়া থাকিতে হইবে (বিদ্যাসাগর)"—"He considered that if he remained at Moorshedabad, he would have to be a *puppet* in the place where he had so long exercised sovereignty (ধামা ধরা = a basket-holder)." *Marshall.**

(*c*) It would often be safer to translate the *sense* only :—

সে রাক্ষসের মত খাইতে লাগিল—He fell to *with a voracious appetite.*

ইহাতে দন্তস্ফুট করিবার জো নাই—It is too difficult *to understand.*

"গবর্ণর ও কৌনসিলের মেম্বরেরা অত্যন্ত ব্যাকুল হইলেন এবং চারিদিক বিপদ সাগর দেখিতে লাগিলেন"—"The Governor and Members of Council were much agitated and began to discover around them *the most gloomy prospects.*" *Marshall.*

(*d*) A *plain* expression in Bengali may sometimes be translated with advantage by means of a *figure* in English :—

তিনি অত্যন্ত পরিশ্রম করিয়া জীবিকা নির্ব্বাহ করেন—He earns his livelihood *by the sweat of his brow.*

---

* For other examples see pp. 162-63.

বায়রণ বড় ঘরে জন্মিয়াছিলেন—Byron was born *with a silver spoon in his mouth.*

তাঁহার পরামর্শদাতা নিকটে উপস্থিত না থাকায় তিনি কোন উত্তর দিলেন না—He gave no answer as his *Mentor* was not at his *elbow.*

এ বাড়ীটাতে মোটামুটি আমার ৫,০০০ টাকা খরচ হইয়াছে—This house has cost me *in round numbers* Rs. 5,000.

আমার ষাট বৎসর বয়স হইল, আমি এখন যাইতে বসিয়াছি—I am sixty years old, I have now *one foot in the grave.*

Proverbial Expressions.

5. A few *proverbial* sayings in Bengali have equivalent sayings in English, though the latter do not in all cases represent them *literally* :—

(1) উলুবনে মুক্তা ছড়ান—To cast pearls before swine.

(2) পরের দুঃখ কেহ বুঝে না—No one knows the weight of another's burden.

(3) যার জ্বালা (দুঃখ) সেই জানে—The wearer best knows where the shoe pinches.

(4) আয় বুঝে ব্যয় কর—Cut your coat according to your cloth.

(5) কয়লা ধুলেও ময়লা ছাড়ে না—Black will take no other hue.

(6) নেই মামার চেয়ে কাণা মামা ভাল—Half a loaf is better than no bread.

(7) দুধ কলা দিয়া সাপ পোষা—To cherish a serpent in one's bosom.

(8) মরার উপর খাঁড়ার ঘা ; কাটা ঘায়ে নুনের ছিটে—To slay the slain ; to tread on a crushed worm ; to pour water on a drowned mouse ; to break a bruised reed.

(9) যার ছেলে যত পায় তার ছেলে তত চায়—The more they get the more they want. Plenty is the father of want.

(10) তিলকে তাল করা—To make a mountain of a mole-hill.

(11) উদোর পিণ্ডি বুদোর ঘাড়ে—One doth the scath, and another hath the scorn.

(12) মুনিরও মতিভ্রম হয় (মুনীনাঞ্চ মতিভ্রমঃ)—Even the saints sometimes err. "To err is human."

(13) অতিভক্তি চোরের লক্ষণ—Too much courtesy, too much craft.

(14) ঢিলটী মারিলেই পাটকেলটী খেতে হয়—Tit for tat.

(15) নাচ্‌তে না জানলে উঠানের দোষ—A bad workman quarrels with his tools.

(16) জোর যার মুল্লুক তার—Might is right.

(17) পাপের ধন প্রায়শ্চিত্তে যায়—Ill got, ill spent.

(18) চোর পলাইলে বুদ্ধি বাড়ে, (কিং গতে সলিলে সেতুবন্ধেন ?)—To lock (or, shut) the stable-door when the steed is stolen.

(19) অনেক সন্ন্যাসীতে গাজন নষ্ট—Too many cooks spoil the dinner.

(20) গরু মেরে জুতা দান—To rob Peter to pay Paul.

(21) মেও ধরে কে ?—Who is to bell the cat ?

(22) সবুরে মেওয়া ফলে—Patience is bitter, but its fruit is sweet.

(23) যেমন কর্ম্ম তেমনি ফল—Measure for measure. To be rightly served.

(24) বহ্বারম্ভে লঘু ক্রিয়া—Much cry and little wool. Much bruit, little fruit. A mountain bringing forth a mouse.

(25) সস্তার তিন অবস্থা—Cheap goods are dear in the long run. Cheap and nasty.

(26) কালনেমির লঙ্কা ভাগ—To count one's chickens before they are hatched.

(27) যতক্ষণ শ্বাস, ততক্ষণ আশ—While there's life there is hope. *Dum spiro spero.* (Cf. Drowning men catch at straws).

(28) শুধু মিষ্ট কথায় পেট ভরে না (চিঁড়ে ভিজে না)—Fair words butter no parsnips.

(29) জীব দিয়াছেন যিনি, আহার দিবেন তিনি—God never sends mouths but he sends meat.

(30) রাই কুড়িয়ে বেল—Many a little makes a mickle. Many drops make a shower.

(31) বামুন গেল ঘর তো লাঙ্গল তুলে ধর—When the cat is away the mice will play.

(32) ন্যাড়া বেল তলায় যায় কবার ; পোড়া গরু সিঁদুরে মেঘ দেখে ডরায়—The burnt child dreads the fire.

(33) অতি লোভে তাঁতি নষ্ট—He that grasps at too much holds nothing fast.

(34) এক লাঠিতে দুই সাপ মারা ; রথ দেখা ও কলা বেচা—To kill two birds with one stone.

(35) মুখে খুব মিঠে, নিম নিসিন্দে পেটে—A honey tongue, a heart of gall.

(36) বজ্র আঁটুনি, ফস্কা গেরো—Penny wise, pound foolish.

(37) টাকা উড়ে যায়, টাকা থাকে না—Riches have wings.

(38) মৌনং সম্মতি লক্ষণং—Silence gives consent.

(39) ফলেন পরিচীয়তে—A tree is known by its fruit.

(40) বিপদ বিপদের অনুসরণ করে (বিপদ্বিপদমনুবধ্নাতি)—Misfortunes come in battalions. Misfortunes seldom come singly.

(41) সাহসেই লক্ষ্মী হয়—Nothing venture, nothing have. Fortune favours the brave.

(42) যাকে রাখ সেই রাখে—Keep thy shop and thy shop will keep thee.

(43) দশকর্ম্মান্বিত ব্যক্তি—A jack of all trades and master of none.

(44) ভিক্ষার চাল কাঁড়া আর আকাঁড়া—Beggars must not be choosers. A gift horse is not to be looked at in the mouth.

(45) ছিদ্রেষনর্থা বহুলী ভবন্তি—A little leak will sink a great ship.

(46) যেমন মনিব তেমনি চাকর—Like master like man.

(47) জলেই জল বাধে—Nothing succeeds like success.

(48) এক হাতে তালি বাজে না—It takes two people to make a quarrel.

(49) সমুদ্রে পাদ্য অর্ঘ—A drop in the ocean.

(50) শ্রেয়াংসি বহু বিঘ্নানি ; না আঁচালে বিশ্বাস নাই—Many a slip between the cup and the lip.

(51) নহি সুখং দুঃখৈর্বিনা লভ্যতে—There is no rose without a thorn.

(52) সময় কাহারও অপেক্ষা করে না—Time and tide wait for no man.

(53) আপনি ভাল ত জগৎ ভাল—To the pure all things are pure.

(54) জলে কুমীর ডাঙ্গায় বাঘ—I am between Scylla and Charybdes.

(55) পরের মাথায় কাঁটাল ভাঙ্গা—To make a catspaw of a person.

(56) তেলা মাথায় তেল দেওয়া—To give alms to a millionaire. To carry coal to Newcastle.

EXERCISE.

Translate :—

(*a*) হলধর বেশ ব্যবসা বুঝে এবং চট্‌পটে। পয়সা কড়ির বিষয়ে (in money matters) বড় খারা (straightforward).

(*b*) তোমার গ্রহ সুপ্রসন্ন, নতুবা তুমি এই আসন্ন বিপদ হইতে অব্যাহতি পাইতে না। আর দেখ তুমি উপরি উপরি তিনটা মোকদ্দমা জিতিলে।

(*c*) তিলকে তাল করা তোমার অভ্যাস। মোটে (altogether) একশ লোক হবে কিনা সন্দেহ, তুমি বলিলে হাজার লোক উপস্থিত হইয়াছিল। হাজার লোক তেমন ছোট ঘরে (hall) ধরে ?

(*d*) কলমটা ত ভাল, তুমি ভাল লিখিতে পার না তাই বল ; নাচ্‌তে না জানিলে উঠানের দোষ। ভাল কথা মনে পড়েছে, কাল তোমাদের এখানে একটা কলম ফেলিয়া গিয়াছি ?

(*e*) তাহাদের ঝগড়া খুব পেকে উঠেছে ; তুমি কিন্তু আর জলন্ত আগুনে ঘি ঢালিও না, বিবাদ মিটাইয়া দিবার (to make up) চেষ্টা কর।

(*f*) দশ জন একত্র হইলেই হাসি তামাসাতে (in jesting and jeering) সময় যায়, আসল কাজ কিছুই হয় না—no important business is done) ; কথায় বলে 'অনেক সন্ন্যাসীতে গাজন নষ্ট'।

(*g*) রাম বড় বিপদে পড়িয়াছিল ; গ্রাম শুদ্ধ লোক (the whole village) এক হয়ে তার নামে একটা মিথ্যা মোকদ্দমা রুজু করিয়াছিল

(instituted), কিন্তু রাম একাই একশ, লোকে ষড়যন্ত্র করিয়া তাহার কিছুই করিতে পারে নাই। কিন্তু পূর্ব্বে ঐ সকল ব্যাপারের বিন্দু বিসর্গও আমার কানে উঠে নাই।

(*h*) ভেবে ভেবে লোকটা অস্থিচর্ম্ম সার হয়েছে। যার জ্বালা সেই জানে; হাতে পয়সা না থাকিলে অনেকগুলি ছেলে পিলে লইয়া যে কিরূপ বিব্রত হইতে হয় তা যে ভুগিয়াছে সেই বলিতে পারে।

(*i*) তাঁহার উপর আমার দাওয়া নাই, যা দিলেন তাই আমার যথেষ্ট; ভিক্ষার চাউল কাঁড়া আর আকাঁড়া॥

(*j*) লোকটার এখন বড় দুরবস্থা হইয়াছে, এত টাকা ছিল, এখন তার আর কিছুই নাই, পাপের ধন প্রায়শ্চিত্তে যায়।

(*k*) অতি ভক্তি চোরের লক্ষণ; সে যখন এত খোসামোদ করিতে আরম্ভ করিয়াছে তখন অবশ্যই তাহার কোন দুষ্ট (sinister) অভিসন্ধি আছে; বোধ হয় কোন গতিকে কিছু অর্থ আত্মসাৎ করাই তাহার উদ্দেশ্য।

(*l*) সে দ্বিতীয় কৃতান্তের ন্যায় এক ব্যাধকে ভ্রমণ করিতে দেখিল।

(*m*) এই কথা শুনিয়া স্ত্রীলোকটী কেঁদে ভাসাইয়া দিল (floods of tears).

(*n*) "মীরন্ অত্যন্ত দুরাচার কিন্তু (but at the same time) পিতার রাজত্বের প্রধান অবলম্বন স্বরূপ ছিলেন"।

Section V.

Common Errors in Translation.

1. তিনি আজ অপেক্ষাকৃত ভাল আছেন—This is wrongly translated as, 'He is comparatively *better* to-day.' The proper word, however, is *well*, not *better*, the adverb *comparatively* itself showing the degree.

তিনি এক প্রকার ভাল আছেন—This is ordinarily translated—'He is *somewhat* well;' it ought to be—He is *pretty* well; so it is wrong to translate তিনি আজ কিছু সুস্থ আছেন as, 'He is little better to-day,' it should be—'He is *a* little better to-day.' *Little* better = *hardly* better, or *no* better.

2. আমি ইহাকে তৃণজ্ঞান করি—I do *not* care a straw (or, a fig) *for* it; not, *I care it a straw* (or *fig*), as boys generally write.

3. আমি তাহার বিষয় জিজ্ঞাসা করিয়াছি—I have inquired *of* him. This should be—'I have inquired *about* him.' To inquire *of* a person = to ask a person. Also—

৭ই ফেব্রুয়ারি তারিখে পরীক্ষা আরম্ভ হইবে—The examination will commence *on* the 7th February; and not, *from* the 7th February. আপনার উপদেশে তাহার কোন ফল (পরিবর্ত্তন) হয় নাই—Your advice has had no effect *on* him, and not, *to him.* সে একখানি ভাঙ্গা থালায় ভাত খাইতেছে—'He is eating *from* a broken plate,' and not, '*in* a broken plate.' ইহার আর কোন প্রতীকার নাই—'There is no remedy *for* this,' and not, '*of* this.' তাহার নাম আমার স্মরণ হইতেছে না—'I cannot call *to* mind his name,' and not, '*into* mind.' কাজ হাতে লওয়া—'To take business *in* hand,' and not, '*into* hand.' গাছটীতে অনেকগুলি আম আছে—'There are many mangoes *on* the tree,' and not, '*in* the tree.'

4. চৈতন্য নবদ্বীপে জন্মগ্রহণ করিয়াছিলেন—It is not correct to say 'Chaitanya *took his birth* at Navadwipa'; it should be—'Chaitanya *was born* at Navadwipa.'

5. যখন তিনি আসিবেন এই বই খানি তাঁহাকে দিও—'*When* he *will* come, give him this book.' Omit *will* and write, '*when he comes.*' An adverbial clause introduced by '*when*' referring to the future does not require a verb in the future tense. But ট্রেণ কখন আসিবে জানি না should be translated—'I do not know *when* the train *will* come.' A noun clause introduced by *when* requires a verb in the future (Wilson). It should be noticed, however, that when a thing takes place habitually the present tense must be used. Thus ট্রেণ কখন ছাড়ে জানি না = 'I don't know when the train *starts.*'

6. আমি তাকে পীড়িত দেখিয়াছিলাম—'I *found* him ill,' not '*saw* him.' আমি তাহাকে দেখিয়াছি?—'I have *seen* him,' not '*found* him.' আমি তোমাকে কি করিতে বলিয়াছি ?—What have I *told* you to do ? not '*said* to you.' আমি তোমাকে এবিষয়ে কি বলিয়াছি ?—What have I *said* to you on the subject ? not '*told* you.'

7. পরস্পর কলহ কর কেন ?—Why do you quarrel *one another?* This is wrong, it should be, 'Why do you quarrel *with one another?*' '*To quarrel*' is an intransitive verb which cannot take an object after it without a preposition.

8. Q. এখানে আসিবেন ?—Will you come here ?

A. যাচ্চি, একটু বিলম্ব কর—I *am going*, wait a little.

Here '*I am going*' is Bengali idiom in English. An Englishman would say '*I'll come presently.*' Strictly speaking, when an act is actually taking place or in course of being done, the verb should be in the progressive form, but not otherwise; যাচ্চি as used above does not signify actual *going*. The verb may also be put in the present indefinite form, to indicate that the act will take place presently. (See Bain's *Gram.* p. 187 ; Nesfield's *Ind. H. Sch. Gram.* p. 105). 'I *am going* directly' is, however, a common English expression used of the *immediate* future.

9. দস্যুরা পথিকদিগকে আক্রমণ করিল—The robbers *attacked* the traveller ; not, *invaded* ; এবং তাহাদের টাকা কড়ি কাড়িয়া লইল —and robbed *them of* their money ; not '*robbed their money.*' 'To *steal* money' is, however, good English.

10. মন্দ অভ্যাস ছাড়—*Forsake* bad habits. This is wrong ; it should be, '*Give up* (leave off) your bad habits.' (তোমার) কাপড় ছাড়—*Put off* (or, *take off*) your clothes ; not, *give up*.

11. কুচবিহারের জল (বায়ু) আমার সহ্য হইতেছে না—It is wrong to say 'The *water* of Cooch Behar does not agree with my health ; it should be, 'The *climate* of Cooch Behar, etc.'*

12. তিনি অতি কষ্টে জীবিকা নির্ব্বাহ করেন—He *hardly maintains* his *livelihood*. This is wrong, it should be, 'He finds it *hard to earn* his *livelihood*,' or 'He maintains himself with difficulty.'

13. তুমি অন্যায় করিয়াছ—You have *done* injustice, not *made* injustice. তুমি ভুল করিয়াছ—You have *made* a mistake, not *done*.

* 'But if the character of the *water* is specially referred to, the English is quite good.' Wilson.

14. পরীক্ষা দেওয়া, দুয়ার দেওয়া, (পাত্রে) জল দেওয়া, etc. should not be translated as—*give examination*, *give door*, *give water*, etc., but as, *appear in the examination* (or, *take* one's examination), *shut* the door, *pour water*, etc.

15. ঠাণ্ডা বাতাসে খোলা মাথায় বেড়াইও না—Do not walk in the cold air with *your* head *bare*; not *open*. দরজা খোলা আছে—The door is *open*, not *bare*.

16. আমি দশটার গাড়ীতে যাইব—'I shall go by the *ten o'clock train*.' and not, 'by the ten *o'clock's train*.' দশটা কুড়ি মিনিটের গাড়ীতে যাইব—I shall go by the 10-20 *train*; not, by the *10-20 o'clock* train.

17. তিনি প্রত্যহ সকালে বেড়াইয়া থাকেন—He *uses* to go to walk every morning. This is incorrect, for the verb '*use*' in this sense is employed only in the past tense, and not in the present. The correct translation would be, 'He *walks* every morning,' or 'He is accustomed to walk every morning.'

18. পঞ্চম ও ষষ্ঠ শ্রেণী ছাড়িয়া দেওয়া হইয়াছে—*The fifth and sixth class* have been dismissed. It should be either '*the fifth and sixth classes*,' or '*the fifth and the sixth class*.'

19. আমার বড় মাথা ধরিয়াছে—It is wrong to say 'I have strong head-ache,' it should be 'I have *a bad* head-ache.'

20. আমার বিস্তর কাজ আছে—I have a great deal of work to do; not, 'I have to do a great deal of work.' The latter indicates *obligation*, which is not signified by the Bengali sentence.

21. আমাকে একবার বইখানি দাও—It is incorrect to translate it thus—'Give me the book *once*.' Here একবার should not be taken to mean *once*, as if the speaker would not ask for the book *twice*, but it is simply a polite and softening word in idiomatic Bengali. The sentence should be rendered thus—'*Please* lend me the book;' or, '*Just* let me have the book for a while.'

22. এই চিঠি খানি দেখুন, সকল ব্যাপার জানিতে পারিবেন—'Please *see* this letter and you will understand the whole business'; better say—'Just *read* this letter' or, '*look over* this letter, etc.'

23. তোমার ভুল হইয়াছিল—'You *mistook.*' This is against usage and hence incorrect; the correct expression is—'You *were mistaken,*' the passive form being used in the active sense. Used by themselves 'You mistake,' and 'You are mistaking' are wrong, but they are correct when followed by an accusative, as—'You mistake *me,*' 'You are mistaking *my meaning.*' Again 'If I *mistake not*' may be more correctly used,' though 'If I *am not mistaken*' is more common.

24. রাম তোমার মত সাহসী নয় is wrongly translated 'Ram is not *as brave as* you'; it should be 'Ram is not *so brave as* you.'

25. যেমনই গোপাল আসিল অমনি আমি বাহিরে গেলাম—'*No sooner* Gopal *came* in I went out.' This is incorrect, the correct expression being '*No sooner did* Gopal come in *than*, etc.'

26. তোমাকে আমি অনেক দিন দেখি নাই—I have not seen you *long since.* This is incorrect; the correct expressions are, I have not seen you *for a long time*'; '*It is long since* I saw you last.'

27. সাড়ে তিন টাকা—'Three rupees and *a half*', or, 'three and *a half* rupees,' not, 'three and *half* rupees.' দেড় = *one and a half,* or '*half* as much again,' but not merely, *one half,* which is the equivalent of আধ। সওয়া তিন টাকা = Three rupees and *a quarter.*

28. পৌনে পাঁচ—*Four and three-fourths,* but not, *four and three-fourth*; '*fourth*' being a noun here, qualified by the plural adjective '*three.*'

29. তাঁর আসিতে পাঁচ সাত দিন হইবে—He will be *six* or *seven* days in coming, or, He will take *six* or *seven* days to come. দুই চারি দিনে = In *three* or *four* days, not, after the Bengali idiom, in *two* or *four* day.' In *Hamlet,* we have—"a speech of some *dozen* or *sixteen* lines."

30. পাঁচের পাতা খোল—It is wrongly translated—'Open the 5th page'; it should be—'Open at the 5th page,' or 'Open at page 5.' The sentence may also be translated—"Turn to page

5,' but this is to be said only when the book has been already opened.

31. আবার দুর্ভিক্ষ হ'লে দেশ একেবারে উচ্ছিন্ন হইবে—If famine breaks out again the country will be *utterly* desolated. Here একেবারে should be translated by *utterly*; but not by '*at once.*'

32. আমি বরাবর বাড়ী যাইব—I shall go home *direct*, not *directly*. To go *directly* means to go *immediately* (এখনই). The word বরাবর may also be rendered by the word *right*, *straight*; as, বরাবর ঘরের ভিতর যাও—Go *right* into the room.

33. আমার নামে খরচ লিখিও; আমার নামে জমা করিও—Debit it *to my account*; credit it *to my account*; not, *in my name.*

34. দুই তিন দিন—is sometimes wrongly translated—'*two three* days.' It should be '*two* or *three* days.'

35. তাঁহার সহিত আমার খুব হৃদ্যতা আছে is often translated—'I am *thick and thin* with him.' This is a gross mistake; the sentence might be simply, 'I am *thick* (very intimate) with him,' 'We are very *thick* together,' or, 'I am *hand and glove* (or, *hand in glove*) with him.' The words '*thick and thin*,' occur in the idiomatic phrase—'*through thick and thin*,' meaning '*through all obstacles*,' as in the sentence, 'He went *through thick and thin* to obtain an education.'

36. তাহার সহিত আমার বাক্যালাপ নাই is usually rendered as, 'I do not *speak with him*,' better say—'I am not *on speaking terms with him*.

37. দুতালায় তাঁহার পড়িবার ঘর—His study is upon the *first floor*, not 'on the *second floor*.' একতালা corresponds to the *ground floor* in English.

38. আমি হিন্দু স্কুলে ভর্ত্তি হইয়াছি—I have *taken admission in* the Hindu School. This is wrong; it should be 'I have *been admitted into* the Hindu School.' 'আমি হিন্দু স্কুলে ভর্ত্তি হইব' should be translated—' I will *join* the Hindu School, or *get admitted*

into it,' but not—'I will *be admitted into* it.' 'বালকটীকে হিন্দু স্কুলে ভর্ত্তি করিয়া দিতে হইবে' should be translated—The boy is *to be got admitted into* (or, *entered of*) the Hindu School ; or simply, 'The boy is *to be put in* the Hindu School,' but not '*to be admitted into*, etc.'

39. 'তিনি আমার হাত ধরিয়া টানিতে লাগিলেন' is often translated 'He *caught* my hand and dragged me. This should be 'He *caught hold of* my hand, etc.'

40. তুমি একথা অস্বীকার কর কেন ?—(*incorrect*) Why do you *refuse* this ?—(*correct*) Why do you *deny* this ? তুমি টাকাটা লইতে অস্বীকার কর কেন ?—(*incorrect*) Why do you *deny* the money ?—(*correct*) Why do you *refuse* the money ? To *deny*=not to admit ; to *refuse*=not to accept.

41. তিনি পূজার ছুটী পাইয়া বাটী গিয়াছেন—He *availed of* the *Puja* holidays to go home. This should be 'He *availed himself* of the *Puja* holidays, etc.' 'আজ আমার শরীরটা খারাপ বোধ হ'চ্চে'—should not be rendered as—'I *feel myself* unwell to-day,' but simply as—'I *feel unwell* to-day.

APPENDIX.

Entrance Examination Papers.

1890.

1. Translate into English :—

A.

যে সকল বিখ্যাত জাতি পূর্ব্বকালে বিদ্যমান ছিলেন, তাঁহাদিগের ও আমাদের মধ্যে কত প্রভেদ, তাহা পুস্তক পাঠে আমরা অবগত হই। যেমন ইজিপ্‌সিয়ান জাতি; তাঁহারা পিরামিদ্ নির্ম্মাণ করিয়াছিলেন। সেই সকল প্রস্তরস্তম্ভ ভূমণ্ডলে সর্ব্বাপেক্ষা বৃহৎ। এবং যেমন বাবিলোনিয়ান জাতি; তাঁহাদের একটি নগর ছিল। সেই নগর ইষ্টকনির্ম্মিত প্রকাণ্ড প্রাচীরে পরিবেষ্টিত ছিল। তদুপরি ক্ষোদিত লিপিগুলিকে অগ্নি ও জল, উভয়ে বিলুপ্ত করিতে বৃথা প্রয়াস পাইয়াছিল। 18

ইয়ুদি আর একটি জাতি। তাঁহারা জানিতেন, ঈশ্বরের মহিমা কেমন অদ্ভুত ও উৎকৃষ্ট।

গ্রীকজাতি জ্ঞানের অনুসন্ধানে তৎপর ছিলেন। তাঁহারা উত্তমরূপে জানিতেন, কিরূপে উত্তম উত্তম গৃহ ও প্রতিমূর্ত্তি নির্ম্মাণ করিতে হয়।

পুস্তকপাঠে আমরা আরও শিখিতে পারি, প্রাচীন রোমানেরা কিরূপ লোক ছিলেন, তাঁহারা কেমন সাহসী ও যুদ্ধে নিপুণ ছিলেন, এবং কেমন উত্তমরূপে নানা বিজিত জাতিকে শাসন ও শিক্ষাদান করিতে সমর্থ হইয়াছিলেন।

2. Translate into English :—

B.

এই প্রাচীন লোকটীকে পূর্ব্বে দেখিয়াছ কি, স্মরণ হয়? হাঁ! আমরা ইহাঁকে পরশ্ব দেখিয়াছি। উদ্যানের প্রাচীরের নিকটে যে একটি বৃহৎ বৃক্ষ আছে, উহার তলে ইনি বসিয়াছিলেন। ইনি কে, তুমি জান? হাঁ! আমার পিতা বলেন, যে ইনি এক সময়ে শিক্ষক ছিলেন; এবং ইনি এক জন সুপণ্ডিত ও দয়াবান্ প্রাচীন লোক। 8

চল যাই এবং ইহাঁর সঙ্গে কথাবার্ত্তা করি। এই বৃদ্ধের ন্যায় যাঁহাদের মস্তক পরিণত কিন্তু হৃদয় তরুণ, তাঁহাদের সংসর্গে থাকা আমাদের পক্ষে উত্তম।

Translation.

1. A. By reading books we learn what the difference is between ourselves and the famous nations that lived in former times. Such, for instance, as the Egyptians who built the Pyramids, the hugest monuments of stone on the face of the earth ; and the Babylonians, who had a city with massive walls built of brick bearing inscriptions upon them, which both fire and water have tried in vain to efface.

Or again, such as the Jews who knew how wonderful and excellent is the glory of God.

The Greeks were engaged in searching after wisdom, and knew very well how to make buildings and statues.

From books we also learn what sort of (a) people the ancient Romans were, how brave and skilful they were in war, and how well they could govern and teach the various nations they had conquered.

2. B. Do you remember to have seen this old man before ? Yes, I do ; the day before yesterday, I found him sitting under the big tree near the garden wall. Do you know who he is ? Yes, my father says that he was once a teacher and that he is a well-read and kind-hearted old man. Let us go and talk with him. It is good for us to be in the company of those who, like this old man, have old heads but young hearts.

1891.

1. Translate into English :—

A.

এক শৃগাল ও একটী তিতির পক্ষী প্রতিজ্ঞাপূর্ব্বক পরস্পর চির-সৌহৃদ্যে বদ্ধ ছিল। কিন্তু উহাদের মধ্যে শৃগাল বড় গ্রাহক ও ঈর্ষ্যাপরবশ ছিল। সে নিজ মিত্রকে বলিত, আমি তোমার জন্য যত করি, তুমি আমার জন্য তাহার অর্দ্ধেকও কর না। তথাপি তুমি নিজ সৌহৃদ্যের বিষয় অনেক বলিয়া থাক। আমি বন্ধু শব্দে এই বুঝি, যে বন্ধু সে আমাকে হাসাইতে বা কাঁদাইতে পারে, আমাকে উত্তম আহার দিতে পারে, অথবা প্রয়োজন হয়ত, আমার জীবন রক্ষা করিতে সমর্থ হয়। কিন্তু তুমি এরূপ করিতে পার নাই।

তিতির পক্ষী উত্তর করিল, এস তাহা দেখা যাউক। তুমি কিঞ্চিৎ দূরে থাকিয়া আমার অনুগমন কর। যদি আমি অবিলম্বে তোমাকে হাসাইতে না পারি, তুমি আমাকে ভক্ষণ করিয়া ফেলিও। অনন্তর সে উড়িয়া যাইতে যাইতে দেখিতে পাইল, দুই জন পথিক মন্থরভাবে চলিয়া যাইতেছে, উহাদের মধ্যে এক জন অপরের পশ্চাতে ছিল। তাহারা উভয়েই ক্ষতপদ ও ক্লান্ত হইয়াছিল। প্রথম ব্যক্তি আপনার বস্ত্র পুঁটলি করিয়া লাঠীতে ঝোলাইয়া কাঁধে করিয়া লইয়াছিল এবং দ্বিতীয় ব্যক্তি হাতে করিয়া নিজের জুতা লইয়াছিল।

তিতির পক্ষী একটী পালকের ন্যায় মৃদুভাবে প্রথম পথিকের লাঠীর উপর গিয়া বসিল। তাহাতে তাহার চৈতন্য হইল না, সে পূর্ব্ববৎ যাইতে লাগিল। কিন্তু দ্বিতীয় পথিক আপনার নাসিকার ঠিক পুরোভাগে পক্ষীটী পোষমানার মত বসিয়া রহিয়াছে দেখিয়া আপনাআপনি বলিয়া উঠিল, আহা রাত্রি বেলার আহারের কি সুযোগ! সে তৎক্ষণাৎ উহার দিগে হস্তস্থিত পাদুকা নিক্ষেপ করিল। তাহাতে তিতিরটী উড়িয়া গেল এবং পাদুকাঘাতে প্রথম পথিকের পাগড়িটা পড়িয়া গেল।

2. Translate into English :—

B.

প্রত্যুত পিন্দারীরা দস্যুভিন্ন আর কিছুই ছিল না। কেবল সংখ্যাধিক্য বশতঃ এই দস্যুদলকে সৈন্যের মত বোধ হইত। সুশিক্ষিত যোদ্ধৃগণের সম্মুখীন হইতে পারি বলিয়া তাহারা গর্ব্ব করিত না। তাহাদিগকে এড়াইতে পারাই তাহাদিগের শ্লাঘার বিষয় ছিল। ধৃত বা হটাৎ আক্রান্ত হইয়া কে সর্ব্বাপেক্ষা বেগে পলাইতে পারে, ইহাই তাহাদের মধ্যে গৌরবের বিষয় ছিল। কোন প্রতিবন্ধকেই তাহাদের গতি রোধ করিতে পারিত না। তাহারা নিবিড়-তন সৈনিক আবাসশ্রেণীর মধ্যে প্রবেশ করিত। অধিক কি, আপনাদের প্রতিরোধার্থ সুসজ্জিত সৈন্য বিভাগের মধ্য দিয়া চলিয়া যাইতে পারিত। তাহারা পশ্চাদ্ভাগের দেশ সকল উৎসন্ন করিয়া ফেলিত। এবং তৎপরে বিস্তর ঘুরিয়া বিভিন্ন পথ দিয়া বাসস্থানে প্রত্যাগমন করিত।

Translation.

1. A. A jackal and a partridge were bound to each other by a promise of life-long friendship.* But one of them, namely the jackal, was very exacting and spiteful. He would

* Or, more freely, "*were sworn friends to each other.*"

say to his friend, "Well, my friend, you do for me scarcely one half of what I do for you, and yet you talk so much of your friendship. By the term *friend* I understand a person who can make me laugh or weep (at pleasure), can give me a hearty meal, and, if need be, would save my life. But (I am sorry) you have been able to do nothing of the kind."

"Come, let me see," replied the partridge. "Please follow me at some distance, and if I fail to make you laugh presently, you may eat me up." After this, as he was on the wing, he found two men, one behind the other, passing slowly on, both sorefooted and worn out. The first of them had made up his clothes into a bundle, which he hung by a stick over his shoulder; and the second carried his shoes in his hand.

The partridge alighted on the stick of the first traveller as lightly as a feather, so that the latter did not perceive it, but went on as before. The second traveller, however, on seeing it sit like a tame bird right before his nose, said to himself, "Ah! what a fine chance of a supper to-night!" At once went the shoe from his hand towards the bird, which, however, got the start of him and flew away, while the turban of the first traveller was struck off by the shoe.

2. B. The Pindarees were, on the contrary, no better than (a band of) robbers. It was their number that made them look like an army. So far from boasting that they could face well-trained (or, *regular*) troops, they only prided themselves on their ability to elude them. When attacked or taken, it was a point of glory with them to see which of them could make his escape with the greatest possible speed. No obstacle could stop them, and they would enter the very heart of an enemy's encampment. Suffice it to say, that they could make their way through troops disposed in the best (or, *closest*) order to stop their advance. They used to lay waste the districts lying behind the enemy, and then make a long *detour* back to their own quarters by a different path.

1892.

Translate into English :—

A.

তৃণাকীর্ণ সমতলক্ষেত্রে অনেকগুলি মেষ চরিতেছিল। যখন মেষগণের কোন বিপদের আশঙ্কা না থাকিত মেষপালকেরা একত্র হইয়া বৃক্ষতলে

উপবেশন করিত এবং সুমধুর বাঁশী বাজাইয়া গান করিত। দূরবর্ত্তী শৈলসমূহ হইতে মেঘমালা আকাশে সঞ্চরণ করিতেছিল, সত্বরই মাধ্যাহ্নিক তপনতাপে বিলীন হইয়া গেল। মেষপালকেরা সেই মেঘমালার নিমিত্ত ও মেঘমালার ন্যায় লুপ্তপ্রায় স্বদেশের প্রাচীন বিদ্যা ও আচার ব্যবহারের নিমিত্ত শোকসূচক গান করিতে লাগিল।

সূর্য্যাস্তের পূর্ব্বে নূতন মেঘরাশি শৈলোপরি সঞ্চিত হইয়া কাঞ্চনবর্ণ রবিপ্রভায় রঞ্জিত হইল।

মেষপালকেরা সেই সুন্দর মেঘপুঞ্জের প্রতি এবং পাঠশালা হইতে যে সকল বালক গৃহে ফিরিয়া আসিতেছিল তাহাদিগের উজ্জ্বল প্রতিভাসম্পন্ন মুখমণ্ডলের প্রতি একদৃষ্টে চাহিয়া রহিল। তৎপরে তাহারা বালকগণের সহিত মিলিত হইয়া যে দিনে স্বদেশের যশঃশ্রী পূর্ব্বকালের অপেক্ষা অধিকতর সমুজ্জ্বল হইবে সেই সুখময় শুভতর ভাবী দিনের বিষয়ে গান করিতে লাগিল।

B.

এক পিপীলিকা মধুমক্ষিকাকে বলিল—"তোমার কি সৌভাগ্য! তোমার রূপও আছে, অধ্যবসায়ও আছে; তুমি কেবল ইতস্ততঃ দৌড়িয়া বেড়াইতে পার এমন নহে, উড়িয়া বেড়াইতেও পার; আর পৃথিবীতে তোমার খাদ্য সর্ব্বাপেক্ষা সুস্বাদু। তোমাকে ঘর করিয়া দেওয়া হইয়াছে, এবং ফুলে মধু না থাকিলে খাবার জন্য তোমাকে চিনি দেওয়া হইয়া থাকে। আমাকে ঘর কি খাবার দিবার কথা কেহ কখন মনেও করে না। যাহা তোমার খাওয়ার পক্ষে যথেষ্ট মিষ্ট নহে বলিয়া তুমি ফেলিয়া দাও, আমি তাহা পাইলেই খুশী হই।" মধুমক্ষিকা উত্তর করিল—"সে কথা সত্য বটে, কিন্তু সেজন্য আমাকে হিংসা করিও না। তোমাদের চেয়ে অনেক বিষয়ে আমাদের সুবিধা আছে বটে, কিন্তু আমাদিগকে পরের জন্য মধু আহরণ করিতে হয়, তোমরা কেবল নিজের জন্য খাদ্য সংগ্রহ করিয়া থাক।

Translation.

A. A number of sheep were grazing on a grassy plain. When there was nothing to fear for the safety of their flocks, the shepherds would sit together under a tree, and sing to the sweet music of the flute. Patches of clouds, which came floating in the sky from the distant hills, soon melted away under the meridian sun. The shepherds began to sing in a melancholy strain lamenting for those clouds, and for the ancient arts and customs of their lands, which, like those clouds, had almost disappeared.

Before sunset, masses of clouds, tinged with the golden rays of the sun, gathered over the hills.

The shepherds looked intently at these beautiful masses of clouds, and at the same time at the faces, bright with intelligence, of the boys returning from school. Then, mingling with the boys, they began to sing about the coming better days of their country, when they hoped its glory would shine brighter than before.

B. "How fortunate you are !" said an ant to a bee, "You have beauty as well as perseverance. Not only are you able to run about, you can fly about too. Besides, your food is the sweetest on earth. A house has been built for you, and when honey fails in the flowers, you are given sugar instead. Nobody ever thinks of supplying me with house or food. I am glad to get what you reject as not sweet enough for you to eat." "It is all too true," replied the bee, "but do not envy me. We are no doubt better off than you in many respects ; but we have to collect honey for others, whereas you gather food only for your own use."

1893.

Translate into English :—

(*a*) অনেক বৎসর অতীত হইল ইংলণ্ডদেশে এক কৃষক বাস করিত। কৃষক এত পরিশ্রম করিত যে তাহার ক্ষেত্রে ঐ প্রদেশের অপর সকলের ক্ষেত্র অপেক্ষা অধিক ফসল জন্মিত। প্রতিবাসীরা মনে করিত যে সে মায়া-বিদ্যার প্রভাবে এত ভাল ফসল উৎপাদন করে। অবশেষে তাহারা তাহাকে ঐন্দ্রজালিক বলিয়া মেজেষ্ট্রেটের নিকট তাহার নামে অভিযোগ করিল। কৃষকের জবাব তলব হইলে সে তাহার এক বলিষ্ঠ, নীরোগ বালককে ও তাহার লাঙ্গল বাহক গৃহপালিত পশুগুলিকে বিচার-পতির সম্মুখে উপস্থিত করিয়া বলিল, "আমার ক্ষেত্রে যে কণ্টকাদি জন্মে তাহা এই বালক উঠাইয়া ফেলে ; আমি ক্ষেত্রে ভাল করিয়া সার দিয়া থাকি ; দেখুন আমার লাঙ্গলের অবস্থা খুব ভাল, আর এই পশুগুলিকে আমি এত যত্ন করিয়া খাওয়াই যে এ প্রদেশে আর এরূপ বলিষ্ঠ পশু আপনি দেখিতে পাইবেন না। এখন দেখুন কৃষিকার্য্যে আমি কি মায়াবলের সাহায্য পাইয়া থাকি ! আমার প্রতিবাসীদিগের মধ্যে কেহ

আমার ন্যায় এই সকল উপায় অবলম্বন করিলে তিনিও আমার ন্যায় উত্তম ফসল পাইবেন।”

মেজেষ্ট্রেট সাহেব বলিলেন যে তিনি পূর্ব্বে কখন কোন আসামীর এরূপ ভাল জবাব শুনেন নাই। পরে তিনি কৃষকের পরিশ্রমের বিষয়ে বহু প্রসংসা করিয়া তাহাকে বিদায় দিয়াছিলেন।

(*a*) Many years ago, there lived in England a peasant, who laboured so hard that his fields always yielded the best crops of any in the whole district. His neighbours thought that he possessed magical powers which enabled him to raise such fine crops. At length they charged him before the magistrate with having practised the black art. The peasant, on being called upon to defend himself, led before the magistrate his stout, healthy boy, and the cattle which drew his plough, and began as follows :—"This boy, sir, plucks up all the weeds which grow on my farm, and I manure it carefully. Your worship will find my plough in the best of order. I feed my cattle so well that you will hardly find stouter animals anywhere in the district. Now, sir, you will see what sort of magic I employ in the management of my farm. Should any of my neighbours have recourse to the same means, he would turn out as good crops as I do."

The magistrate said that he never heard so good an answer from a defendant as this, and, highly commending his industry, discharged him.

(*b*) রাম ও শ্যাম।

রাম—নমস্কার। শ্যাম, কেমন আছ?

শ্যাম—নমস্কার। আছি ভাল; কত কালের পর দেখা হ'ল।

রাম—অনেক কালই বটে। বলি, এখন তো বি, এ, উপাধি পেয়েছ; কি করবে ঠিক করেছ? দাদা কাল আমাকে বল্‌ছিলেন যে তোমার কাউন্‌সিলি হবার ইচ্ছা আছে। সত্য না কি?

শ্যাম—হাঁ, তাই বটে। একটা কাজ তো খুঁজে নিতেই হ'বে; কিন্তু মনে করে দেখ, এখন সকল ব্যবসাই পূরে গেছে, নূতন লোকের স্থান পাওয়া ভার।

রাম—বারিষ্টারি, ডাক্তারি প্রভৃতি বড় বড় সকল ব্যবসাই পূরে গেছে বটে; কিন্তু আর কিছু দেখ্‌লে হয় না? চাবাগান করার কথা কি বল?

শ্যাম—তা হ'লে তো আমি আর কিছুই চাই না। কিন্তু যদি সমস্ত ভারতবর্ষ খুঁজে দেখ তাহ'লে একটী এমন প্রদেশ পাবে না যেখানে বেশী

পুঁজী না থাক্‌লে চাবাগান খোলা যেতে পারে। আমার তো নিজের কয়েক শতমাত্র টাকা আছে।

রাম—হাঁ তা বটে, কয়েক শত টাকাতে চাবাগান খোলা যায় না। এখন ভাই, দেরি হচ্চে, সন্ধ্যার পর তোমাদের বাড়িতে গিয়ে দেখা কর্‌বো আর এ বিষয়ে কথা কইবো। এখন আসি।

(b) Ram and Syam.

Ram.—Good morning : how are you, Syam ?

Syam.—Good morning : quite well, thank you. It is an age since I saw you last.

Ram.—An age, indeed ! Well, now that you have obtained your B. A. degree what line do you intend to choose ? Yesterday my elder brother was telling me that you had a mind to become a barrister-at-law. Is it so ?

Syam.—So it is. I must find out some place for myself ; but, you see, every profession is now overcrowded, and there is scarcely room anywhere for a newcomer.

Ram.—It is true that learned professions like that of a barrister or a physician are already too much crowded ; but why don't you try your chance somewhere else ? What do you think of planting a tea-garden ?

Syam.—Oh ! I should like nothing better than that, if only it were possible. But, you would in vain look out for a single province in all India where a tea-garden could be started without a large capital. And, I have only a few hundred rupees of my own.

Ram.—That's true ; you cannot lay out a tea-garden with a few hundreds only. Now, my friend, it is getting late, and I must leave you. But I'll call on you this evening, and talk with you over the matter again. So good-bye.

1894.

Translate into English :—

A.

এক পথিক আফ্রিকাদেশে বনমধ্যে পর্য্যটন করিতে করিতে দেখেন যে একটি গুটিপোকা দ্রুতবেগে যাইতেছে এবং বহুসংখ্যক ক্ষুদ্র পিপীলিকা তাহার পশ্চাৎ ধাবমান হইয়াছে। পিপীলিকারা স্বভাবতঃই দ্রুততর গমন করিতে পারে, সুতরাং তাহারা সময়ে সময়ে গুটিপোকার নাগাল ধরিতে পারায়, এক একটি পিপীলিকা তাহার পৃষ্ঠোপরি উঠিয়া তাহাকে দংশন করিতে লাগিল।

